While India is a secular State recording of castes and sub-castes of parties mentioned in a deed for registration in States is anomalous. This bill is intended to remove that anomaly.

SATIS CHANDRA SAMANTA

* * * *

ANNEXURE

EXTRACT FROM THE INDIAN REGISTRATION ACT, 1908 (XVI of 1908)

Section 2(1)

2. *Definitions.*—In this Act, unless there is anything repugnant in the subject or context,

(1) "Addition" means the place of residence, and the profession, trade, rank and title (if any) of a person described, and, in the case of an Indian, his caste (if any) and his father's name, or where he is usually described as the son of his mother, then his mother's name.

* * * *

Bills introduced by Shri S. C. Samanta

No. of the Bill	*Title*	*Period of Intd.*
19	Factories (Amendment) Bill, 1962.	27.4.62
28	Coir Industry (Amendment) Bill, 1962.	27.4.62
31	Indian Post Office (Amendment) Bill, 1962.	27.4.62
41	Mines (Amendment) Bill, 1962.	25.5.62
46	Political Sufferers Aid Bill, 1962.	8.6.62
3	Land Acquisition (Amendment) Bill, 1964.	29.2.64
23	National Rifle Training Scheme Bill, 1966.	1.4.66
7	Land Acquisition (Amendment) Bill, 1967.	23.3.67
8	National Rifle Training Scheme Bill, 1967.	23.3.67
17	Indian Armed Forces Personnel (Compulsory Insurance) Bill, 1967.	23.3.67
18	Hoarding and Profiteering Prevention Bill, 1967.	23.3.67
65	Payment of Wages (Amendment) Bill, 1967.	1967
58	Delivery of Books and Newspapers (Public Libraries) Amendment Bill, 1967.	9.6.67
123	Indian Penal Code (Amendment) Bill, 1967.	16.11.67
169	Film Industry Workers Bill, 1967.	16.2.68
10	Parliament Library Bill, 1970.	27.2.70
12	Companies (Amendment) Bill, 1970.	27.2.70
13	Gift-Tax (Amendment) Bill, 1970.	27.2.70
14	Civil Aviation (Licensing) Bill, 1970.	27.2.70
18	Gift-Tax (Amendment) Bill, 1971.	1971
20	Civil Aviation (Licensing) Bill, 1971.	1971
19	Parliament Library Bill, 1971.	1971
46	Child Marriage Restraint (Amendment) Bill, 1971.	1971
47	Indian Penal Code (Amendment) Bill, 1971.	1971
116	National Rifle Training Schemes Bill, 1971.	1971
117	Political Sufferers' Aid Bill, 1971.	1971
118	Payment of Wages (Amendment) Bill, 1971.	1971
119	Hoarding and Profiteering Prevention Bill, 1971.	1977
2	Film Industry Workers Bill, 1972.	1972
3	Factories (Amendment) Bill, 1972.	1972
4	Indian Post Office (Amendment) Bill, 1972.	1972
93	Mines (Amendment) Bill, 1972.	1972
97	Coir Industry (Amendment) Bill, 1972.	1972

One of the Historic Speeches

by

SHRI S. C. SAMANTA

(Advocating Bengali as National Language)

Debate in Constituent Assembly of India on Bengali Language

(pp-1375-1376-Vol. IX)

on 13th Sept., 1949

"I have moved ammendments No. 223 & 278. In 223 I have propsed that Bengali should be taken as the official or National language of India. As regards language, children learn language even in the laps of their mothers and the language they talk is called the mother-language. Everybody loves his mother-tongue. Now we are in need of an official language, a national language for the administration of our country. So, there should be no controvery about the mother-languages and languages used in different regions and so I have no grudge against any of the languages, but I respectfully submit to put the case of Bengali before this august House for their favourable consideration.

Bengali is a rich language; it has a long history; it has an ancient and brilliant literature; it has its philology and the like. So, it will not be out of place to put the case of Bengali for the acceptance of the House. I know most of my friends are bent upon taking up a language which will be more intelligible to the people of India. I would say that only intelligibility to the largest number should not be the criterion, other things also should be taken into consideration. We are taking a language to be our official language or a national language and we should expect with it that we should try to make it one of the international languages. So if we have that point in mind viz. that we should make out national language an international language—then we must see which of the languages of India has some place at least in the international world. I would submit that Bengali is taught in foreign universities such as Oxford, Warsaw where Rabindrology is taught in Harvard in the U.S.A. It has also been recognised in language institutions

in Paris, Munich, Moscow and in Rome. So I submit that Bengali has some international connections. The vocabulary of Bengali should now be taken into consideration.

There is the question of Scientific terminology. Sir P. C. Roy, Jagdananda Roy of Santi Niketan, the late Principal G. C. Bose of Bangabasi College, Ramendra Sundar Trivedi and others tried their best and coined scientific terminologies in Bengali. There is a monthly magazine known as Gyan Vigyan devoted to the development of such scientific and technical terms. The Bengali lauguage has all these things.

Over and above these, I would beg of you to consider the case of our reverred poet Guru Dev, Sri Rabindra Nath Tagore. It was he who established the Visavharati and in that institution, he had made arrangements for the teaching of Bengali and all the other languages of India and even for some languages of other countries. Rabindra Nath's name is well-known to one and all not only in India, but all the world over. There is not a single man or woman here in this House who does not know his name. Rabindranath's lyrics and songs are learnt and sung by all. They have been translated into the various languages of the world and they have been treasured by all of them. In Calcutta University almost all the Indian languages are taught even in Post-Graduate classes.

Another thing I would draw your attention to, is this. We are now a free nation and in our freedom's struggle, we were all inspired by that great song—Bande Mataram. For this Mantram thousands have made sacrifice. For Bandemataram thousands have sacrificed their property and all. This song inspired one and all in India and this Mantra was given to us by Bakim Chandra Chatterjee in his "Ananda Math". So I would invite your hearts and minds to this fact when you are going to select your national and official language.

Sir I have no quarrel with any one language. I would beg of you to see Bengali contains Arabic, Turkish and Parsian words right from 1200 A.D. Later on it has drawn words from Portuguese, French and English languages. Though originally Bengali was Prakrit and therefore, it contains a lot of Sanskrit words, it has grown by drawing from all these other lauguages.

Time-honoured customs, culture, literature—all these are there in Bengali.

I would also add that Bengali has advanced in another direction also. It has got Bengali typewriting machine. The

Bengali lino-type machine has been made by Shri Suresh Chandra Mazumdar of Ananda Bazar an honourable friend of mine of this august House. There has been Bengali shorthand from 1951. So official work can easily be carried on in this language. It will be quite suitable for such work in India.

Sir, a lot of controversy has been going on and I do not want to enter into any of them. I put forward before you the case of Bengali and I may say that for my part I am ready to accept the language which will be accepted by the overwhelming majority of this House. But it should not be less than three-fourths of the House, because if it is less, then there will be controversy and the people will not accept that language heartily. It is true that those people who will have to learn the national language will be put to some difficulties. We Indians have suffered so much and sacrificed so much for attaining freedom for our country. Can you not suffer a bit for the National language of our land. We should, and everybody should, be prepared to make that little sacrifice. The responsibility lies on us. We would select that language which will be acceptable to all and for which they will be prepared to make a little sacrifice. Sanskirt has been mentioned. Hindi has been mentioned. I am not going to say anything against them, because every language should be respected. I would request friends here not to get into controvercies, but to put their cases safely and justly so that the language selected may be acceptable to all of us. With these words, Sir, I commend my proposition for acceptance of the House".

SRI SATIS CHANDRA SAMANTA

MAJOR EVENTS OF HIS LIFE

Born

15th December, 1900 A.D.

Father — Late Trailokya Nath Samanta.

Mother — Late Kishori Devi, (Step mother Late Bhabani Devi)

Place of
Birth — Vill-Gopalpur, P. S.—Mahishadal,
Tamluk Sub-Division,
Midnapur District,
West Bengal.

Education

Pathsala of Sri Dwarika Nath Pradhan—upto Class II.

Mahishadal Raj High School—admitted on 20.3.1909 in 8th Class (Class III)

Matriculation—1st Division—1916 from Mahishadal Raj High School.

I.Sc.—1st Division—1918 from Bangabasi College, Calcutta.

Admitted in Shibpur Engineering College, in 1918, but gave up his studies while reading in 2nd year Class in 1920 to join Civil Disobedience Movement.

In 1937-40—Studied Medicine in Homeopathic Medical College, again gave up to join Individual Civil Disobedience Movement in 1940.

Political Activities

Joined Civil Disobedience Movement in 1920.
Secretary, Mahishadal Thana Congress Committee 1922-24.
Teacher, Gunadhar JatiyaVidyalaya, Kakurda 1923-24.
Incharge: Deshabandhu Palli Sanskar Samiti 1925-30.

Secretary, Tamluk & Panskura Thana Congress Committee 1931-38.

President, Tamluk Sub-Divisional Congress Committee 1939-1962.

Sarbadhinayak—Tamralipta Jatiya Sarkar—December, 1942 to May 1943.

PERIOD OF IMPRISONMENT

Jan. to June, 1921 (6 months)—Special Jail, Alipur.

16.4.1930—March 1931 (1 year)—Midnapur Central Jail. Rajshahi Central Jail—Dum Dum Special Jail.

Dec, 1931-Feb, 1933 (1 year 3 months)—Midnapur Central Jail—Berhampur Central Jail.

Dec, 1933-Feb, 1935 (1 year 3 months)—Midnapur Central Jail—Hijli Special Jail.

Member, Constituent Assembly July, 1947-1950.

26.5.1943 to Nov. 1945 (2 years 6 months)—Midnapur Central Jail.

PARLIAMENTARY LIFE

Member, Constituent Assembly July, 1947-1950.
Member, Provisional Parliament 1950-1952.
Member, First Lok Sabha 1952-1957.
Member, 2nd Lok Sabha 1957-1962.
Member, 3rd Lok Sabha 1962-1967.
Member, 4th Lok Sabha 1967-1970.
Member, 5th Lok Sabha 1971-1976.

During long 30 years of his life in Parliament, he had served in many Committees representing Parliament or the Government, of which mention might be made of the following:

Member, F.A.O. Liason Committee (1951-52), Railway Corruption Enquiry Committee (1953-54), Leader of the Indian Delegation at the Inter Parliamentary Union Conference held at Vienna in 1954, Member, Estimates Committee of Parliament 1955-1957 & 1960-62, Assessor, Court of Enquiry, Bara Dhemo Coliery Accident (1956) and Chinakuri Colliery Accident (1958), Member, Post and Telegraph Advisory Committee, West Bengal Circle, 1954-1957.

Member, Central Board of Anthropology, Member, Coir Board (1960-62), Indian Airlines Advisory Committee (1960-65), Parliament Scientific Committee (1962-67), Farakka Barage Sub-Committee of Informal Consultative Committee of Irrigation & Power Ministry (1962-71), Road and Inland Water Transport Committee of Ministry of Transport (1962-65), Central Advisory Board for Welfare of Harijans (1962-67), Indian Central Jute Committee (1962-66), National Shipping Board (1965-67), Chairman, Haldia Development Board (1967-70) etc. etc.

SPECIAL CONTRIBUTIONS

Establishment of Haldia Port (Father of Haldia Port)

Swami Prajnanananda Smriti Bhavan, Mahishadal.

TRAVELS ABROAD

Austria, West Germany, Holland, Belgium, U.K. France, Switzerland, Italy, Singapur.

BOOKS PUBLISHED

Two years' National Government in Midnapur

'Muktir Gan' (Collection of Swadeshi Songs).

Samanta in Pictures



"NAMASTE SAMANTAJI"

Courtsey : Sri K. C. Mahapatra



Receiving Tamrapatra from Rastrapati.

Courtsey : Sri Jyotish Samanta.



The man who inspired him—Swami Prajnanananda Saraswati.

Courtsey : Swami Prajnanananda Smrity Raksha Samity.



Prajnanananda Temple.

Courtsey : Swami Prajnanananda Smrity Raksha Samity.



Swadeshi Mela at Tamluk-1824

Sitting (from left) :—Tarak Chandra Maity, Unknown, Unknown, Hansadhwaj Maity, Satis Chandra Samanta, Dr. Janakinath Singh.
Middle Row (on Chair):—Mahendra Nath Maity, Acharya Prafulla Chandra Roy, Sarat Chandra Dutta.


Standing (from left) :—Ramesh Chandra Kar, Unknown, Bipra Chandra Maity, Himangshu Das, Chandi Charan Dutta, Ajoy Kumar Mukherjee, Unknown, Satish Chandra Chakravarty.

Courtsey : Sri Suniti Bhusan Bhattacharya.



His life-long friend and associate Sri Ajoy Kumar Mukherjee, second Sarbadhinayak of Tamralipta Jatiya Sarkar and Ex-Chief Minister, West Bengal.

Courtsey : Sri Pulin Dolui.




Late Satish Chandra Sahoo, the third Sarbadhinayak of Tamralipta Jatiya Sarkar.

Courtsey : Sri Basanta Kumar Das (Ex-M.P.)



Late Barada Kanta Kuity, fourth Sarbadhinayak of Tamralipta Jatiya Sarkar.

Courtsey : Sri Ranajit Boyal.




Teacher and his pupil

Courtsey : Sri K. C. Mahapatra.




Enjoying a sea-bath at Puri (Nov. '54) with Acharya Kripalani and others.

Courtsey : Sri Anil Mudi




Mother and Son.

Courtsey : Sri Jyotish Samanta.




Receiving Gandhiji at Mahishadal (1945)

Courtsey : D. Goswami.




Leading Gandhiji to Prayer meeting at Mahishadal (December 1945)

Courtsey : Sri D. Goswami.




With some freedom fighters of Mahishadal (October, 1981)

Courtsey : Sri Ranajit Boyal.



With Sri Sushil Kumar Dhara Ex. M.P. and some Co-workers of Mahishadal.

Courtsey : Swami Prajnanananda Smriti Raksha Samity.



On his birthday (15.12.'81).

Courtsey : Sri Jyotish Samanta.


As a member of the
Constituent Assembly.





With his favourite "Hooka". (1961)

Courtsey : Sri K. C. Mahapatra.



7, Electric Lane,
New Delhi


प्रिय कीनु,

१५-४ तारीखका पत्र मिला। रुपयेका बंदोबस्त कर चुका हूँ। जानकर आनंद हुआ कि सुकुमार अच्छा लिखा है। यहाँ भी खूब गरमी है, आशा करता हूँ कि अब तुम अच्छे हो। और सब कुशल है। स्नेह लो

तुम्हारा
सतीश चंद्र।


Practising Hindi

Courtsey : Sri K. C. Mahapatra.



A view of his bunglow at 7 Electric Lane, New Delhi.

Courtsey : Sri C. K. Dwivedi.



Visit to flood affected areas of Moyna (Midnapore)

Courtsey : Sri K. C. Mahapatra.

২৬শ সংখ্যা।
"জাতীয় সরকার সংখ্যা"

বিপ্লবী

২৬শে জানুয়ারী,
১৯৪৩।

[বিপ্লবীকে "তাম্রলিপ্ত জাতীয় সরকারের" মুখপত্র করা হইল।]

তমলুকে নবযুগ।

স্বাধীন তাম্রলিপ্ত জাতীয় শাসনব্যবস্থা প্রবর্ত্তন।

গৌনে দুইশত বছরের ইংরাজ শাসন ভারতের রাজনৈতিক, আর্থনৈতিক, কৃষ্টিগত ও আধ্যাত্মিক ধ্বংস-সাধন করেছে। শিক্ষায়, স্বাস্থ্যে, মনুষ্যত্বে - সব দিক দিয়ে ভারতের ধ্বংস সাধন করেছে। তাই এই অত্যাচার, উৎপীড়ন ও শোষণের উপর প্রতিষ্ঠিত বিদেশী দুঃশাসনকেও ধ্বংস করাই প্রত্যেক ভারতবাসীর কর্ত্তব্য ও ধর্ম্ম। গত ২২ বৎসর ধরে ভারতীয় জাতীয় মহাসভা (কংগ্রেস) এই চেষ্টা করে আসছে। এই বারে স্বাধীনতার এই শেষ যুদ্ধ চলেছে। এই যুদ্ধে হয় বিজয় নয় মরণ। হাজার হাজার বৎসরের কৃষ্টি ও সভ্যতার লীলাভূমি ভারত কখনও মরতে পারে না। তাই বিজয় এবারে সুনিশ্চিত। এখনও ভারত পূর্ণ স্বাধীনতা লাভ করতে পারে নি বটে, কিন্তু স্থানে স্থানে স্বাধীন রাষ্ট্র দানা বেঁধে উঠেছে। এইগুলির বিস্তার ও মিলনেই স্বাধীন ভারতের গণতন্ত্র গড়ে উঠবে। মেদিনীপুর জেলায় তমলুক মহকুমায় বীর অধিবাসীদের ২৯শে সেপ্টেম্বরের (১৯৪২) একটিমাত্র প্রচণ্ড আঘাতে এই মহকুমায় বৃটিশ রাজের পরম আরামের সুখশান্তির তাসের ঘরের মত মুহূর্ত্তে ভেঙ্গে পড়েছে। তখন থেকে চলেছে- অস্ত্রে শস্ত্রে সৈন্য সামন্তে সুরক্ষিত কয়েকটীমাত্র ছোট ছোট ঘাঁটি থেকে পল্লী অঞ্চলে বৃটিশ শক্তির পৈশাচিক অত্যাচার। এই ভাবে তমলুক মহকুমা সম্প্রতি এমন এক অবস্থার মধ্যে এসে পড়েছিল যে ঐ রকম চরম অরাজক যুগের মুক্তি অবস্থা আর চলতে দেওয়া যায় না। তাই মহকুমা কংগ্রেস শুভ ১লা পৌষ (১৭।১২।৪২) থেকে "মহাভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্ভুক্ত তাম্রলিপ্ত মহকুমা জাতীয় শাসনব্যবস্থা" সংক্ষেপে "তাম্রলিপ্ত জাতীয় সরকার" প্রবর্ত্তন করেছে। ভাবী মহাভারতীয় যুক্তরাষ্ট্রে অন্তর্ভুক্ত হইবার উদ্দেশ্যে ভবিষ্যৎ সম্পূর্ণ গণতান্ত্রিক শাসনের সম্ভাবনা নিয়ে বর্ত্তমান অস্বাভাবিক অবস্থার জন্য পুনর্ব্যবস্থা না করা পর্য্যন্ত একজন "সর্ব্বাধিনায়কের" উপর জাতীয় শাসনের সকল দায়িত্ব ও ক্ষমতা অর্পণ করা হয়েছে। তিনি তাঁর মন্ত্রীমণ্ডলী গঠন করে নিয়ে শাসন চালাচ্ছেন। ঠিক এইভাবে ২৬শে জানুয়ারী (১৯৪৩) "স্বাধীনতা দিবসে" (১২ই মাঘ, ১৩৪৯) নন্দীগ্রাম, মহিষাদল, সুতাহাটা ও তমলুক থানায় এক একজন অধিনায়কের উপর [illegible] মন্ত্রীমণ্ডলী গঠন করে নিয়ে "থানা জাতীয় সরকার" চালাবার ভার দেওয়া হয়েছে।

আশা ও বিশ্বাস করি তমলুক মহকুমাবাসী তাহাদের "জাতীয় সরকারকে" শক্তি, সংমর্থন, অর্থ ও আনুগত্য দিয়ে এই মহকুমা থেকে বৃটিশ শাসনের সকল চিহ্ন একেবারে ধুয়ে মুছে ফেলে পূর্ণ নবযুগের প্রবর্ত্তন করবে।

— হয় জয় নয় মৃত্যু
— বন্দে মাতরম্

মহাভারতীয় যুক্তরাষ্ট্র
জেলা মেদিনীপুর
বঙ্গদেশ
তমলুক মহকুমা

তাম্রলিপ্ত জাতীয় সরকার

মহকুমার সর্ব্বাধিনায়ক
শ্রী সতীশ চন্দ্র সামন্ত।
থানার অধিনায়কগণ
- মহিষাদল থানা -
শ্রী নিলমণি হাজরা।
- নন্দীগ্রাম থানা -
শ্রী কুঞ্জবিহারী ভক্তদাস।
- তমলুক থানা -
শ্রী গুনধর ভৌমিক।
- সুতাহাটা থানা -
শ্রী জনার্দ্দন হাজরা।

নারীর প্রশংসনীয় সৎসাহস - এই শাণিত ছোরা আমূল বসাইয়া দিন।

মহিষাদল থানার পেঁচখালি ফাঁড়ির খরস্রোতা নলিনীবালা ৯।১।৪৩ তারিখে মাশুড়িয়া, চণ্ডীপুর ও ডিহি মাশুড়িয়া গ্রামে সসৈন্যে হানা দিয়ে বহু নারীর সতীত্ব নাশ করেছিল। মেদিনীপুরের ভূতপূর্ব্ব জেলা ম্যাজিষ্ট্রেট, বর্ত্তমানে ঝড় ও বন্যা বিধ্বস্ত অঞ্চলে সাহায্যের ব্যবস্থা করার জন্য নিযুক্ত বর্দ্ধমান ও প্রেসিডেন্সি বিভাগের এ্যাডিশ্যানাল ডেপুটি কমিশনার মিঃ বি. আর. সেন, আই. সি. এস. নাকি ঐ নারীধর্ষণের তদন্তের জন্য ২১।১।৪৩ তারিখে দুইজন দেহরক্ষী ও অপর দুইজন অফিসার সহ চণ্ডীপুরে যান। তিনি মাত্র ৩ জন নারীর জবানবন্দী নেন। ঐ তিনজন অন্যান্য [illegible] র অধিবাসী [illegible]

Facsimile of an issue of 'Biplabi' bulletin of Tamralipta Jatiya Sarkar.

Courtsey : Sri Gapinandan Goswami.

মহাভারতীয় যুক্তরাষ্ট্র

তাম্রলিপ্ত জাতীয় সরকার

মহিষাদল থানা

নোটিশ

মোঃ নং- ৪৩৭

বাদী:- শ্রী কমলেশ্বর ভুঁইয়া
সাং - সাওতালপুর

বিবাদী- শ্রী গোপী নাথ বেরা
সাং - কুমারচক

এতদ্বারা আপনাকে/ ~~আপনাদিগকে~~ জানান যায় যে ... ...
... ... শ্রী কমলেশ্বর ভুঁইয়া ... ...
বাদী/ ~~বাদীগণ~~ হইয়া আপনার/ ~~আপনাদের~~ বিরুদ্ধে জাতীয় সরকারের আদালতে বিচার প্রার্থনা করিয়াছে। উক্ত মোকর্দ্দমার জবাব দাখিলের জন্য আগামী ...২৫.৩.৪৪ তাং দিন ধার্য্য আছে/ ~~চূড়ান্ত নিষ্পত্তির জন্য আগামী~~ ... ... ~~তাং দিন ধার্য্য আছে~~। অতএব আপনি/ ~~আপনারা উক্ত তাং এর~~ মধ্যে জাতীয় সরকারের আদালতে ~~স্বয়ং ও প্রমাণাদি সহ উপস্থিত হইবেন~~ অথবা যে কোন জাতীয় সৈন্য শিবিরে জবাব দাখিল করিবেন। অন্যথায় জাতীয় সরকারের আইন অনুযায়ী বিচার করা হইবে। ইতি।


তাং ..৪/৩/৪৪ ...

শ্রী [illegible]
বিচার সচিব
মহিষাদল থানা জাতীয় সরকার-

(Seal:) মহাভারতীয় যুক্তরাষ্ট্র · মহিষাদল থানা


Facsimile of a Notice issued by Judicial Department of Tamralipta Jatiya Sarkar.

Courtsey : Sri Byomkesh Samanta.



Facsimile of a Deed, registered by Tamralipta Jatiya Sarkar.

Courtsey : Sri Probodh Chandra Samanta.



Facsimile of a Deed (2nd page) registered by Tamralipta Jatiya Sarkar.

Courtsey : Sri Probodh Chandra Samanta.

মহাভারতীয় যুক্তরাষ্ট্র

তাম্রলিপ্ত জাতীয় সরকার

২- মহিষাদল থানা

মোকদ্দমা নং ৪৬৭ [illegible] সন — ১৯৪৪

আদেশ-লিপি


বাদী- শ্রী [illegible]

বিবাদী- শ্রী [illegible]

তারিখ	আদেশের মর্ম	মন্তব্য
[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	[illegible]
[illegible]	[illegible]	

Facsimile of a Case Diary of Tamralipta Jatiya Sarkar's Court.

Courtsey : Sri Byomkesh Samanta.




Sketch of Prajnanananda Bhawan (Partly Completed)

Courtsey : Swami Prajnanananda Smriti Raksha Samity.




At Vienna Parliamentary House (1954).
Courtesy : Sri Anil Mudi.




With his close associate Sri Sushil Kumar Dhara (Ex-M.P. and President, Tamralipta Swadhinata Sangram Itihas Committee)

Courtsey : Swami Prajnanananda Smriti Raksha Samity.




At Singapore as member of the National Shipping Board (1968).




At a reception meeting at Tamluk of his close associate Sri Ajoy Kumar Mukherjee (Ex-Chief Minister, West Bengal) after his leaving the Cabinet under Kamraj Plan.




In an exhibition with Pandit Nehru and others. ....



Addressing Princes' Conference at Jaipur (1964).



As a member of the Chinakuri Colliery accident enquiry committee (1958).



Speaking at the Seed Corporation meeting at Coimbatore (1966).



With Sri R. K. Bari, Sri K. C. Mahapatra & Late J. N. Mazumder.

Courtsey :
Sri K. C. Mahapatra



Sri Samanta with his Headmaster late Haripada Ghosal and some prominent Congress Workers of Mahishadal.

Courtsey :

Sri K. C. Mahapatra




With Children

Courtsey :
Sri K. C. Mahapatra



On way to Vienna as leader of Indian Parliamentary Delegation (1954)



"LEAD KINDLY LIGHT"

Courtsey : Sri Jyotish Samanta.

বাংলা বিভাগ

স্বাধীনতা সংগ্রামে তমলুক

প্রথম খণ্ড

স র্বা ধি না য় ক

তমলুকের স্বাধীনতা সংগ্রামের পরিপ্রেক্ষিতে তাম্রলিপ্ত জাতীয়
সরকারের প্রথম সর্বাধিনায়ক শ্রীসতীশ চন্দ্র সামন্তের
জীবনেতিহাস

প্রকাশক :

শ্রীরাধাকৃষ্ণ বাড়ি, সাধারণ সম্পাদক,
তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি
পার্বতীপুর, পোঃ – তমলুক, জেলা—মেদিনীপুর (পশ্চিমবঙ্গ)
পিন : ৭২১৬৩৬

"সতীশবাবু রাজনীতিবিদ্ নন্ তিনি একজন মানুষ—এমন একজন মানুষ যাঁর মধ্যে সমস্ত মহৎ গুণগুলি বিদ্যমান।"

—জওহরলাল নেহরু



সত্যমেব জয়তে

রাষ্ট্রপতি ভবন
নূতন দিল্লী, ভারত
জুলাই ৬, ১৯৮২

শ্রীসতীশ চন্দ্র সামন্ত গণপরিষদ ও লোকসভায় আমার সহকর্মী ছিলেন। এছাড়া একজন প্রধান স্বাধীনতা সংগ্রামী হিসাবেও তাঁকে বহু বৎসর ধরে আমি জানি। তিনি পশ্চিমবঙ্গের একজন প্রখ্যাত সমাজসেবী এবং স্বাধীনতা সংগ্রামে অনেক ত্যাগ ও দুঃখ বরণ করেছেন। ১৯৪২ সাল থেকে ১৯৪৪ সাল পর্যন্ত মেদিনীপুর জেলার তমলুকে যে ২১ মাস জাতীয় সরকার প্রতিষ্ঠিত হয়েছিল তার সর্বাধিনায়ক হিসেবে তিনি খ্যাতি অর্জ্জন করেছিলেন।

তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি কর্তৃক তাঁর জীবনীগ্রন্থ রচনার প্রয়াসকে আমি আন্তরিকভাবে স্বাগত জানাচ্ছি।

এই প্রকাশনার সর্বতোমুখীন সাফল্যের জন্য আমার শুভেচ্ছা থাকল।

—স্বাক্ষর এন. সঞ্জীব রেড্ডি

(মূল ইংরাজির অনুবাদ)



सत्यमेव जयते

উপ-রাষ্ট্রপতি ভারত

নিউ দিল্লী

আগস্ট ৩, ১৯৮২

আমি জেনে সুখী হলাম যে তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি প্রবীণ স্বাধীনতা সংগ্রামী শ্রীসতীশচন্দ্র সামন্তের সম্মানে একটী স্মরণিকা সেপ্টেম্বর ১৯৮২ সালে প্রকাশ করছেন। এই উপলক্ষে আমার আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

—স্বাক্ষর এম. হিদায়েতুল্লা

ভূমিকা

তমলুকের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের প্রয়োজনীয়তার কথা আগে উপলব্ধি করলেও সেই ইতিহাস লিপিবদ্ধ করার কোন দায়িত্ব আমাকে কোন সময় নিতে হবে এমন কথা স্বপ্নেও মনের কোন কোণে কোনদিন উঁকিও দেয়নি। 'যার কাজ তাকে সাজে, অন্য লোককে ঠেঙ্গা বাজে'—এই শিক্ষাই আমাকে এতদিন এদিক থেকে দূরে রেখেছিল।

কিন্তু তমলুক মহকুমার দুই প্রখ্যাত প্রথম সারির নেতা সতীশদা ও অজয়দা আমাকে কয়েকবার বলেছিলেন 'কিছু লিখে ফেল্—এরপর সব ভুলে যাবি।' এমন ইঙ্গিতও কোন কোন সময় করেছেন যার অর্থ হয় বুড়ো হ'য়ে গেলে আর মনে থাকবে না বহু জিনিস ; মৃত্যু হ'লে তো সব শেষ হয়ে যাবে। ১৯৩০ সাল থেকে স্বাধীনতা পর্যন্ত তমলুক মহকুমার প্রতিটি আন্দোলনের সঙ্গে আমার প্রত্যক্ষ সম্পর্ক ছিল এবং গোপন আন্দোলনগুলি পরিচালনার দায়িত্ব ওঁরা আমাকে দিয়েছিলেন, যার সাফল্যপূর্ণ উত্তরণ হয়েছিল ; হয়তো এই কারণ—তাঁদের মনে এই ইচ্ছা জাগ্রত করেছিল, আবার আমার প্রতি তাঁদের অগাধ স্নেহ হয়তো এই অনুপ্রেরণার অন্যতম কারণ।

যাইহোক্ তবু তার পরেও দশটি বছর কেটে গেল, ঐ ইচ্ছা মনে এল না। আমার রাজনৈতিক তথা সমগ্র জীবনের পথ-প্রদর্শক, আদর্শ ও নেতা ঐ দু'টি মানুষের ইচ্ছাকে সম্মান প্রদর্শনের জন্যই ১৯৭৫-৭৭-এর জরুরী অবস্থার অন্যতম বন্দী হিসাবে নির্ঝঞ্ঝাট কারা জীবনে বসে 'প্রবাহ' নাম দিয়ে একটি সংক্ষিপ্ত ঘটনাবলী লিপিবদ্ধ করলাম—যার সময়কাল ১৯৩০-১৯৭৫ সাল পর্যন্ত। সম্প্রতি জনকল্যাণ ট্রাস্ট ওই গ্রন্থটি প্রকাশ করে আমায় কৃতার্থ করেছেন।

এর পরেও ছয় বৎসরের অধিককাল কেটে গেল—১৯৮১-র জুন পর্যন্ত। এই সময় বুঝলাম যে একটা যৌথ প্রচেষ্টা ছাড়া স্বাধীনতা সংগ্রামে তমলুক মহকুমার বিস্ময়কর অবদান যেমন লিপিবদ্ধ করা

সম্ভবপর নয়, তেমনি তার একটি পূর্ণাঙ্গ ও সত্য ইতিহাস সৃষ্টির চেষ্টাও বাস্তব ধর্মী হবে না।

তাই অতি ঘনিষ্ঠ ৩।৪ জনের সঙ্গে দু'মাস ব্যাপী যুক্তি পরামর্শ শেষ করে ১৯৮১ সালের সেপ্টেম্বর মাসে সিদ্ধান্ত নেওয়া হ'ল এবং সেই অনুসারে 'তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি' নাম দিয়ে নয় সদস্য বিশিষ্ট এই কমিটির রেজিষ্ট্রি করতে দেওয়া হ'ল। খুবই বেদনার কথা এই যে এই কমিটির সহ-সভাপতি স্নেহাস্পদ সুরেন্দ্র নাথ ঘোড়াই হঠাৎ হৃদরোগে আক্রান্ত হয়ে আমাদের ত্যাগ করে গেছেন গত ২৫শে মার্চ ১৯৮২ তারিখে।

কাজের প্রথম পদক্ষেপে দশ হাজার তথ্যসূচী ছাপান ও বিতরণ করা হ'ল, আবেদনও প্রচারিত হ'ল। তথ্যসূচী পূরণ হয়ে পরপর দপ্তরে জমা পড়ছে। পরে আরও কয়েক সহস্র তথ্যসূচী বিলি করা হয়েছে। স্থানীয় পত্র-পত্রিকাগুলিও ইতিহাস কমিটির উদ্দেশ্য এবং কাজকর্ম সম্বন্ধে জনসাধারণকে অবহিত করার কাজে যথেষ্ট সাহায্য করেছেন।

পরবর্তী সিদ্ধান্তক্রমে কতকগুলি আনুসঙ্গিক কাজও করা হবে ঠিক হ'ল। আপাততঃ প্রতি খণ্ডে মোটামুটি পাঁচশত পৃষ্ঠা হিসাবে কুড়ি খণ্ড ইতিহাস লেখা—যার মধ্যে থাকছে ১৯০১-১৯৪৭ সাল পর্যন্ত তমলুক মহকুমার সংগ্রামী ঘটনাবলী, নেতৃবর্গের জীবনী, সংগ্রামী প্রতিটি মানুষের জীবনপঞ্জী—তিনি প্রত্যক্ষ বা পরোক্ষ যেভাবেই জড়িত থাকুন না কেন, তিনি যতই প্রখ্যাত বা যতই অখ্যাত মানুষ হোন্ না কেন। তথ্যভিত্তিক ফিল্ম তৈরী, গীতি-আলেখ্য, টেপরেকর্ডিং, ফটো নেওয়া, গবেষণা শাখা, সংরক্ষণশালা, প্রদর্শনী, সংগঠন প্রভৃতি আনুষঙ্গিক কাজগুলিতেও হাত দেওয়া হয়েছে।

ঠিক এই পথ ধরেই স্থির হ'ল যে এর প্রথম খণ্ড 'সর্বাধিনায়ক' নাম নিয়ে প্রকাশিত হবে, যেটাকে মহকুমার প্রথম সারির অন্যতম নেতা শ্রীসতীশ চন্দ্র সামন্তের জীবনীরূপে গণ্য করা যেতে পারবে। সামান্য জীবন থেকে একটি মানুষ কেমন করে সর্বভারতীয় খ্যাতির অধিকারী হলেন এবং যে রাজনৈতিক দল, ঘটনা প্রবাহ ও নেতৃত্ব

তাঁকে সেই গৌরবের অধিকারী করল—তমলুক মহকুমার সংগ্রামী চরিত্র ও ভূমিকার ভিত্তিভূমির উপর, তারই মনোজ্ঞ বর্ণনা সর্বসমক্ষে তুলে ধরাই এর লক্ষ্য। শ্রীসামন্তকে তমলুক পেয়েছে– সারা ভারতের কাছ থেকে এক গৌরবদীপ্ত উপহাররূপে। এই বিনিময়ে সতীশচন্দ্রের জীবন বিশেষ বৈশিষ্ট্যপূর্ণ। আশা এই যে, হয়তো এদিনের কিশোর—তরুণ সমাজ এই জীবনী থেকে তাদের জীবন পথের কিছু দিশা পাবে—আজকের দিনের একটা কুজ্ঝটিকাপূর্ণ পরিমণ্ডলের মধ্যে।

২,৯৪০ বর্গ কিলোমিটার ভৌগোলিক আয়তনের, ১২,৯৪,০২৫ জন সংখ্যা অধ্যুষিত এবং শতকরা ৯০% কৃষি পরিবার সম্বলিত বর্তমানকালের তমলুক মহকুমার ইতিহাস ও রাজনীতি বহু পুরাতন। প্রাচীন তাম্রলিপ্ত বন্দর এবং চীন পরিব্রাজক, ফা-হিয়েন, ইউয়েন সাং-এর প্রতিবেদনই তার প্রমাণ। তাম্রলিপ্ত সংগ্রহ শালায় সযত্নে রক্ষিত আরও বহু প্রাচীন প্রমাণ এই মহকুমার তদানিন্তন শিল্প প্রতিভার বহু সাক্ষ্য বহন করছে। আমরা জানি বা না জানি, মানি বা না মানি তমলুকের ইতিহাস এই প্রতিষ্ঠিত সত্যের শক্ত ভিত্তির উপর সুপ্রতিষ্ঠিত সৌধ-স্বরূপ।

দলমত নির্বিশেষে সারা ভারতের অসংখ্য প্রখ্যাত মানুষ এবং সাংবাদিক ও উচ্চপদস্থ রাজকর্মচারী সতীশদার রাজনৈতিক ও পরিষদীয় জীবন তথা তাঁর সামাজিক আচার-ব্যবহার সম্পর্কে মনোমুগ্ধকর কাহিনী বিশ্লেষণ করে শ্রদ্ধা জানিয়ে তাঁদের যে মূল্যবান লেখাগুলি পাঠিয়েছেন তার জন্য তাঁদের কাছে কমিটি চির কৃতজ্ঞ থাকবে।

ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী তাঁর অতিব্যস্ত অমূল্য সময়ের কিছু অংশ ব্যয় করে তাঁর যে স্মৃতিচারণ পাঠিয়েছেন—'সর্বাধিনায়ক'-এর জন্য, তাতে এই পুস্তকের গুরুত্ব যথেষ্ট বৰ্দ্ধিত হয়েছে মনে করি। তাঁর কাছে আমরা কৃতজ্ঞ।

সেই সঙ্গে সতীশদার এক সময়কার সহকর্মী, অনুগামী কতিপয় ব্যক্তি, বর্তমান রাষ্ট্র পরিচালনায় অতি ব্যস্ত থেকেও তাঁদের মূল্যবান

লেখা পাঠিয়ে আমাদেরকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন।

ভারতের রাষ্ট্রপতি শ্রীনীলম সঞ্জীব রেড্ডি এক সময় লোকসভায় সতীশদার সহকর্মী ছিলেন। তাঁর কাছে অনুরোধ পেঁছার সঙ্গে সঙ্গেই তাঁর শুভেচ্ছাবাণী পাঠিয়েছেন এই পুস্তকটির জন্য, আমরা ঋণী থাকলাম তাঁর কাছেও।

উপরিউক্ত লেখাগুলি এই পুস্তকের শুধু কলেবর বৃদ্ধি করেছে এমন কথা মনে করার কোন অবকাশ নাই। লেখাগুলির প্রতিটি স্বকীয় বৈশিষ্ট্যে সমুজ্জল। এগুলি একদিকে যেমন সতীশদার সম্পর্কে বহু অজ্ঞাত কাহিনী ও তাঁর অজানা চরিত্রের মণিমুক্তা সমৃদ্ধ পেটিকার আবরণ উন্মোচন করেছে তেমনি অন্যদিকে সতীশদাকে নূতন এক প্রোজ্জল আলোকে দেখবার অবকাশ আমাদের সামনে এনে দিয়েছে।

সংগ্রামের ইতিহাস সংগ্রামীরা লেখেন এমন নজীর পৃথিবীতে বিরল। হিটলার 'মেন ক্যাম্প' লিখেছেন, জওহর লাল ও মহাত্মা গান্ধী, সুভাষচন্দ্র নিজ নিজ আত্ম-চরিতের মধ্য দিয়ে ভারতীয় সংগ্রামের ইতিহাস লিখেছেন। কিন্তু পৃথিবীর প্রচলিত ধারায় এঁরা অতিমানব

তমলুকের স্বাধীনতা সংগ্রাম-এর বিস্তৃত ইতিহাস স্বাধীনোত্তর পঁয়ত্রিশ বৎসরের মধ্যেও লেখা বা লেখার তেমন কোন প্রচেষ্টা হ'ল না বলেই আমরা, প্রবীণ ও তরুণ, সহকর্মী ও অনুরাগীদের সহযোগিতায় সেই কাজ সুরু করতে বাধ্য হয়েছি। তবু বলছি, ইতিহাস লেখার দায়িত্ব নিজেরা রাখিনি এবং তা' দিয়েছি তমলুক মহকুমার আগ্রহী ও কৃতী ইতিহাসের মানুষদের উপর। 'কম্পাইলেশন' ও 'এডিটোরিয়েল' বোর্ড এর মাধ্যমে তাঁরা তাঁদের প্রজ্ঞা ও দক্ষতার পরিচয় দিতে পারবেন এই বিশ্বাস রাখি!

তমলুক মহকুমার স্বাধীনতা সংগ্রাম যেমন এখানের মাটিতে এখানের অধিবাসীরাই করেছিলেন, তেমনি এখানেরই বহু জনের অংশীদারিত্বে তারই ইতিহাস রচিত হোক। সাফল্য বা অসাফল্য, সার্থকতা বা ব্যর্থতার অংশও ভাগ করে নিতে চাই বহু জনে মিলে,—কতিপয়ের মধ্যে তা সীমাবদ্ধ না রেখে। তাই তাম্রলিপ্ত স্বাধীনতা

সংগ্রাম ইতিহাস কমিটির সদস্য-করণের কাজও চলছে।

আজ গর্ববোধ হচ্ছে একথা বলতে যে এই সব কাজে প্রচুর সাড়া পাচ্ছি। মহকুমার সর্বত্র এগিয়ে আসছেন অনেক তরুণ, স্কুল-কলেজ শিক্ষক ও অশিক্ষক কর্মী, পাঠাগার ও ক্লাবের সদস্যবৃন্দ এবং পাঠাগার সংঘ। এতে আমাদের প্রচেষ্টা ধন্য হয়েছে এবং আমরা কৃত-কৃতার্থবোধ করছি।

তমলুক মহকুমার গ্রামে-গঞ্জে, কুটিরে, অট্টালিকায়, নারী-পুরুষের উদ্বেলিত ভূমিকার তথ্যাবলী সমুদ্রভরা মুক্তারাশির মতোই আছে—চাই অসংখ্য ডুবুরী, যারা তাকে উঠিয়ে এনে একত্রিত করার সফল প্রচেষ্টায় ব্রতী হবে। শিক্ষিত তরুণরাই এতে সুযোগ্য ভূমিকা নিতে পারেন—প্রবীণদের পরিচালনায় সম্পূর্ণ অ-রাজনৈতিক এই প্রচেষ্টায় দলমত নির্বিশেষে যেমন অনেকের সক্রিয় সহযোগিতা পাচ্ছি, আশাকরি ও বিশ্বাস রাখি ভাবী দিনেও আমরা সেইরূপ সমর্থন বহুজনের কাছ থেকে পাব।

পুস্তকের জন্য কাগজ প্রভৃতি উপাদান সমূহের দুর্মূল্যতা, বিদ্যুৎ সঙ্কট প্রভৃতি অনিবার্য কারণে এই প্রথম খণ্ডটি প্রকাশে যে বিলম্ব ঘটল এবং এতে যে ভুল-ত্রুটি থেকে গেল তার জন্য সংশ্লিষ্ট সকলের কাছে আমরা মার্জনা পাব আশাকরি।

মাত্র বার মাসের প্রচেষ্টায় আজ 'স্বাধীনতা সংগ্রামে তমলুক' এর প্রথম খণ্ড 'সর্বাধিনায়ক' নাম নিয়ে প্রকাশিত হ'তে পারল—যার সম্ভাব্যতা অনেকেই বিশ্বাস করতে পারছেন না। আর সেই সঙ্গে টেপ রেকডিং, ফটো তোলো, গীতি আলেখ্য, সংরক্ষণশালার উপাদান সংগ্রহ, নেতৃবৃন্দের প্রতিকৃতি সংগ্রহ, গবেষণা শাখার কাজ সুরু করা এবং ফিল্ম তৈরীর কাজে প্রাথমিক পদক্ষেপ প্রভৃতি আনুসঙ্গিক কাজগুলির সাফল্যপূর্ণ অগ্রগতি যাঁদের ঐকান্তিক ও একনিষ্ঠ প্রচেষ্টায় সম্ভব হ'য়েছে, আমাদের কেন্দ্রীয় কমিটির সেই সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের অক্লান্ত পরিশ্রম এবং সদস্যবৃন্দের ঐকান্তিক চেষ্টার কথা এখানে উল্লেখ করতে আমি বিশেষ তৃপ্তিবোধ করছি। সেই প্রসঙ্গে থানা কমিটির আহ্বায়কবৃন্দ ও থানার কর্মীগণের একাংশের ভূমিকা

প্রায় নিষ্ক্রিয় হ'লেও অনেকের ক্ষেত্রে তা বিশেষভাবে উল্লেখযোগ্য। আশাকরি ভাবীদিনের অধিকতর সুবৃহৎ কাজে তাঁরা সকলেই তাঁদের কৃতিত্বের ও সক্রিয়তার পরিচয় দিতে পশ্চাৎপদ হবেন না।

কেন্দ্রীয় কমিটির কার্যালয় সম্পাদক ও মহকুমাব্যাপী বহুকর্মী তাঁদের প্রশংসনীয় ভূমিকার পরিচয় দিয়েছেন।

কলিকাতার প্রথম শ্রেণীর ছাপাখানা নাভানা প্রিন্টিং ওয়ার্কসের শ্রীকুণাল রায় ও তাঁর সহকর্মিবৃন্দ পুস্তক ছাপা চলাকালে বহুবিষয়ে আমাদের অনভিজ্ঞতা-প্রসূত-ত্রুটিসমূহকে যেভাবে ঐকান্তিক আগ্রহে সামলে নিয়েছেন, তার জন্য কমিটির তরফে তাঁদের কর্তৃপক্ষ ও কর্মিবৃন্দের কাছে কৃতজ্ঞতা জানাচ্ছি।

স্নেহভাজন শ্রীমান গোপীনন্দন গোস্বামী তার সংগৃহীত সতীশদার জীবনী সংক্রান্ত তথ্যাদি দিয়ে সাহায্য করেছে। শিল্পী আশীষ প্রধান বিনা-পারিশ্রমিকে প্রচ্ছদপট অঙ্কন করে দিয়েছেন। প্রবীণ সাহিত্যিক ও জাতীয় জীবনীকার শ্রীমণি বাগচি ছিয়াত্তর বৎসর বয়সে অসুস্থতা সত্ত্বেও অনুবাদে যে সাহায্য করেছেন এবং ন্যাশন্যাল হাফটোনের শ্রীজ্যোতির্ময় সেনগুপ্ত বই ছাপানো সংক্রান্ত প্রতিটি কাজে অকুণ্ঠভাবে আমাদের যে সাহায্য ও সহযোগিতা করেছেন কমিটি সেইজন্য এঁদের প্রত্যেককে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে।

যে সহৃদয় দাতাগণ—তাঁরা কাছের বা দূরের যেখানেরই হোন, তাঁদের শুভেচ্ছায় এই সুবৃহৎ কাজ সম্পন্ন করতে সাহস দিয়েছেন—তাঁদের কথা সকৃতজ্ঞ-চিত্তে কমিটি স্মরণ করছে। এই স্বল্প সময়েও সংগৃহীত সদস্য-চাঁদা-তহবিল যে আমাদের শক্তি বৃদ্ধি করেছে তাতে কোন সন্দেহ নেই। কমিটি সংশ্লিষ্ট সদস্যদের ধন্যবাদ জানাচ্ছে।

এই পুস্তকের জন্য বিশিষ্ট ব্যক্তিবর্গের কাছ থেকে লেখা সংগ্রহ, সংসদ পাঠাগারে সংশ্লিষ্ট বিষয়সমূহ জানা এবং আনুষঙ্গিক বহু প্রকারের কাজে গণপরিষদ ও লোকসভায় সতীশদার দীর্ঘদিনের সতীর্থ শ্রী এম. এল. দ্বিবেদীজি আমাকে তাঁর তীক্ষ্ণবুদ্ধি ও সময়োচিত বহু মূল্যবান পরামর্শ দিয়েছেন, শুধু তাই নয়, আজও পর্যন্ত এই বিষয়ে তিনি বিপুল আগ্রহে যে আমাকে পরিচালিত করেছেন কমিটি তাঁর কাছে

সেজন্য চিরঋণী হ'য়ে থাকল।

ইতিহাস কখনও সম্পূর্ণ হয় না। নতুন তথ্যের ভিত্তিতে নতুন আলোকে ইতিহাস বার বার পুনর্লিখিত হয়। যুগের ভাবধারাও ইতিহাসের ওপর তার প্রতিফলন রেখে যায়। বর্তমান খণ্ডটি এ পর্যন্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে রচিত। এটা মোটেই অসম্ভব নয় যে বহুতথ্য আমাদের অজ্ঞাত থেকে গেছে, এবং সেই বিচারে এই ইতিহাসকে অসম্পূর্ণ বলা যেতেও পারে। কোন সহৃদয় পাঠক প্রমাণাদি সহ নতুন কোন তথ্যের সন্ধান দিলে কমিটি সকৃতজ্ঞচিত্তে তা গ্রহণ করবে এবং ভবিষ্যতে যথাস্থানে সংযোজনের ব্যবস্থা করবে।

স্বাধীনতা সংগ্রামে তমলুকের ভূমিকার উপর অন্যূন কুড়ি খণ্ড ইতিহাসের সর্বপ্রথমটি যাঁর সুদীর্ঘ জীবন ইতিহাসের সামান্য কিছু বর্ণনা দিয়ে সূত্রপাত হ'ল, তার সমাপ্তি কবে টানতে পারা যাবে এই মুহূর্ত বলা সম্ভবপর না হ'লেও কমিটি বিশ্বাস করে যে তমলুকবাসী মাত্রের সক্রিয় সহযোগিতা এবং দেশবাসীর বিপুল সমর্থন আমাদের উদ্দেশ্য ও লক্ষ্যকে পরিপূর্ণ সাফল্যে পৌঁছে দেবে। সতীশদার জীবন সায়াহ্নে তাঁর সুপবিত্র জীবনের কাছে কবির ভাষায় আজ আমরা এই প্রার্থনাই করছি—

'তোমার পতাকা যারে দাও, তারে
বহিবারে দাও শকতি।
তোমার সেবার মহৎ প্রয়াস
সহিবারে দাও ভকতি।'

তমলুক, মেদিনীপুর
১২ই জুলাই, ১৯৮২

শ্রীসুশীল কুমার ধাড়া,
সভাপতি
তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি

॥ সূচীপত্র ॥

পরিশিষ্ট :

জীবন-কথা

সর্বাধিনায়ক শ্রীসতীশ চন্দ্র সামন্ত

'৪২-এর রক্তক্ষরা দিনগুলিতে অনেক স্বেদ, অনেক রক্ত ঝরিয়ে যে সর্বাত্মক বিপ্লব সুরু হয়েছিল—তারই অনিবার্য পরিণতিরূপে পরাধীন ভারতের বুকে প্রতিষ্ঠিত হয়েছিল এক স্বাধীন জাতীয় সরকার—"তাম্রলিপ্ত জাতীয় সরকার"। প্রায় দুই বৎসরকাল এই সরকার তমলুক মহকুমার বুকে বিদেশী সরকারের সব চিহ্ন বিলুপ্ত করে দিয়ে স্বাধীন সরকার হিসাবে সক্রিয় ছিল। এ তথ্য কোনরকম অতিভাষণ নয়—স্বয়ং বিদেশী সরকার এ তথ্য স্বীকার করেছেন। তারপর এই স্বাধীন সরকারের অবলুপ্তি ঘোষনা করা হ'য়েছিল কোন বিদেশী শাসকের রক্তচক্ষুর সামনে নতিস্বীকার করে নয়—স্বয়ং গান্ধিজীর নির্দেশে—১৯৪৪ সালের জুলাই মাসে।

এই তাম্রলিপ্ত জাতীয় সরকারের প্রথম 'সর্বাধিনায়ক' সর্বসম্মতি-ক্রমে নির্বাচিত হয়েছিলেন শ্রীসতীশ চন্দ্র সামন্ত। তিনি গ্রেপ্তার হওয়ার পর শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় সহ আরও তিনজন প্রথম সারির নেতা সর্বাধিনায়ক পদে বৃত হ'য়েছিলেন। সাহসে ও শৌর্য্যে, আত্মত্যাগ ও দেশ-হিতৈষণায়, অশেষ ক্লেশস্বীকার ও নির্য্যাতন বরণে তাঁরা প্রত্যেকেই কারো চেয়ে কম ছিলেন না, একথা অনস্বীকার্য্য। কিন্তু তবুও 'সর্বাধিনায়ক' বলতে প্রথম যে নামটি সকলের মনে জেগে ওঠে তিনি হ'লেন আজীবন ত্যাগব্রতী, সত্যনিষ্ঠ মুক্তিসাধক, অসাধারণ কর্মযোগী, তমলুকের মুকুটহীন সম্রাট, অজাতশত্রু শ্রীসতীশ চন্দ্র সামন্ত।

আজকের দিনে ভাবতে আশ্চর্য্য লাগে সতীশ চন্দ্রের মত এমন একজন মহৎ মানুষের আবির্ভাব এই মৃতপ্রায় দেশে কিভাবে সম্ভব হল? চারিদিকের এই ক্ষুদ্রাতিক্ষুদ্র এরণ্ড জঙ্গলের মধ্যে এই রকম একটি বিরাট বিশাল মহীরুহ কিভাবে জন্মলাভ করল?

অবিশ্বাস্য হ'লেও এটা সত্য। আর ইতিহাসের বিচারে এরকম ঘটনাতো মোটেই অস্বাভাবিক নয়, বরং বলা যেতে পারে ইতিহাসের সূত্র অনুসারে এটাই স্বাভাবিক।

কুরুক্ষেত্র রণাঙ্গণে শ্রীকৃষ্ণ অর্জুনকে বলেছিলেন—

'যদা যদা হি ধর্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্মশ্য তদাত্মানম্ সৃজাম্যহম ॥
পরিত্রাণায় সাধুনাং বিনাশায় চ দুষ্কৃতাম।
ধর্ম সংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥'

—ধর্ম যখনই মালিন্যে ভরে ওঠে, ধর্মের চেয়ে অধর্ম প্রবল হয়ে ওঠে, তখনই ভগবান নতুন করে নিজেকে সৃষ্টি করেন। সাধুদের পরিত্রাণের জন্য, দুষ্কৃতকারীদের বিনাশ সাধনের জন্য ভগবান এইভাবে যুগে যুগে অবতীর্ণ হয়ে থাকেন।

শুধু ধর্মের ক্ষেত্রে নয়—একটা জাতির উত্থান পতনের ইতিহাসের মধ্যেও এই উক্তির অন্তর্নিহিত সত্যকে সম্যকভাবে উপলব্ধি করা যায়। ইতিহাসে এটা দেখা গেছে যে একটা দেশ বা জাতি যখন দুর্ভাগ্যের চরম সীমায় গিয়ে পৌছায়—মানুষের দুঃখকষ্ট যখন সহ্যের সীমা অতিক্রম করে যায়—তখনই সেই জাতির মধ্যে একদল মহামানবের আবির্ভাব হয়—যাঁরা তাঁদের চিন্তা ও কর্মশক্তি দিয়ে জাতির সামনে নতুন পথের সন্ধান দেন ; নতুন কর্মপ্রবাহে জাতিকে উজ্জীবিত করে তোলেন।

এমনই একটা অন্ধকার যুগ নেমে এসেছিল ফরাসী দেশে অষ্টাদশ শতাব্দীর শেষ পাদে। রাজা চতুর্দ্দশ লুই-এর রাজত্বকালে ফরাসী দেশ উন্নতির স্বর্ণ শিখরে আরোহণ করেছিল। জ্ঞানে, বিজ্ঞানে, শিল্পে, সাহিত্যে ফ্রান্স তখন সমগ্র ইউরোপের মধ্যে শ্রেষ্ঠত্বের আসনে অধিষ্ঠিত হয়েছিল। সেদিনকার প্যারী নগরী শুধু ফরাসী দেশের রাজধানী নয়—সারা ইউরোপের সাংস্কৃতিক রাজধানীরূপে স্বীকৃতি লাভ করেছিল। এই আলোর রোশনাই কিন্তু বেশীদিন স্থায়ী হ'ল না। চতুর্দ্দশ লুইএর মৃত্যুর প্রায় সাথে সাথেই নেমে এল এক অন্ধকার যুগ। রাজা ষোড়শ লুই এবং সপ্তদশ লুই তাঁদের অভিজাত অনুচরবর্গ এবং নর্মসহচরীদের নিয়ে অবিশ্বাস্য বিলাসব্যসনের স্রোতে গা ভাসালেন। এদিকে জনসাধারণের দুঃখদুর্দশার কোন সীমা পরিসীমা রইল না।

ঠিক এই যুগসন্ধিক্ষণে ফরাসী দেশে আবির্ভূত হলেন একদল অতিমানুষ—রুশো, ভলতেয়ার, মঁতেকিউ—প্রভৃতি চিন্তানায়কগণ। দুর্দ্দশাগ্রস্ত জাতির কানে তাঁরা নতুন মন্ত্রের দীক্ষা দিলেন, শোনালেন "সাম্য, মৈত্রী, স্বাধীনতা"র অমৃত বাণী ; দিগন্তব্যাপী অন্ধকারের মধ্যে জাতিকে নতুন আলোর সন্ধান দিলেন। তাঁদের সেই সঞ্জীবনী মন্ত্রে নতুন আশায়, নতুনতর প্রাপ্তির আকাঙ্খায় জাতির হৃদয় উজ্জীবিত হ'য়ে উঠল। আর সেই আকাঙ্খাকে সফল করে তুলতে এই সব চিন্তানায়কদের পেছনে পেছনে এলেন আর একদল কর্মবীর—মিরাবোঁ, এ্যাবি সিয়েস, ডাণ্টন, রোব্‌স্‌পিয়ার এবং অবশেষে নেপোলিয়ন বোনাপার্টি। এই সব অতিমানবদের চিন্তা এবং কর্মশক্তিই সম্ভব করে তুলেছিল সেদিনের ফরাসী বিপ্লবকে—যা আজও সারা পৃথিবীর নিপীড়িত মানুষের কাছে প্রেরণার চিরন্তন উৎস হ'য়ে আছে।

প্রায় ঐ একই ইতিহাসের পুনরাবৃত্তি দেখতে পাই আমাদের দেশের সাম্প্রতিক ইতিহাসের মধ্যেও। ১৭৫৭ সালে পলাশীর প্রান্তরে যে অন্ধকার যুগ নেমে এসেছিল, পরবর্তী এক শতাব্দী ধরে সেই অন্ধকার সারা ভারতের বুকে ক্রমবিস্তৃতি লাভ করেছে—ক্ষীণতম আলোর রেখাও কোথাও দৃষ্টিগোচর হয় নি। ঠিক একশ' বছর পরে হ'ল সিপাহী বিদ্রোহ। কিন্তু সেই বিদ্রোহের সঙ্গে দেশের আপামর জনসাধারণের কোন সংযোগ ছিল না। কেবলমাত্র কিছু অসন্তুষ্ট সিপাহী এবং সুযোগ-বঞ্চিত রাজন্যকুলের মধ্যেই তা সীমাবদ্ধ ছিল। তাই এই বিদ্রোহ কোনদিন গণবিদ্রোহের রূপ পরিগ্রহ করেনি।

সিপাহী বিদ্রোহের পর ইংরেজ রাজত্ব আরও ভালভাবে কায়েম হ'য়ে বসল ভারতের বুকে। একদিকে বৃটিশ সাম্রাজ্যবাদ ছলে, বলে, কৌশলে রাজ্যের পর রাজ্য কুক্ষিগত করতে লাগল ; অন্যদিকে বৃটিশ বণিককুলের নির্লজ্জ লুণ্ঠনে এককালের সমৃদ্ধ দেশ শ্মশানভূমিতে পরিণত হ'ল। একশ বছরেরও অধিককাল ধরে চলল এই তমসাচ্ছন্ন যুগ।

রাত্রির তপস্যা একদিন শেষ হ'ল। নবীন উষার অরুণ দীপ্তি মাথায় নিয়ে আবির্ভূত হ'লেন একদল অতিমানুষ। ধর্ম, সমাজ,

সাহিত্য, দর্শন, রাষ্ট্রব্যবস্থা—সব কিছুর মধ্যেই তাঁরা নতুন চিন্তা, নতুনতর ভাবধারা প্রবর্তন করলেন। দিকে দিকে তাঁরা তাঁদের সন্ধানী দৃষ্টি নিক্ষেপ করলেন। বিনা প্রশ্নে কোনকিছুকেই গ্রহণ করতে চাইলেন না—যুক্তির কষ্টিপাথরে সব কিছুকে যাচাই করে নিতে চাইলেন, নতুন ভাবধারায় উদ্বুদ্ধ করে তুললেন জাতিকে।

রাজা রামমোহন এই নবযুগের পথিকৃৎ। তার পেছনে আবির্ভূত হ'লেন— এক উজ্জ্বল জ্যোতিষ্কমণ্ডলী। সেই ঘনায়মান নিবিড় তমসাকে ছিন্ন বিচ্ছিন্ন করে দেদীপ্যমান অগ্নিশিখা হাতে নিয়ে তাঁরা জাতির সামনে আবির্ভূত হ'লেন—জাতিকে নতুন পথের সন্ধান দিলেন, নতুন চিন্তার খোরাক জোগালেন। যুগ যুগ ধরে যে সব অন্যায়, অবিচার ধর্ম, সমাজ এবং রাষ্ট্রের বুকে জগদ্দল পাথরের মত চেপে বসেছিল—সে সব কিছুর বিরুদ্ধে তাঁরা জেহাদ ঘোষণা করলেন।

ধর্মকে সংস্কারমুক্ত করতে এগিয়ে এলেন—দেবেন ঠাকুর, কেশব সেন, মহাদেব গোবিন্দ রাণাডে, স্বামী দয়ানন্দ সরস্বতী, স্বামী শ্রদ্ধানন্দ, রামকৃষ্ণ পরমহংস, স্বামী বিবেকানন্দ প্রমুখ মহাপুরুষগণ।

সমাজ সংস্কারে ও শিক্ষা বিস্তারে ব্রতী হ'লেন—ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর, রাণাডে প্রমুখ চিন্তানায়কেরা।

রাষ্ট্রচেতনার বৃহত্তর ক্ষেত্রে অগ্রণী হ'লেন ডব্লিউ. সি. ব্যানার্জী, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, গোপালকৃষ্ণ গোখলে, বাল গঙ্গাধর তিলক প্রমুখ মনীষিবৃন্দ।

১৯০৫ সাল পর্যন্ত এই যুগকে নবজাগরণের প্রথম পর্ব বলা যেতে পারে। এর পরের যুগে এলেন একদল কর্মযোগী—যাঁরা শুধু মুখের কথায় নয়, শুধু আবেদন নিবেদন করে নয়, প্রত্যক্ষ কর্মের মধ্য দিয়ে জাতির নবজাগ্রত রাষ্ট্রীয় চেতনাকে সার্থক রূপ দিতে প্রয়াসী হ'লেন। স্বাভাবিক ভাবেই এঁদের কর্মধারা শুধু মুষ্টিমেয় শিক্ষিত শ্রেণীর মধ্যে সীমাবদ্ধ থাকল না, আপামর জনসাধারণকেও তাঁরা এই বিরাট কর্মযজ্ঞে উদ্বুদ্ধ এবং নিয়োজিত করতে সক্ষম হ'লেন।

বঙ্গভঙ্গ রোধ আন্দোলনের মধ্য দিয়ে এই কর্মমুখর যুগের

সূত্রপাত এবং ব্যাপ্তি প্রায় অর্ধশতাব্দীকাল—স্বাধীনতা অর্জন পর্য্যন্ত। সুরেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায়, বিপিন চন্দ্র পাল, অশ্বিনীকুমার দত্ত, আবদুল্লা রসুল প্রভৃতি জননায়কগণ যে যুগের সূচনা করলেন সেই যুগই কালক্রমে জন্ম দিল ক্ষুদিরাম, সত্যেন, প্রফুল্ল চাকী, কানাইলাল, আসফাকউল্লা, ওয়াঞ্চি আয়ার, ঠাকুর রৌশন সিং, ভগৎ সিং প্রমুখ মৃত্যুঞ্জয়ী বীরদের, শ্রীঅরবিন্দ, বারীণ ঘোষ, সাভারকার প্রভৃতি নেতৃবৃন্দের এবং রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধী প্রমুখ কালজয়ী মহাপুরুষদের।

এইসব মহাপুরুষদের আরব্ধ কর্ম সুসম্পন্ন করার জন্য শুধু যে মতিলাল, দেশবন্ধু, সর্দার প্যাটেল, রাজেন্দ্র প্রসাদ, রাজাগোপালাচারী, মৌলানা আজাদ, জওহরলাল, সুভাষচন্দ্র প্রমুখ নেতাদেরই আবির্ভাব হ'ল তা নয়—বিশাল ভারতের প্রতিটি প্রান্তে জন্ম নিলেন একদল কর্মযোগী—যাঁদেরকে ঠিক সাধারণ মানুষের মাপে ফেলে মেলান যায় না—যাঁদের শৌর্য্য ও সাহস, ত্যাগ ও সাধনা এক নিপীড়িত, লাঞ্ছিত, পরাধীন জাতিকে স্বাধীন ও স্বনির্ভর হ'তে সাহায্য করল।

এই যে বিরাট গ্রহ সমাবেশ—এটা কোন কক্ষচ্যুত উল্কাপিণ্ডের হঠাৎ আলোর ঝলকানি নয়—এ যেন এক তারকার মিছিল—ভারতের ভাগ্যকাশে প্রোজ্জ্বল জ্যোতিতে ভাস্বর হ'য়ে ফুটে উঠল। তাঁদের মিলিত দ্যুতিতে দশদিক আলোয় আলোময়—তাঁদের সংহত তেজোপুঞ্জে দাবাগ্নির বহ্নিশিখা—সৃষ্টি, স্থিতি প্রলয়ের অমোঘ নিধান।

তমলুক তথা মেদিনীপুরবাসীর অসীম সৌভাগ্য যে এরকম একজন যুগ-প্রবর্তক অতিমানব আমাদের মধ্যে জন্মেছেন—যাঁকে আমরা দেখেছি, যাঁর সাহচর্য লাভে ধন্য হ'য়েছি, যাঁর কর্ম এবং সাধনা আমাদের অনুপ্রাণিত করেছে, যাঁর দেবদুর্লভ চারিত্রিক মাধুর্য্য আমাদের মুগ্ধ করেছে, যাঁকে দেখে আমরা অবাকবিস্ময়ে স্তব্ধ হ'য়ে ভেবেছি—

'নাহি আর ভয়, নাহি সংশয়,
নাহি আর আগুপিছু।
পেয়েছি সত্য, লভিয়াছি পথ,

সরিয়া দাঁড়ায় সকল জগত,
নাই তাঁর কাছে জীবন মরণ,
নাই নাই আর কিছু।'

এই মানুষটিই তাম্রলিপ্ত জাতীয় সরকারের প্রথম 'সর্বাধিনায়ক' শ্রীসতীশ চন্দ্র সামন্ত।

বাল্য ও কৈশোর

বন্দর-নগরী তাম্রলিপ্ত—যা নাকি পৌরাণিক যুগে রাজা তাম্রধ্বজের রাজধানীরূপে খ্যাত ছিল, পরবর্তীকালে চৈনিক পরিব্রাজক হিউএন সাং যে নগরীর রূপ ও ঐশ্বর্য্যের প্রশংসামুখর বর্ণনা দিয়েছেন—সেই তাম্রলিপ্ত বন্দরের সঠিক ভৌগোলিক অবস্থান সম্বন্ধে আজও ঐতিহাসিকগণ একমত হ'তে পারেন নি, তবে বর্তমান তমলুক সহরের সন্নিকটেই কোন জায়গায় এই বন্দর অবস্থিত ছিল এবিষয়ে বিশেষ দ্বিমত নাই।

বর্তমান কালের তমলুক মহকুমায় অবশ্য অতীতের সেই ঐশ্বর্য্যের কিছুই অবশিষ্ট নাই। এই মহকুমার আয়তন মাত্র ৬৭৮·২৫ বর্গমাইল, লোকসংখ্যা ১৯৪১ সালে ছিল নয় লক্ষের কিছু বেশী। ১৯৮১ সালে এসে দাঁড়িয়েছি ১৩,০৯,৯২৮ জন, কিছুদিন আগে পর্য্যন্ত এই মহকুমা পাঁশকুড়া, তমলুক, ময়না, মহিষাদল, সুতাহাটা, নন্দীগ্রাম এই ছয়টি থানায় বিভক্ত ছিল। হলদিয়া বন্দর ও শিল্পনগরী প্রতিষ্ঠার পর পুরাতন সুতাহাটা থানাকে তিনভাবে ভাগ করা হ'য়েছে—হলদিয়া, দুর্গাচক, সুতাহাটা।

এই মহকুমার অর্থনীতি মূলতঃ কৃষি-নির্ভর, এবং কৃষিজাত পণ্যের মধ্যে ধান এবং পানই প্রধান। সারা মহকুমায় একটিও সরকারী স্কুল কলেজ নাই। শিক্ষার হার প্রাক-স্বাধীনতা কালে ছিল ২৯ শতাংশ মাত্র।

স্বাধীনতা আন্দোলনে এই মহকুমা চিরদিনই এক অনন্য ভূমিকা গ্রহণ করে এসেছে। অগ্নিযুগের বিপ্লবী নেতাদের মধ্যে ক্ষুদিরাম বসু, ডঃ যাদু গোপাল ও ধনগোপাল মুখোপাধ্যায়, বাঘা যতীন প্রমুখ নেতৃবর্গ তাঁদের কাজকর্মের মধ্য দিয়ে কোন না কোনভাবে এই মহকুমার সঙ্গে জড়িত ছিলেন। এই মহকুমার গণেশ দাস ও ভুপাল পাণ্ডা সেই যুগের রক্তক্ষয়ী সংগ্রামে অংশগ্রহণ করে কারাবরণ করেছিলেন। আবার মহাত্মা গান্ধীর নেতৃত্বে ভারতীয় জাতীয় কংগ্রেস

পরিচালিত প্রতিটি আন্দোলনেই এই মহকুমার অধিবাসীরা যেভাবে সর্বশক্তি নিয়োগ করে ঝাঁপিয়ে পড়েছিলেন—ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে চিরদিন তা স্বর্ণাক্ষরে লিখিত থাকবে।

এই তমলুক মহকুমার মহিষাদল থানার ৯নং ইউনিয়নের অন্তর্গত একটি গ্রাম গোপালপুর। মহিষাদল বাজার থেকে মাইল খানেক দূরে মহিষাদল-তমলুক বাস রাস্তার পাশেই। গ্রামটি শুধু আকারেই বড় নয়, বেশ কিছু সংখ্যক বর্দ্ধিষ্ণু এবং শিক্ষিত লোকের বাস এই গ্রামে। তাই গোপালপুর গ্রাম এতদঞ্চলের লোকের কাছে বিশেষভাবে পরিচিত।

এই গোপালপুর গ্রামেরই একটি মোটামুটি স্বচ্ছল চাষী গৃহস্থ পরিবারে সতীশ চন্দ্রের জন্ম—ইংরাজী ১৯০০ খৃষ্টাব্দের ১৫ই ডিসেম্বর, বাংলা ১৩০৭ সালের ২৯শে অগ্রহায়ণ। পিতা ৺ত্রৈলোক্যনাথ সামন্ত, মাতা ৺কিশোরী দেবী। এই পরিবারের পূর্ব-নিবাস ছিল কাশীজোড়া পরগণার (পাঁশকুড়া থানা) পাইকবাড় গ্রামে। এঁদের পূর্বপুরুষরা পাইকপাড়ার জমিদার অটল বিহারী সিংহের কাছ থেকে গোপালপুর গ্রামে জমির পত্তনী নিয়ে এখানে উঠে আসেন এবং এখানেই বসবাস করতে থাকেন। চাষবাস ছাড়াও নরঘাটের কাছে পাঁচখালি বাজারে তাঁদের বেশ বড় কাপড়ের দোকান ছিল। সতীশচন্দ্রের বাবা এবং মেজকাকা এই দোকান দেখাশোনা করতেন।

মাত্র আড়াই বছর বয়সে সতীশচন্দ্রের মাতৃবিয়োগ ঘটে। এই শিশু ভূমিষ্ঠ হওয়ার পর থেকেই জননী ৺কিশোরী দেবী অসুস্থ হ'য়ে পড়েন। তারপর প্রায় দুই বৎসর কাল নানা অসুখে ভুগে ১৩১০ সালে তিনি পরলোক গমন করেন। মায়ের স্তন্যপানে বঞ্চিত শিশুটি ঠাকুরমা ৺দয়াময়ী দেবীর স্তন্যপানে প্রতিপালিত হন। মেজকাকিমা ৺ক্ষীরোদা দেবীও পুত্রস্নেহে তাঁকে মানুষ করতে থাকেন। এদিকে পিতা ত্রৈলোক্যনাথ পড়লেন খুবই অসুবিধায়। বিশেষ করে এই মাতৃহারা শিশুটির লালনপালন ও সেবাযত্নের চিন্তায় তিনি বাধ্য হয়ে আবার বিবাহ করলেন।

মাতৃহারা শিশু মাকে নতুন করে ফিরে পেল ভবানী দেবীর মধ্যে। ভবিষ্যৎ কালে ভবানী দেবীরও কোন সন্তানাদি হয় নাই। কিন্তু সেজন্য তাঁর কোন দুঃখ ছিল না। সতীশচন্দ্রের মত এমন সন্তানকে বুকে পেলে কোন মায়েরই বা দুঃখ থাকে? যতদিন তিনি বেঁচেছিলেন—তাঁর এই প্রায়-বৃদ্ধ পুত্রটিকে শিশুর মতই স্নেহাশিস বর্ষণ করে গেছেন। সতীশবাবুও তাঁর এই মাকে নিজের মায়ের মতই ভালবেসেছিলেন। তিনি ছিলেন পিতামাতার একমাত্র সন্তান—এবং বাড়ীর মধ্যে প্রথম সন্তান। সেইজন্য ঠাকুর্দ্দা, বাবা, কাকা সকলের কাছ থেকেই সমান আদর পেয়েছেন।

ঠাকুর্দ্দা ৺গুরুপ্রসাদ সামন্ত ছিলেন অত্যন্ত দৃঢ়চেতা মানুষ। পিতামহের চরিত্রের এই বিশেষগুণটি পৌত্রের চরিত্রের মধ্যে বোধহয় পূর্ণতালাভ করেছে। উত্তরকালের সতীশচন্দ্রকে যাঁরা দেখেছেন—তাঁরা সকলেই এ কথা অকুণ্ঠচিত্তে স্বীকার করবেন। আবার পিতা ৺ত্রৈলোক্যনাথ ছিলেন আত্মভোলা, শান্ত, সৌম্য প্রকৃতির মানুষ। পিতার এই গুণটিও সতীশচন্দ্রের চরিত্রে বিশেষভাবে বিকাশলাভ করেছে। আর ঠাকুরমা দয়াময়ী দেবী ও কাকিমা ক্ষীরোদা দেবীর কাছ থেকে তিনি যে দয়া, স্নেহ-মমতা পেরেছিলেন—তার রসধারা ফল্গুস্রোতের মতই অদৃশ্য থেকে তাঁর উত্তর-জীবনকে প্রভাবিত করেছে। পারিবারিক সূত্রে প্রাপ্ত এই সব গুণগুলিই সতীশচন্দ্রের চরিত্রকে কোমলে কঠোরে এমন একটা বিশিষ্টতা দিয়েছে যা দেখে মনে হয় কবির বর্ণনায় সেই 'বজ্রাদপি কঠোরাণি, মৃদুনি কুসুমাদপি'—বজ্রের চেয়েও কঠোর আবার কুসুমের চেয়ে কোমল—এই চরিত্র চিত্রণ যেন সতীশচন্দ্রের চরিত্রেরই সার্থক প্রতিচ্ছবি।

ছাত্রজীবন

গ্রামের অন্য সব ছেলের মতই বাড়ীর কাছে দ্বারিকানাথ প্রধানের পাঠশালায় সতীশচন্দ্রের লেখাপড়া শুরু হয়। ধীর, স্থির, মেধাবী ছাত্র আর বড় নিরীহ গোছের—চেহারাটাও তখন ছিল ছোটখাটো, শান্ত প্রকৃতির। সহজেই তিনি শিক্ষক মহাশয়ের প্রিয়পাত্র হয়ে উঠলেন। তাঁর চেয়ে বড় বড় ছেলেরাও তখন পাঠশালায় পড়ত। তাদের বোধ হয় এটা সহ্য হ'ল না। শিশুসুলভ দুষ্টুমিবুদ্ধি মাথায় এল। এই গোবেচারী, বাচ্চা ছেলেটিকে একটু নাজেহাল করার জন্য তারা একদিন যুক্তি আঁটল। স্কুলের পাশেই ছিল একটা ছোট খাল। জল কম, কিন্তু কাদা ভর্তি। একদিন তারা সতীশচন্দ্রকে ধরে সেই খালের জলে ফেলে বেশ করে চুবিয়ে দিল। কাদামাখা জামা-কাপড় নিয়ে কাঁদতে কাঁদতে ছেলে বাড়ী ফিরল। বাবা, মা, ঠাকুরমার আদরের দুলাল—তাঁরা কিছুতেই আর ছেলেকে ঐ পাঠশালায় পাঠাতে রাজী হলেন না। সতীশচন্দ্রের ছোট কাকা, তরেন্দ্রনাথ বাড়ী থেকে মাইল খানেক দূরে মহিষাদল রাজ হাই স্কুলে পড়েন। সেই স্কুলেই তাঁরা ছেলেকে ভর্তি করে দিলেন।

এখনকার যেটা তৃতীয় শ্রেণী—সতীশচন্দ্র মহিষাদল রাজ হাইস্কুলে এসে সেই শ্রেণীতে ভর্তি হলেন। বাড়ী থেকে এক মাইল হেঁটে স্কুলে আসা, আবার ছুটির পর এক মাইল হেঁটে বাড়ী ফেরা—ঐটুকু ছেলের পক্ষে খুবই কষ্টকর হল সন্দেহ নেই। কিন্তু তবুও স্কুলে যাওয়া তাঁর একটি দিনের জন্যও বাদ পড়েনি। ঝড়. বৃষ্টি, সামান্য অসুখ-বিসুখ—এসবে তাঁর স্কুলে যাওয়া কখনও আটকাতো না। প্রবল বর্ষার মধ্যে যদি দু' একটি ছেলেও কোনক্রমে স্কুলে আসতে পারে তাহলে তার মধ্যে নিশ্চয় সতীশচন্দ্র একজন। প্রতি বৎসর নিয়মিত উপস্থিতির জন্য শ্রেষ্ঠ পুরস্কারটি তাঁর জন্য বাঁধা থাকত। যতদিন তিনি ঐ স্কুলে পড়েছেন—প্রতি বৎসর নিয়মিত উপস্থিতির জন্য প্রথম পুরস্কারটি তিনিই পেয়েছেন।

তীক্ষ্ণ মেধাবী ছাত্র সতীশচন্দ্র—নতুন স্কুলে এসে ক্লাসের সেরা ছাত্র হিসাবে নিজের স্থান করে নিতে তাঁর খুব বেশী সময় লাগল না। তাঁর অন্যতম সহপাঠী শ্রীরাজকৃষ্ণ সামন্ত বলেছেন—"সতীশবাবু আট বছর বয়সে মহিষাদল রাজ হাই স্কুলে তৃতীয় শ্রেণীতে ভর্তি হন এবং প্রথম স্থান অধিকার করে ডবল প্রমোশন নিয়ে পঞ্চম শ্রেণীতে আমাদের সঙ্গে একত্রে অধ্যয়ন করেন।"

এই মহিষাদল স্কুল থেকেই তিনি ১৯১৬ সালে প্রথম বিভাগে ম্যাট্রিকুলেশন পাশ করেন।

এই স্কুলে পাঠ্যাবস্থাতেই তিনি এক মহাযোগী মহাপুরুষের সংস্পর্শে আসেন। তিনি স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতী—বৈদান্তিক পণ্ডিত, শঙ্করাচার্য্যপন্থী দণ্ডী সন্ন্যাসী। কিন্তু 'এহ বাহ্য'—এ তাঁর বাইরের রূপ। মূলতঃ তিনি এক চরমপন্থী বিপ্লবী নায়ক। সংসারাশ্রমে তাঁর নাম ছিল সতীশচন্দ্র মুখোপাধ্যায়। বাড়ী বরিশালে। তাঁর রাজনৈতিক কার্য্যকলাপের জন্য বৃটিশ সরকার তাঁকে মহিষাদলে অন্তরীন করেন। কিন্তু সর্বত্যাগী সন্ন্যাসীর অন্তরের আগুনকে এত সহজে নেবানো যায় না। আগুনের ধর্ম আগুন পালন করবেই—তা সে যেখানে যে অবস্থাতেই থাকুক না কেন। আর সেই আগুনের সংস্পর্শে যা কিছু আসবে—তাতেও আগুন ধরবে। আবর্জনায় আগুন ধরলে তা পুড়ে ছাই হয়ে যাবে—আর যদি একখণ্ড স্বর্ণপিণ্ড আগুনের স্পর্শ পায়—তবে তার মালিন্য দূর হয়ে খাঁটি সোনাটুকু বেরিয়ে আসবে।

মহিষাদলে থাকাকালীন স্বামিজী এই রকমই এক স্বর্ণপিণ্ড হাতে পেলেন। খাঁটি জহুরী তিনি। ছাইচাপা থাকলেও সোনা চিনতে তাঁর ভুল হ'ল না। ১৯১৬ থেকে ১৯১৯—এই চার বছর স্বামিজী মহিষাদলে অন্তরীণ ছিলেন। প্রতিদিন তাঁকে একবার করে থানায় হাজিরা দিতে হত। এ ছাড়া বাকি সময়টা তিনি নিজের কুটিরেই সাধন ভজন এবং লেখাপড়া নিয়ে কাটাতেন। স্বামিজীর আকর্ষণে বহু ছাত্র এবং যুবক তাঁর আশ্রমে নিয়মিত যাতায়াত করতেন। সতীশচন্দ্র তাঁদের মধ্যে অগ্রগণ্য। প্রতিদিনই তিনি কিছুটা সময়

স্বামিজীর সঙ্গে কাটাতেন। এই স্বামিজীর কাছেই তাঁর রাজনীতির দীক্ষা ও শিক্ষা।

আর একজন মানুষও সতীশচন্দ্রের জীবনকে গভীরভাবে প্রভাবিত করেন। তিনি মহিষাদল রাজ হাই স্কুলের তদানীন্তন হেড মাষ্টার এবং পরবর্তীকালে উলুবেড়িয়া কলেজের প্রতিষ্ঠাতা-অধ্যক্ষ ৺হরিপদ ঘোষাল। হরিপদবাবুও স্বামিজীর একজন গুণমুগ্ধ ভক্ত ছিলেন এবং প্রায়ই তাঁর কুটীরে যাতায়াত করতেন।

এই দুই জন অতি মহৎ মানুষের প্রেরণায় ও সাহচর্য্যে ছাত্রাবস্থাতেই সতীশচন্দ্রের ভবিষ্যৎ জীবনের গতিপ্রকৃতি নির্ধারিত হয়ে যায়। বাল্যের সেই মেধাবী, শান্তশিষ্ট, গোবেচারী ছেলেটি ক্রমে ক্রমে এক অসাধারণ দৃঢ়চেতা, সত্যনিষ্ঠ, ত্যাগব্রতী, দেশমাতৃকার মুক্তিযজ্ঞে নিবেদিতপ্রাণ নীরব বিপ্লবীতে পরিণত হলেন। কিন্তু বাল্যের যে স্নেহ প্রেম-প্রীতি তাঁর বুকে বাসা বেঁধেছিল অন্তঃসলিলা ফল্গুর মতই অবারিত স্নেহের সেই অমৃতধারা তাঁর বিশাল হৃদয়ের কোণে চিরদিন অক্ষয় হয়ে থাকল। অন্তঃসলিলা ফল্গুর এই বহু-ব্যবহৃত উপমাটা বোধহয় সতীশচন্দ্রের চরিত্র-চিত্রণে সবচেয়ে বেশী অর্থবহ। বাইরের মানুষটি অত্যন্ত রাশভারি, গম্ভীর প্রকৃতির। অনাবশ্যক একটি কথাও তাঁর মুখ দিয়ে বেরোয় না, আর একবার যে কথা বলেন—তার আর নড়চড় হয় না। সেদিক দিয়ে তিনি একেবারেই অনমনীয়—লৌহ-কঠিন এক মানসিক স্থিরতার অধিকারী। আবার সেই মানুষটি যখন হাল্কা কাজে লিপ্ত থাকেন তখন মুখের হাসিটি কখনও মিলায় না। তাঁর অবারিত স্নেহের কিঞ্চিততম আস্বাদও যিনি লাভ করেছেন—তিনিই জানেন কি অমৃতময়, কি সর্বব্যাপী সেই স্নেহ—যার সঙ্গে একমাত্র বোধহয় মাতৃস্নেহেরই তুলনা করা চলে।

স্বামিজী মহিষাদলে আসার বছর খানেকের মধ্যেই সতীশচন্দ্র প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হ'য়ে কলিকাতায় বঙ্গবাসী কলেজে আই. এস.সি. ক্লাশে ভর্তি হন। কিন্তু স্বামিজীর সঙ্গে তাঁর যোগাযোগ অক্ষুণ্ণ থাকে। বরং সতীশচন্দ্র কলিকাতায় আসায় তাঁর মাধ্যমেই তিনি তাঁর অনুগামী অরুণ গুহ, মনোরঞ্জন গুপ্ত, কিরণ মুখার্জী প্রভৃতির

সঙ্গে যোগাযোগের ব্যবস্থা করেন। মহিষাদলে থাকাকালীন স্বামিজী "রাজনীতি" নামে একখানি বই লেখেন এবং তার পাণ্ডুলিপি সতীশ চন্দ্রের মারফত সরস্বতী প্রেসে তাঁর অনুগামীদের কাছে পাঠিয়ে দেন ছাপানোর জন্য। বইটি ছাপিয়ে বেরোবার অল্প কিছুদিন পরেই বৃটিশ সরকার বইটি বাজেয়াপ্ত করেন।

তিনি যখন বঙ্গাবাসী কলেজের ছাত্র সেই সময় উত্তরবঙ্গে প্রবল বন্যা হয়। মেদিনীপুর জেলার কেলেঘাই নদীর বাঁধ ভেঙ্গেও প্রবল বন্যা গ্রামের পর গ্রাম ভাসিয়ে নিয়ে যায়। বন্যা দুর্গতদের সাহায্য করার জন্য আচার্য্য প্রফুল্লচন্দ্র রায় 'সঙ্কটত্রাণ সমিতি' নামে একটি সমিতি প্রতিষ্ঠা করেন। সেই সময় তমলুক অঞ্চলের যে সব ছাত্র কলিকাতায় থেকে পড়াশোনা করছিলেন—তাঁদের সংগঠিত করে সতীশচন্দ্র একটি দল গঠন করেন, এবং রাস্তায় রাস্তায় গান গেয়ে সাহায্য সংগ্রহ করতে আরম্ভ করেন। সঙ্গে থাকত একটি হারমোনিয়াম ও একটি গ্যাস লাইট। তাঁর ঐ সময়ের সহযোগী ছাত্র ডাঃ যতীন্দ্রনাথ ভুঁইঞা উল্লেখ করেছেন যে "গ্যাস লাইটটি হাতে নিয়ে সতীশদা সকলের আগে আগে রাস্তায় চলতেন—আমরা পিছনে গান গাইতাম আর সাহায্য সংগ্রহ করতাম। প্রতিদিনই গ্যাস লাইটটি তিনি নিজে বহন করে নিয়ে যেতেন। শ্রী শ্রীপতিচরণ বয়াল একটি সময়োপযোগী গানও রচনা করে দেন।" এইভাবে মাসখানেকের চেষ্টায় নগদ প্রায় এক হাজার টাকা (বর্তমান বাজার দাম ৪০/৫০ গুণ বেশী) এবং তিন হাজারের ও বেশী জামাকাপড় সংগ্রহ করে আচার্য্য রায়ের হাতে অর্পণ করেন।

আগেই বলেছি যে স্বামী প্রজ্ঞানানন্দের কাছেই তিনি রাজনীতিতে দীক্ষা গ্রহণ করেছিলেন। প্রতিজ্ঞা করেছিলেন যে সমস্ত জীবন মনপ্রাণ দিয়ে তিনি দেশের স্বাধীনতা পুনরুদ্ধারের কাজে ব্রতী হবেন এবং সারা জীবন অবিবাহিত থাকবেন। কারণ মুক্তিযোদ্ধার পিছুটান রাখতে নাই—যাতে নির্দ্বিধায় তাঁরা অনিশ্চিতের পথে দৃঢ় পদে এগিয়ে যেতে পারেন। তাঁর নিজের ভাষায় বলি— "স্বামিজী একদিন আমাকে বললেন—'সতু, ও সতু',— তিনি আমাকে সতু বলে ডাকতেন—'জানিস

কত লোককে বললাম যে তোরা সংসারে পিছুটান রাখিসনে। তারা কথা দিয়ে গেল। কিন্তু ছ্যাখ না, সব শালা বিয়ে করে ফেলেছে। —তুই আর ও পথে যাস না।" [১]

স্বামিজীর সেই আদেশ তিনি সারা জীবন অক্ষরে অক্ষরে পালন করেছেন। সারা জীবন তিনি অবিবাহিত থেকেছেন—শুধু এটুকু বললে যেন সব বলা হল না। তাঁর অশেষ স্নেহভাজন এবং দীর্ঘ দিনের সহকর্মী শ্রীসুশীল কুমার ধাড়া লিখেছেন—

"সতীশদা অকৃতদার। একথা সর্বজন-বিদিত। কিন্তু কোন নারীর সঙ্গে তাঁর কোনরূপ প্রেমের উপাখ্যান কোনদিন শুনি নি। কোন নারীকে মন দিয়েছেন—বা কোন নারীর মন হরণ করেছেন এমন কথাও তাঁর সঙ্গে আমার পরিচয়ের এই প্রায় অর্ধ শতাব্দীর মধ্যে কখনও জানতে পারিনি, যা বিবাহিত বা অবিবাহিত অনেক নেতার সম্পর্কে সত্য হোক বা না হোক শোনা গেছে। অথচ এঁর সম্পর্কে এই জাতীয় মিথ্যা রটনাও কেউ কখনো শোনেনি বলে দৃঢ়তার সঙ্গে বলতে পারি। তাহ'লে নারী সমাজের কোন সংস্পর্শে কি তিনি কখনও আসা পছন্দ করতেন না ?—তাও সত্য নয়." [২]

প্রত্যেক পিতামাতার একটা মনোগত বাসনা থাকে পুত্রকে সংসারে সুপ্রতিষ্ঠিত দেখে যাওয়ার। সতীশদার বাবা মাও তাই চাইতেন। বিশেষ করে এইটিই তাঁদের একমাত্র সন্তান এবং সেই সন্তান সব দিক দিয়েই বাঞ্ছিত সন্তান—বিদ্যায়, বুদ্ধিতে, স্বভাব-চরিত্রে, কর্তব্য পরায়ণতায় এমন ছেলের তুলনা মেলা ভার। মেয়ের বাবারাও এরকম একটা ছেলের হাতে মেয়ে দেওয়ার জন্য উদগ্রীব— নিয়মিত আনাগোণা সুরু করেছেন। কিন্তু এদিকে ছেলেকে তাঁরা কিছুতেই রাজী করাতে পারছেন না। ছেলেটি তাঁদের কোন দিনই অবাধ্য নয় কিন্তু এই একটি প্রশ্নে এমন ধনুর্ভঙ্গ পণ করে বসে আছে যে কোন কথাই শুনতে চায় না। এ সম্বন্ধে একটি সুন্দর কাহিনীর বর্ণনা দিয়েছেন তাঁর স্নেহধন্য শ্রীরাধাকৃষ্ণ বাড়ী তাঁর লেখার মধ্যে--

---

১। টেপ রেকর্ড—তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি।

২। 'সতীশদা'—শ্রীসুশীল কুমার ধাড়া— এই বই-এর অন্যত্র দ্রষ্টব্য।

"সব বাবা মা চান—তাঁদের ছেলেটি বিয়ে সাদি করে, সংসারী হ'য়ে সুখে থাকুক। সতীশদার বাবা মাও তাই চাইতেন। কিন্তু সতীশদা কিছুতেই রাজী ছিলেন না। এই নিয়ে একবার পিতাপুত্রে বিরোধ চরমে উঠল। সতীশদা তখন শিবপুরে ইঞ্জিনিয়ারিং ক্লাসে ভর্তি হ'য়েছেন। কলেজ খুলেছে। তিনি বাড়ী থেকে কলিকাতা আসার জন্য জামাকাপড় পরে তৈরী হ'য়েছেন। এমন সময় তাঁর ঠাকুরমা এসে বললেন—"তোর বাবা বলছে বিয়ে করতে রাজী না হ'লে তোর পড়ার খরচ দিতে পারবে না—আর তোর কলিকাতা যাওয়াও চলবে না।" সতীশদা বললেন—"ঠিক আছে, বিয়েও করব না, কলিকাতাও যাব না।" এই বলে জামা কাপড় ছেড়ে নিজের ঘরে গিয়ে বসে রইলেন। খাওয়া দাওয়া বন্ধ। বৃদ্ধা পড়লেন মহা ফাঁপরে। পিতা, পুত্র—কেউই কোন কথা শুনতে চাইছে না। মা, কাকিমা এদিকে কাঁদতে বসলেন। এইভাবে সারাদিনটা কাটল। শেষ পর্য্যন্ত পিতাকেই কিছুটা নেমে আসতে হ'ল। পরের দিন সকালে ঠাকুরমা এসে খবর ছিলেন—যে তাঁর বাবা বলেছেন এখন টাকা পয়সা নিয়ে কলিকাতা চলে যেতে—বিয়ের কথা পরে চিন্তা করা যাবে।

"তখনকার দিনে মহিষাদল থেকে বাঁকা বা গেঁওখালি থেকে ষ্টীমার ধরে কলিকাতা আসাই ছিল সোজা পথ। সতীশদাও সকালে তাড়াতাড়ি খেয়ে দেয়ে বাড়ী থেকে বেরিয়ে পড়লেন— বাঁকাতে গিয়ে ষ্টীমার ধরবেন। পথে যেতে যেতে হঠাৎ তাঁর খেয়াল হ'ল— তাইতো, বাবার কথা শুনে যে তিনি চলে এলেন—তার মানে ভবিষ্যতে কোনও দিন তিনি বিয়ের কথা বিবেচনা করলেও করতে পারেন—এমন একটা আশ্বাস তাঁকে দিয়ে এলেন। এটাতো ঠিক হ'ল না। অতএব আবার বাড়ীর পথ ধরলেন।

"ঠাকুরমা এদিকে নিশ্চিন্ত ছিলেন—তাঁর এই একগুঁয়ে নাতিটিকে তিনি বুঝিয়ে শুনিয়ে কলিকাতা পাঠাতে পেরেছেন। হঠাৎ নাতিকে ফিরে আসতে দেখে বেশ একটু শঙ্কিত হ'লেন। সতীশদা সরাসরি তাঁর ঠাকুরমার কাছে গিয়ে টাকাকড়ি তাঁর সামনে ফেলে দিয়ে বললেন— যে তিনি তাঁদের টাকাও চান না, ভবিষ্যতেও তিনি

কোনদিন বিয়ে করতে পারবেন না। আর এ সম্বন্ধে কোন সর্তও তিনি মানতে পারবেন না। বৃদ্ধা তো আকাশ থেকে পড়লেন। নাতিটিকে তিনি ভালভাবেই চেনেন। একবার যখন গোঁ ধরেছে তখন কিছুতেই তাকে নামানো যাবে না। কি আর করেন—তাঁর বাবাকে ডাকতে পাঠালেন। বাবা এলেন—সব শুনলেন। খুব যে একটা রাগারাগি করলেন তা নয়। কিন্তু খুব একটা দুঃখ পেলেন। ছেলেটি তাঁর সব দিক দিয়েই অতি ভালো ছেলে। কি পড়াশোনায়, কি কি স্বভাব চরিত্রে এমন ছেলে আর হয় না। কিন্তু কি যে গোঁ—একবার যা ধরবে—তার থেকে আর ছাড়ান নেই।

রাত্রিটা প্রায় জেগেই কাটল। ভোরে এসে ছেলেকে বললেন—"যাও বাবা, কলেজে যাও—নিজের থেকে আর কোনদিন তোমার কাছে বিয়ের কথা বলব না।" আর কখনও তিনি বলেনও নি। অনেক প্রস্তাব এসেছে। হয় তিনি এড়িয়ে গেছেন—না হয় বন্ধুবান্ধবদের কাছে পাঠিয়ে দিয়েছেন; কিন্তু নিজে কখনও মুখ ফুটে আর ছেলের কাছে কিছু বলেন নি। এ কাহিনী তাঁর নিজের মুখেই শুনেছি।" ৩

নিরুপায় পিতা শেষ পর্য্যন্ত স্বামীজির দ্বারস্থ হ'য়েছিলেন—যাতে তিনি সতীশচন্দ্রকে বিবাহে রাজী করাতে পারেন। স্বামীজি তাঁকে বলেছিলেন—"আপনার ছেলে বিয়ে করছে না বলে দুঃখ করবেন না। ভবিষ্যতে একদিন অনেক বড় মানুষ হবে সে। এখন বিয়ে করলে সে সুযোগ হবে না।"—সত্যদ্রষ্টা সন্ন্যাসীর সে ভবিষ্যদ্বানী বিফলে যায় নি।

জীবনে আরও বহুবার সতীশচন্দ্রকে এই সমস্যার সম্মুখীন হ'তে হ'য়েছে। কখনও প্রত্যক্ষ, কখনো বা পরোক্ষভাবে এই প্রস্তাব তাঁর সামনে এসেছে। নানাভাবে চাপ সৃষ্টির চেষ্টাও কম হয় নি। কিন্তু গুরুর সামনে একবার যে সিদ্ধান্ত তিনি গ্রহণ করেছিলেন—সেই প্রতিজ্ঞা থেকে কখনও বিন্দুমাত্র বিচলিত হন নি। অবিচলিত

(৩) 'মাতৃমূর্ত্তি'—রাধাকৃষ্ণ বাড়ী—এই বই এর অন্যত্র দ্রষ্টব্য।

দৃঢ়তার সঙ্গে সব প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন, কোনরকম চাপের কাছে নতিস্বীকার করেন নি।

যথাসময়ে তিনি আই. এস. সি. পরীক্ষা দিয়ে প্রথম বিভাগে পাশ করেন এবং শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হন। কিন্তু ইঞ্জিনিয়ার হওয়া তাঁর আর হ'য়ে উঠল না। তার আগেই ১৯২০ সালে মহাত্মা গান্ধী অসহযোগ আন্দোলন সুরু করলেন। উদাত্ত কণ্ঠে আহ্বান জানালেন—স্কুল কলেজ, অফিস আদালত ছেড়ে এসে অহিংস অসহযোগ আন্দোলনে যোগ দিতে। সতীশচন্দ্র এই আহ্বানে সাড়া দিলেন—ইঞ্জিনিয়ার হওয়ার বাসনায় জলাঞ্জলি দিয়ে আন্দোলনে ঝাঁপিয়ে পড়লেন। তারপর থেকে জীবনের গতি অন্য খাতে বইতে সুরু করল। দেশসেবার মহত্তর এবং বৃহত্তর কর্তব্যে সমস্ত মনপ্রাণ নিয়োজিত করলেন। আজীবন সেই পথ ধরেই এগিয়ে চলেছেন। কলেজের বাঁধা গণ্ডীর মধ্যে ফিরে আসা আর হ'য়ে ওঠেনি।

স্বদেশ-মন্ত্রে দীক্ষা—১৯২০-৩০

১৯১৮ সালে প্রথম বিশ্বযুদ্ধ শেষ হ'ল। ভারতীয় সৈন্যদের অসীম বীরত্বের প্রতিদান স্বরূপ ১৯১৮ সালে মন্টেগু চেমসফোর্ড শাসনসংস্কার প্রস্তাব রচিত এবং ঘোষিত হ'ল।

জাতীয় কংগ্রেস এতদিন পর্য্যন্ত যে নিয়মতান্ত্রিক আন্দোলনের পথ ধরে চলছিলেন—কয়েকটি ঘটনায় তাঁদের সে সিদ্ধান্ত বদলাতে হ'ল।

১৯১৯ সালে রাউলাট আইন পাশ করে কয়েকটি দমননীতিমূলক আইনকে স্থায়ীরূপ দেওয়া হ'ল। গান্ধীজি এর বিরুদ্ধে অহিংস প্রতিরোধ আন্দোলন গড়ে তুললেন। ইংরেজ সরকার কঠোর হাতে সে আন্দোলন দমন করলেন। সবচেয়ে নারকীয় ঘটনা ঘটল—অমৃতসরের জালিয়ানওয়ালাবাগে। সেখানে এক বদ্ধ জায়গায় জেনারেল ডায়ারের নেতৃত্বে একদল সৈন্য নিরস্ত্র নরনারী শিশুর উপর ১৬০০ রাউণ্ড গুলী চালাল। হতাহত যে কত হল—তার কোন হিসাব নাই। সরকারী হিসাবেই ৩৭৯ জন হত এবং ১২০০ জনকে আহত অবস্থায় কোন চিকিৎসা ছাড়াই ফেলে রাখা হ'য়েছিল। সারা পাঞ্জাব জুড়ে এক সন্ত্রাসের রাজত্ব সুরু হ'ল।

জালিয়ানওয়ালাবাগের ঘটনা সারাভারতে একটা প্রচণ্ড বিক্ষোভের সৃষ্টি করল। আর একটা বিশেষ ঘটনা হ'ল—খিলাফৎ আন্দোলন। প্রথম বিশ্বযুদ্ধে তুর্কী সাম্রাজ্যের পতনের মূলে বৃটেনের সক্রিয় ভূমিকা ছিল। এই জন্য মুসলমানদের মধ্যে অসন্তোষ চাড়া দিয়ে উঠল। আলীভ্রাতৃদ্বয়—মহম্মদ আলী ও সৌকত আলী এবং মৌলানা আবুল কালাম আজাদের নেতৃত্বে এই আন্দোলন একটা বড় আন্দোলনের রূপ পরিগ্রহ করল।

গান্ধীজি এই দুই বিক্ষুব্ধ ধারাকে একত্রিত করে একটা গণ আন্দোলনের রূপ দিতে চাইলেন। ১৯২০ সালের সেপ্টেম্বরে কলিকাতা কংগ্রেসে এবং ঐ বৎসরই ডিসেম্বর মাসে নাগপুর কংগ্রেসে

অহিংস অসহযোগ আন্দোলন সুরু করার প্রস্তাব পাশ করা হল; বিধান সভা, অফিস আদালত, স্কুল কলেজ বর্জন করে সকলকে এই আন্দোলনে যোগ দেওয়ার জন্য আহ্বান জানানো হ'ল। বিলাতী জিনিষ বর্জনও এই আন্দোলনের অন্যতম অঙ্গরূপে স্থিরীকৃত হল।

গান্ধীজীর এই আহ্বানে অভূতপূর্ব সাড়া পাওয়া গেল। দেশবন্ধু চিত্তরঞ্জন, মতিলাল নেহরুর মত উকীল ব্যারিষ্টাররা আদালত প্রাঙ্গন ছেড়ে আইন অমান্য আন্দোলনে যোগ দিলেন। বহু ছাত্র ছাত্রী স্কুল কলেজ ছাড়লেন, কারাবরণ করলেন। সারা ভারতব্যাপী একটা গণ-আন্দোলন সুরু হ'ল—যা এর পূর্বে আর কখনও দেখা যায়নি।

রাজনীতিতে সতীশ চন্দ্রের দীক্ষা হ'য়েছিল এর অনেক আগেই। এতবড় একটা গণ আন্দোলনে চুপ করে বসে থাকা তাঁর পক্ষে সম্ভব ছিলনা। ইঞ্জিনিয়ারিং ক্লাশ ছেড়ে দিয়ে তিনি সমস্ত মনপ্রাণ দিয়ে ঝাঁপিয়ে পড়লেন এই আন্দোলনে।

এই প্রসঙ্গে একটা প্রশ্ন মনে আসা খুবই স্বাভাবিক। রাজনীতিতে তাঁর হাতে খড়ি যাঁর হাতে সেই স্বামী প্রজ্ঞানানন্দ ছিলেন চরম-পন্থী বিপ্লবী নেতা। জাতীয় কংগ্রেসের প্রথম যুগের নিয়মতান্ত্রিক আন্দোলন এবং পরবর্তী যুগের অহিংস অসহযোগ আন্দোলনকে তাঁরা কিছুটা অবজ্ঞার চোখেই দেখতেন। "ভিক্ষায়াং নৈব নৈব চ"— "নায়মাত্মা বলহীনেন লভ্য"—ভিক্ষে করে স্বাধীনতা পাওয়া যায় না— শক্তি প্রয়োগ করেই স্বাধীনতা আদায় করে নিতে হবে—এই ছিল তাঁদের বিশ্বাস।

স্বামী প্রজ্ঞানানন্দেরও প্রথমে অহিংস অসহযোগ আন্দোলনের উপর আস্থা ছিল না। তবুও তাঁরই মন্ত্রশিষ্য সতীশচন্দ্র যে সর্বশক্তি দিয়ে এই আন্দোলনে ঝাঁপিয়ে পড়লেন—এর দ্বারা এটাই প্রমাণ হয় যে সেই বয়সেই নিজস্ব চিন্তা ও বিচারবুদ্ধি অনুসারে নিজের মত ও পথ ঠিক করে নেওয়ার মত মানসিক শক্তি তিনি অর্জন করেছিলেন। তাঁর আত্মপ্রত্যয় কত দৃঢ়—পরবর্তীকালের সতীশচন্দ্রকে যাঁরা দেখেছেন—তাঁরা অসংখ্য বার তার প্রমান পেয়েছেন।

আন্দোলন সুরু হওয়ার অল্প কিছুদিন পরেই অবশ্য স্বামিজীও

তাঁর মত পরিবর্তন করেছিলেন। ১৯২০ সালে ভগ্নস্বাস্থ্য নিয়ে অন্তরীন থেকে ছাড়া পেলেন তিনি। স্বাস্থ্য পুনরুদ্ধারের আশায় বিলাসপুরে তাঁর এক ভক্ত শিষ্যের ওখানে যাওয়া স্থির করলেন। যাওয়ার আগে তিনি বললেন—"মনে হ'চ্ছে এই আন্দোলন সম্বন্ধে আমাদের মত পরিবর্তন করতে হবে।"

চরম পন্থীদের যে হিংসাশ্রয়ী আন্দোলন—তা কেবলমাত্র মুষ্টিমেয় অসীম সাহসী, সমর্পিত-প্রাণ বীর যোদ্ধার মধ্যেই সীমাবদ্ধ ছিল। জনসাধারণের সঙ্গে তার খুব একটা সংযোগ ছিল না। অহিংস অসহযোগ পন্থার যে একটা আলাদা শক্তি আছে—এই অস্ত্র প্রয়োগ করেও যে মোক্ষম আঘাত হানা যেতে পারে সে সম্বন্ধে তাঁদের পরিষ্কার কোন ধারণা ছিল না। ১৯২০ সালে গান্ধিজীর আহ্বানে যে বিরাট গণ অভ্যুত্থান ঘটল এবং যেভাবে এই আন্দোলন শক্তিমান ইংরাজ সরকারের উপর আঘাত হানতে সক্ষম হ'ল—বিশেষ করে আপামর জনসাধারণ যেভাবে এই আন্দোলনে স্বেচ্ছায় ঝাঁপিয়ে পড়ল—তা দেখে অগ্নিযুগের নেতা ও কর্মীদের মধ্যে অনেকেই তাঁদের মত পরিবর্তন করলেন। কারণ যে ভাবেই হোক্ মাতৃভূমির বন্ধন-মুক্তিই তাঁদের একমাত্র ধ্যানজ্ঞান ছিল।

স্বামীজিও তাঁর মত পরিবর্তন করলেন। বিলাসপুর থেকে অরুণ গুহকে তিনি লিখলেন—"I have decided to join the movement on my return to Calcutta"—'কলিকাতা ফিরে গিয়েই এই আন্দোলনে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি'। কিন্তু সে সুযোগ তাঁর হয়ে উঠল না। শরীর আগেই খারাপ ছিল। বিলাসপুরে থাকাকালীন নিউমোনিয়া রোগে আক্রান্ত হলেন। সেই অবস্থায় তাঁকে কলিকাতা আনা হল। কিন্তু শেষ রক্ষা হল না। ১৯২১ সালের ফেব্রুয়ারী মাসে মাত্র ৩৬ বৎসর বয়সে এই বিপ্লবী সন্ন্যাসী সাধনোচিত ধামে প্রয়াণ করলেন।

* * *

কলেজ ছেড়ে সতীশচন্দ্র বেরিয়ে এলেন। নেতাদের নির্দেশমত তিনি বিলাতী জিনিষ বর্জনের জন্য বিভিন্ন জায়গায় পিকেটিং করেন।

ইতিমধ্যে একদিন পুলিশ তাঁকে গ্রেপ্তার করে নিয়ে গেল। ৬ মাস জেল হ'ল। কিন্তু রাখবে কোথায়? সব জেলখানাই তো ভর্তি—তিল ধারণের স্থান নেই। খিদিরপুরের এক এলাকায় একটা গুদাম ঘরের চারিপাশে কাঁটাতারের বেড়া দিয়ে স্পেশ্যাল জেল তৈরী হ'য়েছে। সেইখানেই নিয়ে গিয়ে আটকে রাখল তাঁকে এবং আরও অনেককে। কিন্তু ইতিমধ্যে ঝাঁকে ঝাঁকে আরও বহু লোক আসতে লাগল। তাই ১৫/১৬ দিন পরে একটা গাড়ি করে তাঁদের নিয়ে এসে কলিকাতা ময়দানে ছেড়ে দিয়ে গেল। এই ভাবে ধরা আর ছাড়া কিছুদিন চলল।

ইতিমধ্যে ১৯২১ সালে ডিসেম্বর মাসে আমেদাবাদে কংগ্রেসের অধিবেশন বসল। সেখানে এই অহিংস অসহযোগ আন্দোলনকে শুধু চালিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্তই গ্রহণ করা হল না আইন অমান্য আন্দোলন আরম্ভ করার ব্যবস্থা নেওয়া হল এবং গান্ধিজীকে এই আন্দোলন পরিচালনার সর্বময় কর্তৃত্ব দেওয়া হ'ল। চারিদিকে একটা প্রবল আগ্রহ ও উত্তেজনা দেখা দিল—সকলেই একটা বড় রকম জাতায় আন্দোলনের জন্য প্রস্তুত হতে লাগলেন। কিন্তু এই সময়েই ঘটল একটা অঘটন। উত্তর প্রদেশে গোরক্ষপুরের কাছে চৌরীচৌরা গ্রামে উত্তেজিত জনতার হাতে একটি পুলিশ থানা ভস্মীভূত হ'ল এবং বাইশ জন পুলিশ নিহত হ'ল। এই হিংসাত্মক ঘটনার ফলে গান্ধিজী আন্দোলন প্রত্যাহার করে নেওয়ার সিদ্ধান্ত নিলেন এবং কংগ্রেস ওয়ার্কিং কমিটিও সেই সিদ্ধান্ত মেনে নিল—(ফেব্রুয়ারী, ১৯২২)।

আন্দোলন প্রত্যাহারের ফলে সকলের মনেই একটা ক্ষোভ ও হতাশা জাগল। কেউ কেউ আবার স্কুল কলেজে বা নিজ নিজ বৃত্তিতে ফিরে গেলেন। কিন্তু সতীশচন্দ্র আর ফিরলেন না। চলে এলেন নিজের দেশে—সর্বতোভাবে দেশের কাজে নিজেকে নিয়োজিত করলেন। সবে কলেজ ছেড়ে এসেছেন—সবচেয়ে বড় যে প্রশ্নটা সামনে এসে দাঁড়িয়েছিল—তা হ'চ্ছে—দেশের ছেলেমেয়েদের ভবিষ্যৎ শিক্ষার প্রশ্ন। এ কথা অস্বীকার করবার উপায় নাই যে বিদেশী

সরকারের ব্যবস্থাপনায় বা সাহায্যে যে সব স্কুল কলেজ চলছে—তার একমাত্র উদ্দেশ্য ছোট বড় কেরানী তৈরী করা। কিন্তু ছেলে মেয়েদের শিক্ষা তো তা বলে বন্ধ থাকতে পারে না। তাছাড়া যে সব ছেলে আন্দোলনের সময় স্কুল ছেড়ে বেরিয়ে এসেছিল তাদেরই বা কি হবে ?

দেশবন্ধুর চেষ্টায় তখন জাতীয় শিক্ষা পরিষদ গঠিত হ'য়েছে। সতীশচন্দ্র ও কয়েকজন বন্ধু মিলে তখন মহিষাদল থেকে মাইল দুই দূরে কাঁকুড়দা গ্রামে গড়ে তুললেন—"গুণধর জাতীয় বিদ্যালয়"। নিজেরাই একাধারে শিক্ষক, সংগঠক ও সেবক। জনসাধারণের স্বেচ্ছাদত্ত দানে স্কুলের খরচ চলে—ভিক্ষালব্ধ অন্নে কায়ক্লেশে চলে বোর্ডিং। শিক্ষকরা কেউ মাইনে নেননা। কিন্তু তাঁদেরও খাওয়া দাওয়া এবং টুকিটাকি নিজস্ব খরচ-খরচার ব্যবস্থা করতেই হয়।

বেশ কিছুদিন ভালভাবেই চলল—এই জাতীয় বিদ্যালয়। কিন্তু ক্রমশঃ আর্থিক সঙ্কট জগদ্দল পাথরের মত চেপে বসল। তারপর পুলিশের শ্যেন দৃষ্টি তো ছিলই। ক্রমে সাহায্যের উৎসগুলিও শুকিয়ে আসতে লাগল। চেয়ে চিন্তে যা জুটত—তাতে বোর্ডিং চালানো অসম্ভব হয়ে পড়ল। ছাত্র সংখ্যাও কমতে লাগল। ক্রমে ক্রমে বন্ধ হ'য়ে গেল স্কুল — সমাপ্তি ঘটল একটি সম্ভাবনাপূর্ণ মহৎ প্রচেষ্টার।

এই সময় ১৯২৪ সালে তমলুক হ্যামিল্টন হাই স্কুলের স্বনামধন্য প্রধান শিক্ষক শ্রীশ্রুতিনাথ চক্রবর্তী মহাশয়ের চেষ্টায় ঐ স্কুলে একটি স্বদেশী মেলার আয়োজন করা হয়। আচার্য্য প্রফুল্লচন্দ্র রায় ঐ মেলার উদ্বোধন করেন এবং স্বরচিত গান গেয়ে শোনান– কাজী নজরুল ইসলাম। এই মেলা উপলক্ষে তখনকার যুগের কংগ্রেস কর্মীরা একত্রিত হ'লেন। এখানে তাঁরা পরস্পরের সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পেলেন। পরবর্তীকালে এই পরিচয়কে কেন্দ্র করেই গড়ে উঠেছিল—দুই মহান কর্মবীরের মিলন সেতু—যা তমলুক মহকুমা তথা মেদিনীপুর জেলার স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে অমর হ'য়ে থাকবে। সে মিলন অজয় মুখার্জী ও সতীশ সামন্তের মিলন এবং

বন্ধুত্ব—যা আজও উভয়ের মধ্যে অক্ষয় হয়ে আছে।

তমলুক সহরের এক অভিজাত ব্রাহ্মণ পরিবারে অজয়কুমারের জন্ম। পিতা রায় সাহেব শরৎচন্দ্র মুখোপাধ্যায় হুগলী উত্তরপাড়ার বিখ্যাত মুখুজ্জে জমিদার পরিবারের সন্তান। ওকালতি উপলক্ষ্যে তমলুকে এসে এখানেই বসবাস করেন এবং কালক্রমে স্বীয় পেশায় প্রভূত সুনাম অর্জন করেন। এছাড়া তমলুকের প্রায় প্রতিটি জনহিতকর কাজ বা প্রতিষ্ঠানের সঙ্গে তিনি যুক্ত ছিলেন।

তাঁর পুত্রেরা সকলেই কৃতী। ছয় ভাইএর মধ্যে অজয়কুমার চতুর্থ। জন্ম ১৯০০ সালে। সতীশচন্দ্র ও তিনি একই বৎসরে জন্মগ্রহণ করেন। উভয়ের মধ্যে বয়সের ব্যবধান ৬ মাস মাত্র। অজয়কুমার তমলুক হ্যামিল্টন হাই স্কুল থেকে কৃতিত্বের সঙ্গে ম্যাট্রিকুলেশন পাশ করার পর উত্তরপাড়া কলেজ থেকে আই. এস. সি, পাশ কবেন এবং প্রেসিডেন্সি কলেজে B. Sc. পড়তে আরম্ভ করেন। এইখানে তিনি তাঁর শিক্ষক হিসাবে পেয়েছিলেন ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষকে—যিনি পরবর্তীকালে টাকসালের প্রথম ভারতীয় এ্যাসেমাষ্টার নিযুক্ত হন এবং ১৯২০ সালে গান্ধীজীর আহ্বানে সেই লোভনীয় পদে ইস্তফা দিয়ে অসহযোগ আন্দোলনে যোগ দেন। ডঃ ঘোষ দীর্ঘদিন কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য ও স্বাধীনোত্তরকালে পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন। ১৯২০ সালে গান্ধিজীর আহ্বানে অজয়কুমারও কলেজ ছেড়ে এসে আন্দোলনে ঝাঁপিয়ে পড়েন। আন্দোলন প্রত্যাহারের পরেও তিনি আর কলেজে ফিরে যাননি—কংগ্রেস সংগঠনে এবং গঠনমূলক কাজে মনপ্রাণ দিয়ে আত্মনিয়োগ করেন।

১৯২০ সালে গঠিত হল 'দেশবন্ধু পল্লী সংস্কার সমিতি'। তমলুক মহকুমায় এই সমিতির পক্ষে কাজ করার জন্য তমলুক থেকে ৩ মাইল দক্ষিণ-পশ্চিমে নিমতৌড়ী এবং তার আশেপাশের কয়েকটি গ্রাম বেছে নেওয়া হ'ল, এবং এই গ্রামোন্নয়নের কাজে যাঁরা এসে যোগ দিলেন তাঁদের মধ্যে অজয়কুমার মুখোপাধ্যায় ও সতীশচন্দ্র সামন্তের নাম সর্বাগ্রগণ্য। এইখানে কাজ করতে এসে সতীশচন্দ্র ও অজয়কুমার এই দুই কর্মযোগীর মধ্যে ধীরে ধীরে এমন একটা বন্ধুত্বের

সম্পর্ক গড়ে উঠল যা শুধু তাঁদের ব্যক্তিগত জীবনকে নয় তমলুক তথা মেদিনীপুর জেলায় রাজনৈতিক ইতিহাসকে বহুলাংশে প্রভাবিত করেছে।

দুই বন্ধুই নিজের জন্য কিছুই চান নি। সারা জীবন অবিবাহিত থেকে দেশের কাজে জীবন উৎসর্গ করেছেন। ত্যাগে ও নিষ্ঠায়, শ্রমে ও সেবায়, সাহসে ও সংযমে এই দুই মহান কর্মযোগীর তুলনা মেলা ভার। উভয়ের চরিত্রের মধ্যে তফাৎ যেটুকু আছে— তা কখনও ব্যক্তিত্বের সংঘাত সৃষ্টি করেনি বরং তা উভয়ের পরিপূরক হিসাবে উভয়ের এই মিলনকে একটা সম্পূর্ণতা এনে দিয়েছে।

তীক্ষ্ণধী অজয়কুমার বিশ্লেষণশীল মন নিয়ে সব কিছু যাচাই করে তবে গ্রহণ করেন, আর যা কিছু গ্রহণ করেন যুক্তির কষ্টিপাথরে তাকে বার বার পরীক্ষা করেন—প্রয়োজন বোধে পরিবর্তন করেন। স্থিতধী সতীশচন্দ্রের মন অত্যন্ত সংবেদনশীল। তিনিও বিচার করেন। তবে একবার যা গ্রহণ করেন সহজে তা বিসর্জন বা পরিবর্তন করেন না। অজয়কুমার তীক্ষ্ণ যুক্তিজাল বিস্তার করে প্রতিপক্ষকে পর্যুদস্ত করেন। শ্লেষে, বিদ্রূপে ভরা তাঁর তথ্য-সমৃদ্ধ অপূর্ব ভাষণ যাঁরা শুনেছেন তাঁরা সহজে তা ভুলতে পারবেন না। স্বল্পবাক সতীশচন্দ্র প্রতিপক্ষের হৃদয়ের কাছে দরবার করেন— হৃদয়ের পরিবর্তন ঘটিয়ে তাকে সঙ্গে নিতে চান। একজনের আবেদন মানুষের বুদ্ধির কাছে, আর এক জনের আবেদন মানুষের হৃদয়ের কাছে।

এই দুই মহাপুরুষের মিলন লগ্নে কোন্ শুভগ্রহের প্রভাব ছিল জানি না কিন্তু তমলুকের রাজনৈতিক ইতিহাসে যে তার প্রভাব অত্যন্ত শুভ হয়েছে সে সম্বন্ধে কোন সন্দেহ নাই। এই দুই মহারথী কর্মবীরের বন্ধুত্ব এতই গভীর যে তাকে সত্যই বলা যায় — যেন দুই দেহ এক আত্মা। তাই বলে তাঁদের মধ্যে মতবিরোধ যে কখনোই ঘটেনি— তা নয়। কিন্তু সেই মতান্তর কখনও মনান্তরে পর্যবসিত হয়নি। এই দুই দৃঢ়চেতা পুরুষ তাঁদের নিজস্ব বিচার বুদ্ধি দিয়ে সব কিছুকে যাচাই করেছেন—তার মূল্যায়ন করেছেন এবং সিদ্ধান্ত নিয়েছেন। সব সময় যে একমত হতে পেরেছেন এমন কথা বলা যায় না। কিন্তু

সেই মত-পার্থক্য তাঁদের ব্যক্তিগত সম্পর্কে বা বৃহত্তর রাজনৈতিক ক্ষেত্রে কখনও বিপর্য্যয় ডেকে আনে নি। পরস্পরের প্রতি আস্থা এবং শ্রদ্ধা এত গভীর, পরস্পরের প্রতি বিশ্বাস এত প্রবল যে একে অন্যের দৃষ্টিভঙ্গী বোঝার চেষ্টা করেছেন—নিজের মতকে অন্যের মতের সঙ্গে মিলিয়ে নেওয়ার চেষ্টা করেছেন এবং শেষ পর্য্যন্ত মানিয়ে নিয়ে একযোগে কাজ করে গেছেন।

এরকম একটা ঘটনার কথা বলি। বোধ হয় সেটা ১৯৩২ সাল। রাউণ্ড টেবিল কনফারেন্স থেকে গান্ধীজী শূন্যহাতে ফিরে এসেছেন। আইন অমান্য আন্দোলন নতুন করে সুরু হয়েছে। এই সময় অহিংস অসহযোগ পন্থার নীতি নির্ধারণ নিয়ে অজয়কুমার ও সতীশচন্দ্রের মধ্যে মতবিরোধ উপস্থিত হল। যুক্তিবাদী অজয়কুমার অহিংসাকে গ্রহণ করেছিলেন policy হিসাবে—creed হিসাবে নয়। তিনি চাইলেন নেতৃস্থানীয় কর্মীরা আত্মগোপন করে আন্দোলন পরিচালনা করুন, কারণ তাঁরা জেলে চলে গেলে আন্দোলনকে সংগঠিত করে ভালভাবে পরিচালনা করার মত কেউ থাকবে না— আন্দোলন স্তিমিত হয়ে যাবে। সতীশচন্দ্রের রাজনৈতিক দীক্ষা হয়েছিল স্বামিজীর চরমপন্থী রাজনৈতিক মতবাদে। কিন্তু যেদিন থেকে গান্ধীজীকে নেতা হিসাবে মেনে নিয়েছেন—সেদিন থেকে তিনি নেতার নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করার পক্ষপাতী ছিলেন। তিনি তাই নেতাদের আত্মগোপন করে থাকাটা সমর্থন করতে পারলেন না। দুই নেতার কেউই অন্যের মত বা যুক্তি মেনে নিতে পারছেন না। তখন সতীশচন্দ্র বন্ধুকে তাঁর ইচ্ছামত সংগ্রাম পরিচালনা করতে দিয়ে সকলের অজ্ঞাতে নিজে সরে দাঁড়ালেন। সম্পূর্ণ নিষ্ক্রিয় থাকলেন— কিন্তু আত্মগোপন করেই থাকলেন। প্রায় ছয় মাসকাল এইভাবে চলল। শেষ পর্যন্ত অজয় কুমার গেলেন তাঁর কাছে। দুজনের মধ্যে একটা বোঝাপড়া হল। আবার হৃষ্টচিত্তে দুজনেই ডুবে গেলেন কাজের মধ্যে।

১৯৬৬ সালে আজীবন কংগ্রেসসেবী অজয়কুমার কংগ্রেস থেকে বেরিয়ে বাংলা কংগ্রেস গঠন করলেন। সতীশচন্দ্রও বাংলা কংগ্রেসের টিকিটে তমলুক থেকে লোকসভার সদস্য নির্ব্বাচিত হলেন। সতীশচন্দ্র

দীর্ঘদিন লোকসভার সদস্য। দলমত নির্বিশেষে সকলেরই বিশেষ প্রিয়পাত্র। লোকসভায় তাঁর কংগ্রেসী বন্ধুরা অনেক চেষ্টা করেছেন—তাঁকে কংগ্রেস বেঞ্চে ফিরিয়ে নিয়ে যেতে, কেউ কেউ তাঁকে জোর করে তুলে নিয়ে গিয়ে বসানোর চেষ্টা করেছেন। সতীশচন্দ্র তাঁদের স্নেহের অত্যাচার হাসিমুখেই গ্রহণ করেছেন — কিন্তু বিরোধী পক্ষের জন্য নির্দিষ্ট আসনেই আসন গ্রহণ করেছেন — এমনিই ছিল দুজনের বন্ধুত্ব।

নিমতৌড়ীর কথায় ফিরে আসি। আগেই বলেছি ১৯২৪ সালে 'দেশবন্ধু পল্লী সংস্কার সমিতি'র তরফে নিমতৌড়ী এবং আশে পাশের গ্রামগুলির সামগ্রিক উন্নয়নের কাজে হাত দেন একদল কর্মী। এই কর্মীদলের মধ্যে অজয় মুখোপাধ্যায়, সতীশ সামন্ত এবং ধীরেন দাসের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। আজও এই অঞ্চলে অজয়কুমার "বড়বাবু" এবং সতীশচন্দ্র "মেজবাবু" নামেই সমধিক পরিচিত। গ্রাম বাংলার সর্ব্বাঙ্গীণ উন্নতিই ছিল তাঁদের কাম্য। গ্রামবাসীদের উদ্বুদ্ধ করে তাঁদের স্বেচ্ছাশ্রমের মাধ্যমে রাস্তাঘাট তৈরী ও মেরামত, পুকুর, নালা, খাল বিল সংস্কার, পানা পরিষ্কার, রোগীর সেবা, প্রাথমিক শিক্ষার প্রসার এই গুলি ছিল তাঁদের কার্য্যসূচীর অন্তর্ভুক্ত। শিক্ষা প্রসারের উদ্দেশ্যে নিমতৌড়ী গ্রামে গোয়ালা পুকুর পাড়ে একটি স্কুল তৈরী করলেন তাঁরা। স্থানীয় জানা পরিবার কিছুটা জমি দিলেন। সত্যচরণ ঘোষ মশায় কিছুটা আর্থিক সাহায্য নিয়ে এগিয়ে এলেন। নিজেরা মাটি কেটে মাথায় ঝুড়ি নিয়ে মাটি বইলেন। অজয়কুমার সতীশচন্দ্র দুজনেই স্বচ্ছল পরিবারের সন্তান। তাঁদের এই কৃচ্ছ্রসাধনা দেখে গ্রামবাসীরাও উদ্বুদ্ধ হলেন। তাঁরাও এসে যোগ দিলেন তাঁদের সঙ্গে। এইভাবে স্কুল বাড়ী তৈরী হল।

স্কুল আরম্ভ হলে শিক্ষকতার দায়ও তাঁরাই গ্রহণ করলেন। এসব ছাড়া তাঁদের আরও কাজ ছিল গ্রামের মধ্যে ছোট খাটো বিবাদ বিসম্বাদ মীমাংসা করে দেওয়া। গ্রামাঞ্চলে রোগের চিকিৎসার কোন সুব্যবস্থা নাই। সহরে ভাল ডাক্তার আছেন। কিন্তু সহরে নিয়ে গিয়ে তাঁদের পরামর্শমত চিকিৎসা করানোর মত আর্থিক সঙ্গতি

গ্রামের লোকের নাই। এই অবস্থার মুখোমুখি হয়ে সতীশচন্দ্র দেখলেন যে হোমিওপ্যাথি চিকিৎসাই একমাত্র পদ্ধতি যা গ্রামের লোকের আর্থিক সঙ্গতির সঙ্গে সামঞ্জস্য রক্ষা করতে পারে। সেই উদ্দেশ্যে তিনি কিছু হোমিওপ্যাথি বই কিনে পড়াশোনা আরম্ভ করলেন এবং কিছু ওষুধপত্র নিয়ে ছোটখাটো চিকিৎসাও সুরু করে দিলেন। তমলুক থেকে বিশিষ্ট হোমিওপ্যাথ ডাক্তার ও কংগ্রেসানুরাগী ডাঃ জানকীনাথ সিংহ সপ্তাহে একদিন নিমতৌড়ীতে আসতেন এবং গ্রামবাসীদের বিনা পয়সায় চিকিৎসা করতেন। তাঁর অনুপস্থিতি কালে সতীশচন্দ্রই সে কাজ করতেন। পরবর্তীকালে আরও ভালভাবে চিকিৎসা করার জন্য তিনি কলিকাতায় হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ভর্তি হন ও প্রায় চার বৎসরকাল হোমিওপ্যাথ চিকিৎসা পদ্ধতি নিয়ে পড়াশোনা করেন।

এ ছাড়া মাঝে মাঝে কলিকাতা থেকে আসতেন শ্রীজ্ঞানাঞ্জন নিয়োগী। তিনি ছিলেন কলেজ স্ট্রীটের কর্পোরেশন মিউজিয়ামের কর্ণধার। ম্যাজিক ল্যাণ্টার্ন সহযোগে তিনি গ্রামবাসীদের সামনে শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি বিষয়ে বক্তৃতা করতেন। তখনও পর্য্যন্ত গ্রামে দূরের কথা—তমলুক সহরেও কোন সিনেমা হল ছিলনা। কাজেই গ্রামবাসীদের সামনে শিক্ষার সঙ্গে কিছুটা আনন্দের খোরাকও জোগাতেন তিনি। পরবর্তীকালের বিখ্যাত বিপ্লবী কর্মী ও সংগঠক শ্রীসুশীল কুমার ধাড়া তখনও স্কুলের ছাত্র। তিনিও মাঝে মাঝে এসে নিমতৌড়ীতে এঁদের সঙ্গে কাজে যোগ দিতেন।

এই নিমতৌড়ীতেই কাটল প্রায় পাঁচ বছর—১৯৩০ সালের লবণ সত্যাগ্রহের আগে পর্য্যন্ত। কাঁকুড়দাতে সতীশচন্দ্র ছিলেন শুধুই শিক্ষক – বাইরের মানুষ, গ্রামবাসীদের সঙ্গে একাত্ম হ'তে পারেননি। নিমতৌড়ীতে এসে কিন্তু তিনি প্রথমে গ্রামের মানুষের সঙ্গে মিশলেন—তাদের সুখদুঃখের অংশভাগী হ'লেন—একাত্ম হ'লেন তাদের সঙ্গে। তারপর হ'লেন—একাধারে তাদের শিক্ষক, ডাক্তার বিচারক—অনেক কিছুই—এক কথায় তাদের "friend, philosopher and guide.।" এখানে এসেই তাঁর চিন্তা ও

আদর্শের সার্থক রূপায়ন সম্ভব হ'ল।

নিমতৌড়ী ছাড়াও অন্যান্য জায়গায় গঠনমূলক কাজের সঙ্গেও তাঁর সংযোগ ছিল। নিজ গ্রাম গোপালপুরে তিনি একটি পাব্লিক লাইব্রেরী গড়ে তোলেন। নিজের স্কুলজীবনের প্রাইজ পাওয়া বইগুলি লাইব্রেরীতে দান করলেন। বন্ধুবান্ধব ও অন্যান্যদের কাছ থেকেও কিছু বই সংগ্রহ করে দিলেন। সে সময়ের নিষিদ্ধ ও বাজেয়াপ্ত বই-এর একটা সংগ্রহও এই লাইব্রেরীতে রাখা ছিল। কালক্রমে সেগুলি নষ্ট হ'য়ে গেছে।

এইভাবে গ্রামের কাজ ও যুব সংগঠনের মধ্য দিয়ে তাঁর কাটল বেশ কয়েকবছর। তারপর এল ১৯৩০ এর ঐতিহাসিক লবণ সত্যাগ্রহ।

* * *

ইতিমধ্যে ভারতের রাজনৈতিক জীবনে একটা পরিবর্তনের ছোঁয়াচ লেগেছে। এই সময়ের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হল—১৯২৭ সালে মাদ্রাজ কংগ্রেসে পূর্ণ স্বাধীনতাকেই কংগ্রেসের লক্ষ্য বলে ঘোষণা করা। পরবর্ত্তীকালে অবশ্য সর্বদলীয় সম্মেলনের সিদ্ধান্ত অনুসারে স্থির হয় যে ১৯২৯ সালের ৩১শে ডিসেম্বরের মধ্যে যদি Dominion Status বা ঔপনিবেশিক স্বায়ত্ব শাসন ঘোষণা করা হয় তবে কংগ্রেস সে ব্যবস্থা পরীক্ষা করে দেখতে রাজী আছে। না হ'লে কংগ্রেস পূর্ণ স্বাধীনতা অর্জনের জন্য অহিংস অসহযোগ আন্দোলন সুরু করবে।

এর উত্তরে তৎকালীন বড়লাট লর্ড আরুইন জানালেন যে Dominion Status দানের প্রশ্ন বিবেচনার জন্য শীঘ্রই লণ্ডনে সমস্ত দলকে নিয়ে একটা গোল টেবিল বৈঠক ডাকা হ'চ্ছে। কংগ্রেস এতে সন্তুষ্ট হ'তে পারল না। ১৯২৯ এর ডিসেম্বরে লাহোর কংগ্রেসে গোলটেবিল বৈঠক বর্জন ও পূর্ণ স্বাধীনতার দাবীতে আইন অমান্য আন্দোলন সুরু করার প্রস্তাব গ্রহণ করা হ'ল। ৩১শে ডিসেম্বর মধ্যরাত্রে কংগ্রেস সভাপতি হিসাবে জওহরলাল নেহরু জাতীয় পতাকা উত্তোলন করলেন; এবং ২৬শে জানুয়ারী ১৯৩০ সারা দেশে স্বাধীনতা দিবস রূপে উদযাপিত হ'ল। তারপর থেকে প্রতিবৎসরই এই দিনটি

স্বাধীনতা দিবসরূপে প্রতিপালিত হতে থাকল।

আইন অমান্য আন্দোলন সুরু হ'ল। পূর্ণ কর্তৃত্ব দেওয়া হয়েছে গান্ধীজীকে। তিনি এমন একটা আইন ভঙ্গ করার সিদ্ধান্ত নিলেন—যে আইনের কবলে প্রত্যেকেই সমান ভুক্তভোগী। সে আইন লবণ আইন। তিন দিক সমুদ্রবেষ্টিত এই ভারতবর্ষে লবণের অপ্রতুলতা কোনদিনই ছিল না। কিন্তু বৃটিশ স্বার্থে লবণ তৈরীর অধিকার ভারতবাসীর ছিল না। গান্ধীজী স্থির করলেন এই লবণ আইন ভঙ্গ করেই তিনি আইন অমান্য আন্দোলনের সূত্রপাত করবেন।

১৯৩০এর ৬ই এপ্রিল সুরু হল তাঁর ঐতিহাসিক ডাণ্ডি অভিযান। উদ্দেশ্য ডাণ্ডির সমুদ্রতীরে লবণ তৈরী করে তিনি এই স্বেচ্ছাচারমূলক আইনকে অমান্য করবেন। তিনি বলেছিলেন—"হম যব যাত্রা সুরু করেঙ্গে, তব সারা ভারত উছল্ যায়েঙ্গে"—"আমি যখন যাত্রা সুরু করব—তখন সারা ভারত উছলে উঠবে।" ৬ই এপ্রিল ৭৯ জন অনুচর সহ তিনি যখন যাত্রা সুরু করলেন তখন সত্যসত্যই সারা ভারত উত্তাল হ'য়ে উঠল। বিপুল উৎসাহ উদ্দীপনা সহকারে সারা ভারতব্যাপী দলে দলে মানুষ এগিয়ে এল লবণ তৈরী করে আইন অমান্য আন্দোলনে যোগ দিতে।

মেদিনীপুর বিশেষতঃ তমলুক মহকুমা চিরদিনই জাতীয় স্বাধীনতা সংগ্রামে পুরোধার আসন গ্রহণ করেছে। এই আন্দোলনেও তারা পিছিয়ে থাকল না। তমলুক রাজবাড়ীর বিস্তীর্ণ প্রাঙ্গণে স্বেচ্ছাসেবক শিবির খোলা হ'ল। দলে দলে যুবকরা এসে যোগ দিলেন সেই শিবিরে। ক্যাম্পের আচার্য্য হলেন শ্রীসতীশচন্দ্র সামন্ত এবং সদ্য স্কুল ছেড়ে বেরিয়ে আসা তরুণ যুবক শ্রীসুশীল কুমার ধাড়া হ'লেন সহ-আচার্য্য। কাছাকাছি কোথাও সমুদ্র নাই। তাই মহকুমার প্রায় মধ্যবর্তী জায়গায় হলদী নদীর তীরে নরঘাটকে বেছে নেওয়া হ'ল লবণ তৈরীর কেন্দ্রস্থল রূপে। প্রথম দিন একদল স্বেচ্ছাসেবকসহ অজয়কুমার মুখার্জী নরঘাটে লবণ তৈরী করে আইন অমান্য আন্দোলন সুরু করলেন। প্রথম দিন তিনি গ্রেপ্তার হ'লেন। বিচারে তাঁর দু'বছরের সশ্রম কারাদণ্ড হ'ল। তৃতীয় দিনে গ্রেপ্তার হ'লেন সতীশচন্দ্র।

তাঁর সাজা হ'ল—আড়াই বছর।

এই সময় জেলে থাকাকালীন তিনি যখন রাজশাহী সেন্ট্রাল জেলে বন্দী—তখন তাঁর সঙ্গে আলাপ হল তিন আইনের (Regulation III of 1818) রাজবন্দী, অগ্রগণ্য বিপ্লবী নেতা মহারাজ ত্রৈলোক্য চক্রবর্তী ও প্রতুল গাঙ্গুলীর সঙ্গে। সেই পরিচয় ঘনিষ্ঠতায় রূপান্তরিত হ'ল খুব অল্প সময়ের মধ্যে। আবার দমদম স্পেশাল জেলে বন্দী থাকাকালীন অনুশীলন সমিতির সদস্য বিপ্লবী গুণেন সেনের সঙ্গে তাঁর আলাপ হয়। তাঁদের পরামর্শে তাঁর সহোদর প্রতিম সহবন্দী শ্রীসুশীল ধাড়া লাঠি খেলা, ছোরা খেলা, যুযুৎসু ইত্যাদি বিদ্যা শিক্ষালাভ করেন— যা পরবর্তীকালে যথেষ্ট কাজে লেগেছিল।

এইখানে হিংসা অহিংসার প্রশ্নে সতীশ চন্দ্রের মনোভাব কিছুটা বোধ হয় আলোচনা করা যেতে পারে। হিংসার অগ্নিমন্ত্রে তিনি দীক্ষা পেয়েছিলেন তাঁর রাজনৈতিক দীক্ষাগুরু বিপ্লব-তাপস স্বামী প্রজ্ঞানানন্দজীর কাছে। আবার গান্ধিজীর আহ্বানে তিনি যখন অসহযোগ আন্দোলনে যোগ দিলেন তখন অহিংসা মন্ত্রকেই ব্রত হিসাবে গ্রহণ করে নেতার নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করার চেষ্টা করেছেন। কিন্তু কোন দিনই হিংসা-অহিংসার প্রশ্নে কোন ধরণের গোঁড়ামী তাঁর মধ্যে ছিল না। প্রয়োজন যদি সত্যিই উপস্থিত হয় তবে হিংসাত্মক পন্থা গ্রহণেও তাঁর আপত্তি ছিল না। সে রকম প্রয়োজন উপস্থিত হয়েছিল ১৯৪২-৪৪ সালে তাম্রলিপ্ত জাতীয় সরকারের যুগে, তাঁরই সর্বাধিনায়কত্বের আমলে। তখন তাঁর অনুমোদন নিয়েই সে পথ গ্রহণ করা হয়েছিল। এবং গান্ধীজীর কাছেও তিনি সমস্ত অভিযোগই অকপটে স্বীকার করে নিয়েছিলেন। সে প্রসঙ্গে পরে আসছি।

লবণ সত্যাগ্রহের কথায় ফিরে আসা যাক। অজয়কুমার, সতীশ চন্দ্র চলে গেলেন। পরে পরে নেতৃস্থানীয় কর্মীরাও একে একে গ্রেপ্তার বরণ করতে লাগলেন। নতুন নতুন কর্মীরা এসে তাঁদের স্থান অধিকার করলেন। মহকুমায় স্থানে স্থানে ক্যাম্প খুলে কর্মীরা জন-

সাধারণকে লবণ তৈরী করতে উদ্বুদ্ধ করতে লাগলেন। ইংরেজ সরকারও চুপ করে বসে থাকল না। সুরু হ'ল ব্যাপকভাবে ধরপাকড়, মারপিঠ, লুণ্ঠন, গৃহদাহ — একটা অমানুষিক অত্যাচারের স্রোত বয়ে চলল সারা জেলাব্যাপী। কিন্তু শত অত্যাচারেও মানুষের নবজাগ্রত উদ্দীপনাকে দমন করে রাখা সম্ভব হ'ল না। আইন অমান্য সমানে চলতে থাকল, 'বন্দে মাতরম' মন্ত্রে ধ্বনিত হতে থাকল আকাশ বাতাস।

শত অত্যাচার, নিপীড়নেও যখন দেশব্যাপী এই আন্দোলনকে বন্ধ করা সম্ভব হ'ল না—তখন ইংরেজ সরকার আপোষ মীমাংসার পথে আসতে বাধ্য হ'লেন। ১৯৩১ সালের ৪ঠা মার্চ মহাত্মা গান্ধী এবং তৎকালীন বড়লাট লর্ড আরুইনের মধ্যে গান্ধী-আরুইন চুক্তি স্বাক্ষরিত হ'ল। স্থির হ'ল যে কংগ্রেস আইন অমান্য আন্দোলন প্রত্যাহার করে নেবে এবং লণ্ডনে গোল টেবিল বৈঠকে যোগ দেবে। আর এদিকে সমস্ত রকম নিপীড়নমূলক আইন বা আচরণ বন্ধ করা হবে এবং রাজনৈতিক বন্দীদের মুক্তি দেওয়া হবে।

সেই চুক্তি অনুসারে অজয় কুমার, সতীশচন্দ্র সহ সব বন্দীরা মুক্তি পেলেন। সুরু করলেন সংগঠনের কাজ। ওদিকে কংগ্রেসের মুখ্য প্রতিনিধি হিসাবে গান্ধীজী গেলেন গোলটেবিল বৈঠক যোগ দিতে। সেখানে কিন্তু কুটনীতির জালে বৈঠক ব্যর্থ হ'ল। সাম্প্রদায়িকতা প্রশ্নের কোন মীমাংসা হ'ল না। প্রধানমন্ত্রী র‍্যামজে ম্যাকডোনাল্ড সাম্প্রদায়িক ভাগ বাঁটোয়ারার কথা ঘোষণা করলেন।

গান্ধীজী ফিরলেন শূন্যহাতে। ফিরে এসে তিনি দেখলেন সরকারের তরফে নিপীড়নমূলক কাজকর্ম আবার পূর্ণোদ্যমে সুরু হ'য়ে গেছে। ১৯৩২ সালের ১লা জানুয়ারী কংগ্রেস ওয়ার্কিং কমিটি নতুন করে আইন অমান্য আন্দোলন সুরু করার সংকল্প গ্রহণ করলেন। ৪ঠা জানুয়ারী গান্ধীজীকে গ্রেপ্তার করা হ'ল এবং সমগ্র কংগ্রেস প্রতিষ্ঠান বে-আইনী ঘোষিত হ'ল।

কিন্তু ভারতবাসীর জাগ্রত চেতনাকে এত সহজে দমন করা সম্ভব হ'ল না। সারা ভারত-জুড়ে আইন অমান্য আন্দোলন সুরু হ'ল,

আর মেদিনীপুরে সুরু হ'ল—শুধু আইন অমান্য নয়—ট্যাক্স বন্ধ আন্দোলন। ইংরেজ সরকারও চুপ করে বসে থাকল না। অকথ্য নির্য্যাতন ও নিপীড়ন সুরু হ'ল তমলুকের গ্রামবাসীদের উপর। গুলীচালনা, মারপিঠ, গৃহদাহ, নারী নির্য্যাতন, সম্পত্তি লুণ্ঠন, পাইকারী জরিমানা, পিটুনী কর ইত্যাদি নিরস্ত্র, নিরপরাধ মানুষদের নির্য্যাতনের জন্য যত রকম শয়তানী ফন্দি থাকতে পারে—কোনটাই বাদ গেল না।

এই সময় সতীশচন্দ্রের উপর তমলুক থানা সংগঠনের ভার পড়ল। ডিমারী হাটে তাঁর প্রধান শিবির খোলা হল ; সেখানেই বেশীর ভাগ সময় থাকতেন তিনি। বিদেশী সরকারের প্রভুভক্ত পুলিশ তাঁকে ছাড়ল না। আবার গ্রেপ্তার করে নিয়ে গেল। বিচারে জেল হ'ল তু'বছরের। এই সময় জেলের মধ্যেও সতীশ চন্দ্রকে অকথ্য অত্যাচার সহ্য করতে হ'য়েছে। আড়ি বেড়ী, ডাণ্ডা বেড়, ষ্ট্যাণ্ডিং হ্যাণ্ড-কাপ, মাড় ভাত — ইত্যাদি বৃটিশ সরকারের বর্বর জেল কোডের মধ্যে যত রকম শাস্তির ব্যবস্থা আছে—তার কোনটাই বাদ গেল না। এর আগে একবার তাঁকে ধরে নিয়ে গিয়ে থানাতে এমন প্রহার করা হ'য়েছিল যে প্রায় একমাস কাল তিনি শয্যাশায়ী ছিলেন।

সারা ভারত জুড়েই তখন সন্ত্রাসের রাজত্ব চলছে। ঠিক এই সময়ে ১৯৩৩ সালের মার্চ মাসে বৃটিশ সরকার একটি শ্বেতপত্র প্রকাশ করলেন—যাতে অনুন্নত হিন্দু ও উচ্চ বর্ণের হিন্দুদের মধ্যে বিরোধ তীব্রতর করার উদ্দেশ্যে অনুন্নত হিন্দুদের জন্য পৃথক নির্বাচন ব্যবস্থা ঘোষণা করা হ'ল। গান্ধীজী তখন জেলে। তিনি জেলে বসেই আমরণ অনশন সুরু করলেন। এ সংবাদে সারা ভারতব্যাপী বিরাট উন্মাদনা দেখা দিল। মেদিনীপুরে সেই উন্মাদনার ঢেউ গভীর প্রতিক্রিয়ার সৃষ্টি করল। সতীশচন্দ্রও সঙ্গে সঙ্গে তমলুক সহরে বর্গভীমা মন্দিরের প্রাঙ্গনে অনশন সুরু করলেন।

শেষ পর্যন্ত পৃথক নির্বাচন ব্যবস্থা রদ করে পুনা চুক্তি সম্পাদিত হ'ল। অনুন্নত সম্প্রদায়ের জন্য নির্দ্দিষ্ট আসন সংখ্যা অনেক বাড়ানো হ'ল। কিন্তু বর্ণহিন্দু ও অনুন্নত হিন্দুদের জন্য যুক্তনির্বাচক মণ্ডলীর ব্যবস্থা করা হ'ল।

গান্ধীজী অনশন ভঙ্গ করলেন। এই সময় জেলখানায় তাঁর শয্যার পাশে কবিগুরু রবীন্দ্রনাথ উপস্থিত থেকে স্বরচিত গান গেয়ে শোনালেন—

"জীবন যখন শুকায়ে যায়
করুণা ধারায় এসো
সকল মাধুরী লুকায়ে যায়
গীত সুধারসে এসো।"

গান্ধীজীর অনশনভঙ্গের সঙ্গে সতীশচন্দ্রও অনশন ভঙ্গ করলেন। সকলেই স্বস্তির নিঃশ্বাস ত্যাগ করলেন।

এরপরেই ১৯৩৪ সালে সতীশচন্দ্রকে স্বগৃহে অন্তরীণ করে রাখা হ'ল—এক বছর। অন্তরীণের সময়টা তিনি নানা বিষয়ে পড়াশোনা এবং চিন্তন মননে কাটালেন। কিছু কিছু সংগঠনমূলক কাজেও হাত দিয়েছিলেন — কিন্তু প্রকাশ্যে নয়। নিমতৌড়ীতে থাকাকালীন গ্রামোন্নয়নের কাজে হাত দিয়ে তিনি দেখেছিলেন—গ্রামের মধ্যে চিকিৎসার কতখানি অভাব। এই অভাব কিছুটা মেটানোর জন্য তিনি নিজে হোমিওপ্যাথি বই এবং ঔষধপত্রাদি কিনে কিছু কিছু চিকিৎসাও সুরু করেছিলেন—বলা বাহুল্য বিনা পয়সায়। সেই সময়ই তিনি অনুভব করেছিলেন যে গ্রামবাসীদের রোগে শোকে তাঁদের প্রকৃত সাহায্য করতে হ'লে—চিকিৎসা শাস্ত্রে বেশ কিছুটা জ্ঞান থাকা দরকার। সেই জন্য তাঁর অন্তরীণের মেয়াদ শেষ হওয়ার পরেই হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতি আয়ত্ব করার উদ্দেশ্যে কলিকাতায় হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ভর্তি হ'লেন।

চারবৎসর তিনি হোমিওপ্যাথি নিয়ে পড়াশুনা করলেন। সতীশচন্দ্র চিরদিনই মেধাবী ছাত্র। চিকিৎসা শাস্ত্রের পড়াশুনাতেও তিনি ভালভাবেই অগ্রসর হ'তে লাগলেন। কিন্তু দেশের কাজের ডাকে যেমন একদিন ইঞ্জিনিয়ারিং ডিগ্রিলাভ তাঁর হ'য়ে ওঠে নি— তেমনি চিকিৎসা শাস্ত্রেও ডিপ্লোমা পাওয়া তাঁর আর হ'য়ে উঠল না। ১৯৩৯-৪০ এ আবার ডাক এল দেশের কাজে ফিরে যাওয়ার। ডাক্তারি পড়াশোনা মুলুতবী রেখে সতীশচন্দ্র ফিরে চললেন তমলুকে

ব্যক্তিগত সত্যাগ্রহে যোগ দিতে।

এর আগে ১৯৩৫এ নূতন ভারত শাসন আইন পাশ হ'য়েছে। কংগ্রেস শেষ পর্য্যন্ত ঠিক করল—নূতন ব্যবস্থাকে পরীক্ষা করে দেখতে। সেই অনুসারে ১৯৩৭ সালের সাধারণ নির্বাচনে কংগ্রেসের তরফ থেকে প্রতিদ্বন্দ্বিতা করা হ'ল। সারা ভারতের প্রায় সর্বত্র কংগ্রেস প্রার্থীরা নির্বাচিত হ'লেন বিপুল ভোটে। তৎকালীন এগারটি প্রদেশের মধ্যে পাঁচটিতে কংগ্রেসী মন্ত্রীসভা গঠিত হ'ল, এবং বিভিন্ন প্রকারের সংস্কার ও উন্নয়নমূলক কাজে তাঁরা যথেষ্ট দক্ষতা ও সাফল্যের পরিচয় দিলেন।

ইতিমধ্যে ১৯৩৯ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ স্বুরু হ'ল। ইংরেজ সরকার ভারতের অধিবাসীবৃন্দের মতামতের কোন তোয়াক্কা না রেখেই ভারতকে যুদ্ধের মধ্যে টেনে নিয়ে গেলেন। ভারতের জাতীয় কংগ্রেস এতে আপত্তি জানাল এবং সাম্রাজ্যবাদের বিলোপসাধনই এই যুদ্ধের উদ্দেশ্য—এই ঘোষণা করার জন্য বৃটিশ সরকারকে আহ্বান জানাল। এর কোন সন্তোষজনক উত্তর না পাওয়ায় ১৯৩৯ সালের শেষভাগে সমস্ত কংগ্রেসী মন্ত্রীসভা পদত্যাগ করলেন। বৃটিশ সরকার কিন্তু কোনভাবেই ভারতবাসীর দাবীদাওয়া, আশা আকাঙ্খার প্রতি সহানুভূতিশীল মনোভাব দেখালেন না। তখন ১৯৪০ সালে মহাত্মা গান্ধীর নেতৃত্বে ব্যক্তিগত সত্যাগ্রহ আন্দোলন স্বুরু হ'ল।

এই সত্যাগ্রহে যোগ দেওয়ার জন্য সারা ভারতে মোট এক হাজার সত্যাগ্রহীকে বেছে নিলেন গান্ধীজী। তার একটা সিংহভাগ পড়ল মেদিনীপুরের ভাগে। ৫০ জন সত্যাগ্রহী এই জেলা থেকে নির্বাচিত হ'লেন এই আন্দোলনে অংশ গ্রহণের জন্য; তার মধ্যে আবার তমলুক মহকুমা থেকেই ১৫ জন।

এই আন্দোলনে অংশ গ্রহণের জন্য নির্বাচিত হয়ে সতীশচন্দ্র তাঁর হোমিওপ্যাথি পড়াশোনা স্থগিত রেখে তমলুকে ফিরে এলেন। কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্য ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ সুতাহাটা গান্ধী আশ্রম থেকে সত্যাগ্রহ স্বুরু করলেন। পথেই তাঁকে গ্রেপ্তার করা হ'ল। তারপর গ্রেপ্তার বরণ করলেন মেদিনীপুর জেলার অগ্রগণ্য গঠনমূলক কর্মী শ্রীকুমারচন্দ্র জানা। সতীশচন্দ্র মহিষাদল থানার গোয়ালবেড়িয়া গ্রাম

থেকে সত্যাগ্রহ সুরু করে পদযাত্রা আরম্ভ করলেন। মহিষাদল বাজারে তাঁকে গ্রেপ্তার করা হ'ল। সাজা হল—এক বৎসর করাদণ্ড।

* * *

বিশ্বযুদ্ধে তখন টালমাটাল অবস্থা। পূর্ব রণাঙ্গণে জাপানী ফৌজ দ্রুত ভারতের দিকে এগিয়ে আসছে। ১৯৪২-এর ৮ই মার্চ রেঙ্গুনের পতন হ'ল। বৃটিশ সরকার তখন স্যার স্টাফোর্ড ক্রিপসকে পাঠালেন কিছু প্রস্তাব নিয়ে। কয়েকবার তিনি দিল্লী—লণ্ডন ঘোরা ফেরা করলেন। কিন্তু ঐ ঘোরাফেরাই সার হ'ল। ভারতের কোন রাজনৈতিক দলই তাঁর প্রস্তাব গ্রহণ করতে পারল না। গান্ধীজী তাঁর স্বভাবসিদ্ধ ভাষায় স্যার স্ট্যাফোর্ডের প্রস্তাবকে বর্ণনা করলেন— "একটা ডুবে যাওয়া ব্যাঙ্কের উপর আগামীদিনের তারিখ দেওয়া একখানা চেক" বলে (a post-dated cheque on a crashing bank).

বৃহত্তর সংগ্রামের জন্য কংগ্রেস প্রস্তুত হতে লাগল। কংগ্রেস কর্মীরা সবাই সংগঠনের কাজে নেমে পড়লেন। জেল থেকে বেরিয়ে এসে সতীশচন্দ্রও সংগঠনের কাজে লিপ্ত হলেন।

৮ই আগস্ট, ১৯৪২ বোম্বাই-এ কংগ্রেস অধিবেশন বসল। প্রস্তাব নেওয়া হ'ল সর্বাত্মক সংগ্রাম সুরু করার। সংগ্রাম পরিচালনার পূর্ণ দায়িত্ব দেওয়া হল মহাত্মা গান্ধীর উপর। ইংরাজ সরকারকে বলা হ'ল —"ভারত ছাড়ো।" কিন্তু প্রস্তাব অনুযায়ী কাজ সুরু করার কোন সুযোগ নেতারা পেলেন না। সরকার যেন ওঁত পেতে বসেছিল। রাত্রি প্রভাত হওয়ার আগেই মহাত্মা গান্ধীসহ ছোট-বড় সব কংগ্রেস নেতাদের গ্রেপ্তার করে অজ্ঞাত স্থানে নিয়ে যাওয়া হল। জাতীয় কংগ্রেসকে আবার বেআইনী প্রতিষ্ঠান বলে ঘোষণা করা হ'ল।

নির্দেশ দেওয়ার জন্য বা আন্দোলন পরিচালনা করার জন্য সর্ব-ভারতীয় স্তরে বা প্রাদেশিক বা জেলা স্তরেও কোন নেতাই উপস্থিত থাকলেন না। কিন্তু জনসাধারণ নেতাদের জন্য অপেক্ষা করে রইল না। তারা নিজেরাই নেতৃত্ব গ্রহণ করল। সারা ভারতব্যাপী স্বতঃস্ফূর্তভাবে যে বিক্ষোভ সুরু হল তাই কালক্রমে রূপ নিল, আগস্ট বিপ্লবের—যার মূল মন্ত্র হল "করেঙ্গে ইয়া মরেঙ্গে" —"হয় বিজয় নয় মরণ।"

আগস্ট বিপ্লব—১৯৪২-৪৬

চল্লিশের ব্যক্তিগত সত্যাগ্রহ আরম্ভ হওয়ার সময়েই কংগ্রেসকর্মীরা বুঝতে পেরেছিলেন যে, বৃহত্তর আন্দোলন আসছে। সেজন্য তাঁরা প্রস্তুতও হচ্ছিলেন। গঠনমূলক কাজকর্মের মাধ্যমে জনসাধারণকে সংগঠিত করে প্রস্তুত রাখছিলেন বিপ্লবের জন্য। সরকারী নীতি ও ও পীড়নমূলক ব্যবস্থাদিও জন-সাধারণের মনের মধ্যে একটা তিক্ততার ও বিতৃষ্ণার ভাব এনে দিয়েছিল। যুদ্ধের গতি তখন মিত্র শক্তির বিরুদ্ধে। পূর্ব রণাঙ্গনে জাপানী ফৌজ দ্রুত ভারতের দিকে এগিয়ে আসছে। ইংরেজ সরকারও যথারীতি "সাফল্যের সঙ্গে পশ্চাদপসরণ"-এর জন্য তৈরী হ'চ্ছে। সমুদ্র তীরবর্তী জেলা মেদিনীপুর। বঙ্গোপসাগরের খুব কাছেই তমলুক মহকুমা। ইংরেজ প্রভুদের আশঙ্কা হ'ল, যেকোন মুহূর্তে জাপানী ফৌজ জলপথে এখানে এসে নামতে পারে। এই ভয়ে সমস্ত রকমের যানবাহন—জেলেডিঙি থেকে আরম্ভ করে বড় বড় নৌকা, সাইকেল, মোটরগাড়ী ইত্যাদি বাজেয়াপ্ত করা হ'ল। এই প্রসঙ্গে বাংলার তৎকালীন ফজলুল হক মন্ত্রিসভার বিশিষ্ট সদস্য, প্রাতঃস্মরণীয় ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের উক্তি বিশেষভাবে প্রণিধানযোগ্য :

—"এই সভার (বঙ্গীয় ব্যবস্থাপক সভা) মনে থাকতে পারে যে গত বছর আইন অমান্য আন্দোলন স্থরু হওয়ার অনেক আগেই বাংলাদেশের বহুস্থানে বঞ্চনানীতি প্রয়োগ করা হ'য়েছিল। মেদিনীপুর জেলায় এই নীতি অনুসারে নৌকা এবং অন্যান্য যানবাহন—বিশেষতঃ সাইকেল জোর করে সরিয়ে ফেলার অভিযান দীর্ঘদিন ধরে চলতে থাকল। যা ঘটেছে তা হ'ল এই যে এই জেলা থেকে প্রায় ১০,০০০ সাইকেল বাজেয়াপ্ত করা হ'ল, বহুসংখ্যক নৌকাকে অতি অল্প সময়ের মধ্যে সরকারের হাতে সমর্পণের আদেশ দেওয়া হ'ল এবং স্থানীয় কর্মচারীবৃন্দ কয়েক শত নৌকা ভেঙে নষ্ট করে ফেললেন—কারণ নির্দিষ্ট সময়ের মধ্যে নৌকাগুলি সরকারের হাতে অর্পণ করা হয়নি।

এই জেলার অধিবাসীদের মনোভাব যে কতখানি তীব্র ছিল তা বোঝার জন্য এই ঘটনাগুলি মনে রাখা প্রয়োজন।"*

এ ছাড়া, ধান, চাল প্রভৃতি সব রকম খাদ্যদ্রব্য সরিয়ে নেওয়া সুরু হ'ল। যুক্তি দেখানো হ'ল—শত্রুর হাতে যেন কিছু না পড়ে। কিন্তু দেশের লোক যে কি খেয়ে বাঁচবে সেদিকে কোন দৃষ্টি দেওয়া হ'ল না। লোকে বুঝল যে বৃটিশ বাহিনী পশ্চাদপসরণের আগেই তাদের না খেয়ে মরার ব্যবস্থা পাকা হ'য়ে রইল। প্রতিবাদের কোন স্বাভাবিক পথ খোলা ছিল না। ভারত রক্ষা আইনের বিধি-নিষেধের মারপ্যাঁচ এবং সে আইন প্রয়োগকারীদের প্রভুভক্তির আতিশয্যে কোনরকম প্রতিবিধানই সম্ভব ছিল না।

এরই মধ্যে আগস্ট বিপ্লব হঠাৎই সুরু হ'য়ে গেল। নেতৃবৃন্দের গ্রেপ্তারের সংবাদে সারাভারতব্যাপী জনগণের মনে যে প্রচণ্ড বিক্ষোভ জেগেছিল—তারই স্বতঃস্ফূর্ত প্রকাশের মধ্য দিয়েই আগস্ট বিপ্লবের সূচনা, পথ দেখাবার, নেতৃত্ব দেওয়ার মতো বিশেষ কেউ ছিল না, বিপ্লবকে একটা নির্দ্দিষ্ট পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কোন নির্দিষ্ট কার্যক্রমও ছিল না:

হঠাৎ এই অতর্কিত আঘাতে আপামর জনসাধারণের মনে যে বিক্ষোভের সঞ্চার হ'ল—নানা আকারে ও প্রকারে সেই বিক্ষোভের বহিঃপ্রকাশের মধ্য দিয়েই আগস্ট বিপ্লবের সূচনা হ'ল। কিছুপরে জয়প্রকাশ নারায়ণ, অরুণা আসফ আলী, সুচেতা কৃপালনী-প্রমুখ যে-সব নেতৃবৃন্দ তখনও জেলের বাইরে আত্মগোপন করেছিলেন—তাঁরা এই আন্দোলনকে কিছুটা সংগঠিত করে একটা নির্দিষ্ট ধারায় পরিচালনার চেষ্টা করেন।

বিপ্লবের পীঠভূমি মেদিনীপুর একটু থমকে দাঁড়াল – সঙ্গে সঙ্গে ঝাঁপিয়ে পড়ল না অন্যান্য স্থানের মতো। বিক্ষোভ মিছিল, প্রতিবাদ সভা, শোভাযাত্রা, ছাত্র-বিক্ষোভ ইত্যাদি অবশ্য চলতে থাকল। তমলুক মহকুমায় কংগ্রেস নেতৃবৃন্দের মধ্যে শ্রীকুমারচন্দ্র জানা

* অনুবাদ—বঙ্গীয় ব্যবস্থাপক সভায় ১৫।২।৪৩ তারিখে মেদিনীপুর সংক্রান্ত মুলতুবী প্রস্তাব প্রসঙ্গে প্রদত্ত বক্তৃতা।

আন্দোলন সুরু হওয়ার প্রায় সঙ্গে সঙ্গেই গ্রেপ্তার হয়েছিলেন। অল্প কিছুদিন পরে শ্রীরজনীকান্ত প্রামাণিককেও গ্রেপ্তার করা হ'ল। সরকারকে আর কোন সুযোগ না দিয়ে অজয়কুমার, সতীশচন্দ্র, সুশীলকুমার প্রমুখ নেতৃবৃন্দ শহর ছেড়ে গ্রামাঞ্চলে গিয়ে আন্দোলনকে কিছুটা সুসংগঠিত করার কাজে লিপ্ত হ'লেন। নেতৃস্থানীয় অন্যান্য কর্মীদেরও বাড়ী ছেড়ে অন্যত্র আত্মগোপন করে থাকার নির্দেশ দেওয়া হ'ল।

এই সময়—৮ই সেপ্টেম্বর, ১৯৪২—আগস্ট বিপ্লব সুরু হওয়ার ঠিক একমাস পরে রূপনারায়ণ নদীর তীরে মহিষাদল থানার অন্তর্গত দনিপুর গ্রামে একটা ঘটনা ঘটল—যা বিপ্লবের গতিকে আরও ত্বরান্বিত করতে সাহায্য করল। দনিপুরের চালকলের মালিকরা সরকারী কর্মচারীদের সঙ্গে যোগসাজসে ব্যাপকভাবে ধানচাল পাচার করা সুরু করেছিলেন। আশপাশের গ্রাম থেকে কয়েক হাজার গ্রামবাসী তাদের ক্ষুধার অন্ন এভাবে গোপনপথে চোরাকারবারীদের কাছে পাচার হ'তে দেখে ঐ রাইস মিল ঘেরাও করে। মিলমালিকরা পুলিশের সাহায্য নেয়। কিন্তু গ্রামবাসীরা তখন এই চক্রান্ত রোধ করতে বদ্ধপরিকর; পুলিশের লাঠি তাদের হঠাতে পারেনি। তখন পুলিশ গুলি চালায় এবং তিনটি নিরীহ প্রাণ সঙ্গে সঙ্গে মাটিতে লুটিয়ে পড়ে। এঁরাই তমলুক মহকুমায় আগস্ট বিপ্লবের প্রথম শহীদ।

তাঁদের এই রক্তদান কিন্তু বৃথা গেল না। গ্রামবাসীদের দৃঢ়তার কাছে মিলমালিকরা শেষ পর্য্যন্ত নতিস্বীকার করে ক্ষমাভিক্ষা চেয়ে নিলেন। এই ঘটনার ফলে জন সাধারণের প্রবল উত্তেজনা দেখা দিল—তারা প্রত্যক্ষ সংগ্রামে ঝাঁপিয়ে পড়ার জন্য উদগ্রীব হয়ে উঠল।

আগস্ট বিপ্লবের প্রধান কার্যক্রম ছিল সুসংগঠিত উপায়ে অহিংস পন্থায় বৃটিশ সরকারের শক্তিকেন্দ্রগুলি অধিকার করে নেওয়া। সতীশচন্দ্রের নেতৃত্বে মেদিনীপুরের নেতৃবৃন্দ মিলিতভাবে সিদ্ধান্ত গ্রহণ করেন যে সারা জেলায় বিশেষ করে তমলুক ও কাঁথি মহকুমায় একই দিনে একযোগে এই আক্রমণ পরিচালন করা হবে এবং ঐ আক্রমণের

দিন স্থির হয় ২৯শে সেপ্টেম্বর, ১৯৪২। আরও স্থির হয় যে নির্ধারিত তারিখের আগের দিন ছোট-বড় সব রাস্তাঘাট কেটে বা অবরোধ সৃষ্টি করে, টেলিগ্রাফ, টেলিফোনের তার বিনষ্ট করে জেলার সঙ্গে—বিশেষ করে তমলুক ও কাঁথি মহকুমার সঙ্গে—বাইরের পৃথিবীর সব রকম সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হবে। তার পরদিন অর্থাৎ ২৯শে সেপ্টেম্বর হাজার হাজার লোক শোভাযাত্রা সহকারে প্রতিটি থানা ও মহকুমা কেন্দ্রে উপস্থিত হয়ে থানা, আদালত প্রভৃতি সরকারী শাসনযন্ত্রের মূলকেন্দ্রগুলি অধিকার করে নেবে।

একটা কথা বিশেষভাবে উল্লেখ করা দরকার যে জেলার কর্মীদের মধ্যে এমন একটা বোঝাপড়া ছিল—তাদের মন্ত্রগুপ্তি এমন একটা দৃঢ় প্রত্যয়ের উপর প্রতিষ্ঠিত ছিল যে, শেষ মুহূর্ত পর্যন্তও এই ব্যাপক পরিকল্পনা ও প্রস্তুতির বিন্দুমাত্র আভাস পর্যন্ত সরকারী আমলাদের গোচরে আসেনি। ২৮শে সেপ্টেম্বর রাত্রে যখন রাস্তাঘাট কেটে, বড় বড় গাছ কেটে রাস্তার উপর ফেলে, টেলিগ্রাফ, টেলিফোন লাইন বিচ্ছিন্ন করে তমলুক ও কাঁথিতে পরিপূর্ণ অবরোধ সৃষ্টি করা হ'ল—তখনই বোধহয় তাঁরা পরের দিনের ঘটনা সম্বন্ধে কিছুটা অনুমান করতে পেরেছিলেন।

সতীশচন্দ্র ও অজয়কুমার এই দুই দক্ষ সেনাপতির নেতৃত্বে এবং তাঁদের সুযোগ্য সহযোগীদের নিপুণ ও নিখুঁত ব্যবস্থাপনায় ২৮শে সেপ্টেম্বর রাত্রিতে কয়েক ঘণ্টার মধ্যে পাঁশকুড়া থেকে তমলুক হয়ে নরঘাট, তমলুক থেকে সুতাহাটা, মহিষাদল থেকে তেরপেখিয়া, কুকড়াহাটী থেকে বালুঘাটা প্রভৃতি সব বড় বড় রাস্তার উপর যত বড় বড় গাছ ছিল সব কেটে রাস্তার উপর ফেলে রাস্তা অবরোধ করা হল, ত্রিশটি বড় বড় কালভার্ট উড়িয়ে দেওয়া হ'ল কুড়ি জায়গায় পাকা রাস্তা কেটে গভীর খাদ সৃষ্টি করা হ'ল। টেলিগ্রাফ টেলিফোনের তার কেটে, একশো সাতানব্বইটি পোস্ট উপড়িয়ে টুকরো টুকরো করে ফেলে দেওয়া হল। কাঁসাই ও হুগলী নদীর ফেরি-বোটগুলি দূরে সরিয়ে ডুবিয়ে রাখা হ'ল। মহকুমার ছয়টি থানার মধ্যে চারটি থানায় এই বিরাট কাজ ২৮শে সেপ্টেম্বর রাত্রি ১০টা থেকে ভোর ৪টার মধ্যে শেষ করা হ'ল।

ঐ কয়েক ঘণ্টা সময়ের মধ্যে এই বিশাল অবরোধ-ব্যবস্থা নিখুঁতভাবে সম্পন্ন হ'য়েছিল—যেন ময়দানবের কীর্তি। এক-একটি গ্রাম বা এলাকার লোকের উপর ভার ছিল এক-এক অংশের কাজ করার জন্য। কাজ শেষ করে ভোর হওয়ার আগেই যে যার ঘরে ফিরে গেল। এই অবরোধ ব্যবস্থার একমাত্র উদ্দেশ্য ছিল—বাইরে থেকে পুলিশ বা ফৌজী সৈন্যরা না-আসতে পারে।

২৯শে সেপ্টেম্বর ভোরে শাসক গোষ্ঠীর নজরে পড়ল এই ব্যাপার। সঙ্গে সঙ্গে মিলিটারী গাড়ী নিয়ে, বেয়নেটের জোরে গ্রামের লোকদের জবরদস্তি ধরে নিয়ে এসে রাস্তার কাটা অংশে গাছ, মাটি ফেলে তমলুক থেকে পাঁশকুড়া পর্যন্ত রাস্তা কোনরকমে কাজ চলার মতো মেরামত করতে পেরেছিল এবং বেলা ২টার মধ্যে মিলিটারী ফোর্স আনতে সক্ষম হয়েছিল। তারই ফলে তমলুকে নির্মম গুলি-বর্ষণ সম্ভব হয়েছিল।

পূর্ব পরিকল্পনা মতো ২৯শে সেপ্টেম্বর বেলা ২টার সময় একযোগে হাজারে হাজারে ছেলে-মেয়ে, যুবক-যুবতী, বুড়ো-বুড়ী শোভাযাত্রা সহকারে মহকুমা ও থানা শহরগুলির দিকে এগিয়ে চলল—বিদেশী সরকারের শক্তিকেন্দ্রগুলি দখল করে নেওয়ার জন্য। সামনে থাকল বিদ্যুৎ বাহিনীর সুশিক্ষিত স্বেচ্ছাসেবক দল। মহকুমা শহর তমলুকের পাঁচটি প্রবেশ পথে পাঁচদিক দিয়ে হাজার হাজার (প্রায় পঞ্চাশ হাজার) লোকের শোভাযাত্রা এগিয়ে চলল। শহরে মিলিটারী সৈনিক তখন এসে পৌঁচেছে শহরে ঢোকার প্রবেশ-পথে তারা পথ আটকে দাঁড়াল, বিরাট জনতার মুখোমুখি হ'য়ে হিংস্র, উন্মত্ত হয়ে উঠল সৈন্যদল, গর্জে উঠল তাদের আগ্নেয়াস্ত্র। চার জায়গায় গুলি চলল। পর পর তিনবার গুলি খেয়ে মাটিতে লুটিয়ে পড়লেন গান্ধীবুড়ী, ৭৩ বছরের বৃদ্ধা বীরাঙ্গনা মাতঙ্গিনী হাজরা-তাঁর হাতের জাতীয় পতাকাটি ঊর্ধ্বে রেখে। তাঁর সঙ্গে প্রাণ দিল আরও নয়টি তাজা তরুণ। হতাহতের সংখ্যা সঠিকভাবে নির্ণয় করা সম্ভব হ'ল না। পূর্ব নির্দেশ অনুযায়ী বিদ্যুৎ-বাহিনীর শুশ্রূষাকারী বাহিনী সঙ্গে সঙ্গে তাদের সরিয়ে নিয়ে গেল। গুরুতর আহতদের রামকৃষ্ণ মিশন হাসপাতালে স্থানান্তরিত

করা হ'ল। আর এক মহীয়সী মহিলার কথা না বললে বোধহয় এ কাহিনী অসম্পূর্ণ থেকে যাবে। তমলুক শহরে শঙ্কর আড়া পুলের উপর চলল গুলি। আহতেরা "জল জল" করে চীৎকার করছেন। কিন্তু সেই অবিশ্রান্ত গুলিবর্ষণের সামনে কারও এগিয়ে যাওয়ার সাধ্য ছিল না। সেই গুলিবৃষ্টি অগ্রাহ্য করে সাবিত্রী দে নামে এক বারাঙ্গণা জল হাতে নিয়ে এগিয়ে গেলেন তাদের জল দিতে। বেয়নেট উঁচিয়ে সৈন্যদল তাড়া করল। তিনি বাড়ী থেকে বঁটি হাতে এগিয়ে এলেন। বারাঙ্গনাকে বীরাঙ্গনা মুর্তিতে আবির্ভূত হ'তে দেখে সৈন্যদল পিছিয়ে এল। পরে তিনি নিজের বাড়ীতে লুকিয়ে রেখেছিলেন আহত এক সৈনিককে। দোরগোড়ায় নিজে পাহারায় বসেছিলেন।

মহিষাদলে বিদ্যুৎ-বাহিনীর নেতৃত্বে চল্লিশ হাজার লোকের জনতা এক অনন্য আক্রমণ রচনা করল। এখানে তখনও সৈন্যবাহিনী এসে পৌঁছায়নি। কিন্তু মহিষাদলের কুমার ভবানী প্রসাদ গর্গের দেহরক্ষী কুখ্যাত 'জি. সাহেব'কে বহু প্রহরী সহ পাঠিয়ে এবং প্রচুর বুলেট দিয়ে এই আক্রমণ প্রতিহত করতে সাহায্য করলেন। থানার পঁচিশ গজের মধ্যে এসে পৌঁছানোমাত্র ঝাঁকে ঝাঁকে গুলিবৃষ্টি সুরু হল। বিদ্যুৎ বাহিনীর জি.ও.সি. সুশীলকুমার ধাড়া নিজে উপস্থিত থেকে আক্রমণ পরিচালনা করলেন। সঙ্কেত অনুযায়ী কখনও শুয়ে পড়ে, কখনও হামাগুড়ি দিয়ে, কখনও পিছু হটে বিপ্লবী সৈন্যদল এগিয়ে চলল। কিন্তু প্রবল গুলিবৃষ্টির মুখে লক্ষ্যে পৌঁছানো সম্ভব হ'ল না। তের জন শহীদের প্রাণ বলি দিয়ে বিপ্লবী জনতা ফিরে যেতে বাধ্য হ'ল।

প্রাণ না দিয়ে দখল করা গেল কেবল সূতাহাটা থানা। দারোগা সিপাইরা বন্দুক সহ আত্মসমর্পণ করল, বিপ্লবী বাহিনীর নির্দেশে জাতীয় পতাকাকে অভিনন্দন জানাল। বৃটিশ সরকার এই থানা রক্ষায় কোন ব্যবস্থা করতে পারেনি, সেজন্য দুটি বিমান পাঠাল নিরস্ত্র জনতার উপর বোমাবর্ষণের জন্য। বোমা তারা ফেলেও ছিল—কিন্তু ঐ বোমা পুকুরের মধ্যে পড়ায় কোন বিপর্যয় ঘটতে পারেনি।

বিশেষ কারণে নন্দীগ্রাম থানায় ঐ দিন আক্রমণ করা সম্ভব হয়নি।

কারণ মাত্র ছুদিন আগেই ২৭শে সেপ্টেম্বর ঐ থানার ঈশ্বরপুরে গুলি চলেছিল—প্রাণ হারিয়েছিল—চারজন সৈনিক। তাই ঐ থানায় পরের দিন অর্থাৎ ৩০শে সেপ্টেম্বর আক্রমণের দিন স্থির হয়েছিল, ঐ দিন কুড়ি হাজার লোকের এক জনতা নন্দীগ্রাম থানা আক্রমণ করল। কিন্তু তখন মিলিটারী সাহায্য ওখানে পৌঁছে গেছে। তারা গুলি চালাল। আরও চারটি তাজা প্রাণ ওখানে বলি পড়ল।

এই সংগ্রামের একটি লক্ষণীয় বিষয়, যে সব শহীদের বুকের রক্তে সেদিন ধরণীর বুক রাঙা হয়েছিল তাদের কারও দেহেই কোমরের নীচে গুলি লাগেনি, অর্থাৎ সেদিন হত্যার উদ্দেশ্যেই গুলি চালানো হ'য়েছিল।

আরও একটি গর্বের বিষয় হত ও আহত কারও পৃষ্ঠদেশে গুলির আঘাত লাগেনি, অর্থাৎ ঐ বিশাল জনতার কেউই ভীতত্রস্ত হ'য়ে পালিয়ে যাননি। অসীম সাহসের সঙ্গে সম্মুখ যুদ্ধেই তাঁরা প্রাণ দিয়েছেন বা মারাত্মকভাবে আহত হ'য়েছেন।

কি গভীর চিন্তা এবং বিবেচনার সঙ্গে সমগ্র পরিকল্পনা রচনা করা হয়েছিল এবং কি গভীর নিষ্ঠার সঙ্গে সেই পরিকল্পনাকে রূপায়িত করার চেষ্টা হয়েছিল সে কথা স্বয়ং বৃটিশ সরকারই স্বীকার করে গেছেন—তাঁদের প্রচারিত Some Facts about Disturbances in India নামক বই-এ। বিপ্লবীদের কাজকর্মকে নিন্দাবাদ করতে গিয়ে পরোক্ষে প্রশংসা করে বলা হয়েছে "বাংলাদেশে মেদিনীপুর জেলায় বিদ্রোহীদের ক্রিয়াকলাপের মধ্যে যথেষ্ট সতর্কতা এবং পূর্ব পরিকল্পনার পরিচয় পাওয়া যায়। বিপদ সম্পর্কে সতর্ক করার জন্য তারা খুবই কার্যকর ব্যবস্থা উদ্ভাবন করেছিল। পূর্ব-নির্দিষ্ট সঙ্কেত অনুযায়ী ব্যূহ রচনা, পাশ থেকে গিয়ে ঘিরে-ধরা প্রভৃতি সৈন্য পরিচালনার প্রাথমিক কলাকৌশল তারা গ্রহণ ও প্রয়োগ করেছিল। আহতদের পরিচর্যা করার জন্য বিশৃঙ্খলা সৃষ্টিকারী এই সব বিদ্রোহী দলের সঙ্গে ডাক্তার ও শুশ্রূষাকারিণীরা থাকতেন। তাদের গোয়েন্দা বিভাগও খুবই সুদক্ষ ছিল।"*

---

* Some facts about the disturbances in India, 1942-43, compiled by an Indian journalist from materials supplied by the Govt.—পৃষ্ঠা—১২।

শত্রুপক্ষের এই সপ্রশংস স্বীকারোক্তির মধ্যেই বিদ্রোহীদের শক্তি ও সংগঠনের পরিচয় পাওয়া যায়।

***　　　***　　　***

পরবর্তী পর্যায়ে বৃটিশ সরকারের ছোট ছোট ঘাঁটিগুলি অধিকার ও অধিগ্রহণ করে দেশ থেকে বৃটিশ শাসনের শেষ চিহ্নগুলি মুছে দেওয়ার কাজ, ইউনিয়ন বোর্ড, ঋণ শালিসী বোর্ড, খাজনা আদায় কেন্দ্র প্রভৃতি অধিকার করে নেওয়া হল।

এইভাবে সামগ্রিক বিপ্লবের কাজ যখন সুষ্ঠুভাবে অগ্রসর হচ্ছে তখন মেদিনীপুরের বুকে নেমে এল এক অভূতপূর্ব প্রাকৃতিক বিপর্যয়। সেদিনটা ছিল ১৬ই অক্টোবর, ১৯৪২ মহাসপ্তমীর দিন। ঘরে ঘরে সাধ্যানুযায়ী আনন্দের আয়োজন। সারাদিন ধরে অঝোর ধারায় বৃষ্টি হচ্ছিল; সঙ্গে ছিল ঝোড়ো বাতাস, বিকালের দিকে সুরু হল ঘুর্ণি-ঝড়। সন্ধ্যার পর রাত্রি যতই বাড়তে থাকল সেই ঝড় ততই প্রবল আকার ধারণ করতে লাগল। সঙ্গে সঙ্গে সমুদ্রের জল উত্তাল হয়ে নদীগুলিকে প্লাবিত করে বা বাঁধ ভেঙে গ্রামের পর গ্রাম ভাসিয়ে দিল।

তমলুকের তদানীন্তন এস. ডি. ও., ডব্লিউ. এ. সেখ এই মহকুমার যে সরকারী বিবরণ দিয়েছিলেন তাতে তিনি উল্লেখ করেন যে এই প্রলয়ঙ্কর ঝড় বন্যায় "৩,৮৭২ জন লোক অল্পবিস্তর আহত হয় এবং ৬৮,১৯৩টি গবাদি পশু মারা যায়। ১,১০,৩৪৬টি বাসগৃহ সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয় এবং ৭৬,৯৮৫টি বাড়ী গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়ে বসবাসের অনুপযোগী হয়ে পড়ে। ডিস্ট্রিক্ট বোর্ডের সমস্ত রাস্তা ও ১১০ মাইল লম্বা নদীর বাঁধ ভেঙে নিশ্চিহ্ন হয়ে যায়। বহু সংখ্যক সাঁকো ও স্লুইশ গেট ক্ষতিগ্রস্ত হয়। হোর মিলার কোম্পানীর দুইটি স্টীমার, ২১,৫১১·৪৯ কয়েকটি লঞ্চ ও বহু সংখ্যক নৌকা নদীতে ডুবে যায়। একর জমির শতকরা ৫০ ভাগেরও বেশী শস্য নষ্ট হয়ে যায়।"[2]

এই অভূতপূর্ব প্রাকৃতিক বিপর্যয়ের পর সরকারের তরফে প্রথম

2. Memo No. 6363 R dated 30. 9. 43—Report on the Tidal Bore of October, 1942—Vol.1 হইতে উদ্ধৃত।

চেষ্টা হল খবরটা চেপে যাওয়ার। ভারত রক্ষা আইন বলে সংবাদ-পত্রের মুখ বন্ধ করে রাখা হয়েছিল। যুগান্তর পত্রিকায় সামান্য কিছু প্রকাশিত হয়েছিল বলে ঐ পত্রিকার ঐ সংখ্যাটি বাজেয়াপ্ত করা হল। আনন্দ বাজার পত্রিকায় প্রশ্ন করা হয়েছিল—ফেণী, নোয়াখালি (এই সব অঞ্চলের খবর প্রকাশ করা হয়েছিল) অঞ্চলে ঝড়ের প্রবলতা যদি এত বেশী হয় তাহলে মেদিনীপুরের খবর না জানি কত ভয়াবহ—সে জন্য তাঁদের সাবধান করে দেওয়া হয়েছিল তাঁরা যেন মেদিনীপুর সম্বন্ধে কোন কথা না বলেন।

তৎকালীন সরকার এবং স্থানীয় সরকারী কর্মচারীদের মনোভাব কতখানি হৃদয়হীন ছিল তা তৎকালীন বাংলা সরকারের অর্থমন্ত্রী বঙ্গগৌরব ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, মন্ত্রিসভা থেকে তাঁর পদত্যাগ-কালীন বিবৃতিতে উল্লেখ করেছেন। তিনি বলেছিলেন—

"এই ভয়ঙ্কর দুর্বিপাকের মুখে ছোট থেকে বড় পর্যন্ত সমস্ত কর্মচারীর মধ্যে যে হৃদয়হীনতা আমি দেখেছি যে কোন সভ্য শাসন ব্যবস্থার ইতিহাসে তার তুলনা পাওয়া যাবে না···মেদিনীপুর সম্বন্ধে আমার প্রথম অভিযোগ এই যে, ১৬ই অক্টোবরের এই প্রাকৃতিক তাণ্ডবলীলা সংক্রান্ত সমস্ত সংবাদ প্রকাশ করতে অপরাধজনক ভাবে এবং ইচ্ছাকৃত ভাবে দেরী করা হয়েছিল। ভারত রক্ষা আইনকে বহু-ভাবে অপব্যবহার করা হয়েছে—কিন্তু ভারতবর্ষের অন্য কোথাও এই আইনের এ রকম লজ্জাজনক অপব্যবহার আর ঘটেনি। উচ্চ রাজ-কর্মচারীদের সুখী পরিবার এই সংবাদ প্রায় একপক্ষকাল চেপে রেখে-ছিল। সাহায্যের জন্য আবেদন পর্যন্ত প্রকাশ করতে দেওয়া হয়নি। আর এই দেরীর জন্য যে কারণ দেখানো হয়েছিল তা মোটেই সমর্থন-যোগ্য নয়। তার ফলে যা ঘটল তা এই যে সবচেয়ে মূল্যবান সময় এইভাবে নষ্ট হয়ে গেল, ওদিকে সুসংবদ্ধ ও সুপরিকল্পিত ত্রাণ-ব্যবস্থার অভাবে মানুষ মারা যেতে থাকল এবং অসীম দুঃখকষ্ট ভোগ করতে থাকল। জেলার শাসনকর্তা স্বয়ং [মিঃ এন. এম. খাঁন, আই-সি-এস] এই অবস্থার সম্মুখীন হয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণে অক্ষম হলেন এবং এই জেলার অধিবাসীদের—যাদের তিনি 'বিদ্রোহী' আখ্যা দিয়েছিলেন

—তাদের সম্বন্ধে তাঁর মনের মধ্যে পুষে-রাখা বিরাগ তিনি পরিত্যাগ করতে পারলেন না। জনসাধারণের দুঃখ দুর্দশা দূর করার জন্য যে কোন দায়িত্বজ্ঞান-সম্পন্ন কর্মচারীর যা করা উচিত—তা করতে তিনি অপারগ হলেন।... তিনি তাঁর রিপোর্ট পাঠিয়ে বললেন এই অঞ্চলের জনসাধাণের রাজনৈতিক অপকর্মের পরিপ্রেক্ষিতে সরকারের পক্ষ থেকে কোন প্রকার ত্রাণব্যবস্থা গ্রহণ করা উচিত তো হবেই না কোন বেসরকারী প্রতিষ্ঠানকেও একমাসের মধ্যে কোন প্রকার ত্রাণ কার্যের অনুমতি দেওয়া উচিত হবে না। তাঁর এই রিপোর্ট পেয়েই তাঁর মানসিক গঠনের পূর্ণ পরিচয় আমরা পেলাম।”[১]

এই সম্বন্ধে আরও একটা কথা বলা প্রয়োজন যে ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ফজলুল হক মন্ত্রিসভা থেকে যে সব কারণে পদত্যাগ করেন—মেদিনীপুরের এই সব ঘটনাবলী এবং মেদিনীপুরবাসীর উপর বর্বরতম পুলিসী অত্যাচার বিশেষ করে তমলুক মহকুমায় মেয়েদের উপর ব্যাপক অত্যাচার-ধর্ষণ তার মধ্যে প্রধানতম। শ্যামাপ্রসাদ আরও একটা চেষ্টা করেছিলেন—যেসব রাজনৈতিক নেতা জেলের মধ্যে ছিলেন—তাঁদের মুক্তি দিয়ে ত্রাণকার্যে নামানো যেতে পারে। রাজনৈতিক ক্রিয়াকলাপ সাময়িকভাবে বন্ধ রেখে সম্পূর্ণরূপে দুর্গত মানুষের ত্রাণকার্যে আত্মনিয়োগ করতে তাঁরাও বিশেষ আগ্রহী ছিলেন এবং এও প্রতিশ্রুতি দিয়েছিলেন যে ত্রাণকার্য শেষ হলে তাঁরা আবার জেলে ফিরে যাবেন। দূত মুখে এই প্রস্তাব যখন অজয়কুমার, সতীশচন্দ্র প্রমুখ নেতৃবৃন্দের কাছে পৌঁচেছিল তখন তাঁরাও রাজনৈতিক ক্রিয়াকলাপ সাময়িকভাবে স্থগিত রেখে আর্তত্রাণে পরিপূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছিলেন কিন্তু শেষ পর্যন্ত সরকারী তরফে এমন অসম্ভব শর্ত প্রয়োগ করা হল যে শ্যামাপ্রসাদ নিজেই সে প্রস্তাব প্রত্যাহার করে নিয়েছিলেন।[২]

১। বঙ্গীয় ব্যবস্থাপক সভায় ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২।২।১৯৪৩ তারিখে প্রদত্ত বক্তৃতার অনুবাদ।

২। বঙ্গীয় ব্যবস্থাপক সভায় ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১৫।২।৪৩ তারিখে প্রদত্ত বক্তৃতা দ্রষ্টব্য।

শেষ পর্যন্ত এই প্রলয়ঙ্কর ঝড়-বন্যার সতেরো দিন পরে মন্ত্রীদের চাপে পড়ে সরকার এক প্রেস নোট প্রকাশ করে বললেন যে বিদ্রোহীরা সব রাস্তাঘাট কেটে ফেলে, এবং যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন করার ফলে তাঁরা খবর সংগ্রহ করতে পারেননি। ইতিমধ্যে কিন্তু শ্যামাপ্রসাদ নিজে এসে ঘুরে গেছেন— আরও দু'একজন মন্ত্রী এবং অফিসারও এসেছেন ; তাঁদের ক্ষেত্রে কিন্তু যোগাযোগ ব্যবস্থার কোন অপ্রতুলতা দেখা দেয়নি। বরং যাঁরা তাঁদের ঘুরে ফিরে দেখানোর ব্যবস্থা করেছিলেন, ক্ষয়ক্ষতির বিবরণ দিয়েছিলেন—তাঁদের ভাগ্যে পুরস্কার জুটেছিল—স্পেশ্যাল পুলিশ হওয়ার অর্ডার।

একদিকে যেমন আর্তত্রাণে চরম সরকারী ঔদাসীন্য— অন্যদিকে তেমনি বিপর্যস্ত মানুষের উপর অমানুষিক অত্যাচার ও উৎপীড়নে তৎপর হয়ে উঠলেন সরকার পক্ষ। নিরীহ গ্রামবাসীদের ধরে ধরে প্রহার ও নানা প্রকার কুৎসিৎ শারীরিক নির্যাতন তো ছিলই— সারা মহকুমাব্যাপী যে বেপরোয়া লুটতরাজ, গৃহদাহ, মহিলাদের শ্লীলতাহানি ও পাশবিক অত্যাচারের স্রোত বয়ে চলল যে কোন সভ্যজাতির ইতিহাসে তার তুলনা মেলা ভার। ১৬ই অক্টোবরের সেই দুঃস্বপ্নের রাতে একদিকে যখন চলছে—প্রকৃতির উদ্দাম তাণ্ডবলীলা অন্যদিকে তখন সুসভ্য বৃটিশ সরকারের পুলিশ বাহিনী আর এক তাণ্ডবে মেতে উঠেছে পেট্রোল ঢেলে একটার-পর-একটা ঘর পুড়িয়ে। ঝড়ের পরে দিগন্তবিস্তারী ঐ বিশাল শূন্যতার মধ্যে তখনও যে দু'একটি আচ্ছাদনহীন ঘরবাড়ী কোনক্রমে মাথা তুলে দাঁড়িয়েছিল—সর্বহারা মানুষের সেই শেষ আশ্রয়গুলিও পুলিশী তাণ্ডবের হাত থেকে রক্ষা পেল না। ১৯৪২ থেকে ১৯৪৪— এই দু'বছরের মধ্যে তমলুক মহকুমায় মোট ১১৬টি বাড়ী পোড়ানো হয়েছিল, তার মধ্যে ঝড়ের পূর্বে পোড়ানো হয় ৫২টি বাড়ি, ঝড়ের দিনে ৬টি এবং ঝড়ের পরে ৫৮টি[১] আর লুটতরাজ যে কি বিরাট আকারে ঘটেছিল তার একটি মাত্র উদাহরণ

১। Sri S. C, Samanta & others Two years National Government in Tamluk. এই বই-এ যাঁদের বাড়ী পোড়ানো হয়েছিল তাঁদের পূর্ণ তালিকা, পোড়ানোর তারিখ এবং তৎকালীন অর্থমূল্যে ক্ষয়-ক্ষতির পরিমাণ দেওয়া আছে।

দিলেই যথেষ্ট হবে। ২৪শে অক্টোবর, ১৯৪২, বন্যার সাত দিন পরে— বন্যার জল তখনও চারিদিকে থৈ থৈ করছে— সেই মানুষ প্রমাণ জলে সাঁতার দিয়ে পুলিশ বাহিনী তমলুক থানার পুতপুতিয়া গ্রামে হানা দিয়ে কয়েক জনকে গ্রেপ্তার করে ও বাড়ীর-পর-বাড়ী ঘেরাও করে বেপরোয়া মারপিট ও লুটতরাজ চালিয়ে যায়। ঐ দিন একমাত্র চৈতন্যচরণ দাসের বাড়ী থেকেই নগদ ১১,০০০ টাকা ও ৬২টি গিণি (বর্তমান অর্থমূল্য এক লক্ষ টাকার উপর) লুট করে নেয়। ঐ বাড়ীর মেয়েদেরও শ্লীলতাহানির চেষ্টা করেছিল— কিন্তু তাদের সঙ্ঘবদ্ধ প্রতিরোধের কাছে হার মেনে পালিয়ে যায়।

এই প্রসঙ্গে একটা কথা বোধ হয় বলা প্রয়োজন যে পুলিশ কখনও একা বা দু-তিন জন মিলেও গ্রামাঞ্চলে প্রবেশ করতে সাহস করত না। মিলিটারী এবং বন্দুকধারী সিপাহীসহ বিরাট দলবল নিয়েই নির্দিষ্ট গ্রামে হানা দিত। সুপরিকল্পিতভাবে আর একটা চেষ্টাও সরকারপক্ষ করে যাচ্ছিলেন—তাহ'লে সাম্প্রদায়িক হাঙ্গামার জন্য উস্কানী দেওয়া। সেই পরিকল্পনা অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেট, এস.ডি.ও. ইত্যাদি শাসন বিভাগের উচ্চ সরকারীপদে বেছে বেছে অবাঙালী মুসলমান কর্মচারী নিয়োগ করা হয়েছিল। মুসলমান অধিবাসীদের উস্কানী দেওয়া হত—পুলিশের সহযোগিতায় হিন্দুদের ঘরবাড়ী লুট করে নেওয়ার জন্য। কিন্তু সুখের বিষয় তাদের এ চেষ্টা কখনও সফল হয়নি। দু-একটি স্বভাব-দুর্বৃত্ত মুসলমানকে বাদ দিলে বৃহত্তর মুসলমান সমাজ এই ঘৃণ্য চক্রান্তের অংশীদার হতে রাজী হয়নি। আর সাম্প্রদায়িক হাঙ্গামা এই অঞ্চলে আগেও কখনও হয়নি, পরেও কখনও হয়নি।

এই অবস্থার সম্মুখীন হ'য়ে মহকুমার কংগ্রেস কর্মীরা সতীশচন্দ্রের সভাপতিত্বে এক যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করলেন। তাঁরা ঠিক করলেন যে এই অত্যাচার এবং অরাজকতা, উৎপীড়ন এবং স্বেচ্ছাচারের অবসান ঘটিয়ে দেশের মধ্যে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য এবং সর্বোপরি বন্যা ও ঝঞ্ঝাপীড়িত দুঃস্থ মানুষদের সেবা ও পুনর্বাসনের সুষ্ঠু ব্যবস্থাপনার উদ্দেশ্যে এই মহকুমায় নিজস্ব জাতীয় সরকার প্রতিষ্ঠা করা দরকার। সেই উদ্দেশ্য সফল করার মানসে ১৭ই ডিসেম্বর, ১৯৪২

(বাংলা শুভ ১লা পৌষ, ১৩৪৯) প্রতিষ্ঠিত হ'ল 'তাম্রলিপ্ত জাতীয় সরকার'।

পরবর্তী ২৬শে জানুয়ারী, ১৯৪৩ 'বিপ্লবী' প্রচার পত্রিকায় ঘোষণা করা হ'ল—

"তমলুকে নবযুগ"

স্বাধীন তাম্রলিপ্তে জাতীয় শাসন ব্যবস্থার প্রবর্তন।

...তমলুক মহকুমা সম্প্রতি এমন এক অরাজক অবস্থার মধ্যে এসে পড়েছিল যে ঐ রকম চরম অরাজক, মগের মুলুক অবস্থা আর চলতে দেওয়া যায় না। তাই মহকুমা কংগ্রেস শুভ ১লা পৌষ (১৭.১২।৪২) থেকে "মহাভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্ভুক্ত তাম্রলিপ্ত মহকুমা জাতীয় শাসনব্যবস্থা" সংক্ষেপে 'তাম্রলিপ্ত জাতীয় সরকার'-এর প্রবর্তন করেছে।[১] ভাবী মহাভারতীয় যুক্তরাষ্ট্রের অন্তর্ভুক্ত হইবার উদ্দেশ্যে, ভবিষ্যতে সম্পূর্ণ গণতান্ত্রিক শাসনের উদ্দেশ্য নিয়ে বর্তমান অস্বাভাবিক অবস্থার জন্য পুনর্ব্যবস্থা না হওয়া পর্য্যন্ত একজন 'সর্বাধিনায়ক'-এর উপর জাতীয় সরকারের সকল দায়িত্ব ও ক্ষমতা অর্পণ করা হ'য়েছে। তিনি তাঁর মন্ত্রীমণ্ডলী গঠন করে নিয়ে শাসনকার্য চালাচ্ছেন। ঠিক এই ভাবে ২৬শে জানুয়ারী, ১৯৪৩ স্বাধীনতা দিবসে (১২ই মাঘ, ১৩৪৯ নন্দীগ্রাম, মহিষাদল, সুতাহাটা ও তমলুক থানায় এক একজন 'অধিনায়ক'-এর উপর মন্ত্রীমণ্ডলী গঠন করে নিয়ে 'থানা জাতীয় সরকার' চালাবার ভার দেওয়া হয়েছে। আশা ও বিশ্বাস করি তমলুক মহকুমাবাসী তাহাদেরই "জাতীয় সরকার"কে শক্তি, সামর্থ্য, অর্থ ও আনুগত্য দিয়ে এই মহকুমা থেকে বৃটিশ শাসনের সকল চিহ্ন একেবারে ধুয়ে মুছে ফেলে পূর্ণ নবযুগের প্রবর্তন করবে।"

এই প্রসঙ্গে সর্বাধিনায়ক ও থানা অধিনায়কদের নাম ঘোষণা করা হ'ল

সর্ব্বাধিনায়ক

শ্রীসতীশচন্দ্র সামন্ত

১। বিপ্লবী—২৬শ সংখ্যা—২৬শে জানুয়ারী, ১৯৪৩-এর প্রতিকৃতি দ্রষ্টব্য।

মহিষাদল থানা	নন্দীগ্রাম থানা
শ্রীনীলমণি হাজরা	শ্রীকুঞ্জবিহারী ভক্তদাস
তমলুক থানা	সুতাহাটা থানা
শ্রীগুণধর ভৌমিক	শ্রীজনার্দন হাজরা

আরও ঘোষণা করা হ'ল যে, স্বেচ্ছাসেবক দল "বিদ্যুৎ বাহিনীকে সমগ্র মহকুমায় তাম্রলিপ্ত জাতীয় সরকারের সৈন্যবাহিনী বলিয়া ঘোষণা করা হইল" এবং প্রচার পত্রিকা "বিপ্লবীকে তাম্রলিপ্ত জাতীয় সরকারের মুখপত্র করা হইল।"[১]

এই জাতীয় সরকার প্রতিষ্ঠার পেছনে আর-একটি প্রেরণাও বিশেষভাবে কাজ করেছিল। নেতাজী সুভাষচন্দ্র বসু তখন জার্মানিতে পৌঁচেছেন। জাতির উদ্দেশ্যে প্রচারিত তাঁর বক্তৃতাগুলি অতি গোপনে হেড ফোনের সাহায্যে শোনা হত। ওদিকে পূর্ব রণাঙ্গনে জাপানী বাহিনী ব্রহ্ম দেশের উপর দিয়ে দ্রুত ভারত সীমান্তের দিকে এগিয়ে আসছে। পূর্ব-এশিয়ায় ভারতীয় বিপ্লবীগণ ক্যাপ্টেন মোহন সিং ও রাসবিহারী বসুর নেতৃত্বে আজাদ হিন্দ ফৌজ গঠনের চেষ্টা করছেন— সে সম্বন্ধে টুকরো খবর মাঝে মাঝে পাওয়া যেত। মেদিনীপুরের সমুদ্র তীরবর্তী অঞ্চলে বৃটিশ সরকারের বঞ্চনানীতির আতিশয্য দেখে মনে হয়েছিল যে জলপথে যে-কোন সময় নেতাজী ও তাঁর বিজয়-বাহিনীর পক্ষে ভারতের বুকে অবতরণ মোটেই অসম্ভব কল্পনা নয়। তাঁদের যাত্রাপথ সুপ্রশস্ত ও সুগম করে রাখার জন্য আগে থেকেই একটি মুক্ত-অঞ্চল গঠন করে রাখা প্রয়োজন। আর যদি স্বাধীন জাতীয় সরকার প্রতিষ্ঠিত থাকে— তবে যুদ্ধের অবশ্যম্ভাবী আনুষঙ্গিক—অশান্তি, অরাজকতা থেকে দেশকে বাঁচানো সম্ভব হবে।

যাই হোক, জাতীয় সরকার প্রতিষ্ঠার পর সর্বাধিনায়ক হিসাবে সতীশচন্দ্র তাঁর মন্ত্রিমণ্ডলী গঠন করে নিয়ে দেশের মধ্যে শান্তি শৃঙ্খলা রক্ষা ও আর্তত্রাণে মনোনিবেশ করলেন। সর্বাধিনায়ক নিজের হাতে

১। বিপ্লবী—২৬শে সংখ্যা, ২৬শে জানুয়ারি, ১৯৪৩

রাখলেন— পররাষ্ট্র ও সমর দপ্তর। অর্থ বিভাগের ভার নিলেন অজয়কুমার; শ্রীসুশীল কুমার ধাড়া— যাঁর সুযোগ্য নেতৃত্বে 'বিদ্যুৎ বাহিনী ও ভগিনী সেনা' গড়ে উঠেছিল— তিনি দেশরক্ষা ও স্বরাষ্ট্র দপ্তরের ভার পেলেন এবং জাতীয় সৈন্যদলের প্রধান সৈন্যাধ্যক্ষ (কমাণ্ডার-ইন-চিফ্) পদে নিযুক্ত হলেন। ডাঃ প্রফুল্লকুমার বসু মহকুমার বিচার-সচিবের পদ অলঙ্কৃত করলেন, খাদ্য দপ্তরের ভার পড়ল বর্ষীয়ান নেতা শ্রীসতীশচন্দ্র সাহুর উপর আর প্রচার-সচিব নিযুক্ত হলেন শ্রীপ্রহ্লাদ কুমার প্রামাণিক। এ ছাড়া জাতীয় সরকারকে উপদেশ ও নির্দেশ দেওয়ার জন্য মহকুমার প্রবীণ ও বিচক্ষণ কর্মীদের নিয়ে এক 'পরামর্শ পরিষদ' গঠন করা হ'ল।

১৭ই ডিসেম্বর, ১৯৪২ থেকে ১লা সেপ্টেম্বর, ১৯৪৪—প্রায় দুই বৎসরকাল জাতীয় সরকার অত্যন্ত দক্ষতার সঙ্গে শাসনকার্য পরিচালনা করেন। এই সময়ের মধ্যে জাতীয় সরকারের বিভিন্ন বিভাগ এই অঞ্চলে শুধু যে শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনতে সমর্থ হ'ল তাই নয়, দুষ্টের দমন ও শিষ্টের পালন করে জনসাধারণের মনে এই সরকারের প্রতি একটা আস্থা ও শ্রদ্ধার ভাব এনে দিল। এই প্রসঙ্গে জাতীয় সরকারের কয়েকটি বিশেষ বিশেষ বিভাগের কথা সংক্ষেপে আলোচনা করা বোধহয় অপ্রাসঙ্গিক হবে না।

(১) বিচার বিভাগ

জাতীয় সরকারের বিচার-বিভাগ সবচেয়ে বেশী জনপ্রিয় হয়েছিল। প্রতি থানায় একজন বিচার-সচিবের অধীনে বিচার-বিভাগ কাজ করত। দেওয়ানী ও ফৌজদারী— দুরকম মামলারই তাঁরা বিচার-করতেন। থানা আদালতের রায়ে কেউ সন্তুষ্ট না হ'লে মহকুমা বিচার সচিবের কাছে আপীল করতে পারতেন এবং তাঁর রায়ের বিরুদ্ধেও তিনজন বিচারকের এক বিচারক-মণ্ডলীর (Tribunal) কাছে আপীল করার ব্যবস্থা ছিল। জনসাধারণের সুবিধার জন্য বিভিন্ন স্থানে ঘুরে ঘুরে এই আদালত বসত। বিচার সভায় জনসাধারণ উপস্থিত থাকতে পারতেন। কোন কোন সময় ৩০০/৪০০ লোকও এই সব বিচার সভায় উপস্থিত হতেন। বাদী বা বিবাদী পক্ষে

সওয়াল করার জন্য শহর থেকে উকীল মোক্তাররাও অনেক সময় এই সব আদালতে হাজির হতেন। বিচারক প্রথমেই চেষ্টা করতেন আপোষ মীমাংসার দ্বারা মামলার নিষ্পত্তি করতে। তা সম্ভব না হ'লে তিনি লিখিতভাবে তাঁর রায় দিতেন।[১] ফৌজদারী মামলায় অপরাধ প্রমাণিত হ'লে আর্থিক বা শারীরিক দণ্ডদান করা হত এবং সেই দণ্ডাদেশ কার্যকর করার ভার থাকত— জাতীয় সৈন্যদল বিদ্যুৎ বাহিনীর উপর। জাতীয় সরকারের দুই বৎসরের শাসনকালে এই মহকুমার বিভিন্ন জাতীয় আদালতে মোট ২,৯৯৭টি মামলা দায়ের করা হয়েছিল। তারমধ্যে ১৬৮১টি মামলার নিষ্পত্তি সম্ভব হয়েছিল। জাতীয় সরকারের সমাপ্তি ঘোষণার সময় তখনও যেসব মামলা বিচারাধীন ছিল সেগুলি মামলা রুজু করার ফি সহ সংশ্লিষ্ট পক্ষকে ফেরৎ দেওয়া হয়েছিল।

(২) **আইন ও শৃঙ্খলা (Law & Order)**

গ্রামাঞ্চলে তখন চরম অরাজক অবস্থা। বৃটিশ সরকারের বর্বর পুলিশ বাহিনী এবং ফৌজী সৈন্যদল তাদের শহরের নিরাপদ ঘাঁটি থেকে মাঝে মাঝে গ্রামের মধ্যে হানা দিয়ে বেপরোয়া মারপিট, লুটতরাজ করে, খানাতল্লাসীর নামে জিনিসপত্র ভেঙে, লণ্ডভণ্ড করে, বাড়িঘর পুড়িয়ে আবার ঘাটিতে ফিরে যেত। চোর ডাকাতদের জেল থেকে ছেড়ে দেওয়া হ'য়েছিল যাতে তারা অবাধে তাদের দুষ্কর্ম চালিয়ে যেতে পারে। এই অবস্থার প্রতিকারের জন্য জাতীয় সরকার বিপদ-সঙ্কেত-ব্যবস্থা জোরদার করেন যাতে গ্রামবাসীরা সময়মতো সাবধান হ'তে পারেন। আর স্বভাব-অপরাধীদের শায়েস্তা করার জন্য গোয়েন্দা বিভাগকে আরও শক্তিশালী করা হয় এবং এই গোয়েন্দা বিভাগের সহায়তায় এই সব দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করে জাতীয় আদালতে হাজির করা এবং যথোপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হয়। কয়েকটি কুখ্যাত ডাকাতদলকে এইভাবে দমন করার পর

(১) বিচার বিভাগীয় নোটিশ ও রায়ের প্রতিকৃতি দ্রষ্টব্য।

দেশের মানুষ স্বস্তির নিশ্বাস ত্যাগ করেন, দেশের মধ্যে শান্তি শৃঙ্খলা ফিরে আসে।

(৩) জাতীয় সৈন্যদল—'বিদ্যুৎ বাহিনী ও ভগিনী সেনা'

আগেই বলা হ'য়েছে এই স্বেচ্ছাসেবক দলের মূল উদ্ভাবক ও সংগঠক ছিলেন শ্রীসুশীল কুমার ধাড়া। '৪২-এর আন্দোলন সুরু হওয়ার মুখে একদল বাছাইকরা স্বেচ্ছাসেবককে সামরিক কায়দায় সুশিক্ষিত করে এই বাহিনী গঠন করা হ'য়েছিল। স্বেচ্ছাসেবকদের একটি নির্দিষ্ট প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করে এই বাহিনীতে যোগ দিতে হত। বিদ্যুৎ বাহিনীর তিনটি বিভাগ ছিল—(১) যুদ্ধ বিভাগ (২) শুশ্রূষাকারী বিভাগ এবং (৩) গোয়েন্দা বিভাগ। এ ছাড়া কেবলমাত্র মহিলাদের নিয়ে তৈরী হয়েছিল "ভগিনী সেনা" দল। সম্মুখ যুদ্ধে বা বৃটিশ সরকারের বর্বর পুলিশ ও সিপাহীদের হাত থেকে গ্রামের মহিলাদের রক্ষা করতে এই ভগিনী সেনাদল অসীম সাহসের পরিচয় দিয়েছিলেন।

হাজার হাজার লোকের জনতাকে সুশৃঙ্খলভাবে পরিচালনা করতে, পুলিশ ও মিলিটারীর প্রবল গুলিবর্ষণের সামনে অহিংস প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে এই বাহিনী কতদূর সফল হ'য়েছিল সেকথা স্বয়ং বৃটিশ সরকারই স্বীকার করেছেন।[১] জাতীয় সেনাবাহিনীর মর্যাদার আসনে প্রতিষ্ঠিত হওয়ার পর গেরিলা বিভাগ, শান্তি-শৃঙ্খলা বিভাগ প্রভৃতি আরও কয়েকটি নতুন বিভাগ খোলা হয়। জাতীয় আন্দোলন পরিচালনায় এই বাহিনী অগ্রণী ভূমিকায় অবতীর্ণ হ'য়েছিলেন। জাতীয় সরকার প্রতিষ্ঠার পর তাঁরাই এগিয়ে এলেন শান্তি-শৃঙ্খলা রক্ষা ও আর্তত্রাণের কাজে। একাজেও তাঁরা সমান দক্ষতার পরিচয় দিলেন।

(৪) জনস্বাস্থ্য ও আর্তত্রাণ বিভাগ

প্রলয়ঙ্কর ঝড় বন্যার পর আর্তত্রাণে চরম সরকারী ঔদাসীন্যের কথা আগেই উল্লেখ করা হয়েছে। পরবর্তীকালে জনমতের চাপে পড়ে

(১) Some facts about disturbances in India—পূর্ব উদ্ধৃতি দ্রষ্টব্য।

যে সরকারী রিলিফের ব্যবস্থা হ'ল—তাও সরকারা আমলা এবং তাঁদের তাঁবেদার চেলাচামুণ্ডারা লুটেপুটে খেলেন—প্রকৃত দুঃস্থদের হাতে কিছুই পৌঁছল না। বেসরকারী যে সব আর্তত্রাণ সংস্থা সাহায্যের হাত প্রসারিত করে এগিয়ে এলেন—তাঁদের সহায়তায় জাতীয় সরকার আর্তত্রাণের কাজে নামলেন, মহেন্দ্র রিলিফ কমিটি নামে কংগ্রেস কর্মী ও কংগ্রেস অনুরাগীদের একটি স্থানীয় প্রতিষ্ঠানও গড়ে তোলা হল। জাতীয় সরকারের পূর্ণ সহযোগিতা এবং পরামর্শ নিয়েই তাঁরা কাজ স্থুরু করলেন। বন্যার অপরিহার্য সঙ্গী মহামারী প্রায় সঙ্গে সঙ্গেই দেখা দিল। সেই মহামারী রোধ করার প্রতিষেধক ব্যবস্থায় জাতীয় সরকার অনেকখানি সফল হলেন।

এদিকে দুর্ভিক্ষের করালছায়া তখন গ্রামের মধ্যে নেমে এসেছে। বঞ্চনা-নীতি প্রয়োগ করে দেশ থেকে ধান চাল ইত্যাদি খাদ্যশস্য আগেই সরিয়ে নেওয়া হ'য়েছিল। যতটুকু যা তখনও অবশিষ্ট ছিল—জাতীয় সরকার তা গ্রামের লোকের মধ্যে বিলিয়ে দিতে মালিকদের বাধ্য করলেন। যে দু-একজন বড় বড় জোতদার বিদেশী সরকারের পুলিশ-বাহিনীর ভরসায় জাতীয় সরকারের নির্দেশ অমান্য করার চেষ্টা করেছিলেন—বিচারে তাঁদের কঠিন শাস্তির ব্যবস্থা করা হল এবং জরিমানা-স্বরূপ-সংগৃহীত অর্থ ত্রাণকার্যে ব্যয় করা হ'ল।

মহকুমার মধ্যে যে পরিমাণ ধান চাল ছিল তার হিসাব করে জাতীয় সরকার অনেক আগেই বুঝতে পেরেছিলেন যে দুর্ভিক্ষ আসন্ন। খাদ্যশস্যের এই বিরাট ঘাটতি মেটাবার জন্য একদিকে যেমন মহকুমার বাইরে খাদ্যশস্য চালান বন্ধ করার অভিযান চলতে থাকল—অন্যদিকে বিকল্প খাদ্যের সন্ধানে জাতীয় সরকারের খাদ্য বিভাগ বিশেষভাবে মনোনিবেশ করলেন। দুর্ভিক্ষ স্থুরু হওয়ার অনেক আগেই জাতীয় সরকারের খাদ্যসচিবের নির্দেশে প্রতিটি স্বেচ্ছা-সেবক শিবিরে মাথা পিছু খাদ্য বরাদ্দ করে দেওয়া হ'ল সকালে তিন ছটাক (১৮৭ গ্রাম) চালের ভাত ও তরিতরকারী এবং সন্ধ্যায় ছোলাসিদ্ধ ও গুড়। কঠোরভাবে এ নিয়ম কার্যকর করা হ'য়েছিল এবং পরবর্ত্তীকালে গ্রামের মানুষ এই ছোলামুগ খেয়েই জীবন-ধারণের-পথ খুঁজে পেয়েছিল।

জাতীয় সরকারের এই বিভাগগুলি ছাড়া শিক্ষাবিভাগ থেকে ঝড়ে বিধ্বস্ত স্কুলবাড়িগুলি মেরামত করতে সাহায্য করা হয়। কয়েকটি স্কুলকে নিয়মিত আর্থিক সাহায্যও দেওয়া হ'ত। প্রচার বিভাগ থেকে জাতীয় সরকারের কাজকর্ম ও মহকুমার অন্যান্য খবর বাইরের জগতে প্রচারের ব্যবস্থা করা হ'ত, মহকুমার মধ্যেও বুলেটিন প্রচারপত্র ইত্যাদির দ্বারা জনসাধারণকে সংগ্রামের গতি সম্পর্কে অবহিত রাখা হ'ত। তাছাড়া ছিল জাতীয় সরকারের নিজস্ব ডাকবিভাগ যার মাধ্যমে চিঠি ও জিনিসপত্রাদি আদান-প্রদান করা হ'ত।

সর্বাধিনায়ক ও তাঁর মন্ত্রিমণ্ডলীর সুযোগ্য পরিচালনায় জাতীয় সরকার উত্তরোত্তর জনপ্রিয়তা লাভ করতে থাকল। বিদেশী সরকারের শাসনযন্ত্রকে অকেজো করে দিতে জাতীয় সরকার যে কতখানি সফল হ'য়েছিল বাংলাদেশের তৎকালীন প্রধানমন্ত্রী ফজলুল হক প্রচ্ছন্নভাবে হ'লেও স্বীকার করে গেছেন। ১৫ই ফেব্রুয়ারি, ১৯৪৩ বঙ্গীয় ব্যবস্থাপক সভায় মেদিনীপুর সংক্রান্ত মুলতুবী প্রস্তাবের উত্তর দিতে গিয়ে মূলতঃ তমলুক মহকুমায় ঘনাবলীর উপর নির্ভর করে তিনি বলেন—

"গত পাঁচমাস যাবত জনসাধারণের দৃষ্টি মেদিনীপুরের উপরই নিবদ্ধ। শুধু তাই নয় এই পাঁচ মাসে মেদিনীপুরের ইতিহাসই বাংলাদেশের রাজনৈতিক ইতিহাস···মেদিনীপুর জেলায় সরকারী কর্তৃত্বকে সরাসরি আক্রমণ করা হয়েছিল এবং এত সুসংবদ্ধ ছিল সেই আক্রমণ যা অন্ততঃ এই প্রদেশে আর কখনও দেখা যায় নাই।···এ কথা, অস্বীকার করা যাবে না যে বেসামরিক শাসনব্যবস্থাকে সম্পূর্ণরূপে অচল করে দেওয়াই তাদের উদ্দেশ্য ছিল এবং অন্ততঃ কয়েকটি অঞ্চলে তারা তা করতে সমর্থ হয়েছিল।[১]

এখানে একটা কথা বলা প্রয়োজন। বিদেশী সরকারের পক্ষ থেকে জাতীয় সরকারের নেতা এবং কর্মীরা আত্মগোপন করে আছেন বলে প্রচার করা হত। একথা অবশ্য স্বীকার্য যে বৃটিশ সরকারের পুলিশ এবং সৈন্যবেষ্টিত শহর কেন্দ্রগুলিকে তাঁরা পরিহার করে

১। ১৫।২।১৯৪৩ তারিখে বঙ্গীয় ব্যবস্থাপক সভায় প্রদত্ত বক্তৃতার অনুবাদ।

চলতেন। কিন্তু বিস্তীর্ণ গ্রামাঞ্চলে সতীশচন্দ্র, অজয়কুমারের মতো অতি পরিচিত নেতারাও প্রকাশ্যে ঘুরে বেড়াতেন। আর জাতীয়-সরকারের বিচারালয়গুলির ক্ষেত্রে তো আগে থেকে ঘোষণা করে বহুজন সমক্ষে প্রকাশ্য অধিবেশন বসত। এত দুঃখকষ্ট, ঝঞ্ঝা, বন্যা, মন্বন্তর মহামারীর মধ্যেও জাতীয় সরকারের কর্মীদের কোনদিন আশ্রয়ের অভাব হয়নি। গ্রামের মানুষ সাদরে তাদের আশ্রয় দিয়েছেন, যা জুটেছে তাই ভাগ করে খেয়েছেন—এবং সেজন্য তাঁরা অশেষ লাঞ্ছনাও হাসিমুখে বরণ করে নিয়েছেন—জানি না একে আত্মগোপন করে থাকা বলা যায় কি না।

* * *

গান্ধিজীর আদর্শে বিশ্বাসী নিষ্ঠাবান কংগ্রেস সেবকরাই ছিলেন এই জাতীয় সরকারের কর্ণধার। জাতীয় সরকারের শাসনব্যবস্থা পরিচলনা করতে গিয়ে তাঁদের মনের মধ্যে বোধহয় একটা নীতিগত দ্বন্দ্ব ছিলই। সে দ্বন্দ্ব হিংসা অহিংসার দ্বন্দ্ব। যে কোন প্রতিষ্ঠিত শাসনব্যবস্থার মূলনীতিই হল—দুষ্টের দমন, শিষ্টের পালন। অপরাধী যদি তার কৃত অপরাধের শাস্তি না পায় তবে দেশের মধ্যে শান্তি শৃঙ্খলা বিপন্ন হ'তে বাধ্য। বিশেষতঃ যুদ্ধকালীন অস্বাভাবিক অবস্থার মধ্যে স্বভাব-অপরাধীরা আরও বেশী তৎপর হ'য়ে ওঠে। জাতীয় সরকারের বিচারালয়ে এই সব অপরাধীদের ধরে এনে বিচার করা হত, শাস্তি দেওয়া হত—অনেক সময় দৈহিক শাস্তিও। এখন প্রশ্ন হ'ল অহিংসা মন্ত্রের সঙ্গে এই শাসনব্যবস্থার সংগতি কোথায়?

ঠিক এই সময়ে এমন একটা ঘটনা ঘটল যার ফলে হিংসা অহিংসার কূটতর্ক দূরে রেখে জাতীয় সরকার একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে বাধ্য হ'লেন। ৯ই জানুয়ারি ১৯৪৩ প্রায় ছয়শত পুলিশ ও মিলিটারী সিপাহী মহিষাদল থানার চণ্ডীপুর, মাশুড়িয়া, ডিহি-মাশুড়িয়া গ্রাম তিনটি ঘেরাও করে গ্রামের সমস্ত পুরুষদের ধরে নিয়ে যায়। তারপর চলে অবাধ লুণ্ঠন ও নারী নির্যাতন। ঐ একটি দিনে ঐ বর্বর পশুর দল প্রকাশ্য দিবালোকে ৪৯টি অসহায় নারীর উপর পাশবিক অত্যাচার করে, কোন কোন নারীর উপর একাধিক নরপশু উপর্যুপরি এই

অত্যাচার চালায়। অসহায় নারীর উপর শারীরিক নির্যাতন বা পাশবিক অত্যাচার এর আগেও ঘটেছে কিন্তু সেগুলি সুযোগ-সন্ধানী কাপুরুষদের দ্বারা সংঘটিত বিচ্ছিন্ন ঘটনামাত্র। এইভাবে পূর্ব-পরিকল্পিতভাবে সংঘবদ্ধ অত্যাচার এর পূর্বে কখনও ঘটেনি। এই অকল্পনীয় নৃশংসতার পূর্ণ বিবরণ যখন জাতীয় সরকারের কর্মকর্তারা জানতে পারলেন—তখন মন্ত্রিসভা ও মন্ত্রণা পরিষদের এক জরুরী বৈঠক আহ্বান করা হ'ল। জাতীয় সরকারের গোয়েন্দা বিভাগের রিপোর্ট ছিল যে প্রতিটি পুলিশী আক্রমণের পেছনে কিছু কিছু দেশদ্রোহী দালালদের (agents) হাত থাকত—যারা গোপনে খবর সংগ্রহ করে পুলিশকে সরবরাহ করত এবং আক্রমণের সময় নিজেরা প্রচ্ছন্ন থেকে পুলিশকে পথ দেখিয়ে নিয়ে যেত। জাতীয় সরকারের মন্ত্রিসভা এবং মন্ত্রণা পরিষদ সুদীর্ঘ আলোচনার পর সম্মিলিতভাবে এই সিদ্ধান্ত গ্রহণ করলেন যে এই ধরনের অত্যাচার বন্ধ করার জন্য এবং জন সাধারণের মধ্যে আস্থার ভাব ফিরিয়ে আনার জন্য এই সব দেশদ্রোহী দালালদের চরম শাস্তি দিতে হবে প্রয়োজন হলে মৃত্যুদণ্ড পর্যন্ত।

এই সিদ্ধান্ত কার্যকর করার ভার দেওয়া হল বিদ্যুৎবাহিনীর মধ্য থেকে বিশেষভাবে বাছাই করা একদল সুশিক্ষিত সেনানীর উপর। গোয়েন্দা-বাহিনী সন্দেহভাজন দালালদের কাজকর্ম সম্বন্ধে পুঙ্খানুপুঙ্খ রিপোর্ট সংগ্রহ করেন। অপরাধ প্রমাণিত হওয়ার পর বেশ কয়েকজন কুখ্যাত অপরাধী ও বৃটিশের দালালকে পৃথিবীর বুক থেকে নিশ্চিহ্ন করে দেওয়া হয়। এর ফলে জনসাধারণের মধ্যে কতখানি স্বস্তির ভাব ফিরে এসেছিল—কতখানি খুশী ও নিশ্চিন্ত তাঁরা হয়েছিলেন—তার একটা মাত্র উদাহরণ দিলেই যথেষ্ট হবে যে '৪২-এর আন্দোলন চলা কালে বা তা প্রত্যাহার করে নেওয়ার পরেও পুলিশ শত চেষ্টা করেও বিদ্যুৎ বাহিনীর একজনের বিরুদ্ধেও কোন মামলা গঠন করতে পারেনি, এবং এই মহকুমায় সাড়ে-সাত লাখ (তৎকালীন) লোকের মধ্য থেকে সাক্ষী দেওয়ার মতো একটি লোকও খুঁজে পায়নি।

পরবর্তীকালে বাংলার কয়েকজন কংগ্রেস কর্মী অহিংসার মন্ত্রদাতা স্বয়ং গান্ধিজীর কাছে অভিযোগ করেছিলেন যে মেদিনীপুরে— বিশেষ

করে তমলুকে তাঁর অনুচরেরা হিংসার আশ্রয় গ্রহণ করেছিল এবং সতীশ চন্দ্রকেই গান্ধিজীর সামনে জবাবদিহি করতে হয়েছিল— সে প্রসঙ্গে পরে আসছি।

* * *

নানা উত্থান পতনের মধ্য দিয়ে সর্বাধিনায়ক সতীশচন্দ্র ও সুযোগ্য সহকর্মীরা জাতীয় সরকারকে তার নিদিষ্টপথে পরিচালিত করে নিয়ে যান এবং জাতীয় সরকারের শাসন ক্ষমতা ও জনপ্রিয়তা উত্তরোত্তর বৃদ্ধি পেতে থাকে। মহকুমার চারটি থানায় থানা-জাতীয় সরকার প্রতিষ্ঠার কথা আগেই উল্লেখ করা হয়েছে। এ ছাড়া বেশ কয়েকটি ইউনিয়নেও স্বরাজ পঞ্চায়েত গঠিত হয়, এবং জাতীয় বিচারালয়ের ও অন্যান্য বিভাগের কিছু কিছু কাজ তাঁদের উপর অর্পণ করা হয়।

’৪৩-এর এপ্রিল মাসের প্রথম দিকে এটা স্থির হয় যে মহকুমার নেতৃস্থানীয় কর্মীদের মধ্যে সতীশচন্দ্র ও অজয়কুমার এই দুই প্রধান নেতার একত্রে বা কাছাকাছি থাকা উচিত হবে না; সর্বাধিনায়কের নিরাপত্তার প্রশ্ন গুরুত্ব পায় এবং তাঁকে স্থানান্তরে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়। সেই সময় আন্দোলনের পরবর্তী অধ্যায় সম্বন্ধে কিছু জরুরী আলোচনার প্রয়োজন হয় এবং স্থির হয় যে সতীশচন্দ্র কলি-কাতায় থেকে সেই ব্যবস্থার দায়িত্ব নেবেন। সেই অনুসারে সতীশ-চন্দ্র কলিকাতায় আসেন এবং মাসাধিক কাল কলিকাতায় থেকে জাতীয় সরকারের জন্য বাইরের বৃহত্তর জনসমাজের সমর্থন ও সাহায্য সংগ্রহে ব্রতী হন এবং জাতীয় সরকারের সঙ্গে বাইরের যোগাযোগ ব্যবস্থাকে সক্রিয় করে তোলেন। দুর্ভাগ্যের বিষয় এই কলিকাতাতেই গোয়েন্দা পুলিশ তাঁর সন্ধান পেয়ে তাঁকে গ্রেপ্তার করে— ২৬শে মে, ১৯৪৩ তারিখে।

গ্রেপ্তারের পর সতীশচন্দ্রকে আদালতে হাজির করা হল। আদালতের সামনে বিপ্লবী নায়ক ঘোষণা করলেন—“আমি স্বা[illegible] রাষ্ট্রের নাগরিক এবং সেই জাতীয় সরকারের আমি সর্বাধি[illegible]ক। বিদেশী সরকারের কোন আইন আমি মানি না, এবং আমার বিচার করার কোন অধিকার বা এক্তিয়ার এই আদালতের আছে বলে আমি

স্বীকার করি না।”

আদালতের রায়ে তাঁকে তিনবছরের জেল দেওয়া হল। তাঁর গ্রেপ্তারের পর শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় দ্বিতীয় সর্বাধিনায়করূপে নির্বাচিত হন এবং ১৯৪৩-এর ১৯শে সেপ্টেম্বর তাঁর ধরা পড়ার আগে পর্যন্ত এইপদে অধিষ্ঠিত থাকেন। তাঁর সুনিয়ন্ত্রিত পরিচালনায় জাতীয় সরকারের বিভিন্ন বিভাগ—বিশেষ করে বিচার বিভাগ, দেশরক্ষা, আর্তত্রাণ, আইন শৃঙ্খলা প্রভৃতি বিভাগ আরও বেশী জনপ্রিয়তা লাভে সমর্থ হয়। মন্বন্তরের করাল গ্রাস এই সময় অধিকতর প্রকট হয়ে ওঠে। দুর্ভিক্ষের চিরসহচরী মহামারীও নগ্নরূপে আত্মপ্রকাশ করে। সীমিত ক্ষমতা ও অসীম ভালবাসা বুকে নিয়ে জাতীয় সরকারের কর্মিদল দুর্ভিক্ষক্লিষ্ট মানুষের সেবায় যথাসাধ্য চেষ্টা করতে থাকেন। কয়েকটি বেসরকারী রিলিফ কমিটি এবং স্থানীয় মহেন্দ্র রিলিফ কমিটি বেশীর ভাগ ক্ষেত্রে জাতীয় সরকারের সংগঠনের মাধ্যমে তাঁদের ত্রাণকার্য পরিচালনা করেন। জাতীয় সৈন্যদল বিদ্যুৎবাহিনী এই ত্রাণকার্যেও অগ্রণীর ভূমিকা গ্রহণ করেন এবং এত দুঃখ কষ্টের মধ্যেও জনসাধারণের মনোবল অক্ষুণ্ণ রাখতে সক্ষম হন।

অজয়বাবুর পর তৃতীয় সর্বাধিনায়ক নির্বাচিত হন প্রবীণ কংগ্রেসসেবী শ্রীসতীশচন্দ্র সাহু। ১৯৪৩/৪৪-এর ফসল ঘরে আসার পর দুর্ভিক্ষের ভীষণতা কিছুটা মন্দীভূত হয়। কিন্তু সাম্রাজ্যবাদী যুদ্ধরত বৃটিশ সেনাবাহিনীর প্রয়োজনে দেশের মধ্য থেকে নতুন করে ধান চাল সংগ্রহ করে বাইরে চালান দেওয়া হতে থাকে। পুনরায় দুর্ভিক্ষের আশঙ্কায় বিচলিত হয়ে জাতীয় সরকার ধান চাল চালান দেওয়া বন্ধ করার জন্য দেশের লোককে সজাগ ও সতর্ক করার উদ্দেশ্যে হাটে, গঞ্জে, শহরে নিরুপদ্রব সত্যাগ্রহ পরিচালনার সংকল্প গ্রহণ করেন এবং সেই সিদ্ধান্ত অনুসারে ১৯৪৪ সালের ১২ই মার্চ সর্বাধিনায়ক সতীশচন্দ্র সাহুর নেতৃত্বে একদল স্বেচ্ছাসেবক নন্দীগ্রাম থানার পাঁচখালি বাজারে এই সত্যাগ্রহ অভিযানের উদ্বোধন করেন এবং গ্রেপ্তার বরণ করেন।

সতীশ চন্দ্র সাহুর পর চতুর্থ সর্বাধিনায়ক নির্বাচিত হ'ন প্রবীণ

দেশসেবক শ্রীবরদাকান্ত কুইতি। জাতীয় সরকারের আনুষ্ঠানিক কাজকর্মের সঙ্গে সত্যাগ্রহ আন্দোলন আরও বিস্তৃতি লাভ করে এবং ৬ই এপ্রিল থেকে ১৩ই এপ্রিল, ১৯৪৪ জাতীয় সপ্তাহে মহকুমার সর্বত্র হাটে বাজারে এই সত্যাগ্রহ আন্দোলন সুষ্ঠুভাবে পরিচালিত হয়।

৬ই মে, ১৯৪৪ : জীবনসঙ্গিনী কস্তুরবা এবং সেক্রেটারী মহাদেব দেশাইকে হারিয়ে অসুস্থ দেহ মন নিয়ে গান্ধীজী আগা খাঁ প্রাসাদের বন্দী শিবির থেকে বেরিয়ে এলেন। কিছুটা সুস্থ হওয়ার পর দেশের রাজনৈতিক অবস্থা পর্যালোচনা করে তিনি আন্দোলন প্রত্যাহার করার সিদ্ধান্ত গ্রহণ করলেন এবং সমস্ত কংগ্রেসকর্মীকে আত্মপ্রকাশ করতে নির্দেশ দিলেন। সেই অনুসারে জাতীয় সরকারের সর্বাধিনায়ক হিসাবে বরদাবাবু ৮ই আগস্ট, ১৯৪৪ থেকে জাতীয় সরকারের স্বাভাবিক কাজকর্ম বন্ধ করার নির্দেশ দিলেন এবং পরদিন (৯ই আগস্ট, ১৯৪৪) তমলুক শহরে সত্যাগ্রহ করে বন্দীত্ব বরণ করে নিলেন।

২৭শে আগস্ট, ১৯৪৪ তাম্রলিপ্ত মহকুমার কংগ্রেস কমিটির অস্থায়ী সম্পাদক শ্রীসুশীল কুমার ধাড়া এক বিবৃতি প্রচার করে বললেন— "আগামী ১লা সেপ্টেম্বর (১৯৪৪) হইতে তাম্রলিপ্ত মহকুমা জাতীয় সরকার আর কার্যকর থাকিবে না ও তাহার সকল প্রকার কার্যকলাপ ঐ দিন হইতে বন্ধ হইবে। কাজেই ১লা সেপ্টেম্বর '৪৪-এর পর হইতে জাতীয় সরকারের নামে কোন বিভাগে, কোনভাবে কোনও কাজ করিবার অধিকার কাহারও থাকিবে না এবং সেনাবাহিনী—বিদ্যুৎ বাহিনীও ঐদিন হইতে সমূহ কাযকরী শক্তি পরিত্যাগ করিবে এবং জাতীয় সৈনিকগণ কংগ্রেস স্বেচ্ছাসেবক রূপে কার্য করিতে থাকিবেন।" ঐ দিন থেকে জাতীয় সরকারের মুখপত্র 'বিপ্লবী'ও প্রকাশ বন্ধ করে।

মহকুমায় তখনও অসংখ্য স্বেচ্ছাসেবক যাঁদের বিরুদ্ধে বিদেশী সরকারের গ্রেপ্তারী পরোয়ানা ছিল— গান্ধীজীর নির্দেশে তাঁরা আত্মপ্রকাশ করে গ্রেপ্তার বরণ করতে লাগলেন। এর আগে খাদ্য সংরক্ষণ সত্যাগ্রহ অভিযানে বহু কর্মীই গ্রেপ্তার বরণ করেছিলেন।

২৯শে সেপ্টেম্বর, ১৯৪৪, ঠিক দু'বছর পরে শেষ স্বেচ্ছাসেবক দলকে সঙ্গে নিয়ে সুশীলবাবু সত্যাগ্রহ করে গ্রেপ্তার বরণ করলেন।

জাতীয় সংগ্রামের ইতিহাসের এক গৌরবময় অধ্যায়ের এইভাবে পরিসমাপ্তি ঘটল।

* * *

১৯৪৪-এর ডিসেম্বর মাসের প্রথম দিকে সতীশচন্দ্র জেল থেকে মুক্তি পেলেন। বেরিয়ে আসার অব্যবহিত পরেই যে দায়িত্ব তাঁর উপর ন্যস্ত হ'ল তা হ'ল গান্ধীজীকে তমলুকে অভ্যর্থনা করার। মে মাসে জেল থেকে বেরিয়ে কিছুটা সুস্থ হওয়ার পর গান্ধীজী তখন ভারতের বিভিন্ন প্রান্তে ঘুরে ঘুরে সব দেখছেন, শুনছেন। তিনি মেদিনীপুরে আসারও ইচ্ছা প্রকাশ করেছেন। তাঁকে অভ্যর্থনা করার জন্য তমলুকে একটি অভ্যর্থনা সমিতি গঠিত হল। সতীশচন্দ্রকে সেই অভ্যর্থনা কমিটির সভাপতি করা হ'ল।

২৫শে ডিসেম্বর ১৯৪৪-গান্ধীজী মহিষাদলে এলেন। থাকলেন এখানে ২৯শে ডিসেম্বর পর্যন্ত। অভ্যর্থনা কমিটির সভাপতি হিসাবে সতীশচন্দ্রের উপর তাঁর দেখাশোনার ব্যবস্থাদি করার ভার পড়ল এবং সে দায়িত্ব তিনি নিষ্ঠার সঙ্গে পালন করলেন। গান্ধীজী বললেন—মহিষাদলে এসে তিনি যে শান্তি পেয়েছেন—এক সোদপুর ছাড়া অন্য কোথাও সে শান্তি তিনি পাননি।

বাংলার কিছু কিছু নেতৃস্থানীয় কর্মী গান্ধীজীর কাছে অভিযোগ করেছিলেন যে ৪২-এর আন্দোলনে তমলুকের কংগ্রেস কর্মীরা হিংসাত্মক কাজ-কর্মের আশ্রয় গ্রহণ করেছিলেন। জাতীয় সরকারের বিচারে মৃত্যুদণ্ডাজ্ঞা প্রাপ্ত কিছু কিছু দেশদ্রোহী দালালদের আত্মীয়-স্বজনও গান্ধীজীর সঙ্গে দেখা করে বিচার প্রার্থনা করেছিলেন। গান্ধীজী তাঁদের একদিন পরে আসতে বলেন। সতীশচন্দ্রের কাছে তিনি জানতে চান, এ ঘটনা সত্য কিনা। এই সময় যা ঘটেছিল তা গান্ধীজীর সহযাত্রী ও তাঁর দীর্ঘ দিনের স্নেহভাজন সহকর্মী ডাঃ সুশীলা নায়ারের ভাষাতে বলি—

" 'ভারত ছাড়ো' আন্দোলনের সময় সতীশদা জেলে ছিলেন। মহিষাদল ও মেদিনীপুরে বৃটিশ সরকারের নীতিজ্ঞান-বর্জিত কর্মচারীরা অমানুষিক অত্যাচার চালিয়েছিল আর নারী ধর্ষণ চালিয়েছিল বেপরোয়াভাবে।... সতীশদার সহকর্মীদের অনেকে —যাঁরা পলাতক ছিলেন অথবা জেলের বাইরে ছিলেন তাঁরা এই জিনিস সহ্য করতে না পেরে হিংসার পথ গ্রহণ করেন এবং অত্যাচারীদের অনেককে হত্যা করেন। এটা মহাত্মার শিক্ষার বিরোধী ছিল। বৃটিশ সরকার তাদের ধরতে পারেননি। জনসাধারণ ছিল এই সব তরুণদের পক্ষে। তারাই অত্যাচারিতদের উদ্ধার করতে ও দুষ্কৃতকারীদের শাস্তি দিতে এগিয়ে এসেছিল।

...১৯৪৫ সালের শেষ ভাগে তিনি মেদিনীপুরে ও মহিষাদলে এলেন। সেখানে যা যা ঘটেছিল সে সব কাহিনী শুনে তিনি গভীর আঘাত পেলেন।

"গান্ধীজীর মেদিনীপুর আগমন উপলক্ষে একটি অভ্যর্থনা সমিতি গঠিত হয়েছিল। শ্রীসতীশ চন্দ্র সামন্ত ছিলেন ঐ কমিটির চেয়ারম্যান। সতীশদার সহকর্মীদের মধ্যে যাঁরা হিংসার পথ গ্রহণ করেছিলেন— বাংলার কয়েকজন গান্ধীবাদী সে সংবাদ বাপুর গোচরে এনেছিলেন। বাপু সতীশদাকে জিজ্ঞাসা করেন—এ ঘটনা সত্য কিনা। সতীশদা বললেন, তিনি খোঁজ নিয়ে তাঁকে জানাবেন।

"তখন সতীশদা সহকর্মীদের এক সভা ডাকলেন। তাঁরা বহু দুষ্কৃতকারীদের পৃথিবী থেকে সরিয়ে দিয়েছেন, কিন্তু বাপুর সামনে তা স্বীকার করতে চাইলেন না। তাঁদের আশঙ্কা ছিল— পাছে সত্য ঘটনা জানলে বাপু অনশন আরম্ভ করেন। তাঁরা বললেন যে তাঁরা এ অভিযোগ অস্বীকার করবেন। সতীশদা তাঁদের বললেন—'হ্যাঁ, তোমরা নিশ্চয়ই সব কথা অস্বীকার করতে পারো, তবে আমাকে অসত্যের মধ্যে টেনে এনো না। তোমরা অভ্যর্থনা সমিতির জন্য অন্য একজন সভাপতি ঠিক কর' তিনি সভাপতি পদ থেকে সরে দাঁড়ালেন। তাঁর সতীর্থ ও সহকর্মীরা সবাই খুবই বিস্মিত হ'লেন। শেষপর্যন্ত তাঁরা সব কিছু স্বীকার করে নেবেন বলে ঠিক করলেন।

সতীশদা তাঁদের পক্ষ থেকে বাপুকে সমস্ত কিছু জানালেন।

"তিনি গান্ধীজীকে বললেন—'বাপু এই অভিযোগ সত্য', শুনে বাপু স্তম্ভিত হ'লেন। প্রায় এক মিনিট কাল তিনি নীরব থাকলেন। তখন সতীশদা তাঁকে বললেন— 'বাপু, যে অবস্থায় পড়ে আমার সহকর্মীরা হিংসার আশ্রয় নিতে বাধ্য হ'য়েছিলেন—আপনার সেকথাও জানা দরকার—আপনি কি চান যে আমি সে সব কথাও আপনাকে বলি?' বাপু বললেন—'হাঁ, জানতে চাই'।

"সতীশদা বললেন সেই রোমহর্ষক কাহিনাগুলি। শুনে বাপু বিচলিত হ'য়ে পড়লেন। তিনি জিজ্ঞাসা করলেন—'তুমি এসব প্রমাণ করতে পার?' সতীশদা উত্তর দিলেন— 'নিশ্চয়ই'। অত্যাচারের যাঁরা শিকার হ'য়েছিলেন সেইসব মহিলাদের তাঁর সামনে নিয়ে আসার জন্য গান্ধীজী নির্দেশ দিলেন। কিন্তু একটু চিন্তার পর তিনি তাঁর সিদ্ধান্ত পরিবর্তন করলেন। সতীশদাকে জিজ্ঞাসা করলেন— 'তোমাদের কোন গাড়ি আছে?' অভ্যর্থনা সমিতির সম্বল ছিল একটি পুরানো ফোর্ড গাড়ি। গান্ধীজী আমাকে ও আভা গান্ধীকে সেইসব ধর্ষিতা মহিলাদের কাছে নিয়ে যেতে বললেন। আমরা সতীশদাকে সঙ্গে নিয়ে তাঁদের সঙ্গে দেখা করলাম। লাঞ্ছিতাদের মুখে সেই নৃশংস, হৃদয়বিদারক কাহিনী শুনলাম। তাঁদের সঙ্গে আমরাও কাঁদলাম।

ডাঃ নায়ার আরও লিখেছেন যে,—"সতীশদা একজন সুদক্ষ পার্লামেন্টারিয়ান এবং বহু কমিটিতে তিনি কাজ করেছেন। কিন্তু আমার মনে হয় তাঁর জীবনের শ্রেষ্ঠ অধ্যায় মহিষাদলে বাপুর সঙ্গে তাঁর সাক্ষাৎ"[১]

—অনুবাদ

ডাঃ নায়ারের বর্ণিত এই কাহিনীর সঙ্গে অতি সামান্যই আর যোগ করার আছে। সতীশদা সব হিংসাত্মক ঘটনার দায়িত্ব স্বীকার করার পর গান্ধীজীকে বলেছিলেন— "আপনি যদি চান আমরা বৃটিশ সরকারের কাছে সমস্ত অপরাধ স্বীকার করে নিতে রাজী আছি অথবা যদি বলেন—কংগ্রেস প্রতিষ্ঠান থেকে বেরিয়ে যেতে—আপনার সে

আদেশও আমি এবং আমার সহকর্মীরা নতমস্তকে মেনে নিতে রাজী আছি।" উত্তরে গান্ধীজী বলেছিলেন—"আমি কি বৃটিশ সরকারের দালাল (Am I an agent of the British Govt. ?) যে তোমাদের সব দায়িত্ব স্বীকার করে নিতে বলব ? হাজার চেষ্টা করেও সরকার তোমাদের বিরুদ্ধে কোন মামলা খাড়া করতে পারেনি—আমি যাব তাদের সাহায্য করতে ? আর তোমাদের কংগ্রেস থেকে বেরিয়ে যেতে বলার কোন অধিকার আমার নাই। আমি তো কংগ্রেসের চার আনার সদস্যও নই।" তিনি আরও বলেছিলেন—"তোমাদের সাহস, বীরত্ব ও আত্মত্যাগের আমি প্রশংসা করি, তবে তোমরা অহিংসার পথে থাকলে আমি আরও খুশী হতাম।"

পরের দিন দেশদ্রোহীদের আত্মীয় স্বজনদের তিনি বলেছিলেন—"দেশের স্বাধীনতার জন্য অনেক কিছু ত্যাগ স্বীকার করতে হয়—অনেক প্রাণের বিনিময়েই স্বাধীনতা অর্জন করা যায়। আপনারা মনে করুন—আপনাদের বাড়ির ছেলেরা দেশের স্বাধীনতার জন্য প্রাণ দিয়েছেন!"

অহিংসার মন্ত্রগুরু সেদিন এই রায়ই দিয়েছিলেন।

---

১ "গান্ধীবাদী সতীশ সামন্তদা—ডাঃ সুশীলা নায়ার—এই পুস্তকের অন্যত্র দ্রষ্টব্য।

গণ-পরিষদ ও পার্লিয়ামেন্ট— ১৯৪৭—১৯৭৬

১৯৪৫-এর মে মাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হল, এক সময় যা অসম্ভব বলে মনে হয়েছিল— ধৈর্য, সহিষ্ণুতা এবং অসীম মনোবল সম্বল করে মিত্রশক্তি সেই অসম্ভবকে সম্ভব করে তুললেন। পশ্চিম রণাঙ্গনে এডল্‌ফ্‌ হিটলারের দুর্ধর্ষ সেনাবাহিনী পরাজয় স্বীকার করতে বাধ্য হ'ল। পূর্ব রণাঙ্গনে জাপানের অবস্থাও ভাল যাচ্ছিল না। আমেরিকার আণবিক মারণাস্ত্র হিরোসিমা, নাগাসাকি শহর দুটিকে ধ্বংস করে দিয়ে দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিস্তৃত পটভূমির উপর যবনিকা টেনে দিল। নেতাজী সুভাষচন্দ্র বসুর বড় সাধের আজাদ হিন্দ ফৌজ ভারতের বুকে পা রেখেও সেই পা উঠিয়ে নিয়ে আত্মসমর্পণ করতে বাধ্য হ'ল। এক রহস্যময় বিমান দুর্ঘটনার পর নেতাজী স্বয়ং কোথায় কি ভাবে অন্তর্হিত হ'লেন সে তথ্য আজও সম্পূর্ণ উদ্‌ঘাটিত হয়নি।

এই যুদ্ধে ভারতীয় সৈন্যদল বিভিন্ন রণাঙ্গনে মিত্রশক্তির পক্ষে অমিত বিক্রমে যুদ্ধ করেছিল; যুদ্ধের খাতে বৃটিশ সরকারের সুবিপুল ব্যয়ের একটা মোটা অংশই ভারতের দরিদ্র অধিবাসীদের নিষ্পেষিত করেই সংগৃহীত হয়েছিল; বৃটিশ সৈন্যবাহিনীর খোরাক যোগানোর জন্য বাংলাদেশের পঞ্চাশ হাজার মানুষ অনাহারে প্রাণ দিয়েছিল। ভারতের সর্বস্তরের মানুষ আশা করেছিল যুদ্ধে মিত্রশক্তির জয়লাভের পর বৃটিশ সরকার ভারতীয়দের হাতে শাসনক্ষমতা হস্তান্তরের জন্য একটা আন্তরিক চেষ্টা করবেন।

কিন্তু কার্যতঃ দেখা গেল তদানীন্তন বৃটিশ সরকার হিন্দু-মুসলিম অনৈক্যের অজুহাতে নানারকম টালবাহানা সুরু করলেন। ২৫শে জুন, ১৯৪৫ বড়লাট লর্ড ওয়াভেল সিমলা শৈলাবাসে এক আলোচনা সভা আহ্বান করলেন। কিন্তু কংগ্রেস ও মুসলিম লীগ একমত হতে না পারায় সে আলোচনা ভেঙে গেল। কিন্তু ঠিক এর পরে পরেই এমন কতকগুলি ঘটনা ঘটে গেল যাতে বৃটিশ সরকার ভারতবর্ষ সম্বন্ধে তাঁদের মতিগতি বদলাতে বাধ্য হলেন।

নেতাজী সুভাষচন্দ্র বসুর আজাদ হিন্দ ফৌজের বেশ কয়েকজন উচ্চ-পদস্থ অফিসারকে দেশদ্রোহিতার অপরাধে অভিযুক্ত করে দিল্লীর লাল কেল্লার ফৌজি আদালতে বিচার সুরু হ'ল। পণ্ডিত জওহরলাল নেহরুর নেতৃত্বে ভারতীয় জাতীয় কংগ্রেস এইসব বীর সৈনিকদের পক্ষ সমর্থন করতে এগিয়ে এলেন। জওহরলাল স্বয়ং তাঁর বহুদিনের অব্যবহৃত ব্যারিস্টারী পোশাক-পরিচ্ছদ গায়ে চড়িয়ে ভুলাভাই দেশাই-এর সহকারী হিসাবে আদালতে হাজির হলেন। এতদিন পর্যন্ত নেতাজী ও তাঁর আজাদ ফৌজের কার্যকলাপ সম্বন্ধে ভারতবাসী বিশেষ-কিছু জানত না। এই বিচার সুরু হওয়ার পর তাঁরা অবাক হ'য়ে শুনলেন—সেই অসাধারণ বীরত্বকাহিনী। স্বপ্নে দেখা গল্পের মতো অবিশ্বাস্য সেই কাহিনী শুনে আপামর জনসাধারণের মন অবেগে চঞ্চল হয়ে উঠল— আসমুদ্র হিমাচল একটা উদ্বেলিত ভাবাবেগের বন্যায় ভেসে চলল।

দ্বিতীয় ঘটনা ঘটল বোম্বাই-এ— ১৮ই ফেব্রুয়ারি, ১৯৪৬ সাল। ভারতীয় নৌবাহিনীর জাহাজী সৈন্যরা হঠাৎ সরকারের বিরুদ্ধে প্রকাশ্য বিদ্রোহ ঘোষণা করল এবং বেশ কয়েক দিন পর্যন্ত সেই বিদ্রোহ ব্যাপক আকারে ছড়িয়ে পড়ল।

সেই ১৮৫৭-এর সিপাহী বিদ্রোহের পর একশ' বছরের মধ্যে ভারতের সৈন্যবাহিনীর আনুগত্য সম্বন্ধে সরকারের মনে কোন সংশয় ছিল না। এই দুটি ঘটনার পর বৃটিশ সরকার বুঝতে পারলেন যে সৈন্যবাহিনীর সেই প্রশ্নাতীত আনুগত্যের উপর নির্ভর করা আর সমীচিন হবে না।

ইতিমধ্যে বৃটেনে শ্রমিক-দল ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছে। ভারত সমস্যার সমাধানে তাঁদের মধ্যে একটা আন্তরিক আগ্রহের পরিচয় পাওয়া গেল। ১৫ই মার্চ, ১৯৪৬ তাঁরা ঘোষণা করলেন— যে ভারতবাসীরা রাজী হ'লে ভারতকে পূর্ণ স্বাধীনতা দেওয়াই তাঁদের উদ্দেশ্য ; এবং ঐ মার্চ মাসেই বৃটিশ মন্ত্রিসভার এক প্রতিনিধি-দল ভারতীয় নেতাদের সঙ্গে কথাবার্তা বলার জন্য ভারতবর্ষে এসে পৌঁছলেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে অনেক আলোচনার পরেও কংগ্রেস

এবং মুসলীম লীগ একমত হতে পারলেন না। মন্ত্রিসভার প্রতিনিধি-দল তখন তাঁদের নিজস্ব সুপারিশ প্রকাশ করে ভারতের জন্য এক যুক্তরাষ্ট্রীয় শাসন ব্যবস্থা প্রবর্তনের সুপারিশ করলেন। ঐ যুক্তরাষ্ট্রের কাঠামোর মধ্যে প্রদেশগুলিকে তিনটি পৃথক জোটে ভাগ করার প্রস্তাব করা হ'ল— পঞ্জাব, সীমান্ত প্রদেশ, সিন্ধু এবং বেলুচিস্তান নিয়ে একটি, আসাম, বাংলা মিলে আর একটি এবং অবশিষ্ট প্রদেশগুলি নিয়ে তৃতীয় রাজ্যসমষ্টি গঠনের প্রস্তাব রাখা হ'ল। আরও বলা হলো কেন্দ্রের হাতে দেশরক্ষা, পররাষ্ট্র এবং যোগাযোগ ব্যবস্থা—এই তিনটি মাত্র দপ্তর রেখে বাকী সব দপ্তরের ভার প্রদেশগুলির উপর দেওয়া হবে।

কংগ্রেস এই প্রস্তাব গ্রহণ করতে পারল না, কিন্তু ভারতের ভবিষ্যৎ সংবিধান প্রণয়নের জন্য প্রস্তাবিত গণপরিষদে যোগ দিতে রাজী হল। মুসলিম লীগ প্রথমে প্রথমে এই প্রস্তাব গ্রহণে সম্মত হ'লেও শেষপর্যন্ত প্রত্যাখ্যান করল।

বড়লাট লর্ড ওয়াভেল তখন মুসলিম লীগকে বাদ দিয়েই শুধু কংগ্রেস প্রতিনিধিদের নিয়ে তাঁর শাসন পরিষদ গঠন করলেন। ফলে মুসলিম লীগ অনুগামীদের মধ্যে তীব্র অসন্তোষ ও বিক্ষোভ দেখা দিল, এবং মুসলিম লীগ ১৬ই আগস্ট ১৯৪৬ 'প্রত্যক্ষ সংগ্রাম দিবস' পালনের জন্য ডাক দিল। ঐদিন কলিকাতার বুকে নরহত্যার এক বীভৎস তাণ্ডবলীলা চলল এবং তার পরেও কয়েকদিন ধরে সারা কলিকাতা জুড়ে জঘন্যতম সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা চলতে থাকল।

২রা সেপ্টেম্বর, ১৯৪৬ জওহরলাল, বল্লভভাই প্রমুখ কংগ্রেস নেতৃবৃন্দ ভাইসরয়ের শাসন পরিষদে যোগ দিলেন এবং অবস্থা আয়ত্তে আনার যথাসাধ্য চেষ্টা করতে লাগলেন। কিন্তু বাংলায় নোয়াখালিতে সাম্প্রদায়িক হাঙ্গামা বাধল। গান্ধীজী ছুটলেন সেখানে শান্তিস্থাপন করতে। নোয়াখালির বদলা নিতে বিহারে দাঙ্গাবাধল। সেখানে কংগ্রেস মন্ত্রিসভা কঠোর হস্তে সেই হাঙ্গামা দমন করলেন।

মুসলিম লীগ শেষ পর্যন্ত বড়লাটের শাসন পরিষদে যোগ দিল বটে কিন্তু গণপরিষদে যোগ দিতে রাজী হ'ল না। গণপরিষদ কিন্তু

কাজ চালিয়ে যেতে থাকল এবং বাবু রাজেন্দ্র প্রসাদের সভাপতিত্বে ভারতের ভবিষ্যৎ সংবিধান রচনার কাজ সুরু হ'য়ে গেল।

২০শে ফেব্রুয়ারি, ১৯৪৭ বৃটিশ সরকার এক ঐতিহাসিক ঘোষণায় ১৯৪৮ সালের জুনমাসের মধ্যে ভারতের শাসনভার পরিত্যাগ করার দৃঢ় সঙ্কল্প ঘোষণা করলেন এবং এই ক্ষমতা হস্তান্তর কার্যকর করার জন্য লর্ড মাউন্টব্যাটেনকে ভাইসরয় হিসাবে ভারতে পাঠালেন।

ভারতের সর্বশ্রেণীর মানুষ এই ঘোষণায় খুশী হ'লেন—একমাত্র মুসলিম লীগছাড়া। আবার বাংলা, পঞ্জাব ও সিন্ধু প্রদেশে ব্যাপক-ভাবে দাঙ্গাহাঙ্গামা সুরু হ'য়ে গেল। এই মুসলিম-প্রধান প্রদেশ-গুলির হিন্দু ও শিখ অধিবাসীরা এতদিন পর্যন্ত অবিভক্ত ভারতের পক্ষে ছিলেন—কিন্তু উপর্যুপরি এই দাঙ্গাহাঙ্গামায় তাঁরা তাঁদের নিরাপত্তা বিপন্ন বোধ করতে লাগলেন এবং তাঁরা সাম্প্রদায়িক ভিত্তিতে বাংলা ও পঞ্জাবকে ভাগ করার দাবী তুললেন।

২৪শে মার্চ, ১৯৪৭ লর্ড মাউন্টব্যাটেন ভাইসরয় হিসাবে কার্যভার গ্রহণ করলেন। পরবর্তী ৩রা জুন ক্ষমতা হস্তান্তর সম্বন্ধে তাঁরা প্রস্তাব ঘোষণা করলেন। এই প্রস্তাবে পাকিস্তান দাবীকে কার্যতঃ মেনে নেওয়া হ'ল, তবে পঞ্জাব ও বাংলাকে সাম্প্রদায়িক ভিত্তিতে ভাগ করা এবং সীমান্ত প্রদেশ ও আসামের সিলেট জেলার ভবিষ্যৎ গণভোটের মাধ্যমে নির্ধারণ করার প্রস্তাব করা হ'ল।

এই ঘোষণায় কোন পক্ষই পুরোপুরি সন্তুষ্ট হ'তে পারল না। জাতীয়তাবাদী জনসমাজ এই ভারত বিভাগের প্রস্তাব কিছুতেই অন্তরের সঙ্গে মেনে নিতে পারল না। ওদিকে জিন্না সাহেবের ভাষায় এই "কর্তিত ও কীট-দষ্ট" পাকিস্তান ("truncated and moth-eaten") লীগপন্থীদেরও সন্তুষ্ট করতে পারল না। কিন্তু এতৎস্বত্ত্বেও সবাই স্বীকার করলেন তখনকার অবস্থার পক্ষে এটাই ছিল সর্বোৎকৃষ্ট সমাধান।

কংগ্রেস ও মুসলিম লীগ এই প্রস্তাব গ্রহণ করল। ১৯৪৭-এর ১লা জুলাই বৃটিশ পার্লামেন্টে ভারতীয় স্বাধীনতা বিলটি বিনা বাধায়

পাস হ'য়ে গেল এবং ১৫ই আগস্ট, ১৯৪৭ ক্ষমতা হস্তান্তরের দিন নির্ধারিত হল।

সেই অনুসারে ১৪/১৫ই আগস্ট মধ্যরাত্রে রাজধানী দিল্লীতে গণপরিষদের এক বিশেষ অধিবেশনে ভারতের স্বাধীনতা ঘোষণা করা হ'ল এবং লাহোরে একটি আলাদা অনুষ্ঠানে নতুন রাষ্ট্র পাকিস্তানের জন্ম হ'ল।

* * *

স্বাধীন ভারতের সংবিধান রচনার জন্য গণপরিষদ আগেই গঠন করা হয়েছিল। এখন পাকিস্তান নিজেদের জন্য আলাদা গণপরিষদ আগেই গঠন করা হ'য়েছিল। এখন পাকিস্তান নিজেদের জন্য আলাদা গণপরিষদ গঠনের সিদ্ধান্ত গ্রহণ করায় ভারতীয় গণপরিষদকে পুনর্গঠিত করা হল। নির্বাচনের সময় লক্ষ্য রাখা হ'ল—যাতে দেশের সকল শ্রেণীর, সকল মতের ও পথের প্রতিনিধিরা সংবিধান রচনার কাজে অংশ গ্রহণ করতে পারেন এবং সংবিধানের মধ্যে সকল শ্রেণীর মানুষের ইচ্ছা ও আশাআকাঙ্খা সার্থকরূপ পেতে পারে।

এই সময়—১৯৪৭-এর জুলাই মাসে সতীশচন্দ্র পশ্চিমবঙ্গ থেকে গণপরিষদে নির্বাচিত হ'লেন। সুরু হ'ল তাঁর দীর্ঘ ত্রিশ বৎসর ব্যাপী (১৯৪৭-১৯৭৬) সংসদীয় জীবন। এতদিন মেদিনীপুরের গ্রামে-গঞ্জে, মাঠে-ঘাটে, পথে-প্রান্তরে চাষী-মজুর, শ্রমিক শিক্ষকদের মধ্যে যে মানুষটির জীবন কেটেছিল— তিনি এসে পড়লেন কৃত্রিমতার কুটিলতায়ভরা রাজধানী দিল্লীর সংসদীয় রাজনীতির ঘূর্ণাবর্তে। কিন্তু এখানে এসেও এই অনন্য মানুষটি নিজেকে হারিয়ে ফেললেন না; বরং বলা যায় সংসদীয় রাজনীতিতে নিষ্ঠা ও সততার, ত্যাগ ও সেবার একটা উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপনে তিনি সক্ষম হ'লেন। তাঁর বিশেষ গুণগ্রাহী, বিশিষ্ট সাংবাদিক ও সাহিত্যিক তাঁর সম্বন্ধে একবার বলেছিলেন—"the only man I know whom even Delhi could not corrupt." (আমার জানা এই একটিমাত্র মানুষ—দিল্লীর মতো শহরও যাঁর চরিত্র কলুষিত করতে পারেনি)।

শ্রীকৈলাশ চন্দ্র ভারত সরকারের পার্লামেন্টারী সেক্রেটারী ছিলেন প্রায় দশ বছর (১৯৫৮-১৯৬৭)। এই সরকারী কর্মসূত্রে সতীশচন্দ্রকে খুব কাছ থেকে দেখবার ও জানবার সুযোগ ঘটেছিল তাঁর। তিনি লিখেছেন—

"লোকসভার মধ্যে তিনি ছিলেন সবচেয়ে অনাড়ম্বর সদস্য। তাঁর সাদাসিধে বেশভূষা, মার্জিত ব্যবহারের জন্য তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। সকলকেই তিনি হাসিমুখে স্বাগত জানাতেন।

"কখনও কখনও লোকসভার মধ্যে সদস্যদের উত্তেজিত আচরণ, তুমুল গোলমাল এবং হট্টগোল লোকসভার পরিবেশকে অপ্রীতিকর করে তুলতো। বিতর্কের মর্যাদা ও গাম্ভীর্য তখন বিনষ্ট হত এবং এর ফলে সংসদীয় রাজনীতির মান অনেকখানি ক্ষুণ্ণ হ'তো, আলোচনার মানও নেমে যেত। এই সব সময়ে যে স্বল্প-সংখ্যক সদস্য সংসদের নিয়মকানুন এবং আদবকায়দা মেনে চলতেন এবং কোনরকম গোলমাল বা হট্টগোলে যোগ দিতেন না—তাঁদের মধ্যে একজন ছিলেন শ্রীসামন্ত। তিনি নির্বাক বিষণ্ণ হ'য়ে বসে বসে দেখতেন কিভাবে সদস্যদের অশিষ্ট আচরণ পার্লামেন্টের মর্যাদাকে ক্ষুণ্ণ করছে।

"পার্লামেন্টে যখনই তিনি কিছু বলতে উঠতেন—তাঁর বক্তব্যের মধ্যে সংযম, বিচক্ষণতা এবং আলোচ্য বিষয় সম্বন্ধে গভীর জ্ঞান ও অন্তর্দৃষ্টি পরিস্ফুট হ'য়ে উঠত। লোকসভার এস্টিমেটস্ কমিটি এবং অন্যান্য বহু কমিটিরই তিনি সদস্য ছিলেন। দেশের মধ্যে শিল্পের অগ্রগতি এবং উন্নয়নমূলক যে সব কাজকর্ম হ'চ্ছে সেগুলি সম্বন্ধে তিনি খবরাখবর রাখতেন এবং এই সব প্রকল্পগুলি সম্বন্ধে সঠিক তথ্যাদি জানার জন্য তিনি এইসব প্রকল্পগুলি ঘুরে ঘুরে দেখতেন।

"সংসদীয় জীবন কলুষমুক্ত নয়। পরস্পরের প্রতি বিদ্বেষ, কারও অসাক্ষাতে তাঁর নিন্দা করা, উচ্চমহলে কারও সম্বন্ধে কল্পিত কাহিনী প্রচার করা এবং নানাধরনের দুর্নীতি এই জীবনের অঙ্গ বলা চলে। কিন্তু পরিপূর্ণ দায়িত্ব নিয়েই আমি একথা বলতে পারি লোকসভার সদস্য হিসাবে শ্রীসামন্ত এই সব ত্রুটি-বিচ্যুতির অনেক উর্ধ্বে ছিলেন। তিনি নিজে অন্যের সমালোচনা করতেন না, অন্য কারও সম্বন্ধে কোন

বাজে কথাতেও তিনি কান দিতেন না।”[১]

অনুবাদ

১৯৫৪ সালের আগস্ট মাসে ভিয়েনাতে আন্তর্জাতিক পার্লামেণ্টারী ইউনিয়ন কনফারেন্সে ভারতীয় প্রতিনিধিদলের নেতা হিসাবে সতীশচন্দ্র ইউরোপে যান। সেই সময় আর একজন সরকারী কর্মচারী ভূতপূর্ব নির্বাচন কমিশনার শ্রী এস. এল. শাকধের ঐ প্রতিনিধিদলের সঙ্গে যান। সতীশচন্দ্র সম্বন্ধে তিনি লিখেছেন—

“শ্রীসতীশ চন্দ্র সামন্ত দীর্ঘকাল সংসদের সদস্য ছিলেন। সেই সময় তাঁকে খুব ঘনিষ্ঠভাবে জানবার সুযোগ আমার ঘটেছিল…অমায়িক মৃদুভাষী এই মানুষটি সহজেই সকলকে জয় করতে পারতেন আবার প্রয়োজন হ'লে কঠিন হ'তে পারতেন। তাঁর সঙ্গে ভারতের বাইরে ভ্রমণ করার কথা আমার বেশ মনে আছে। ১৯৫৪ সালে ভিয়েনাতে অনুষ্ঠিত আন্তঃ-পার্লামেণ্টারী ইউনিয়ন কনফারেন্সে ভারত থেকে যে প্রতিনিধিদল প্রেরিত হয়—তার নেতৃত্ব করেছিলেন শ্রীসামন্ত। সেখানে তিনি দুর্লভ গুণাবলীর পরিচয় দিয়েছিলেন এবং তাঁর ধীশক্তি, বিচক্ষণতা, দৃঢ়তা ও নমনীয় ব্যবহারে বিভিন্ন দলের ও মেজাজের সদস্যদের নিয়ে একযোগে কাজ করতে সক্ষম হ'য়েছিলেন।”[২]

অনুবাদ

১৯৪৭ সালে সতীশচন্দ্রের সঙ্গেই গণপরিষদের নির্বাচিত হ'য়েছিলেন মেদিনীপুর জেলার আর-এক খ্যাতনামা কংগ্রেস সেবক কাঁথির শ্রীবসন্তকুমার দাস। পরবর্তীকালে লোকসভাতেও তিনি নির্বাচিত হ'য়েছিলেন। তাঁরা দুজনে দিল্লীতে একই বাসায় থাকতেন— ৭নং ইলেকট্রিক লেনে। আগেকার রাজনৈতিক জীবনে তো বটেই, দিল্লীতে গণপরিষদের ও লোকসভার সদস্যরূপে সতাশচন্দ্রের কাজকর্ম দেখার যথেষ্ট সুযোগ তিনি পেয়েছিলেন। সতীশচন্দ্র ও তাঁর কাজকর্ম সম্বন্ধে তিনি বলেছেন—

---

(১) Satis Chandra Samanta—a tribute—Kailas Chandra. এই বই-এর অন্যত্র দ্রষ্টব্য।

(২) S. C, Samanta—S. L. Sakdher—এই বই-এর অন্যত্র দ্রষ্টব্য।

"গ্রামের লোকজনের সঙ্গে শ্রীসতীশ চন্দ্র সামন্তের অতি নিবিড় সম্পর্ক ছিল—সেই সম্পর্ক ছিন্ন করে যে তাঁকে একদিন সংসদীয় রাজনীতিতে অংশগ্রহণ করতে হবে একথা তিনি কখনও ভাবেননি। অসহযোগ আন্দোলনে যোগ দেওয়ার পর তিনি একটি জাতীয় বিদ্যালয়ে শিক্ষকতা করেন। তিনি ছিলেন দেশবন্ধু পল্লী সংস্কার সমিতির একজন কর্মী। একই সঙ্গে একাধিক কংগ্রেস কমিটির সম্পাদক ও সভাপতির পদও তিনি অলঙ্কৃত করেছিলেন। তিনি আইন অমান্য করেছিলেন, তিনি বিপ্লবী ছিলেন। কিন্তু কোনদিন স্থানীয় কোন প্রতিষ্ঠানের নির্বাচনে কখনও প্রার্থী হিসাবে দাঁড়াননি। এমন কি ব্যবস্থাপক সভার নির্বাচনেও নয়। কিন্তু মেদিনীপুরের (তমলুক) জাতীয় সরকারের প্রথম সর্বাধিনায়ক এবং একাধিক স্বাধীনতা যুদ্ধের নায়ক সতীশচন্দ্র যখন গণপরিষদের অন্যতম সদস্য নির্বাচিত হ'লেন তখন বাধ্য হ'য়েই তাঁকে দিল্লী যেতে হ'ল। সেটা ছিল ১৯৪৭ সালের জুলাই মাস। তখন থেকেই তিনি পার্লামেন্টের একজন সদস্য। পরপর চারটি লোকসভায় তিনি নির্বাচিত হ'য়েছিলেন। ১৯৬৭ সালের সাধারণ নির্বাচনে সমগ্র ভারতবর্ষে তিনিই সবচেয়ে বেশী ভোট পেয়েছিলেন।...এই দীর্ঘকাল তিনি পার্লামেন্টে সকলের শ্রদ্ধা ও ভালবাসা পেয়েছেন। এমন কি সাংবাদিক ও সমালোচকগণ পর্যন্ত তাঁর প্রতি শ্রদ্ধার ভাব পোষণ করতেন।...

"লোকসভার বিভিন্ন কমিটি গঠনের সময় এই অক্লান্ত পরিশ্রমী মানুষটির ডাক পড়ত। এই সব কমিটির অনেকগুলিতে তিনি দীর্ঘকাল যাবত কাজ করেছেন। রেলওয়ে কোরাপ্‌সান এন্‌কোয়ারী কমিটি, কমিটি অন কাস্টমারী রাইট্‌স্ টু স্ক্যাভেনজিং, দি আনইকনমিক রেলওয়ে কমিটি, জয়েন্ট সিলেক্ট কমিটি অন সীড্‌স্ বিল এবং ইভ্যালুয়েশন কমিটি অন প্ল্যান পাব্‌লিসিটি বাই ভলান্টিয়ারী অর্গানাইজেনস্ (এই দুটি কমিটির তিনি চেয়ারম্যান ছিলেন)—এই সব কমিটির কাজের জন্য তাঁকে ভারতের সর্বত্র ভ্রমণ করতে হ'ত এবং প্রচুর পরিশ্রম করতে হ'ত। এসব কমিটির অধিবেশনে তিনি কোনদিন অনুপস্থিত থাকতেন না। বড়ধেমো কোলিয়ারী এবং

চিনাকুড়ি কোলিয়ারীতে যে দুর্ঘটনা ঘটে—সেই দুটি ক্ষেত্রেই যে তদন্ত কমিটি বসে—তিনি তার অন্যতম এ্যাসেসর নিযুক্ত হ'য়েছিলেন এবং সেজন্য তাঁকে অনেক চিন্তা ও সময় দিতে হ'তো। পার্লামেন্টের এস্টিমেট্‌স্ কমিটি, রুলস কমিটি, দি ন্যাশনাল শিপিং বোর্ড, দি কমিটি অন এ্যাসিওরেন্স প্রভৃতি স্থায়ী কমিটিগুলির তিনি কোন-না কোন সময় সদস্য ছিলেন, এবং এই সব কমিটির অধিবেশনে তাঁর উপস্থিতি রেকর্ড সৃষ্টি করেছে। ইণ্ডিয়ান সেণ্টাল জুট কমিটি, কয়ার বোর্ড, রিজিওন্যাল সল্ট এডভাইসারি কমিটি এবং পণ্যদ্রব্য সংক্রান্ত অন্যান্য কয়েকটি কমিটিতে তিনি লোকসভার প্রতিনিধিত্ব করেছেন। দেশের মধ্যে এই সব পণ্যদ্রব্যের উৎপাদন যাতে বৃদ্ধি পায় সেজন্য তিনি আগ্রহী ছিলেন এবং এই ব্যাপারে পশ্চিমবঙ্গ রাজ্যও যাতে আগ্রহী হয় সে বিষয়েও তিনি সচেষ্ট ছিলেন। সেচ ও যানবাহন এই দুটি বিষয় ছিল তাঁর খুবই প্রিয় এবং এই দুটি মন্ত্রকের পার্লিয়ামেণ্টারী কনসালটেটিভ্ কমিটিতে কাজ করতে তিনি পছন্দ করতেন। সেইজন্য হলদিয়া বন্দর ও ফারাক্কা বাঁধ—এই দুটি প্রকল্পের অগ্রগতি সম্বন্ধে সর্বদাই মাথা ঘামাতেন এবং লক্ষ্য রাখতেন যাতে কোথাও কোন ত্রুটি না ঘটে। সেইজন্য সংশ্লিষ্ট মন্ত্রকগুলিও এই দুটি প্রকল্পের সঙ্গে তাঁকে সব সময়ই যুক্ত রাখতেন। তাঁরই নির্বাচন কেন্দ্রে গড়ে উঠেছে হলদিয়া বন্দর এবং হলদিয়া বন্দরের ইতিহাসে সামন্তর নাম অক্ষয় হ'য়ে থাকবে। ডাক ও তার বিভাগের পশ্চিমবঙ্গ অঞ্চলের রিজিওন্যাল এ্যাডভাইসারী কমিটি এবং জোনাল ও ডিভিসনাল রেলওয়ে ইউজার্স কনসালটেটিভ কমিটির তিনি সদস্য ছিলেন। এই দুইটি অতি প্রয়োজনীয় বিভাগ থেকে যাতে জনসাধারণ আরও বেশী সুবিধা পেতে পারে সেজন্য তিনি সবসময় সচেষ্ট ছিলেন। এছাড়া আরও বহু বিষয়ের অনেকগুলি কমিটিতে তিনি কাজ করেছেন।

"লোকসভায় প্রশ্নোত্তরকালে অনেক সময় দেখেছি— স্পীকার মশায় প্রথমেই ডাকতেন সামন্তের নাম। এমন দক্ষতার সঙ্গে তিনি অতিরিক্ত প্রশ্নাদি করতেন যে মন্ত্রী মশায়দের উত্তর দিতে প্রায়ই বেকায়দায় পড়তে হত, প্রশ্নোত্তরের সময় লোকসভায় সদস্যগণ প্রায়

একই সঙ্গে বলতে থাকেন— "মহাশয় আমি কি জানতে পারি"— কিন্তু সামন্ত যখন একথা বলেন, তখন একটা স্বতন্ত্র ব্যঞ্জনা পাওয়া যায়। প্রশ্নোত্তরের সময় তিনি কখনও অনুপস্থিত থাকতেন না। হিন্দীভাষায় তাঁর অতিরিক্ত প্রশ্নগুলি সদস্যরা খুবই উপভোগ করতেন। বিখ্যাত পত্রিকা 'টাইম্‌স অফ্‌ ইণ্ডিয়া' একবার মন্তব্য করেছিল—"লোকসভায় উদ্ভট বিষয়ে প্রশ্ন করার জন্য যদি প্রশংসা করতে হয় তাহ'লে সে প্রশংসা মিঃ সামন্তরই পাওয়া উচিত।"

"লোকসভার বিবেচনার জন্য বেসরকারী বিল এবং প্রস্তাবাদি দাখিল করতে তিনি কখনও ক্লান্তি বোধ করতেন না। সর্বপ্রথম যে বেসরকারী বিল ভারতীয় লোকসভায় গৃহীত হয় সেটি হ'চ্ছে—ইণ্ডিয়ান রেজিস্ট্রেশন এমেণ্ডমেণ্ট বিল'—এবং ঐ বিলের রচয়িতা ছিলেন মিঃ সামন্ত। হোমিওপ্যাথিক চিকিৎসা পদ্ধতিকে এদেশে সরকারী স্বীকৃতিদানের জন্য তাঁর আনীত প্রস্তাবটিও সংসদে গৃহীত হয়। তারপরেই হোমিওপ্যাথি চিকিৎসাকে যথাযথ মর্যাদা দেওয়ার জন্য একটি ফ্যাকালটির সৃষ্টি হয়েছে। তাঁর আনীত আর-একটি প্রস্তাব গৃহীত না হ'লেও এখানে উল্লেখ করা দরকার। গণপরিষদে তিনি এই মর্মে এক প্রস্তাব এনেছিলেন যে বাংলা ভাষা ভারতের জাতীয় ভাষা হওয়া উচিত।[১] এই প্রস্তাবের মধ্যে প্রাদেশিকতা বা সঙ্কীর্ণতার কিছু ছিল না। তিনি সর্ব সময়ই হিন্দীভাষা প্রসারের ও প্রচারের স্বপক্ষে মত প্রকাশ করতেন; এছাড়া লোকসভার হিন্দী পরিষদের তিনি একজন সদস্য ছিলেন; তিনি হিন্দী সলাকার সমিতির একজন সভ্য ছিলেন।[২]

অনুবাদ

তাঁর নির্বাচন কেন্দ্র এবং পশ্চিমবঙ্গ রাজ্য সম্পর্কে সতীশচন্দ্র সব সময় সচেতন ছিলেন, এবং নানারকম প্রশ্ন, প্রস্তাব, বিল ইত্যাদির মাধ্যমে এই অঞ্চলের উন্নতির চেষ্টা করতেন। প্রয়োজন হ'লে তিনি মন্ত্রীদের সঙ্গে ব্যক্তিগতভাবে দেখা করে এই সব কাজ করতেন

(১) এই সম্বন্ধে তাঁর প্রদত্ত পুরো ভাষণটিই এই বই-এ দেওয়া হ'ল।...

(২) Samanta in Parliament—B. K. Das এই পুস্তকের অন্যত্র দ্রষ্টব্য

এই শান্ত, ধীর স্থির মানুষটির প্রতি সকলেরই একটা শ্রদ্ধার ভাব ছিল। কারণ তিনি ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য কারও কাছে দরবার করতেন না।

গণপরিষদের সদস্যরূপে ভারতের সংবিধান রচনাকালে সতীশ-চন্দ্রের বক্তব্য এবং কাজকর্মের মধ্যে দুর্লভ দূরদর্শিতার পরিচয় পাওয়া যায়। বসন্তবাবু তাঁর লেখায় এ সম্বন্ধে একটি উদাহরণ দিয়েছেন—

"...পশ্চিমবঙ্গের লেজিসলেটিভ কাউন্সিলের ইতিহাস অনুসন্ধান করলে সামন্তের আর-এক পরিচয় পাওয়া যাবে। গণপরিষদে আলোচনার সময় কোন রাজ্যে লেজিসলেটিভ কাউন্সিল থাকবে কি থাকবে না সে সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার ভার সেই রাজ্যের সদস্যদের উপর ছেড়ে দেওয়া হ'য়েছিল। পশ্চিমবঙ্গের কংগ্রেসী সদস্যদের মধ্যে তিনিই একমাত্র কাউন্সিল না থাকার পক্ষে মত দিয়েছিলেন। বন্ধু-বান্ধবদের অনুরোধ উপরোধেও তিনি তাঁর মত পরিবর্তন করেননি। শেষ পর্যন্ত অধিকাংশ সদস্যই লেজিসলেটিভ কাউন্সিল থাকার পক্ষে মত দিয়েছিলেন। বর্তমানে পশ্চিমবঙ্গে ঐ কাউন্সিলের অবলুপ্তি ঘটেছে এবং এজন্য শ্রীসামন্ত নিজেকে অভিনন্দন জানাতে পারেন।..."[১]

অনুবাদ

বসন্তবাবুর প্রবন্ধের এই উদ্ধৃতি থেকে সতীশচন্দ্রের গণপরিষদে এবং পার্লামেণ্টে কাজ-কর্মের কিছুটা পরিচয় পাওয়া যায়। তাঁর পার্লামেণ্টারী জীবনের আর এক অবিনশ্বর এবং অবিস্মরণীয় কীর্তি হলদিয়া বন্দরের পত্তন। কলিকাতার কাছাকাছি গঙ্গানদীতে যেভাবে পলি জমে যাচ্ছে—তাতে গঙ্গার নাব্যতা সম্বন্ধে বিশেষজ্ঞরা অনেক দিন ধরেই আশঙ্কা প্রকাশ করেছিলেন। বড় বড় জাহাজের কলিকাতায় আসা ক্রমশঃই অসম্ভব হয়ে পড়ছিল। এর ফলে বন্দর হিসাবে কলিকাতার গুরুত্ব অনেক কমে যাচ্ছিল এবং জাহাজী কোম্পানীগুলি তাঁদের বড় বড় জাহাজগুলির গতি বোম্বাই এবং মাদ্রাজের দিকে

১। "Samanta in Parliament" —Sri Basanta Kumar Das.—এই পুস্তকের অন্যত্র দ্রষ্টব্য।

ফিরিয়ে দিচ্ছিলেন। কলিকাতা বন্দর শুধু পশ্চিম বাংলার নয় —সমগ্র পূর্বাঞ্চলেরই অর্থনৈতিক কাঠামোর নাভিকেন্দ্রস্বরূপ! এই বন্দরের গুরুত্ব হ্রাস পেলে সারা পূর্বাঞ্চলের অর্থনৈতিক কাঠামোর উপরেই তার বিরূপ প্রতিক্রিয়া দেখা দেবে। বিশেষজ্ঞরা প্রায় সকলেই একমত হয়েছিলেন—যে কলিকাতা বন্দরকে বাঁচাতে হ'লে হুগলী নদীর আরও দক্ষিণে সমুদ্রের কাছাকাছি একটি সহায়ক বন্দর গড়ে তুলতে হবে।

কিন্তু তখনও পর্যন্ত এ সম্পর্কে সমস্ত চিন্তাভাবনাই কাগজ-কলমে বন্দী হয়েছিল— সহায়ক বন্দরের পক্ষে উপযুক্ত স্থান নির্বাচন বা বন্দর নির্মাণের জন্য প্রয়োজনীয় বিপুল পরিমাণ অর্থের বন্দোবস্ত ইত্যাদি সম্বন্ধে কিছুই করা সম্ভব হয়নি। পূর্বাঞ্চলের রাজ্যগুলির পক্ষে এই অতি গুরুত্বপূর্ণ বিষয়টি সতীশচন্দ্রের মনকে ভীষণভাবে নাড়া দেয়। তিনি এ সম্বন্ধে বিভিন্ন তথ্য সংগ্রহ করতে থাকেন। যাঁরা এ সম্বন্ধে চিন্তাভাবনা করেছেন তাঁদের সঙ্গে যোগাযোগ করেন। বন্দর নির্মাণের উপযুক্ত স্থান নির্ণয়নের জন্য দিল্লী থেকে তমলুক এলেই তিনি একটি নৌকো নিয়ে বেরিয়ে পড়তেন। রূপনারায়ণ, হুগলী নদীর তীরে-তীরে সম্ভাব্য স্থানগুলির সুবিধা-অসুবিধা বিচার করে দেখতেন। শেষপর্যন্ত হুগলী ও হলদী নদীর মোহনায় বর্তমান হলদিয়া বন্দরের জায়গাটি বন্দর নির্মাণের পক্ষে সবচেয়ে উপযুক্ত স্থান বলে তাঁর মনে হয়। পরবর্তীকালে বিশেষজ্ঞরাও তাঁর এই অভিমত সমর্থন করেন।

স্থান নির্বাচনের পর এই বন্দর নির্মাণ প্রকল্প গ্রহণ এবং তা রূপায়ণের জন্য ভারত সরকার, কলিকাতা বন্দর কর্তৃপক্ষ, পশ্চিমবঙ্গ সরকার সংশ্লিষ্ট ব্যক্তি ও কর্তৃপক্ষের সঙ্গে তিনি দফায় দফায় আলোচনা করতে থাকেন। কলিকাতা বন্দরের সহায়ক বা পরিপূরক রূপে উড়িষ্যার পারাদ্বীপ বন্দরকে পূর্বাঞ্চলের একটি প্রধান বন্দর রূপে গড়ে তোলার জন্য তখন জোর চেষ্টা চলছে। বিজু পট্টনায়েকের মতো করিতকর্মা ব্যক্তি সেই চেষ্টার অগ্রণী ভূমিকা গ্রহণ করেছেন। সতীশচন্দ্র কিন্তু তাতে দমলেন না। তিনি যুক্তি ও তথ্য দিয়ে ভারত

সরকারকে এই প্রকল্প গ্রহণ করবার চেষ্টা করতে থাকলেন এবং এদিকে হলদিয়া বন্দরের পক্ষে পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে একটা জনমত গড়ে তোলার চেষ্টা করতে লাগলেন। এ সম্বন্ধে কোন সন্দেহ নেই—যে প্রধানতঃ সতীশচন্দ্র সামন্তের অক্লান্ত চেষ্টার ফলেই আজকের এই হলদিয়া বন্দরের জন্ম সম্ভব হয়েছে। ভারত সরকারের তদানীন্তন বন্দর ও জাহাজ চলাচল বিভাগের মন্ত্রী শ্রীরাজ বাহাদুরের উক্তি এ সম্বন্ধে বিশেষভাবে প্রণিধানযোগ্য। তিনি লিখেছেন—

"......১৯৫৭ সালে আমি বন্দর ও জাহাজ চলাচল বিভাগ এবং সেই সঙ্গে কলিকাতা বন্দরের দায়িত্ব গ্রহণ করি। বেশ কয়েক দশক ধরেই কলিকাতা বন্দরের জন্য একটি সহায়ক বন্দর তৈরী করা এবং স্থান নির্বাচন করার বিষয়টি বিবেচনাধীন ছিল। কিন্তু স্বাধীনতা লাভের পর শ্রীসতীশ চন্দ্র সামন্ত যখন বিষয়টি নিয়ে উঠে পড়ে লাগলেন—কেবলমাত্র তখনই প্রস্তাবটি সম্পর্কে সত্যিকারের চিন্তা-ভাবনা সুরু হয়। প্রথমে ঠিক হ'য়েছিল—সহায়ক বন্দরটি গেঁওখালিতে হতে পারে। কিন্তু পরবর্তীকালে বহু গবেষণা এবং জরিপ ইত্যাদির পর হলদিয়াকেই সহায়ক বন্দরের পক্ষে উপযুক্ত স্থান বলে বেছে নেওয়া হয়। এই সহায়ক বন্দরটি তৈরী করার জন্য আর্থিক ও কারিগরি সাহায্য হিসাবে অনেক কিছু পাওয়ার প্রত্যাশা করা হ'য়। কিন্তু অনেক বছর ধরে আলোচনা এবং বিবেচনা করার পর বিশ্ব ব্যাঙ্ক এ ব্যাপারে কোনো সাহায্য করতে রাজি হন না। তখন জাহাজ চলাচল ও যানবাহন মন্ত্রক হলদিয়াতে নতুন সহায়ক বন্দর নির্মাণের পরিপূর্ণ দায়িত্ব গ্রহণ করেন। কেবলমাত্র শ্রীসামন্তের আগ্রহের ফলেই এটা সম্ভব হ'য়েছিল। কলিকাতার একটি সহায়ক বন্দর নির্মাণের জন্য মনপ্রাণ দিয়ে চিন্তাভাবনা করেছিলেন—এবং যুক্তি ও তথ্য দিয়ে এই বন্দর নির্মাণের পক্ষে আবেদন জানিয়েছিলেন। কলিকাতা বন্দর কর্তৃপক্ষের তদানীন্তন চেয়ারম্যান শ্রী বি. বি. ঘোষ, আই. সি. এস.ও এই ব্যাপারে আমাদের বিশেষভাবে সমর্থন করেছিলেন।

"হলদিয়া বন্দর শ্রীসামন্তের শ্রেষ্ঠ কর্মকীর্তি এবং এজন্য আমি তাঁকে আমার আন্তরিক অভিনন্দন জানাই। একজন বর্ষীয়ান সতীর্থ

হিসাবে আমরা তাঁর কাছে যে কৃতজ্ঞতা-ঋণে আবদ্ধ তা কখনও শোধ করা সম্ভব নয়। তাঁর ঐতিহাসিক ভুমিকার কথা স্মরণ করে আমি প্রস্তাব করি যে হলদিয়ার নতুন বন্দরটির নাম রাখা হোক 'সতীশ সামন্ত বন্দর'। একজন প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী এবং নিঃস্বার্থ কর্মী—যাঁর অক্লান্ত চেষ্টা এবং অধ্যবসায়ের ফলে কলিকাতা বন্দরের জন্য সহায়ক বন্দর নির্মাণের অনেক কালের স্বপ্ন বাস্তবরূপ পরিগ্রহ করেছে—এমন একটি মানুষের জন্য সমগ্র জাতির অন্ততঃ এটুকু কৃতজ্ঞতাবোধ থাকা উচিত।"[১] (অনুবাদ)

তাঁর জীবনের সংসদীয় পর্বের আর-একটি উল্লেখযোগ্য বিষয় হ'ল এই যে দীর্ঘ ত্রিশ বৎসর কাল দিল্লী নগরীর বর্ণাঢ্য জীবনযাত্রার পাশাপাশি বাস করেও তিনি তাঁর গ্রাম্য জীবনের সহজ, সরল, অনাড়ম্বর রূপটি বজায় রাখতে সক্ষম হ'য়েছিলেন। এই জীবনযাত্রা শুধু তাঁর সাধাসিধে পোশাক পরিচ্ছদের মধ্যেই সীমাবদ্ধ ছিল না, তমলুক অঞ্চলের যে সব চাষী মজুরদের মধ্যে তিনি তাঁর জীবনের বেশীর ভাগ সময় কাটিয়েছেন—এই মানুষগুলির দৈনন্দিন জীবনের একটা ছায়া তাঁর দিল্লীর জীবনের মধ্যেও প্রতিফলিত হ'য়েছিল। অবসর সময়ে তিনি তাঁর সরকারী বাসভবনের পশ্চাৎপ্রাঙ্গণে নিজের হাতে মাটি কুপিয়ে চাষ করতেন এবং তাঁর ক্ষেতের উৎপন্ন ফসল বন্ধুবান্ধবদের উপহার দিতেন। তাল, সজিনা, নেবু, কলা প্রভৃতি বাংলা অঞ্চলে সুপরিচিত অথচ দিল্লীতে দুষ্প্রাপ্য এমন অনেক গাছও তিনি ঐ বাংলোর প্রাঙ্গণে লাগিয়েছিলেন—যা ঐ বাড়িতে তাঁর বসবাসের সাথীরূপে আজও বেঁচে আছে।

সতীশচন্দ্রের চরিত্রের আর-একটি মহৎ দিক হ'ল এই যে তাঁর কাছে সাহায্য চেয়ে কেউ কখনও বিফল হয়নি— তা সে আর্থিক সাহায্যই হোক বা অন্যবিধ সাহায্যই হোক। কিন্তু এমন সাহায্য তো অনেকেই করেছেন আজও অনেকে করেন। কিন্তু সতীশচন্দ্র সামন্তের বিশেষত্ব হ'ল—যে সাহায্য প্রার্থনা এবং গ্রহণের মধ্যে প্রার্থীর মনে যে গ্লানির ভাব আসে—তা থেকে প্রার্থীকে রক্ষা করতে তিনি

(১) এই বই-এর অন্যত্র দ্রষ্টব্য।

সতত সচেষ্ট ছিলেন। প্রার্থী যেন ভাবতে পারে এটা তার প্রাপ্য-সাহায্য বা দান গ্রহণ নয়—সে চেষ্টাই তিনি সব সময় করতেন। আর কতজনকে কতভাবে কতখানি সাহায্য যে তিনি করেছেন বা করতেন – তা তাঁর অতি নিকটের মানুষরাও কোনদিন জানতে পারেন নি।

তখনকার দিনে কংগ্রেস কমিটিগুলির আর্থিক অবস্থা অত্যন্ত খারাপ ছিল। অনেক টেনে কষে তাঁদের খরচ চালাতে হত। পার্লামেন্টে বা বিধান সভায় নিজ নিজ এলাকা থেকে নির্বাচিত কংগ্রেসী সদস্যরা যে সরকারী ভাতা পেতেন—তার একটা অংশ নিয়মিত পাওয়ার জন্য কংগ্রেস কমিটিগুলি চিরদিনই দাবী জানিয়ে এসেছেন ; সদস্যরাও দিতে প্রতিশ্রুত হ'য়েছেন। কিন্তু বেশীর ভাগ ক্ষেত্রেই প্রথম কয়েক মাস ছাড়া সে প্রতিশ্রুতি রক্ষিত হয় নাই। সতীশচন্দ্রই বোধহয় একমাত্র ব্যতিক্রম—যাঁর কাছ থেকে তাঁর সংসদীয় জীবনের শেষদিন পর্য্যন্ত কংগ্রেস কমিটিগুলি প্রতিমাসের প্রথম সপ্তাহে সাক্ষাতে বা মণিঅর্ডার-যোগে তাঁদের নির্দিষ্ট বরাদ্দ পেয়ে গেছেন—কোনদিন ব্যতিক্রম হয়নি।

রাজনীতি ক্ষেত্রে তাঁর দীক্ষাগুরু স্বামী প্রজ্ঞানানন্দের স্মৃতিরক্ষার উদ্দেশ্যে প্রায় একক প্রচেষ্টায় মহিষাদলে 'প্রজ্ঞানানন্দ ভবন' নাম দিয়ে তিনি একটি বিশাল সভাগৃহ ও মন্দির গড়ে তুলেছেন।

এই সুদৃশ্য ভবনটি তৈরী করার জন্য তিনি ব্যক্তিগতভাবে লক্ষাধিক টাকা দান করেছেন। তা ছাড়া উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত পৈতৃক সম্পত্তির মধ্যে মোট ৪ একর ১২ ডেসিমিল জায়গাও (আনুমানিক মূল্য ৫০,০০০ টাকা) এই ভবনের জন্য দান করেছেন।

* * *

সতীশচন্দ্র অজাত শত্রু—সতীশচন্দ্রের কাছে আপন পর ভেদ নাই—এরকম একটা কথা প্রায়ই শোনা যায়। কিন্তু বহুক্ষেত্রেই এই গুণবাচক বিশেষণটি অতিভাষণের পর্যায়ে পড়ে—কানা ছেলের নামও পদ্মলোচন হয়ে থাকে। কিন্তু সতীশচন্দ্রের ক্ষেত্রে এটি দুর্লভ ব্যতিক্রম। 'অজাতশত্রু' এই বিশেষণটিও যেন তাঁর চরিত্রের বিশেষ

গুণটি পরিপূর্ণরূপে প্রকাশ করতে সক্ষম হয় নি।

দীর্ঘ ত্রিশ বৎসর কাল তিনি পার্লামেন্টের সদস্য ছিলেন, এবং শেষের কয়েক বছর ছাড়া তিনি লোক সভায় কংগ্রেস দলের সদস্য ছিলেন স্বভাবতঃই বিরোধী দলের সদস্যদের সঙ্গে বহুক্ষেত্রেই তিনি একমত ছিলেন না। কিন্তু বিরোধীদলের সদস্যদের সঙ্গে তাঁর এমন একটা হৃদ্য সম্পর্ক গড়ে উঠেছিল যা কোন নীতিগত বা কর্মধারাগত বিরোধের ফলে তিক্ততায় পর্য্যবসিত হয়নি। এ সম্পর্কে ভারতীয় কম্যুনিষ্ট পার্টির বিশিষ্ট সদস্য অধ্যাপক হীরেন মুখোপাধ্যায়ের মন্তব্য বিশেষভাবে প্রণিধানযোগ্য। অধ্যাপক মুখোপাধ্যায় লিখেছেন—

"রাজনীতি ক্ষেত্রে অজাতশত্রু বলে যাঁদের মনে করা যেতে পারে তাঁদের মধ্যে একজন অগ্রগণ্য হ'লেন আমাদের সর্বজনপ্রিয় সতীশ চন্দ্র সামন্ত। কৈশোর থেকে দেশের স্বাধীনতা সংগ্রামে নিবেদিতপ্রাণ এই মানুষটির কাছাকাছি আসার সৌভাগ্য যাঁদের হ'য়েছে তাঁদের সকলের একান্ত আত্মীয় হলেন সতীশবাবু।···সতীশবাবুর বিবিধ কর্মকাণ্ডের বিবরণ দিতে চাই না, তার প্রয়োজনও নাই। তবু বলব, অন্ততঃ পঁচিশ বৎসর চাক্ষুষ অভিজ্ঞতায় দেখেছি যে— ভাবে-ভঙ্গীতে, আচারে-ব্যবহারে এই গ্রামের মানুষটি লোকসভার অভ্যন্তরে প্রচুর মর্যাদা পেতেন—কারণ, কারও বুঝতে দেরী হত না যে এই সরল, সৎ, স্বচ্ছ মানুষটি হ'লেন বাস্তবিকই জনপ্রতিনিধি। এদেশের রাজনীতির স্বর্ণযুগেরই মানুষ।···

"দলগত চিন্তা তাঁর রাজনীতির সর্বস্ব কখনই ছিল না—পূর্বেও না, পরেও না, সকলকে তিনি কোল দিতে পারতেন। আজও পারেন। 'বসুধৈব কুটুম্বকম্' মন্ত্র—তাঁর বাইরে থেকে টেনে আনা ব্যাপার নয়।

"রাজনীতি ও সমাজনীতির তত্ত্বের দিক থেকে সতীশবাবুর সঙ্গে আমাদের অনেক মতান্তর। কিন্তু এই সৌম্য সজ্জনের সঙ্গে মনান্তর কখনও হয়নি। হতে পারতও না।"[১]

* * *

(১) এই পুস্তকের অন্যত্র দ্রষ্টব্য।

এই সহজ, সরল 'গ্রাম্য' মানুষটির প্রতি ভারতের আর এক মহান সন্তান, আধুনিক ভারতের রূপস্রষ্টা পণ্ডিত জওহরলাল নেহরু যে কি সুগভীর শ্রদ্ধা পোষণ করতেন তা তাঁর গুণমুগ্ধ দুই সাংবাদিক কয়েকটি ছোট ছোট ঘটনায় সুন্দর ভাবে বর্ণনা করেছেন। প্রবীণ স্বাধীনতা সংগ্রামী ও সাংবাদিক শ্রীশৈলেন চ্যাটার্জী লিখেছেন—

"একদিন রাষ্ট্রপতি ভবনে স্বাধীনতা দিবস উপলক্ষে আহুত এক সম্বর্ধনা সভায় সতীশদাকে দেখলাম এক কোণে চুপচাপ দাঁড়িয়ে আছেন। আমন্ত্রিত ব্যক্তিদের অনেকেই খাওয়ার টেবিলের সামনে চা এবং খাবার নেওয়ার জন্য ভীড় করে দাঁড়িয়েছিলেন। তাঁদের মধ্যে বেশ কিছু সংখ্যক পার্লামেন্ট সদস্য এবং কয়েকজন মন্ত্রীও ছিলন। কিন্তু সতীশদা শৃঙ্খলা মানতেন—তিনি সেদিকে যাননি। প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরুর তাঁর দিকে দৃষ্টি পড়াতে তিনি ধীরে ধীরে সতীশদার কাছে এসে বললেন "আরে সামন্তজী, চা টা কিছু খেয়েছেন?" প্রশান্ত হাসি হেসে সতীশদা বললেন—"পরে নিয়ে নোব"। কিন্তু প্রধানমন্ত্রী তাতে সন্তুষ্ট হ'তে পারলেন না। তিনি খাবার টেবিলের কাছে গিয়ে কিছু মিষ্টি তুলে নিয়ে সতীশদাকে দিলেন আর রাষ্ট্রপতি ভবনের এক বেয়ারাকে বললেন সতীশদাকে চা এনে দিতে"।[১]

অনুবাদ

প্রায় এই রকমই একটি ঘটনার কথা সুপ্রসিদ্ধ সাহিত্যিক ও সাংবাদিক শ্রীনিমাই ভট্টাচার্য উল্লেখ করেছেন—

"...আমি আর সতীশদা D. M. S. কাউন্টারে দাঁড়িয়ে দই খাচ্ছিলাম। সতীশদার গোঁফে বেশ দই লাগছিল। হঠাৎ সেন্ট্রাল হল থেকে লাইব্রেরির পাশ দিয়ে অফিস যাওয়ার পথে নেহরু আমাদের সামনে থমকে দাঁড়িয়েই পকেট থেকে রুমাল বের করে সতীশদার গোঁফ পরিষ্কার করেই হন্‌হন্ করে চলে গেলেন।

"আমি অবাক! ডি. এম. এস. ও টি-বোর্ডের দুই কাউন্টারের কর্মীরা স্তম্ভিত। কিন্তু সতীশদা নির্বিকার।

"দু' চারদিন পরে আমি তিন মূর্তি ভবনে গেছি। নেহরুর সঙ্গে

(১) Satisda as a Parlamenterian—Sailen Chatterjee.

দেখা হ'লে আমি কথায় কথায় সেদিনকার ঘটনা উল্লেখ করে বললাম—'সেদিন আপনার কাণ্ড দেখে ভারী মজা লেগেছিল।'

"আমি হেসে হেসে কথাগুলো বললেও নেহরু হঠাৎ গম্ভীর হ'য়ে মুহূর্তের মধ্যে কোথায় যেন তলিয়ে গেলেন। তারপর বললেন—'সতীশবাবু ইজ নট এ পলিটিসিয়ান, হি ইজ এ ম্যান—এ ম্যান উইথ অল দি নোবল্ কোয়ালিটিজ (সতীশবাবু রাজনীতিক নন্—তিনি একজন সত্যিকারের মানুষ, মানুষের সমস্ত মহৎগুণগুলি যাঁর মধ্যে বর্তমান—এমন একজন মানুষ)।' একটু থামলেন, একটু ম্লান হাসি হাসলেন। বললেন—'এধরনের মানুষ বড় কম, দিন দিন আরো কমে যাচ্ছে'।[২]

আমাদের অশেষ সৌভাগ্য যে এই মানুষটি আজও আমাদের মধ্যে আছেন

(২) অনন্য সতীশদা—নিমাই ভট্টাচার্য—এই পুস্তকের অন্যত্র দ্রষ্টব্য

স্মৃতি-চারণ



সত্যমেব জয়তে

প্রধান মন্ত্রী, ভারত
নতুন দিল্লী
জুলাই ৫, ১৯৮২

শ্রীসতীশচন্দ্র সামন্তের জীবন ও কর্মধারা সম্পর্কে পুস্তক রচনার প্রস্তাবকে আমি স্বাগত জানাই। আমি কংগ্রেস দলের সদস্যবৃন্দ ও অন্যান্যদের কাছে বহুদিন ধরে একথা জোর দিয়ে বলে এসেছি যে প্রবীণ স্বাধীনতা সংগ্রামীদের এবং প্রতিটি জেলার স্বাধীনতা সংগ্রামের তথ্যাদি প্রকাশে যেন তাঁরা অধিকতর যত্নবান হন।

শ্রীসামন্তকে আমি দীর্ঘদিন ধরে জানি এবং তাঁর প্রতি আমার গভীরতম শ্রদ্ধা আছে। এঁদের মতো উৎসর্গীকৃত-প্রাণ ও সর্বসময়ের কর্মিগণ সকল প্রকারের ত্যাগ ও ক্লেশ বরণ করে আমাদের স্বাধীনতা-সংগ্রামকে শক্তি জুগিয়েছিলেন। তাঁরা নিজেদেরকে কেবলমাত্র সেবার যন্ত্ররূপে মনে করতেন। ১৯৪২ সালের ভারত ছাড়ো

আন্দোলনে তমলুকে শ্রীসামন্তের কার্যকলাপ চিরদিনই স্মরণীয় হয়ে থাকবে। স্বাধীনতা লাভের পর শ্রীসামন্তের কর্মধারা ১৯৪৭ থেকে ১৯৭৬ পর্যন্ত গণপরিষদ ও লোকসভামুখী হয়ে উঠল। একজন আদর্শ সংসদ সদস্য হিসাবে তাঁর নানান্ বিষয়ে আগ্রহ ছিল এবং জনসাধারণের প্রয়োজন ও সমস্যাবলী সম্বন্ধে তিনি সজাগ থাকতেন, তৎসংক্রান্ত ঘটনাবলীকে গভীরভাবে অনুধাবন করতেন এবং তাদের প্রতি কোনও অবহেলা বা অবিচার নিরসনে অনবরত সচেষ্ট থাকতেন। যে কোন পরিস্থিতিতে তিনি থাকতেন শান্ত ও সুবিবেচক।

স্বাক্ষর—**ইন্দিরা গান্ধী**

(মূল ইংরাজির অনুবাদ)

জনগণের মানুষ

শ্রীজগজীবন রাম

[লোকসভা সদস্য, প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী, প্রাক্তন সভাপতি-নিখিল ভারত কংগ্রেস কমিটি, সভাপতি নিখিল ভারত কংগ্রেস (জ)]

আমি জেনে সুখী হলাম যে, 'তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি' শ্রীসতীশ চন্দ্র সামন্তের একটি জীবনী প্রকাশ করতে উদ্যোগী হয়েছেন। তিনি একজন মহান দেশপ্রেমিক ও স্বাধীনতা সংগ্রামী।

১৯৪৭ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত প্রথমে গণপরিষদ এবং পরে সংসদের সদস্য হিসাবে তিনি যখন দীর্ঘকাল দিল্লীতে অবস্থান করতেন, তখন থেকে তাঁর ঘনিষ্ঠ সান্নিধ্যে আসার সৌভাগ্য আমার হয়েছিল। তিনি বাস্তবিকই জনসাধারণের একজন সেবক ছিলেন। পশ্চিমবঙ্গে তাঁর নির্বাচন কেন্দ্রে ও তাঁর এলাকায় বহু প্রতিষ্ঠানের সঙ্গে তিনি সংযুক্ত ছিলেন। সংসদের সদস্য হিসাবে তিনি যেমন সক্রিয় ভূমিকা গ্রহণ করেছিলেন, তেমনি বিভিন্ন সংসদীয় কমিটিতেও সক্রিয় অংশ গ্রহণ করতেন।

স্বাধীনতার জন্য যারা সংগ্রাম করেছেন ও হাসিমুখে নির্যাতন ভোগ করেছেন, সেই বিরল কংগ্রেসীদের মধ্যে তিনি একজন। স্বাধীনতা সংগ্রামী হিসাবে তিনি বহুবার কারাবরণ করেছিলেন। স্বাধীনতার জন্য তিনি ছিলেন নিবেদিত-প্রাণ এবং এই কারণেই তিনি তাঁর জেলার জনসাধারণের হৃদয়ে তাঁর নিজের একটি বিশিষ্ট স্থান করে নিতে পেরেছিলেন, যেহেতু তিনি তাদের ক্রমাগত ত্যাগের-পর-ত্যাগের ভেতর দিয়ে পরিচালিত করে সাফল্যের-পর-সাফল্যে উত্তীর্ণ করে দিয়েছিলেন। ১৯৪২ থেকে ১৯৪৪ সালে আমাদের দেশের স্বাধীনতার জন্য 'করেঙ্গে ইয়া মরেঙ্গে'র সেই ঝঞ্ঝাক্ষুব্ধ দিনগুলিতে তিনি তাঁর জেলার (তমলুকের) প্রথম 'সর্বাধিনায়ক' নির্বাচিত হয়েছিলেন। এর থেকেই অনুমান করা যায় জনসাধারণের কাছে তিনি কত বেশী শ্রদ্ধার পাত্র ছিলেন।

স্বাধীনতা লাভের পর তিনি সর্বক্ষণ নিজেকে জাতির সেবায় নিয়োজিত রেখেছিলেন। প্রত্যেকটি লোকসভায় তিনি নির্বাচিত হতেন। লোকসভার কাজে তাঁর দান অনেক, তথাপি তিনি জনসাধারণের মানুষ থাকতে পেরেছিলেন। এইটাই তো তাঁর চিরন্তন্ প্রকৃতি। কেবলমাত্র তাঁর নির্বাচন কেন্দ্রে নয় অথবা তাঁর জেলায় নয়, সমগ্র পশ্চিম বঙ্গের জনসাধারণের সঙ্গে তিনি নিবিড় সম্পর্ক রাখতেন। তাঁর রাজ্য থেকে যেসব লোক তাঁদের সমস্যার সমাধানের জন্য দলে দলে দিল্লীতে আসত সেখানে তাঁর বাসভবনটি তাদের কাছে তীর্থের মতোই মনে হতো। অসংখ্য প্রতিষ্ঠানের মাধ্যমে তিনি তাঁর এলাকার জনসাধারণের সঙ্গে সম্পর্ক বজায় রাখতেন, যেসব প্রতিষ্ঠানের সঙ্গে তিনি সংযুক্ত ছিলেন।

সতীশবাবু জনসাধারণের দুর্দশা সম্পর্কে সচেতন ছিলেন এবং প্রয়োজন হলে তা সংসদে উত্থাপন করতেন। কৃষকদের, বিশেষ করে পাট চাষীদের সম্বন্ধে তাঁর ছিল গভীর আগ্রহ। তপশীলী জাতি ও তপশীলী উপজাতিদের সমস্যা সম্পর্কে তিনি খুব আগ্রহান্বিত ছিলেন

সতীশবাবুর দৃষ্টিভঙ্গী ছিল প্রগতিমূলক। এই কারণে তিনি অন্তরের অন্তঃস্থল থেকে যেমন সমাজতন্ত্রী ছিলেন, তেমনি ছিলেন প্রকৃত ধর্মনিরপেক্ষ। ধর্মপ্রচারকদের উৎসাহ নিয়ে তিনি সমাজের অপেক্ষাকৃত দুর্বল শ্রেণীদের পক্ষ সমর্থন করতেন। দেশ এবং দশের সেবাই ছিল তাঁর জীবনের একমাত্র লক্ষ্য—তিনি তাদের স্বাস্থ্য ও প্রাচুর্য কামনা করতেন। তিনি যথার্থই একজন কংগ্রেসী ছিলেন—ছিলেন জনসাধারণের মানুষ।

(মূল ইংরাজির অনুবাদ)

এক মহান নেতা

অধ্যাপক **হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায়**

[প্রাক্তন লোকসভা সদস্য (সি. পি. আই.), অনারারি অ্যাডভাইসার,
ব্যুরো অব পার্লামেন্টারী স্টাডিজ এণ্ড ট্রেনিং, নিউ দিল্লী]

রাজনীতিক্ষেত্রে অজাতশত্রু বলে যাদের মনে করা যেতে পারে, তাঁদের মধ্যে একজন অগ্রগণ্য হলেন আমাদের সর্বজনপ্রিয় সতীশ চন্দ্র সামন্ত। কৈশোর থেকে দেশের স্বাধীনতা সংগ্রামে নিবেদিতপ্রাণ এই মানুষটির কাছাকাছি আসার সৌভাগ্য যাদের হয়েছে তাদের সকলের একান্ত আত্মীয় হলেন সতীশবাবু। আজীবন জনসেবায় লিপ্ত রয়েছেন, বহুদিন ধরে দেশের একজন প্রধান নেতা বলে তিনি পরিগণিত, কর্মবহুল জীবনে সমুচ্চ মর্যাদার পদে অধিষ্ঠিত থেকেছেন —অথচ তিনি সম্পূর্ণ নিরহঙ্কার, আত্মচিন্তা-রহিত। সতত দেশবাসীর মঙ্গলসাধন ব্যবস্থায় নিরলস। এমন মানুষ যে বিরাশি বৎসর বয়স অতিক্রম করে এখনও যথাসম্ভব কর্মব্যাপৃত অবস্থায় আমাদের মধ্যে রয়েছেন, এটা আমাদের সৌভাগ্য। সর্বতো-ভদ্র এই আদর্শবাদী দেশাভিমানীকে শ্রদ্ধা ও সম্মান জ্ঞাপন করা আমাদের পরম প্রীতিকর কর্তব্য।

ভারতবর্ষের মুক্তিপ্রচেষ্টায় মেদিনীপুর জেলার অবদান প্রায় অনন্য। স্বাধীনতা সংগ্রামের বিভিন্ন অধ্যায়ে মেদিনীপুরবাসীর সাহস আর শৌর্য এবং সংগঠনশক্তি ইতিহাসে বন্দিত থাকবে। সেই ইতিহাসেরই এক প্রোজ্জ্বল পরিচ্ছেদ হল ১৯৪২-৪৪-এর 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' যার সর্বাধিনায়করূপে সতীশ চন্দ্র সামন্ত দেশের গৌরব কিম্বদন্তীর অংশীভূত হয়ে রয়েছেন। আত্মপ্রচার-বিমুখ এই মানুষটি অধুনা অনেকেরই কাছে অজানা হলেও তিনি হলেন নিঃসন্দেহে আমাদের স্বাধীনতা সংগ্রামে অগ্নিশুদ্ধ এক বরেণ্য জননেতা।

১৯৫২ সালে প্রথম লোকসভায় নির্বাচিত হয়ে এলে আমার

সুযোগ ও সৌভাগ্য হয়েছিল সতীশবাবুকে কাছ থেকে জানার। তখন থেকে ১৯৭৭ সাল পর্যন্ত একাদিক্রমে পঁচিশ বৎসর তাঁর সঙ্গে সংসদীয় কার্যে ব্যাপৃত থেকেছি। নানা উপলক্ষে তাঁর সঙ্গ পেয়েছি। অগণিত ব্যাপার নিয়ে আলোচনা হয়েছে। একবার সাধারণ নির্বাচনের সময় মেদিনীপুর জেলায় বেশ কয়েকটি নির্বাচনী সভায় সতীশবাবুর সমভিব্যাহারে ও আনুকূল্যে অংশ গ্রহণ করেছি আর লক্ষ্য করেছি সাধারণ গ্রামবাসীর সঙ্গে তাঁর সহজ, সহৃদয় সামীপ্য। বেশ মনে আছে প্রতিটি সভায় সমবেত জনতাকে "নমস্কার" জানিয়ে তবেই তিনি নিজস্ব বক্তব্য উপস্থাপিত করতেন। ১৯৪২-৪৪ সালের অগ্নিগর্ভ দিনগুলিতে বিদেশী সরকারকে কিছুকালের জন্য মেদিনীপুরের (তমলুক মহকুমার) বুক থেকে দূরে সরিয়ে "সর্বাধিনায়ক" যিনি হয়েছিলেন, তাঁকেই দেখলাম দেশের মানুষ সম্পর্কে তাঁর মমতা, তাঁর বিনয়, তাঁর একাত্মবোধ। এমন মানুষ যেকোন সময়েই বিরল, আর এমন মানুষেরাই দেশের রাজনীতিতে এককালে দীপ্তি এনেছিলেন, যে দীপ্তির আভাস বয়োবৃদ্ধ সতীশবাবুর বর্তমান সত্ত্বাতে এত স্পষ্ট।

সতীশবাবুর বিবিধ কর্মকাণ্ডের বিবরণ দিতে চাই না, তার প্রয়োজনও নেই। তবে বলব, অন্তত পঞ্চাশ বছরের চাক্ষুষ অভিজ্ঞতার ভিত্তিতে, যে ভাবে-ভঙ্গীতে, আচার-ব্যবহারে তাহ'ল এই গ্রামের মানুষটি লোকসভার অভ্যন্তরে প্রচুর মর্যাদা সর্বদা পেতেন। কারণ কারও বুঝতে দেরি হত না যে এই সরল, সৎ, স্বচ্ছ, সহাস্য ব্যক্তিটি হলেন বাস্তবিকই জনপ্রতিনিধি, এদেশেও রাজনীতির স্বর্ণযুগেরই এক প্রতীক। সদাহাস্যময় সতীশবাবুকে ঘিরে তাই মাঝে মাঝে হাসি ঠাট্টাও চল্‌ত, "গোঁফ দেখলেই চেনা যায় এমন শিকারী বাঘের মতো মুখ আমাদের সতীশবাবুর" কে যেন বলে উঠলেন একবার—কুসুম কোমল মানুষটি বজ্রের মতো কঠোরও হয়তো হতে পারতেন, নইলে 'সবাধিনায়ক' পদে ছিলেন কেমন করে? ১৯৫৪ সালে এক পার্লামেন্টারী প্রতিনিধি দলের নেতা হয়ে সতীশবাবু ইউরোপ গেলেন মনে আছে। আমার বন্ধু সুরসিক সাদাৎ আলি খাঁন বললেন আমাকে

"দেখো দিকি গোঁফ জোড়া নিয়ে আর বুকবন্ধ কোট পরে সতীশবাবুকে দেখাচ্ছে ঠিক যেন স্টালিন।" এই সতীশবাবুকেই দেখলাম সংসদের সেন্ট্রাল হলে রবীন্দ্র-জন্ম-শতাব্দী উপলক্ষে সংসদ-সদস্যদের সভায় (১৯৬১), আর সেখানে সতীশবাবু বললেন যে বক্তৃতা হবে অবান্তর, তাই তিনি গেয়ে উঠলেন: "সার্থক জন্ম আমার জন্মেছি এই দেশে। সার্থক জনম মাগো তোমায় ভালোবেসে।" বাষট্টি বছরের বৃদ্ধকণ্ঠে সে গান ওস্তাদের মনোমত হত না। কিন্তু অদ্ভুত সুন্দর এক সাক্ষ্য বহন করে আনল মুক্তি প্রয়াসের এক অবিস্মরণীয় অনুরণনের।

আদর্শবাদী সতীশবাবু অবশ্যই; আজীবন অকৃতদার, দেশসেবায় সমুৎসৃষ্টপ্রাণ সতীশবাবু। কিন্তু বাস্তব কর্মব্যস্ততায় কখনও তাঁকে পরাঙ্মুখ দেখিনি। পার্লামেন্টের বহু কাজ শ্রমসাধ্য। কিছু পরিমাণে ক্লান্তিকরও বটে। কিন্তু সতীশবাবু সেখানে এক নীরব অলঙ্কার হয়ে বসে থাকার পাত্র ছিলেন না। লোকসভার দৈনন্দিন বিবরণ তাঁর পরিশ্রম ও নিষ্ঠার পরিচয় হয়ে থাকবে চিরকাল। আর শুধু কি পরিশ্রম? কয়েকটি বিষয়ে সতীশবাবুর যে অবদান, তা তো কেবল পরিশ্রমের সুফল নয়। এই প্রসঙ্গে উল্লেখ করব হলদিয়া প্রকল্পের— যদি পার্লামেন্টে কোনো একজন ব্যক্তি এই হলদিয়া প্রকল্পের প্রধান সাধক বলে পরিচিত হতে পারেন তো তিনি হলেন আমাদের সতীশবাবু।

বেশ মনে আছে "বাংলা কংগ্রেস" প্রতিষ্ঠার পর মূল কংগ্রেস থেকে যখন তাঁর ছাড়াছাড়ি, তখন উভয় পক্ষেই অনেক দুঃখ, ক্ষোভ, ব্যথা, অভিমান যেন ফেটে পড়ল। সতীশবাবুরও চিরাভ্যস্ত প্রতিষ্ঠান ছাড়তে চোখ ছলছল করে উঠেছিল। আমার মতো অনেকে আছি কমিউনিস্ট পার্টিতে। যারা একদা ছিলাম কংগ্রেসে আর বুঝি ঐ সংস্থার (তার বর্তমান 'সংস্করণ' সম্বন্ধে বলছি না) মায়া কত গভীর। সে মায়া সতীশবাবু কাটিয়েছিলেন নীতি নিষ্ঠার খাতিরেই। কিন্তু দলগত চিন্তা তাঁর রাজনীতি সর্বস্ব কখনোই ছিল না—পূর্বেও না, পরেও না। সকলকে তিনি কোল দিতে পারতেন, আজও পারেন— 'বসুধৈব কুটুম্বকম্'-মন্ত্র তাঁর কাছে বাইরে থেকে

টেনে আনা ব্যাপার নয়।

রাজনীতি-সমাজনীতির তত্ত্বের দিক থেকে সতীশবাবুর সঙ্গে আমাদের অনেক মতান্তর। কিন্তু এই সৌম্য সজ্জনের সঙ্গে মনান্তর কখনও হয়নি, হতে পারত না। আজও জানি জ্ঞানবৃদ্ধ এই মানুষটি সঙ্কোচ করবেন না ঝাঁপিয়ে পড়তে কাজের মধ্যে—যে কাজের অন্বিষ্ট হল ভারতবর্ষের শাশ্বত প্রার্থনা—

"সর্বে জনাঃ সুখিনো ভবন্তু"

সামন্ত দাদা ঃ একটি শ্রদ্ধাঞ্জলি

শ্রীদেবকান্ত বড়ুয়া

[প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, প্রাক্তন রাজ্যপাল (বিহার); প্রাক্তন সভাপতি, নিখিল ভারত কংগ্রেস কমিটি]

শ্রীসতীশচন্দ্র সামন্ত চিরকাল একজন নির্ভীক স্বাধীনতা সংগ্রামী ছিলেন। তিনি ছিলেন জনসাধারণের কাজে একজন নিবেদিত সেবক। যাঁদের জীবন কর্মের পরিধি আমাদের স্বাধীনতা সংগ্রামের সমগ্র সময় সীমায় বিধৃত, তেমন মানুষের সংখ্যা এখন কমে আসছে—সতীশদাদা এমনি একজন মানুষ ছিলেন।

তিনি গ্রাম্য পরিবেশে জন্মেছিলেন এবং সেই পরিবেশের মধ্যেই লালিত-পালিত হয়েছিলেন। জীবনের প্রথমেই তিনি মহাত্মা গান্ধীর নেতৃত্বে পরিচালিত আমাদের জাতীয় জীবনের প্রধান স্রোতের সামিল হয়েছিলেন। জনসাধারণের মধ্যে নিরলস ও নিঃস্বার্থ রাজনৈতিক কর্মের দ্বারা তিনি তমলুককে স্বাধীনতার একটি দুর্গে পরিণত করেছিলেন আর সেখানকার অধিবাসীদের তিনি স্বাধীনতার সৈনিক হিসাবে তৈরী করেছিলেন।

তাম্রলিপ্তের ঐতিহাসিক বন্দর তমলুক বিদেশী শাসন থেকে মুক্ত হওয়ার জন্য জনসাধারণের অদম্য ইচ্ছার সঙ্কেত-স্বরূপ হয়ে উঠেছিল আর দেশের জন্য চরম আত্মোৎসর্গের প্রতীক হয়ে উঠেছিলেন মাতঙ্গিনী হাজরা।

সতীশচন্দ্র সামন্তের জীবনকর্ম প্রমাণিত করেছে যে ভারতের জনসাধারণের আত্মত্যাগ ও কষ্ট স্বীকারের ভিতর দিয়ে এসেছে ভারতের স্বাধীনতা। এটা বিশেষ কোনো রাজনৈতিক গোষ্ঠীর কৌশলের ফল ছিল না। যদিও গ্রামীণ পটভূমির মানুষ ছিলেন তিনি এবং তাঁর জীবনের অধিকাংশ সময় সেইখানেই অতিবাহিত হয়েছিল, তথাপি তিনি নিজেকে একজন সুদক্ষ ও সার্থক সংসদীয় রাজনীতিজ্ঞ হিসাবে প্রমাণিত করেছিলেন। যখন ১৯৪৬ সালে তিনি গণপরিষদে প্রবেশ

করেন এবং ১৯৭৭ সাল পর্যন্ত তিনি লোকসভায় ছিলেন, সেখানে তিনি নিজ প্রতিভার গুণে খ্যাতিলাভ করেছিলেন এবং প্রত্যেকটি কমিটিতে তিনি রীতিমতো প্রস্তুত হয়ে আসতেন। এর ফলে প্রশাসনের বহুদিক সম্পর্কে তিনি সন্ধানী প্রশ্ন করতে পারতেন এবং কার্যকরী প্রস্তাব রাখতে পারতেন।

তাম্রলিপ্ত জাতীয় সরকারের নির্মাতা হিসাবে তিনি যে খ্যাতি লাভ করেছিলেন তা সকল কংগ্রেসীর চিত্ত জয় করেছিল। যদিও আমি তাঁকে শুধু তাঁর এই খ্যাতির জন্য জানতাম তথাপি ১৯৫০ সালে আমি যখন সাময়িক সংসদের সভ্য হয়েছিলাম তখন থেকেই তাঁর সঙ্গে আমার ব্যক্তিগত ও ঘনিষ্ঠ পরিচয় সাধিত হয়। একটা জিনিস যা আমাকে এবং তাঁর বন্ধুদের মুগ্ধ করেছিল তা হলো জনসাধারণের প্রতি তাঁর অসীম প্রীতি—তিনি বরাবর তাদের আপনজন ছিলেন। তিনি যেমন তাদের গড়েছিলেন আবার তাদের দ্বারাও তিনি গর্বিত হয়েছিলেন। তাদের সঙ্গে বাস করেছেন এবং তাদের জন্যই তিনি বেঁচে আছেন। এইখানেই তাঁর জীবনের চরিতার্থতা এবং এইখানেই তাঁর গৌরব।

(মূল ইংরাজির অনুবাদ)

স্বাধীনতা সংগ্রাম ও সতীশদা

চিত্ত বসু

[লোকসভা সদস্য, পরিষদীয় নেতা-ফরওয়ার্ড ব্লক, সাধারণ সম্পাদক-নিঃ ভাঃ ফরওয়ার্ড ব্লক]

সবজন শ্রদ্ধেয় সতীশদা ও স্বাধীনতা আন্দোলন আমাদের কাছে এক ও অভিন্ন। একের পর্যালোচনা অন্যের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে সংশ্লিষ্ট। উভয়কেই আমাদের পাশাপাশি রেখেই মূল্যায়ণ করতে হবে।

ভারতের স্বাধীনতা আন্দোলন, অসহযোগিতা, আইন-অমান্য, সত্যাগ্রহ, ব্যক্তিগত সত্যাগ্রহ প্রভৃতি পর্যায়ের মধ্য দিয়ে অগ্রসর হয়েছে। প্রতি পর্যায়েরই বিশেষ বিশেষ বৈশিষ্ট্য রয়েছে। আর সেই বৈশিষ্ট্যগুলি সন্দেহাতীত ভাবেই বিশেষ পর্যায়ে জনগণের রাজনৈতিক চেতনার মানের প্রতিবিম্বন। স্বাধীনতা আন্দোলনের এই প্রধান প্রবাহ-ধারার সঙ্গে সমান্তরালভাবেই বিপ্লবী শক্তির কর্মধারা অগ্রসর হয়েছে। উভয় ধারাই স্বাধীনতা আন্দোলনে গতি ও বেগ সৃষ্টি করেছে—স্বাধীনতা আন্দোলন গণব্যাপকতা লাভ করেছে, গভীরতা লাভ করেছে এবং ক্রমশ দুর্বার হয়ে উঠেছে।

স্বাধীনতা-আন্দোলনের এই প্রবাহ ধারার মধ্য দিয়েই সতীশদা, কর্মী থেকে নেতায় পরিণত হয়েছেন। সংগ্রাম, অধ্যবসায়, নিষ্ঠা দেশপ্রেম ও গণ-সান্নিধ্য, নেতা সতীশদাকে রূপান্তরিত করেছে সর্বাধিনায়কে। আর সর্বাধিনায়ক স্বাধীনতা আন্দোলনের এমনি এক পর্যায়ে, যে পর্যায়টি হোল ঐতিহাসিক দিক থেকে জাতির জীবনে পরিবর্তনের যুগ সন্ধিক্ষণ। যুগ সন্ধিক্ষণ এই কারণে যে এই পর্যায়ে স্বাধীনতা আন্দোলনের গুণগত পরিবর্তন সাধিত হয়েছে। আন্দোলন আর সত্যাগ্রহ, আইন অমান্য, অসহযোগিতার চৌহদ্দির মধ্যে সীমায়িত নেই —আন্দোলন রূপান্তরিত হয়েছে বৃটিশ শাসনের বিকল্পে জনগণের স্বাধীন জাতীয় সরকার গঠনে। এইরূপ স্বাধীন জাতীয় সরকার ভারতের অন্যান্য যে কয়েকটি অংশে জন্মলাভ করেছিল, তমলুক

জাতীয় সরকার তাদের মধ্যে অন্যতম। আর সেই জাতীয় স্বাধীন সরকার একুশ মাস (১৯৪২-৪৪) সাম্রাজ্যবাদের সকল পীড়ন-দমনকে উপেক্ষা করে বেঁচে ছিল—তমলুকের জনগণকে নতুন পথের নির্দেশ দিয়েছিল। স্বাধীনতা-আন্দোলনের এক নতুন অধ্যায়ের সূচনা হোল। আর সতীশদা সেই স্বাধীন জাতীয় সরকারের প্রথম সর্বাধিনায়ক। জনসংগ্রাম-সৃষ্ট সতীশদা, জনসংগ্রামের নায়ক। ইতিহাস আবার প্রমাণ করলো, সংগ্রাম ও নায়কত্ব এক এবং অভিন্ন-একটি অপরটিকে সৃষ্টি করে।

সংগ্রামের নায়ক স্বাধীনতা লাভ করার পরে স্বাধীন ভারতের গণতান্ত্রিক সংবিধান রচনা করার কাজে অংশ গ্রহণ করলেন। গণ-পরিষদের সদস্যরূপে জনজীবনের মৌলিক সমস্যাগুলির সমাধানে সংবিধানকে সামাজিক-আর্থিক পরিবর্তনের যন্ত্র হিসেবে গড়ে তোলার প্রয়াস চালালেন (১৯৪৭-৪৯) গণপরিষদ ও অস্থায়ী সংসদের এবং প্রথম দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম লোক সভার সদস্য হিসেবে। শোষিত বঞ্চিত মানুষের জীবনে আর্থিক সামাজিক পরিবর্তন আনার জন্য নির্ভীকভাবে সংগ্রাম করেছেন উল্লেখযোগ্য সাফল্যও অর্জন করেছেন। সেই সাফল্যের স্বাক্ষর ছড়িয়ে ছিটিয়ে রয়েছে লোকসভার কার্যবিবরণীর পাতায়-পাতায়, অধ্যায়ে-অধ্যায়ে। সুনিপুণ গবেষকই পারে সেই স্বাক্ষরগুলি সংগৃহীত করে জনমানসের কাছে তুলে ধরতে। সেই প্রয়াসে কোনো গবেষক কোনো দিন হয়তো এগিয়ে আসবেন—এটাই শুধু এই মুহূর্তে আশা করতে পারি।

সংসদীয় জীবন, জনগণ থেকে রাজনৈতিক কর্মীদের বিচ্ছিন্ন করে দেয় এটাই হোল সাধারণ ধারণা। সতীশদা এই ধারণাকে ভুল প্রমাণিত করে দিয়েছেন নিজের জীবন-সাধনা দিয়ে। সংসদীয় জীবন, জন- সংগ্রামেরই আর একটি দিক, তা তিনি প্রমাণ করেছেন।

ব্যবহারিক জীবন ও রাজনৈতিক মতাদর্শ একে অপরের পরিপূরক-এ কথাটির গুরুত্ব আজ একেবারেই শেষ হবার মুখে। সতীশদার জীবন আজও আমাদের এ কথাটির গুরুত্ব স্মরণ করিয়ে দেয়, অনুকরণের প্রেরণা জাগায়।

আমার পিতৃতুল্য সতীশদা

শ্রীপ্রণব মুখোপাধ্যায়

[কেন্দ্রীয় অর্থমন্ত্রী ; রাজ্যসভার লীডার]

শ্রীসতীশ চন্দ্র সামন্ত, যাঁকে তাঁর অনুরাগীবৃন্দ 'সতীশদা' বলে অভিহিত করেন, তিনি বাংলার একজন বরেণ্য সন্তান। সামান্য অবস্থা থেকে সুরু করে, তিনি আমাদের রাজনৈতিক ও সামাজিক আন্দোলনে প্রধান স্থান গ্রহণ করেছিলেন। প্রকৃতপক্ষে তিনি মাটির মানুষ—দেশের মানুষ। সমাজের দুর্বল ও নির্যাতিত শ্রেণীর স্বার্থ সর্বদা তাঁর অন্তরে স্থান পেয়েছে। যাঁরাই তাঁর সান্নিধ্যে এসেছেন, তাঁরাই তাঁর জীবন ও উপদেশাবলী থেকে প্রেরণা লাভ করেছেন। সতীশদাকে খুব ঘনিষ্ঠভাবে জানবার সুযোগ আমার হয়েছিল এবং মাতৃভূমির জন্য তিনি যে বিপুল ত্যাগ স্বীকার করেছেন তা আমার মনে একটি গভীর দাগ কেটেছে।

১৯০০ সালের ১৫ ডিসেম্বর মেদিনীপুরের গোপালপুর গ্রামে তাঁর জন্ম। শিক্ষালাভ মহিষাদল-রাজ উচ্চ ইংরেজি বিদ্যালয়, বঙ্গবাসী কলেজ ও বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিট্যুট, কলিকাতা। খুব অল্প বয়সেই তিনি মহাত্মা গান্ধীর নেতৃত্বে পরিচালিত স্বাধীনতা আন্দোলনে যোগদান করেছিলেন। ১৯২০ ও ১৯৪৬ সালের মধ্যে স্বাধীনতা সংগ্রামে যোগদানের জন্য তিনি সাতবার কারারুদ্ধ হয়েছিলেন। তাঁর প্রকৃত লক্ষ্য ছিল, কেবলমাত্র রাজনৈতিক স্বাধীনতা নয়, ঐতিহ্যের নিগড়ে বাঁধা আমাদের সমাজের সংস্কার। মনে প্রাণে তিনি স্বামী প্রজ্ঞানানন্দের একজন অনুগামী এবং সমগ্র দেশে স্বামীজীর সমাজ সংস্কারের ভাবধারা অক্লান্তভাবে প্রচার করেছিলেন।

আমাদের দেশে গণতান্ত্রিক পদ্ধতির বিকাশ ও উন্নতিসাধনে তাঁর অবদান খুবই গুরুত্বপূর্ণ। রাজনৈতিক সংগ্রামের আদিপর্বে তিনি উপলব্ধি করেছিলেন যে, যদি না আমরা একেবারে মূল থেকে দেশের গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলির বিকাশ সাধন করি তা'হলে প্রকৃত গণতন্ত্র

গড়ে উঠতে পারবে না। এই ভাবেই তিনি নিমতৌড়ি দেশবন্ধু গ্রাম পুনর্গঠন কেন্দ্র, তমলুক ও পাঁশকুড়া থানা কংগ্রেস কমিটি, তমলুক সাব-ডিভিসনাল কংগ্রেস কমিটি প্রভৃতি গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলি গড়ে তুলেছিলেন। এইসব ক্ষেত্রে তাঁর অবদানসমূহ স্বীকৃতি পেয়েছিল যখন তিনি ১৯৪৭-৪৯ সালে গণ-পরিষদের অন্যতম সদস্য নির্বাচিত হয়েছিলেন। সেই অবধি পঞ্চম লোকসভার ১৯৭১-৭৬) সদস্য হিসাবে তিনি প্রত্যেকটিতে দক্ষতার সঙ্গে কাজ করেছেন। বরাবর তিনি লোকসভার একজন সক্রিয় ও অনুরক্ত সদস্য ছিলেন এবং সর্বদা কংগ্রেসদলের স্বার্থকেই বড় করে দেখতেন। সংসদের প্রত্যেকটি কমিটিতে সতীশদা তাঁর প্রতিভার স্বাক্ষর রাখতে পেরেছিলেন।

তাঁর নিজস্ব মতবাদে প্রবল বিপ্লবী সতীশদা সর্বদাই গান্ধীজীর সত্যবাদিতা, অহিংসা ও সারল্যের আদর্শ দ্বারা পরিচালিত হতেন। জীবন সম্পর্কে তাঁর দৃষ্টিভঙ্গীর একটি দৃষ্টান্ত এখানে উল্লেখ্য। এটি ঘটেছিল তমলুকে স্বাধীনতা সংগ্রামের দিনে। বহু সহিংস সংঘর্ষ ও হত্যার অভিযোগ গান্ধীজীর গোচরে এসেছিল। ঐগুলির সত্যতা যাচাই করার জন্য তিনি তমলুক পরিদর্শনে এসেছিলেন। সতীশদার অনুগামীগণ এই ব্যাপারে লিপ্ত ছিলেন, তাই তাঁরা এই অভিযোগ অস্বীকার করার জন্য তাঁকে প্রভাবিত করার চেষ্টা করেন। কিন্তু সত্যের পথ থেকে বিচ্যুত হবার মানুষ ছিলেন না তিনি। প্রকৃত ঘটনা যা ঘটেছিল তিনি গান্ধীজীর কাছে তাই অকপটে বলবেন, যদিও তিনি জানতেন এর মূলে ছিল ইংরেজ সৈন্যদের অকথ্য অত্যাচার আর নারী ধর্ষণ—এই কথা তাঁর অনুগামীদের বলেছিলেন তিনি। সতীশদা বিশ্বাস করতেন যে লক্ষ্যের সাধনে অবলম্বিত উপায় মাত্রেই সমর্থন-যোগ্য নয়। তাঁর জীবনের আর একটি ঘটনা মনে পড়ছে। সেবার সতীশদাকে নির্বাচনে শ্রীমতী অরুণা আসফ আলির প্রতিদ্বন্দ্বিতা করতে হয়েছিল। নির্বাচনী সভায় তিনি শ্রীমতী অরুণা আসফ আলির প্রশংসা করতেন এবং কোন রকম বিদ্বেষভাব মনের মধ্যে পোষণ না করে তিনি নির্বাচকমণ্ডলীর হাতেই বিষয়টা ছেড়ে দিয়ে-ছিলেন। রাজনীতির ক্ষেত্রে যাঁরা তাঁর বিরোধী ছিলেন, তাঁদের

গুণাবলী উপলব্ধি করে তিনি ক্ষান্ত হতেন না। প্রকাশ্যে তিনি কখনো কুণ্ঠিত হতেন না।

জাতির এবং কংগ্রেস দলের সেবায় অতিবাহিত হয়েছে সতীশদার সুদীর্ঘ জীবন। সতীশদার ন্যায় একজন নেতৃস্থানীয় ব্যক্তির জীবন ও কর্ম সম্পর্কে একটি স্মারকগ্রন্থ প্রকাশ করে 'তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি' একটি করণীয় কাজ সম্পন্ন করছেন। সতীশদা আমার পিতৃতুল্য—আমি চিরকাল তাঁর জীবন ও উপদেশাবলী থেকে প্রেরণা পাব। প্রকৃতপক্ষে আমি তাঁরই নেতৃত্বে আমার রাজনৈতিক জীবন শুরু করেছিলাম এবং তাঁর জীবনাদর্শের, সরলতা, সেবা ও ত্যাগ অনুসরণ করতে চেষ্টা করেছি। তাঁর চরিত্রের এই গুণাবলী শুধু আমাকেই উদ্বুদ্ধ করেনি, তাঁর সংস্পর্শে আসার সৌভাগ্য যাঁদের হয়েছিল তাঁদেরও উদ্বুদ্ধ করেছিল। যে বাণী প্রচারের জন্য সতীশদা তাঁর সমগ্র জীবন নিয়োজিত করেছেন, তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি সেই কাজে সাফল্য লাভ করুক—আমি সর্বান্তঃকরণে সেই শুভেচ্ছা জ্ঞাপন করছি।

(মূল ইংরাজির অনুবাদ)

হলদিয়ার স্রষ্টা

শ্রীরাজ বাহাদুর

[প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, জাহাজ ও পরিবহণ]

পঁচিশ বছরের অধিককাল শ্রীসতীশ চন্দ্র সামন্তের ঘনিষ্ঠ সংস্পর্শে আসার জন্য আমি নিজেকে খুবই ভাগ্যবান বলে গণ্য করি। ১৯৪৮ সালে আমি যখন গণপরিষদে যোগদান করেছিলাম তখন থেকেই তাঁর সঙ্গে আমার পরিচয়। এই সব সময়ে তাঁর স্নেহ ও নির্দেশ লাভ করে আমি ধন্য হয়েছি—এই সময়ে আমরা দুজনেই লোকসভার সদস্য ছিলাম। তারপর আমাদের নেতৃবৃন্দের অনুগ্রহে আমি উপ-মন্ত্রী, রাষ্ট্র-মন্ত্রী ও কেবিনেট মন্ত্রীর পদে নিযুক্ত হয়ে সেইভাবে কাজ করেছিলাম। ১৯৫৭ সালে আমি বন্দর ও জাহাজ চলাচলের দায়িত্ব গ্রহণ করি, সেই সঙ্গে কলকাতা বন্দরও। কয়েক দশক ধরেই কলকাতা বন্দরের জন্য একটি সহায়ক বন্দর তৈরি করা ও তার স্থান নির্বাচন করার বিষয়টি বিবেচনাধীন ছিল, কিন্তু স্বাধীনতা লাভের পর সতীশ চন্দ্র সামন্ত যখন বিষয়টি নিয়ে উঠে-পড়ে লাগেন—একমাত্র তখনই প্রস্তাবটি সম্পর্কে সত্যিকারের চিন্তাভাবনা ও বিবেচনা শুরু হয়। প্রথমে ঠিক হয়েছিল সহায়ক বন্দরটি গেঁয়োখালিতে হতে পারবে। পরবর্তীকালে একাধিক জরিপ ও গবেষণার ফলে দেখা গেল যে, সহায়ক বন্দরটির পক্ষে হলদিয়া উপযুক্ত স্থান হিসাবে নির্বাচিত হল। এই সহায়ক বন্দরটি তৈরি করার জন্য আর্থিক ও কারিগরি সাহায্য হিসাবে বিশ্বব্যাঙ্ক থেকে অনেকখানি প্রত্যাশা করা হয়েছিল। কিন্তু অনেক বছর ধরে আলোচনা এবং বিবেচনা করার পর বিশ্বব্যাঙ্ক কর্তৃক বিষয়টি পরিত্যক্ত হয়। তখন জাহাজ চলাচল ও যানবাহন মন্ত্রক হলদিয়াতে নতুন সহায়ক বন্দরটি নির্মাণের জন্য সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করেন। এটা সম্ভব হয়েছিল শুধু শ্রীসামন্তের নিষ্ঠা ও আগ্রহের ফলে। কলকাতার জন্য একটি সহায়ক বন্দরের বিষয়টি তিনি মনপ্রাণ দিয়ে চিন্তা করেছিলেন এবং তার পক্ষ সমর্থন করেছিলেন। এই

ব্যাপারে আমাদের বিশেষভাবে সমর্থন করেছিলেন কলকাতা বন্দরের তদানীন্তন চেয়ারম্যান শ্রী বি. বি. ঘোষ, আই·সি.এস।

হলদিয়া বন্দর শ্রীসামন্তের শ্রেষ্ঠ কর্মকীর্তি এবং এজন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাই। একজন বর্ষীয়ান সতীর্থ হিসাবে আমরা তাঁর কাছে যে সকৃতজ্ঞ ঋণে আবদ্ধ তা কখনো পরিশোধ করবার নয়। তাঁর ঐতিহাসিক ভূমিকার কথা স্মরণ করেন **আমি প্রস্তাব করি হলদিয়ার নতুন বন্দরটি নাম রাখা হোক 'সতীশ সামন্ত বন্দর'**। একজন প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী ও নিঃস্বার্থ কর্মী হিসাবে কৃতজ্ঞ-জাতির এটা বিবেচনা করা উচিত। তাঁরই অবিশ্রান্ত চেষ্টা ও অধ্যবসায়ের ফলে কলকাতার জন্য একটি সহায়ক বন্দরের দীর্ঘকালের পোষিত স্বপ্ন আজ বাস্তবে রূপ পরিগ্রহ করেছে।

আমাদের দেশের স্বাধীনতা আন্দোলনের একজন প্রথম সারির নেতা শ্রীসতীশ চন্দ্র সামন্ত। আমাদের স্বাধীনতা সংগ্রামে তিনি যে বীরত্বপূর্ণ ও অবিস্মরণীয় ভূমিকা গ্রহণ করেছিলেন সেই বিষয়ে বাংলার বন্ধু ও সতীর্থগণ আমার চেয়েও ভালোভাবে জানেন। নিজে একজন সামান্য স্বাধীনতা সংগ্রামী হিসাবে আমাদের স্বাধীনতা সংগ্রামের এক মহান নেতার উদ্দেশ্যে আমার শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছি।

(মূল ইংরাজির অনুবাদ)

দরিদ্র ও দুর্বলের বন্ধু

শ্রীআর. ভেঙ্কট রমণ

[কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী, সদস্য, অস্থায়ী সংসদ]

১৯৫০ থেকে ১৯৫৭ সাল পর্যন্ত শ্রীসতীশ চন্দ্র সামন্ত সংসদে আমার সতীর্থ ছিলেন এবং এই সময়ে আমি তাঁর ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছিলাম। যেসব কংগ্রেস কর্মী দেশের জন্য তাঁদের সমগ্র সময় নিয়োজিত করেছিলেন তিনি সেই শ্রেণীর ছিলেন। একজন সমাজ সেবক হওয়ার ফলে জনসাধারণের সমস্যা সম্পর্কে তাঁর ছিল প্রগাঢ় জ্ঞান এবং যখনই তিনি সংসদে কথা বলতেন তিনি বক্তব্য বিষয় সম্বন্ধে যথেষ্ট জেনেশুনেই বলতেন। স্বভাবে তিনি বিনয়ী ছিলেন। স্বাধীনতা আন্দোলনে যোগদান করে কারাবরণের জন্য গর্ববোধ করতে আমাদের অনেক সতীর্থকে দেখেছি। কিন্তু সামন্ত কখনো নিজের কথা বলতেন না, যদিও এই বিষয়ে তাঁর রেকর্ড অন্যান্য সতীর্থ অপেক্ষা অধিক ছিল। সংসদে তিনি রীতিমতো প্রস্তুত হয়ে আসতেন এবং তাঁর বক্তব্য বিষয় দক্ষতার সঙ্গে উপস্থাপিত করতেন। তাঁর দৃষ্টিভঙ্গী ছিল প্রগতিমূলক। দরিদ্র ও দুর্বল শ্রেণীর অবস্থার উন্নতির জন্য যদি কোনো ব্যবস্থা অবলম্বন করা হতো তিনি তা একান্তভাবে সমর্থন করতেন। সর্বদা শান্ত ও নিরভিমান, সংসদে সকল সতীর্থের প্রিয় ছিলেন শ্রীসামন্ত। সাত বছর আমরা এক বেঞ্চিতে বসেছি, একসঙ্গে কর্তব্য সম্পাদন করেছি কখনো বা সংসদে উনি একাই রয়েছেন। সকলের ওপর তিনি ছিলেন একজন মহৎ বন্ধু ও একজন সুন্দর ভদ্রলোক।

আমি জেনে সুখী হলাম তাঁর স্মরণে একটি গ্রন্থ প্রকাশের আয়োজন হয়েছে। জাতির একজন সম্ভ্রান্ত ব্যক্তির উদ্দেশ্যে এ শ্রদ্ধাঞ্জলি সামান্যই। তাঁর স্মৃতি তমলুকবাসী ও ভারতের জনসাধারণ দীর্ঘকাল সযত্নে অন্তরে পোষণ করবে—সে বিষয়ে আমি নিশ্চিত।

(মূল ইংরাজির অনুবাদ)

স্নেহপ্রবণ সতীশচন্দ্র

শ্রীনিত্যানন্দ কানুনগো

[প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, শিল্প ; প্রাক্তন রাজ্যপাল, (বিহার)]

তাঁর সঙ্গে ব্যক্তিগতভাবে পরিচিত হবার আগে থেকেই আমি সতীশবাবুকে (সতীশ চন্দ্র সামন্ত) জানতাম। তিনি একজন খ্যাতনামা ব্যক্তি ছিলেন। ১৯২২ ও ১৯২৩ সালে কংগ্রেস আন্দোলনের পুরোভাগে ছিল তমলুক আর সেই আন্দোলনকে কৃতিত্ব প্রদান করেছিলেন সতীশবাবু। তৎকালীন সরকারের কঠোর নির্যাতনের ফলে সেই আন্দোলনের খবর সংবাদপত্রে প্রকাশিত হতো না। তমলুকের ঘটনার সব খবর মুখে মুখে ছড়িয়ে পড়েছিল—আর কি উত্তেজনাপূর্ণ ছিল সেইসব খবর।

তাঁর সঙ্গে আমার প্রথম সাক্ষাৎ লোকসভায়, সেখানে আমরা দুজনেই সদস্য ছিলাম। আমি ছিলাম নবাগত আর তিনি এসেছিলেন গণপরিষদ থেকে। তাঁর সঙ্গে তখন থেকে যে বন্ধুত্ব গড়ে উঠেছিল তা স্থায়ী হয়েছিল। তিনি লাজুক প্রকৃতির মানুষ, আর সর্বদাই সহাস্যবদন। কিন্তু যেখানে নীতিগত প্রশ্ন উঠতো সেক্ষেত্রে দেখেছি তাঁকে ইস্পাতের মতো কঠিন হতে। যেসব কমিটির তিনি সদস্য হতেন, সেখানে তাঁর কাজ-কর্ম খুবই মূল্যবান বলে বিবেচিত হতো। কারণ তিনি প্রত্যেকটি বিষয়ে সম্যকভাবে বাড়িতেই প্রস্তুত হয়ে আসতেন।

তাঁর বাসভবনের বাগানে গাছপালা নিজেই লাগাতে ভালোবাসতেন। একবার কিছু পটল পাতার প্রয়োজন হয়েছিল। দিল্লীতে এ জিনিস পাওয়া যেত না। সতীশবাবুকে বলতেই তিনি জানালেন, তাঁর সবজি-বাগানে তিনি পটল গাছ লাগিয়েছেন। দাক্ষিণ্য ও স্নেহ ছিল তাঁর স্বভাবের বৈশিষ্ট্য।

কংগ্রেসের মধ্যে যখন ভাঙ্গন এলো, তখন তিনি খুব দুঃখ বোধ করেছিলেন। তবে তিনি তাঁর নীতি বিসর্জন দেননি এবং তথাকথিত ছিন্ন-বিচ্ছিন্ন কংগ্রেসের বিরুদ্ধে নির্বাচনে দাঁড়াতে দ্বিধাবোধ করেননি।

আমার প্রতি তিনি সর্বদা সদয় ছিলেন। যাঁরাই তাঁর সংস্পর্শে এসেছেন তাঁদের প্রত্যেকেই সতীশবাবুকে মনে রাখবেন।

(মূল ইংরাজির অনুবাদ)

সতীশ চন্দ্র সামন্ত—যেমনটি তাঁকে জানি

শ্রীহরিবিষ্ণু কামাথ

[প্রাক্তন গণপরিষদ ও লোকসভা সদস্য, নেতাজী সুভাষচন্দ্র বসুর ঘনিষ্ঠ সহযোগী]

দশ বছরের অধিক কাল শ্রীসতীশ চন্দ্র সামন্তকে জানবার এবং তাঁর সঙ্গে কাজ করবার সুযোগ আমার হয়েছিল— প্রথমে গণপরিষদে ও সাময়িক সংসদে তারপর প্রথম ও তৃতীয় লোকসভায়। গণ-পরিষদে তখন কোনো স্বীকৃত বিরোধী দল বা গোষ্ঠী ছিল না সেখানে আমি ও শ্রী সামন্ত দুজনেই কংগ্রেস দলের সদস্য ছিলাম। যদিও গণপরিষদের বাইরে আমি ছিলাম ফরওয়ার্ড ব্লক সদস্য এবং তিনি বাইরেও ছিলেন কংগ্রেস দলের একজন অনুরক্ত সদস্য। সংসদের অভ্যন্তরে তিনি মনে-প্রাণে দলীয় শৃঙ্খলা মেনে চলতেন। কিন্তু আমি শ্রীশিববনলাল সাক্সেনা, শ্রীমহাবীর ত্যাগী, শ্রী আর. কে. সিদ্ধ এবং ডঃ পি. এস. দেশমুখ ও আরো কয়েকজন মিলে একটি গোষ্ঠী তৈরি করেছিলাম যা 'জিনজার গ্রুপ' নামে—বেসরকারীভাবে পরিচিত ছিল। এই গোষ্ঠীর কোন স্বীকৃতি ছিল না।

যখন তাঁর সঙ্গে পরিচিত হই, তখন সুরু থেকেই আমি তাঁর বন্ধুত্ব ভাব ও প্রফুল্ল-স্বভাবের প্রতি আকৃষ্ট হয়েছিলাম। আমাদের মধ্যে হাস্য-পরিহাস চলতো—আমি কথা বলমাম ভাঙা ভাঙা বাংলায় আর তিনি তাঁর বিশুদ্ধ মাতৃভাষায়। কখনো কখনো এই পরিহাস আক্রমণাত্মক হলেও তার মধ্যে কোনো ভুল বোঝাবুঝি থাকত না—মতান্তর মনান্তরে পরিণত হতো না। আমি প্রায় নেতাজী সুভাষ-চন্দ্রের কথা বলতাম এবং তিনিও তাঁর প্রতি প্রশংসায় পঞ্চমুখ ছিলেন।

গণপরিষদে শ্রীসামন্তের ভূমিকা খুব সক্রিয় ছিল না, কথাও তিনি কম বলতেন। কিন্তু সাময়িক সংসদে তাঁর ভিন্ন মূর্তি দেখেছিলাম—প্রথম লোকসভায় তিনি যেমন সরব তেমনি সক্রিয় ছিলেন। যখনই তিনি কথা বলতেন তিনি যথেষ্ট আন্তরিকতা ও আগ্রহসহকারে বলতেন। গণপরিষদে সকল শ্রেণীর সদস্যদের কাছে তিনি জনপ্রিয়

ছিলেন এবং প্রথম লোকসভায় বিরোধী দলের অনেক সদস্যই তাঁকে পছন্দ করতেন। আমি তখন বিরোধী দলে ছিলাম, তৃতীয় লোকসভাতেও তাই—তখন আমি প্রজা সোসালিস্ট দলের টিকিটে নির্বাচিত হয়েছিলাম। তথাপি শ্রীসামন্তের সঙ্গে আমার ব্যক্তিগত সম্পর্ক বরাবর হৃদ্যতাপূর্ণ ছিল।

ইলেকট্রিক লেনে তাঁর বাংলোতে তিনি আমাকে বহুবার নিমন্ত্রণ করতেন। প্রকৃতপক্ষে সেই সময়ে সেইখানে লোকসভার তিনজন সদস্যকে দেখতাম, যথা— শ্রীসামন্ত, শ্রী বি. কে. দাস ও শ্রীউপেন্দ্রনাথ বর্মণ। এঁরা 'ত্রয়ী' হিসাবে পরিচিত ছিলেন এবং আমার যতদূর স্মরণ হয় তাঁরা ইলেকট্রিক লেনে একত্রে একই বাংলোয় অথবা পাশাপাশি বাংলোতে থাকতেন। বাড়িতে তিনি সম্পূর্ণভাবে বিশ্রাম উপভোগ করতেন এবং সেই সময় তাঁর আনন্দোচ্ছল ভাব লক্ষ্য করতাম।

তাঁর তরুণ বয়সে তিনি একজন সাহসী স্বাধীনতা সংগ্রামী ছিলেন এবং বাংলার হাজার হাজার দেশপ্রেমিকের সঙ্গে দুঃখ-কষ্ট ভোগ করেছেন। সে যাইহোক, ত্যাগ ও সংগ্রামের সেই দিনগুলির কথা যখনি তিনি বলতেন তাঁর বর্ণনার মধ্যে ফুটে উঠত বিশ্বাস সাহস ও দুঃখের সংমিশ্রিত ভাব।

আমার অনুজপ্রতিম এবং ষষ্ঠ লোকসভায় আমার ভূতপূর্ব সতীর্থ শ্রী সুশীল কুমার ধাড়ার কাছে আমার পুরাতন বন্ধু ও দাদা শ্রী সামন্তের অসুস্থতার সংবাদ শুনে আমি দুঃখিত হলাম। আমি জানি তিনি এখন অশীতিপর বৃদ্ধ। কিন্তু আমি আশা করি এবং প্রার্থনা করি তিনি ধীরে ধীরে আরোগ্য লাভ করবেন এবং ঈশ্বরের করুণায় সন্তোষজনক স্বাস্থ্য লাভ করবেন।

(মূল ইংরাজির অনুবাদ)

সর্বাধিনায়ক সতীশ চন্দ্র সামন্ত

ডঃ হরেকৃষ্ণ মহাতাব

[প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী, প্রাক্তন মুখ্যমন্ত্রী (উড়িষ্যা); প্রাক্তন রাজ্যপাল]

আমি জেনে সুখী হলাম যে তাঁর বন্ধু ও অনুরাগীগণ—এঁদের মধ্যে আমিও একজন, সতীশ চন্দ্র সামন্তকে এই উপাধিতে ভূষিত করেছেন। ১৯৫০ সালে আমি যখন শিল্প ও বাণিজ্য মন্ত্রী হিসাবে কেন্দ্রীয় সরকারে যোগদান করেছিলাম তখন থেকেই তাঁর সঙ্গে আমার পরিচয়। তখন থেকে ১৯৬৬ সাল পর্যন্ত আমি ঘনিষ্ঠভাবে তাঁর সঙ্গে মিশেছিলাম পার্লিয়ামেণ্ট এবং অনেক ব্যক্তিগত সভাসমিতিতে। প্রায়ই আমাদের মধ্যে সাক্ষাৎকার ঘটত ও আমরা আমাদের পরস্পরের মধ্যে মত বিনিময় করতাম। গান্ধীযুগের তিনি একজন যথার্থ প্রতিনিধিস্থানীয় ছিলেন—বিবেচক ও ধীরস্থির প্রকৃতির মানুষ। হঠাৎ তিনি কোনো অভিমত প্রকাশ করতেন না। সব সময়ই তিনি সুপরামর্শ দিতেন। যখন আমাদের মধ্যে অনেকেই কৃষ্ণ মেননের পদত্যাগ দাবী করেছিলেন, কারণ তাঁর অধীনে চীনের হাতে সৈন্যদের পরাজয় ঘটেছিল তখন সন্ধ্যাবেলায় অনেকে আসতেন আমার বাস-ভবনে এবং প্রত্যেকেই উত্তেজিত থাকতেন। কিন্তু একমাত্র সতীশচন্দ্র ছিলেন ধীরস্থির এবং তিনিই আমাকে পরামর্শ দিতেন যাতে সুকৌশলে এই বিষয়টি নির্বাহ করি। এইভাবে অনেক সময়ে তাঁর উপদেশ আমার যথেষ্ট সহায়ক হতো। প্রকৃতপক্ষে আমি যখন তাঁর কথা চিন্তা করি তখন শেকস্‌পিয়ারের এই তিনটি ছত্র আমার মনে উদয় হয় ?

His life was gentle, and the elements
So mixed in him that Nature might stand up
And say to all the world, 'This was a man ;'

আমার কিছুমাত্র সন্দেহ নেই যে, বহু প্রজন্মব্যাপী তার স্মৃতি, শ্রদ্ধা ও ভালোবাসা সহকারে লোকের মনে জাগ্রত থাকবে। বর্তমান

যুবসম্প্রদায় তাদের নিজেদের স্বার্থে এবং সমাজ ও দেশের স্বার্থে তাঁর সকল গুণাবলী না হোক, অন্ততঃ কিছু-কিছু গুণের অধিকারী কি ভাবে হবে তারই শুভেচ্ছা পোষণ করব।

(মূল ইংরাজির অনুবাদ)

গ্রামের সরল মানুষ সতীশদা

শ্রীভগবত ঝা আজাদ

[কেন্দ্রীয় শ্রমমন্ত্রী]

সাক্ষাৎকারটা হঠাৎ হলেও সুখের ছিল। স্বাধীন ভারতের প্রথম লোকসভায় নির্বাচিত হওয়ার পর আমি শপথ গ্রহণের জন্য দিল্লী আসছিলাম। প্রথম শ্রেণীর কামরাটি নানা প্রকার যাত্রী দ্বারা পূর্ণ ছিল, কিন্তু সেই ভীড়ের মধ্যে দুজন আমার দৃষ্টি আকর্ষণ করেছিলেন। লম্বা গুম্ফশোভিত একজন বয়স্ক ব্যক্তির ঠোঁট দুটি সর্বদা হাসিতে ভরা, কথা বলছেন না—তথাপি একেবারে তিনি নিশ্চুপ ছিলেন না। বয়সে আমি ছিলাম ছোট, প্রাণচাঞ্চল্যে ভরপুর—প্রথম লোকসভার সদস্য হওয়ায় গর্ববোধ করছিলাম এবং সর্বদা অর্থনীতি ও রাজনীতি এবং আরো অনেক বিষয়ে কথা বলছিলাম।

এই রকম আলোচনার মধ্যে সেই দীর্ঘগুম্ফ-বিশিষ্ট-মানুষটি আমাকে জিজ্ঞাসা করলেন,—'আপনি কি বিয়াল্লিশের আন্দোলনে যোগদান করেছিলেন?' উৎসাহ এবং সগর্বে উত্তর দিয়েছিলাম,—'হ্যাঁ'।

তার পরেই সুরু হয় মেদিনীপুর জেলায় ও সারা বাংলায় বিপ্লব, রক্তস্নান এবং স্বাধীনতা সংগ্রামীদের ওপর নির্মম অত্যাচারের কাহিনী। গভীর মনোযোগ সহকারে আমি মানুষটির কথা শুনছিলাম। তাঁর কথা কমই ছিল, যা বলছিলেন তা অনুচ্চস্বরে। কিন্তু উচ্চকিত ছিল তাঁর দুই চোখের দৃষ্টি, তাঁর অন্তরের আবেগ। কখন যে দিন গড়িয়ে বিকাল হয়েছে এবং চায়ের সময় উপস্থিত সেটা আমি জানতেই পারিনি। এমন সময় আর-একজন অপরিচিত ব্যক্তি – ইনিও আমাকে আকৃষ্ট করেছিলেন—চায়ের কথা জিজ্ঞাসা করলেন। এর নাম এন. সি লস্কর, তিনিও দিল্লী যাচ্ছেন কাছাড় জেলা থেকে নির্বাচিত লোকসভার সদস্য হিসাবে শপথ গ্রহণ করবার জন্য। কিন্তু যে বয়স্ক

ব্যক্তি আমাকে বিপ্লব ও পশ্চিমবঙ্গে স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের ভেতর দিয়ে নিয়ে যাচ্ছিলেন, তার নাম শ্রীসতীশ চন্দ্র সামন্ত। আজ যাঁরা তাকে তাঁর রোগশয্যায় সকৃতজ্ঞচিত্তে স্মরণ করছেন তাঁদের সঙ্গে মিলিত হয়ে এই কয়ছত্র নিবেদন করতে পেরে আমি গর্বিত ও আনন্দিত বোধ করছি।

এরপরে অনেক কমিটিতে তাঁর সঙ্গে একত্রে কাজ করার সুযোগ আমার হয়েছিল। কত কমিটিতে যে তিনি কাজ করেছেন, কত দায়িত্বপূর্ণ বিষয় তিনি দক্ষতার সঙ্গে সম্পাদন করেছেন তা সঠিক বলা যায় না। স্বাধীনতার সেই গোড়ার দিকে ভিয়েনাতে যে আন্তর্জাতিক পার্লিয়ামেণ্টারি য়ুনিয়ন কনফারেন্স অনুষ্ঠিত হয়েছিল, তাতে ভারতীয় সংসদ থেকে যে প্রতিনিধি-দল প্রেরিত হয়েছিল শ্রীসতীশ চন্দ্র সামন্ত তার নেতৃত্ব করেছিলেন এবং এদেশের জন্য গৌরব অর্জন করেছিলেন। পার্লিয়ামেন্টের এস্টিমেট্ কমিটি, সেন্ট্রাল এ্যাডভাইসরি বোর্ড অব য়্যানথ্রোপলজি, পার্লিয়ামেণ্টারি সায়েন্টিফিক কমিটি, ইত্যাদিতে তাঁর কাজ-কর্মের প্রশংসা সকলে করতেন। চিন্তায় ও কর্মে তিনি একজন সমাজতন্ত্রী মানুষ ছিলেন, সাধারণ মানুষের প্রয়োজন বুঝতেন, শাসকবর্গকে তিনি সেই পথ প্রদর্শন করতেন। তিনি ভালো রকমেই জানতেন যে, এই দেশের জনসাধারণের কাজে কংগ্রেস যেসব প্রতিজ্ঞা করেছে তা কেবল মাত্র সমাজতন্ত্রের দ্বারা সম্পূর্ণ করা যাবে না। সেইজন্য সংসদে ও সংসদের বাইরে উদ্দেশ্যসাধনের পথ তিনি প্রদর্শন করতে পেরেছিলেন।

ভারতের প্রথম নির্বাচিত লোকসভায় যোগদানের পূর্বে শ্রীসামন্ত ১৯৪৭ সাল থেকে ১৯৪৯ সাল পর্যন্ত গণপরিষদে এবং ১৯৫০ সাল থেকে ১৯৫২ সাল পর্যন্ত সাময়িক পার্লামেন্টের সদস্য হিসাবে কাজ করেছেন। তারপর প্রথম লোকসভা থেকে পঞ্চম লোকসভা পর্যন্ত। এই রকম সংসদীয় জীবনের দৃষ্টান্ত সকলেরই অনুসরণযোগ্য।

তাঁর দেশকে ও দেশের জনসাধারণকে ভালোভাবে জানবার জন্য তার বিশেষ আগ্রহ ছিল বলেই না তিনি দূর-দূরান্ত দেশ ভ্রমণ করেছেন। সংসদের একাধিক কমিটি ও তার নিজের রাজ্য তাঁকে

সুযোগ এনে দিয়েছিল ভারতের জনসাধারণের দুঃখ-দুর্দশা ও আশা-আকাঙ্খার সঙ্গে খুব নিকট থেকে পরিচিত হওয়ার জন্য। এতেও তিনি সন্তুষ্ট ছিলেন না। লোকসভা সমেত ভারতের একাধিক প্রতিষ্ঠানে কাজ করে তিনি জনসাধারণের অভাব-অভিযোগ বলিষ্ঠ-ভাবে প্রকাশ করতেন। বাইরে বহু দেশ তিনি ভ্রমণ করেছিলেন; তার ফলে বৃদ্ধি পেয়েছিল তাঁর দৃষ্টির প্রসারতা আর ভারতের কোটি কোটি নর-নারীর অবস্থা উন্নত করার জন্য দুর্বার আকাঙ্খা।

কোনো কোনো সন্ধ্যায় আমি যখন নিউ দিল্লীতে তাঁর বাসভবনে উপস্থিত হতাম, তখন দেখতাম 'সামন্তদা' তাঁর বাড়ির পিছন দিকের বাগানে খুরপি ও অন্যান্য সরঞ্জাম দিয়ে কাজ করছেন। মেদিনী-পুরের এই বিপ্লবী খুবই নম্র ও বিনয়ী ছিলেন। মা বসুন্ধরাকে তিনি ঘর্ম ও শ্রম দান করেছেন—এইটা প্রমাণ করবার জন্য যে তাঁর জীবন-ব্যাপী সংগ্রামের লক্ষ্য ছিল ভারতমাতার ভূমি সমৃদ্ধ করা।

এই পৃথিবীতে যদি একজন ভদ্রলোকের বাস্তব আদর্শ ও ধারণা বলে কিছু থাকে, তাহলে আমি সুনিশ্চিতভাবেই বলতে পারি—সামন্তদা মনে-প্রাণে একজন খাঁটি ভদ্রলোক, ভদ্রলোক তিনি পেশায় ও কর্মে।'

ভারতবর্ষের রাজধানীতে বসে আমি শুনতে পাচ্ছি এখান থেকে বহুদূরে মেদিনীপুর জেলায় অবস্থিত তাঁর গ্রামে বসে সামন্তদাদা বলছেন—

(মূল ইংরাজির অনুবাদ)

"जवानी जिसके कारण जली
सहा जिसके हित वय में क्लेश
पिछलने दो कण-कण कर हमें
कि सुख से जिये हमारा देश
और व भी सपनों को बन्धु
स्वेद की बूंदों बीच उतार
इन्हीं बूंदों में मन से उतर
कल्पना पायेगी आकार।"

—दिनकर।

গান্ধীবাদী সতীশ সামন্তদাদা

ডাঃ সুশীলা নায়ার

[প্রাক্তন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ; সম্পাদিকা, গান্ধী স্মারক নিধি, মহাত্মা গান্ধীজীর ঘনিষ্ঠ সহকর্মী।]

শ্রীসতীশচন্দ্র সামন্ত সেই দুর্লভ কংগ্রেস সেবীদের অন্যতম—যাঁদের সংখ্যা এখন দ্রুত কমে আসছে। তিনি একজন খাঁটি গান্ধীবাদী। ব্যক্তিগত দুঃখ ভোগ এবং ত্যাগের ভেতর দিয়ে তিনি দেশসেবার কাজে দীক্ষিত হয়েছিলেন। ভারতকে ভালোবাসা, ভারতের স্বাধীনতা সংগ্রাম করা, সে যুগে এটাই ছিল প্রত্যেক দেশপ্রেমিক তরুণের আকাঙ্খা। তাঁর সময়কার আরো অনেকের মতো তিনিও মহাত্মা গান্ধীজীর পদাঙ্ক অনুসরণ করেছিলেন এবং ভারতের স্বাধীনতা সংগ্রামে তাঁকে বহুবার কারাবরণ করতে হয়েছিল। তাঁর দেশ মহিষাদল ছিল, তাঁর কর্মের প্রধান কেন্দ্র এবং সত্যাগ্রহ আন্দোলনগুলির মধ্যবর্তী সময়ে তিনি গান্ধীজীর গঠনমূলক কাজে যোগদান করেছিলেন। এই কাজের মধ্যে একটি ছিল খাদি। যার মাধ্যমে দরিদ্রদের জন্য কিছু অর্থাগমের ব্যবস্থা করা হতো। অস্পৃশ্যতা দূরীকরণ ও দরিদ্রকে শোষণমুক্ত করা—এই কর্মসূচীর অন্তর্গত ছিল। সাম্প্রদায়িক সম্প্রীতি, মদ্যপান নিবারণ, সমাজে তাদের ন্যায়সঙ্গত স্থান যাতে মেয়েরা লাভ করতে পারে, তাদের মধ্যে শিক্ষা প্রচলন এবং দেশের তরুণ ও শ্রমিকদের ঠিকপথে পরিচালিত করা—এসব কাজও এই কর্মসূচীর অন্তর্গত ছিল।

'ভারত ছাড়ো' আন্দোলনের সময় সতীশদা জেলে ছিলেন। মহিষাদল ও মেদিনীপুরে বৃটিশ সরকারের নীতিবর্জিত কর্মচারিগণ অবর্ণনীয় অত্যাচার চালিয়েছিল এবং বেপরোয়াভাবে নারী-ধর্ষণও বৃটিশ গভর্নমেণ্ট চালিয়েছিল। রাজভক্ত নৃশংস প্রকৃতির কর্মচারীদের দয়ার ওপর নারী ও শিশুদের ছেড়ে দিয়ে অনেক পুরুষ পালিয়ে গিয়েছিল। সতীশদার সহকর্মীদের অনেকে যাঁরা পলাতক ছিলেন অথবা জেলের বাইরে ছিলেন তারা এই জিনিস সহ্য করতে না

পেরে হিংসার পথ গ্রহণ করেন এবং অত্যাচারীদের অনেককে হত্যা করেন। এটা মহাত্মার শিক্ষার বিরোধী ছিল। ব্রিটিশ গভর্ণমেণ্ট তাদের ধরতে পারেনি। জনসাধারণ ছিল তরুণদের সঙ্গে তারাই অত্যাচারিতদের উদ্ধার করতে ও দুষ্কৃতকারীদের শাস্তি দিতে এগিয়ে এসেছিল।

১৯৪৪ সালের মে মাসে গান্ধীজী যখন কারামুক্ত হলেন তখন তিনি স্বাস্থ্যলাভের জন্য জুহু, পাঁচগণি ও পুণা গিয়েছিলেন। চারদিক থেকে তাঁর কাছে আসতে থাকে সরকারী অত্যাচারের কাহিনী। স্বাস্থ্য যখন অনুকূল হলো তখন তিনি ভ্রমণ করতে শুরু করেন নির্যাতিতদের সান্ত্বনা দেবার জন্য, আর আমাদের লোকজন হিংসার আশ্রয় নিয়েছিল কিনা সেটা জানবার জন্য। ১৯৪৫ সালের শেষভাগে তিনি মেদিনীপুর ও মহিষাদলে গিয়েছিলেন। সেখানে যা-যা ঘটেছিল সেসব কাহিনী শুনে তিনি গভীর আঘাত পেয়েছিলেন।

গান্ধীজীর মেদিনীপুর আগমন উপলক্ষ্যে একটি অভ্যর্থনা কমিটি গঠিত হয়েছিল। শ্রীসতীশ সামন্ত ছিলেন সেই কমিটির চেয়ারম্যান। বাংলার কয়েকজন গান্ধীবাদী বাপুর গোচরে আনলেন যে সতীশদার সহকর্মিগণ হিংসার পথ গ্রহণ করেছিলেন। বাপু সতীশদাকে জিজ্ঞাসা করেন ঘটনা সত্যি কিনা। তখন সতীশদা বলেন, তিনি অনুসন্ধান করে বলবেন।

তখন সতীশদা সহকর্মীদের একটা সভা ডাকলেন। তাঁরা বহু দুষ্কৃতকারীদের হত্যা করেছেন কিন্তু বাপুর সামনে তা স্বীকার করতে চাইলেন না। তাঁদের আশঙ্কা ছিল সত্য ঘটনা জানলে পরে বাপুজী অনশন করবেন। তাঁরা বললেন তাঁরা অভিযোগ অস্বীকার করবেন। তখন সতীশদা বলেছিলেন, 'হ্যাঁ, তোমরা নিশ্চয়ই সত্য গোপন করতে পার, তবে আমাকে অসত্যের সামিল করো না। তোমরা অভ্যর্থনা সমিতির জন্য অন্য চেয়ারম্যান ঠিক করো।' তিনি চেয়ারম্যান পদ থেকে সরে দাঁড়ালেন। তাঁর সতীর্থ ও সহ-কর্মীরা সবাই বিস্মিত হলেন। তাঁরা সরল স্বীকারোক্তি দেবেন ঠিক করলেন। সতীশদা তাঁদের পক্ষ থেকে বাপুকে সমস্ত বিষয় জানালেন।

'অভিযোগ সত্যি বাপু'—তিনি তাঁকে বললেন। শুনে বাপু স্তম্ভিত হলেন এবং এক মিনিটের বেশি সময় নির্বাক রইলেন। তখন সতীশদা বললেন, 'বাপু, যে পরিস্থিতিতে আমার সতীর্থগণ হিংসার আশ্রয় গ্রহণ করেছিল, আপনার তা জানা দরকার। আপনি কি চান, সে সম্পর্কে আপনাকে বলি?' বাপু বললেন—'হ্যাঁ বল।'

সতীশদা বর্ণনা করলেন সেই রোমহর্ষক ঘটনাবলী। শুনে বাপু বিচলিত হয়েছিলেন। 'তুমি এ প্রমাণ করতে পার?'—জিজ্ঞাসা করলেন বাপু। সতীশদা উত্তর দিলেন—'হ্যাঁ'। অত্যাচারের যারা শিকার হয়েছিল তাদেরকে তাঁর সামনে উপস্থিত করতে বললেন বাপু। তারপর তিনি একটু চিন্তা করলেন এবং তাঁর সিদ্ধান্ত পরিবর্তন করলেন। তিনি জিজ্ঞাসা করলেন—'তোমাদের হাতে কি কোন গাড়ি আছে?' অভ্যর্থনা সমিতির কাজে নিযুক্ত একটি জরাজীর্ণ ফোর্ড গাড়িই সতীশদার সম্বল। বাপু তাকে বললেন—এইসব নিগৃহীতা মহিলাদের সঙ্গে আমাকে ও আভা গান্ধীকে দেখা করিয়ে দেবার জন্যে। আমরা সতীশদার সঙ্গে গিয়েছিলাম। লাঞ্ছিতাদের মুখে অত্যাচারের হৃদয়বিদারক নৃশংস কাহিনী শুনে আমরাও তাদের সঙ্গে অশ্রু বিসর্জন করেছিলাম।

কর্মীদের সভায় বাপু বিষয়টি তুললেন। যারা নারী ও শিশুদের অরক্ষিত অবস্থায় পরিত্যাগ করে চলে গিয়েছিল তারা এই যুক্তি দেখান যে, তারা যদি উপস্থিত থাকতো তাহলে হিংসাত্মক ঘটনা ঘটতো। বাপু তাদের তিরস্কার করে বলেছিলেন, 'যদি তোমরা যথার্থ অহিংসবাদী হতে, তাহলে এই কাহিনী বলবার জন্য তোমরা এখানে উপস্থিত থাকতে না। অহিংসভাবে তাদের রক্ষা করতে গিয়ে তোমরা বিনাশ প্রাপ্ত হতে।' তারপর তিনি বুঝিয়ে দিলেন যে, কাপুরুষতা অপেক্ষা তিনি হিংসার পক্ষপাতী। তিনি বলেছিলেন—'কাপুরুষ কখনো অহিংসাবাদী হতে পারে না,।' সতীশদা ও তাঁর সতীর্থগণ যেন তাঁদের কানকে বিশ্বাস করতে পারছিলেন না। তাঁরা আশংকা করেছিলেন যে, প্রকাশ্যে তাঁদেরকে দোষী সাব্যস্ত করবেন। কিন্তু বাপু তাদের অপরাধ মার্জনা করলেন।

সতীশদা গণপরিষদ ও সাময়িক পার্লিয়ামেণ্টের একজন সদস্য হয়েছিলেন। তিনি উপর্যুপরি পাঁচবার লোকসভার সদস্য নির্বাচিত হয়েছিলেন। ১৯৫৭ থেকে ১৯৭০ সাল পর্যন্ত তাঁর সঙ্গে সংসদে কংগ্রেস বেঞ্চে একত্রে বসবার সৌভাগ্য আমার হয়েছিল। তিনি একজন সুদক্ষ পার্লামেণ্টেরিয়ান ছিলেন এবং গুরুত্বপূর্ণ বহু কমিটিতে কাজ করেছেন ; কিন্তু আমার কাছে তাঁর জীবনের সর্বোত্তম অধ্যায় মনে হয়েছে মহিষাদলে বাপুর সঙ্গে তাঁর সাক্ষাৎ।

ভগবানের কাছে প্রার্থনা করি, সতীশদার জীবনের দৃষ্টান্ত দ্বারা অনুপ্রাণিত হয়ে দেশের যুবকগণ যেন গান্ধীপন্থা অনুসরণ করে। তাহলেই বর্তমানে যেসব সমস্যার মুখোমুখী আমরা হয়েছি এবং যা আমাদের অভিভূত করতে উদ্যত, তার সমাধান হবে।

(মূল ইংরাজির অনুবাদ)

সর্বাধিনায়ক সতীশ চন্দ্র সামন্ত

শ্রীউপেন্দ্রনাথ বর্মণ

[প্রাক্তন গণপরিষদ ও লোকসভা সদস্য ; প্রাক্তন মন্ত্রী ; প্রাক্তন ডেঃ চেয়ারম্যান, পঃ বঙ্গ বিধান পরিষদ]

১৯৪৭ হ'তে ১৯৬২ খৃস্টাব্দ পর্যন্ত গণপরিষদ, প্রভিসানাল পার্লিয়ামেন্ট এবং লোকসভার সদস্যরূপে দীর্ঘকাল মেদিনীপুরের মুক্তি-যুদ্ধের সর্বাধিনায়ক শ্রীসতীশ চন্দ্র সামন্তের ঘনিষ্ঠ পরিচয় ও বন্ধুত্ব পেয়ে নিজেকে সৌভাগ্যবান মনে করি। ঘটনাক্রমে এই দীর্ঘ বসবাস ঘটেছিল একই বাংলো বাড়িতে—অর্থাৎ ৭নং ইলেকট্রিক লেনে আমি, শ্রীসামন্ত ও শ্রীবসন্তকুমার দাস সহ। আমি ডাকতাম 'সতীশদা' আর উনি ডাকতেন 'উপেনদা'। আমার আপন ভ্রাতার সঙ্গে অনেক সময় মনোমালিন্য ঘটেছিল। কিন্তু সতীশদার সঙ্গে কখনও কোনও দিন স্থায়ী ভালবাসার ব্যতিক্রম হয়নি। অতীতের দিকে চেয়ে আজ এই কথাটাই মনে পড়ে। মনে পড়ে না, ক্ষণিকের তরেও এই বিরাট মুক্তিযুদ্ধের নায়ক কখনও মানসিক সমতা বা স্থিরতা থেকে বিচ্যুত হয়েছিলেন। তাঁকে বরাবর দেখেছি সংযমের আদর্শ মূর্তি বলে। তাই আজও বিস্ময় জাগে মনে ক'রে যে, এই ধীর শান্ত সতীশদাই একদিন প্রচণ্ডপ্রতাপ বৃটিশ সিংহকে হঠানোর জন্য 'ভারত ছাড়' আন্দোলনের নেতৃত্ব দিয়েছেন।

পার্লিয়ামেন্টারী জীবনেও সতীশদা সবার পরিচিত ও প্রশংসিত। একমাত্র শাকসবজির বাগানে সকাল বিকাল কিছু সময় ব্যাপৃত থাকা ছাড়া অবশিষ্ট সময় পার্লিয়ামেন্টের কাজে নিবিড়ভাবে নিবিষ্ট থাকতেন। বিলগুলি পুঙ্খানুপুঙ্খভাবে পাঠ করে তার সংশোধন নোটিশ দেওয়া এবং সভাগৃহে বিল আলোচনাকালে নিজ মন্তব্য বক্তৃতা করে সভায় ব্যক্ত করা—তিনি সুযোগ পেলেই করতেন। আর তাঁর সর্বাধিক পরিচয় ছিল Question hour (কোশ্চেন আওয়ার)-এ, অর্থাৎ প্রশ্নোত্তরকালে। এমন দিন খুব কমই থাকত যেদিন সতীশ

সামন্তের Question (কোশ্চেন) থাকতো না। এর দ্বারাই প্রমাণিত হয় পার্লিয়ামেন্টের বিচার্য-বিষয়ে তিনি কি নিবিষ্ট অধ্যয়ন করতেন এবং অধ্যবসায় সহকারে তা পার্লিয়ামেন্টে প্রকাশ করতে যত্নবান ছিলেন। মনে হতো যেন পার্লিয়ামেন্টের কাজকর্মই তাঁর ধ্যানজ্ঞান।

৭নং ইলেকট্রিক লেনে আমরা তিনজন বসবাস করতাম পার্লিয়া-মেন্টের ভিতরেও একত্রে পাশাপাশি বসতাম। যে কারো প্রদত্ত প্রশ্ন উত্থাপিত হলে তিনজনই উদ্‌গ্রীব থাকতাম তার Supplementary Question (সাপ্লিমেন্টারী কোশ্চেন) করতে। এ বিষয়ে এককালীন কংগ্রেস সভাপতি ও লোকসভা সদস্য মহীশূরের শ্রীনিজলিঙ্গাপ্পা আমাদের নাম দিয়েছিলেন—"Three Masketeers" (থ্রি-মাসকেটিয়ার্স)। এ বিষয়েও সতীশদা চিরস্মরণীয় হয়ে থাকবেন।

সতীশদার সঙ্গে সাক্ষাতের স্মৃতিচারণ

অধ্যাপক সুবোধ মৈত্র

[অবসরপ্রাপ্ত অধ্যাপক, প্রেসিডেন্সি কলেজ ; শ্রীঅরবিন্দ বিচার-ধারার খ্যাতনামা প্রবক্তা]

১৯৭৯ সালে, মহিষাদল গিয়েছিলাম একটি মিটিং-এ যোগদান করার জন্য। প্রজ্ঞানানন্দ ভবনে অবস্থান করেছিলাম। সেখানে তখন সতীশদা—(শ্রীযুক্ত সতীশ চন্দ্র সামন্ত)ও থাকতেন। তাঁর সঙ্গে দেখা হওয়াটা আকস্মিক ; মনে করিনি তাঁর সঙ্গে পরিচয় হবে। আমাদের যৌবনকালের মহাবিপ্লবী এবং স্বাধীন তাম্রলিপ্তের রাষ্ট্রনায়ক সতীশদা ছিলেন আমাদের শ্রদ্ধার পাত্র। অপেক্ষাকৃত নীরব কিন্তু কর্মলিপ্ত এই তপস্বী ছিলেন লোকচক্ষুর অন্তরালে স্বাধীনতা সংগ্রামের মহাব্রতে নিমগ্ন। আমরা কদাচিৎ তাঁর সংবাদ পেতাম এবং তখন শ্রদ্ধাপ্লুতচিত্তে তাঁকে নমস্কার জানাতাম। হঠাৎ যখন তাঁরই সঙ্গে সাক্ষাৎ হয়ে গেল তখন প্রথম-দর্শনের-আনন্দে চিত্ত ভরপুর হয়ে গেল। সহজ জীবন, ঐকান্তিক নিষ্ঠা, আদর্শ পালন এবং গ্রাম্য জীবনের স্বভাব সৌন্দর্যে একদীপ্ত-ব্যক্তিত্ব আমার চিত্ত আকর্ষণ করল। কোনো কথা প্রথম বলছিলেন না কিন্তু আমার তুই-একটি প্রশ্নের উত্তরে স্পষ্ট কিন্তু বলিষ্ঠ মনোভাব ব্যক্ত করলেন। আমার প্রশ্ন খানিকটা অনধিকার চর্চা হলেও উনি শুনলেন। আমি বলেছিলাম —আজকাল রাজনীতিতে সমষ্টির প্রস্তাব অপেক্ষা নেতৃত্বের শাসনই বেশী দেখতে পাই—সেই সম্বন্ধে আপনি কি বলেন? কিছুক্ষণ চুপ করে থেকে, আমাকে এবং আমার প্রশ্নকে অগ্রাহ্য না করে সুস্পষ্ট এবং সুচিন্তিত জবাব দিলেন। বয়সে, মর্যাদায় সর্বপ্রকারে জ্যেষ্ঠ বলেও আপনি সম্বোধন করে বললেন, "আমার মনেহয় জনতার স্বতঃস্ফূর্ত উল্লাসই নেতৃত্বের শাসনের অধিকার দেয়। নেতার চিন্তা ভাবনা—সমষ্টিরই আশা-আকাঙ্খার প্রতিচ্ছবি, শাসন তো করতেই হবে, জনগণের প্রতিভূ হয়েই আমাদের নেতারা শাসন করেন। কিন্তু জনতার আশ্রয় ব্যতীত কোনো নেতাই এখানে তাঁর নেতৃত্ব চাপিয়ে

দিতে পারেন না।"

ধীরে ধীরে কথা বললেন কিন্তু মনে হ'ল যেন দেখে বলছেন, ঠিক বিচার করে—বিশ্লেষণ করে বলছেন না। সমগ্র জীবনের তপস্যা ও সংগ্রামের ফলে একটা অন্তর্দৃষ্টি। যেন সম্মুখে চিত্রটা তুলে ধরছে। আমার সঙ্গে যখন ওঁর দেখা তখন উনি রাজনীতি থেকে দূরে— দিল্লীর আড়ম্বর-বিহীন, কিন্তু জনগণের কল্যাণ-ভাবনায় অচল অটল প্রতিষ্ঠা। ওঁর স্থির বিশ্বাস জনকল্যাণ এক দুর্জ্জেয় শক্তি এবং এই ভাবনায় উৎসর্গী-কৃত-প্রাণ বিরল হলেও সর্বকালেই প্রাপ্য। প্রয়োজন ঘনীভূত হলেই এই নেতৃত্বের সৃষ্টি হয় এবং ঘটনাবলীর উপর প্রচণ্ড অলৌকিক প্রভাব বিস্তার ক'রে মানব অভ্যুদয় এবং উর্ধ্বায়ণ সম্ভব করে।

দুই বৎসর পর আবার, মহিষাদল গিয়েছিলাম—তখন দেখলাম শরীর অসুস্থ হওয়ায় অন্যত্র থাকেন—ওঁর ভ্রাতা জ্যোতিষবাবুর তত্ত্বাবধানে তাঁর আলয়ে। দেখলাম জ্যোতিষবাবুর অকৃত্রিম ভ্রাতৃভক্তি। ১৬।৮।৮১ তারিখে আমরা যখন গেলাম—জ্যোতিষবাবু তাঁকে স্নান করাচ্ছিলেন। স্নানান্তে আমাদের কাছে এলেন। আমরা অর্থে—আমি, কৃষ্ণচৈতন্য মহাপাত্র ও তাহার স্ত্রী চামেলী দেবী। কুশল জিজ্ঞাসা করাতে একটু চুপ করে থেকে উত্তর দিতে লাগলেন। দেখলাম স্মৃতি একটু শিথিল হয়েছে এবং একটু-আধটু স্বগতোক্তি করতে লাগলেন। একটু বিষাদের সুর। বললেন আমাকে লোকে যা ভাবছে আমি কিন্তু তা হতে পারিনি, সমস্ত জীবনে যা করেছি তাতে লক্ষ্যে উপনীত হতে পারিনি। দেশের বর্তমান পরিণতি আকাঙ্খা নয়, তবে ভগবান আছেন ঠিকপথে চালিত করবেন। জনগণের উপর এখনও অফুরন্ত বিশ্বাস। বললেন, ভগবান জনগণের অন্তরে বিরাজ করেন এবং তাদেরকে আশ্রয় করে—নির্দিষ্ট স্থানে পৌঁছিয়ে দেবেন। দেখলাম আধ্যাত্মিকতার উপর গভীর আস্থা এবং পূর্ণ নির্ভরতা ; প্রথম জীবনের সূচনা স্বামী প্রজ্ঞানানন্দের প্রেরণায় এবং জীবন সায়াহ্নে ভগবানকে প্রণতি জানিয়ে তাঁরই উপর ভগবানের কল্যাণ ও প্রগতি প্রার্থনা করছেন।

নিজের শারীরিক, মানসিক যন্ত্রণা ও পঙ্গুতার কথা কিছু

ভাবেন না।

এই রকম জননায়ক, তাম্রলিপ্ত তথা ভারতের গৌরব। বিশ্বের বর্তমান পরিস্থিতিতে সারাবিশ্ব এই বরণীয় নেতৃত্ব কামনা করে।

আমার সৌভাগ্য হয়েছিল, জীবন সায়াহ্নে এই বরেণ্য জননায়কের চরণ-প্রান্তে উপবেশন করতে পেরেছি। শ্রীভগবানের নিকট প্রার্থনা তাঁর মতো জীবন আমাদের পথ ধ্রুবতারার ন্যায় আলোকিত করুক।

সংসদীয় গণতন্ত্র ও সতীশচন্দ্র

শ্রী এস. এল. শাকধের

[ভারতের মুখ্য নির্বাচনী কমিশনার*]

শ্রীসতীশ চন্দ্র সামন্ত যখন দীর্ঘকাল যাবৎ সংসদের একজন সদস্য ছিলেন সেই সময়ে তাঁকে খুব ঘনিষ্ঠভাবে জানবার সুযোগ আমার হয়েছিল। তিনি প্রথমে ১৯৪৭ সালে ভারতের গণপরিষদে নির্বাচিত হয়েছিলেন। গণপরিষদ তখন সাময়িক সংসদের কাজও করেছিল। তারপর তিনি নিরবচ্ছিন্নভাবে ১৯৭৬ সালে সংসদের সদস্য ছিলেন। লোকসভায় তিনি পশ্চিমবঙ্গের তমলুক পার্লিয়ামেণ্টারী নির্বাচনী কেন্দ্রের প্রতিনিধিত্ব করতেন। পর পর পাঁচটি লোকসভায় তিনি ঐ কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছিলেন এবং এর থেকেই বোঝা যায় তমলুকের জনসাধারণ কি শ্রদ্ধা ও স্নেহের চক্ষে তাঁকে দেখত। এবং কি অগাধ বিশ্বাস তার ওপর তাঁরা ন্যস্ত করেছিল। এদেশের নির্বাচনী ইতিহাসে এটা একটা রেকর্ড যা সংসদের খুব কম সদস্যের জীবনে দেখা গিয়েছে। শ্রীসামন্ত অকৃতদার ছিলেন। তিনি কাজ করেছেন উচ্চতর নীতির জন্য একান্ত নিবেদিতচিত্তে। যখনই তিনি লোকসভায় ভাষণ দিতেন দলমত নির্বিশেষে সকলেই শ্রদ্ধাসহকারে শুনত। তিনি সমাজের দুর্বল ও অবহেলিত শ্রেণীর—বিশেষ করে ভূমিহীন চাষী, কৃষি-শ্রমিক শিল্পের উপেক্ষিত কর্মী ও নিম্ন মধ্যবিত্তদের অভাব-অভিযোগের প্রবক্তা ছিলেন। সংসদের বিভিন্ন কমিটির সঙ্গে তিনি যুক্ত ছিলেন, তিনি পরিশ্রম সহকারে তাঁর কর্ম সম্পন্ন করতেন এবং যা-কিছু করতেন তা গভীর পাণ্ডিত্য ও বিশ্বাসের পরিচায়ক ছিল —সকলেই তাঁর প্রভাব অনুভব করতেন। অসংখ্য কমিটির তিনি সভ্য ছিলেন এবং এর থেকেই বোঝা যায় কর্তৃপক্ষ কঠিন ও জটিল সমস্যাবলীর সমাধানে তাঁর সহযোগিতার জন্য সর্বদাই আগ্রহান্বিত থাকতেন।

অমায়িক, মৃদুভাষী এই মানুষটি সহজেই সকলকে জয় করতে

* বর্তমানে অবসরপ্রাপ্ত।

পারেন, আবার প্রয়োজন হলে কঠিনও হতে পারতেন। তাঁর সঙ্গে ভারতের বাইরে ভ্রমণ করার সময় তা' আমার বেশ মনে আছে। ১৯৫৪ সালে ভিয়েনাতে অনুষ্ঠিত আন্তঃ-পার্লিয়ামেণ্টারি য়ুনিয়ন কনফারান্সে ভারতবর্ষ থেকে যে প্রতিনিধি-দল প্রেরিত হয়, তার নেতৃত্ব করেছিলেন শ্রীসামন্ত। সেখানে তিনি দুর্লভ মানের গুণাবলীর পরিচয় দিয়েছিলেন। এবং তাঁর কৌশল, বিচক্ষণতা, দৃঢ়তা ও নমনীয় ব্যবহার বিভিন্ন রাজনৈতিক দলের ও পৃথক পৃথক মেজাজের সদস্যদের একত্রিত করতে সক্ষম হয়েছিলেন।

'তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি' এই স্বনামধন্য পার্লিয়ামেণ্টারিয়ানের জীবনচরিত প্রকাশে উদ্যোগী হয়েছেন জেনে আমি সুখী হলাম। শ্রীসামন্ত প্রমুখ ব্যক্তিগণ তাঁদের নিবেদিত ও একনিষ্ঠ কাজের দ্বারা সংসদে যে আদর্শ রেখে গেছেন এবং যাঁরা আমাদের দেশে পার্লিয়ামেণ্টারি প্রতিষ্ঠানকে গৌরবময় স্থানে উন্নীত করে গেছেন, একালে সংসদীয় সদস্যদের কাছে তাঁদের কথা স্মরণ করিয়ে দেওয়া উচিত।

(মূল ইংরাজির অনুবাদ)

সতীশচন্দ্র সামন্ত—একটি শ্রদ্ধাঞ্জলি

শ্রীকৈলাস চন্দ্র

[সংসদীয় বিষয়ের প্রাক্তন সচিব; মরিসাসে ভারত সরকারের প্রাক্তন হাইকমিশনার]

শ্রীসতীশ চন্দ্র সামন্তকে জানবার সুযোগ আমার হয়েছিল এবং ১৯৫৮ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত আমি তাঁর খুব নিকটে এসেছিলাম। তখন আমি ভারত সরকারের সংসদীয় বিষয় সংক্রান্ত বিভাগের সচিব ছিলাম এবং শ্রীসামন্ত ছিলেন লোকসভার একজন বিশিষ্ট ও অত্যন্ত সম্মানিত সদস্য। সেটা ছিল দ্বিতীয় (১৯৫৭-৬২) ও তৃতীয় লোকসভার সময়। এর দশবছর আগে থেকেই (১৯৪৭) সামন্তজীর সঙ্গে পার্লিয়ামেন্টের সম্পর্ক আরম্ভ হয়েছিল যখন তিনি প্রথমে গণপরিষদের পরে সাময়িক সংসদ (১৯৫০-৫২) এবং প্রথম লোকসভার (১৯৫২-৫৭) সদস্য নির্বাচিত হয়েছিলেন। এই সম্পর্ক ১৯৭৭ সাল পর্যন্ত (এই সময়ে প্রথম পাঁচটি লোকসভা অনুষ্ঠিত হয়েছিল) বজায় ছিল।

লোকসভার নির্বাচনে ভারতবর্ষে তাঁর মতো গৌরবজনক রেকর্ড আর কোনো জননেতা স্থাপন করতে পারেননি। একাদিক্রমে প্রায় তিন দশক কাল তিনি দেশের এই সর্ব্বোচ্চ প্রতিষ্ঠানের সেবা করেছিলেন। তাঁর, এর পূর্ববর্তী জীবন ছিল দেশের স্বাধীনতার জন্য নিবেদিত জীবন ত্যাগে ও কর্মে সে জীবন ছিল উজ্জ্বল। কুড়ি বছর বয়সেই তিনি স্বাধীনতা সংগ্রামে ঝাঁপ দিয়েছিলেন এবং ১৯২০ থেকে ১৯৪৭ সাল পর্যন্ত সাতবার কারাবরণ করেছিলেন।

লোকসভায় তিনি ছিলেন সবচেয়ে অনাড়ম্বর সদস্য। তাঁর সাদাসিধা বেশভূষা, মার্জিত ব্যবহার তাঁকে সকলের প্রতি আকৃষ্ট করেছিল। সকলকেই তিনি সহাস্যবদনে স্বাগত জানাতেন।

কখনো কখনো সদস্যদের উত্তেজিত আচরণ লোকসভার পরিবেশকে অপ্রীতিকর করে তুলতো। বিতর্কের মর্যাদা ও গাম্ভীর্য তখন বিনষ্ট হতো এবং এর ফলে সংসদীয় রীতিনীতির মান অনেকটা

ক্ষুণ্ণ হতো, আলোচনার মানও নেমে যেত। এই অবস্থায় স্বল্পসংখ্যক যে কয়জন সদস্য সংসদীয় আদবকায়দা ষোলোআনা মেনে চলতেন এবং কোনো রকম উত্তেজনার সামিল হতেন না তাঁদের মধ্যে অন্যতম ছিলেন শ্রীসামন্ত। যেসব গুণাবলী লোকসভার মর্যাদা বৃদ্ধি করে সদস্যদের আচরণে সেগুলির অভাব দেখে তিনি নির্বাক—বিষণ্ণভাবে বসে থাকতেন।

যখনই তিনি বিতর্কে অংশগ্রহণ করতেন তখনই তিনি এমন বিচক্ষণতার সঙ্গে কথা বলতেন যে সদস্যগণ মুগ্ধ হতেন। বিষয়বস্তুর অনুধাবনে তিনি জ্ঞানের গভীরতার পরিচয় দিতেন। এস্টিমেটস কমিটি ও অন্যান্য অনেক কমিটিতে তিনি সদস্য ছিলেন। শিল্পের অগ্রগতি এবং দেশের উন্নয়নমুলক কাজকর্মের সব সংবাদ তিনি রাখতেন। শুধু তাই নয়, অনেক সময় বিভিন্ন প্রকল্প সংক্রান্ত স্থানগুলি নিজে পরিদর্শন করতেন ঐ বিষয়ে ওয়াকিবহাল হওয়ার জন্য।

সংসদীয় জীবন বিদ্বেষমুক্ত ছিল না। এখানে অন্যের অসাক্ষাতে যেমন নিন্দা করা হতো, তেমনি উচ্চমহলে প্রচারিত হতো কত কল্পিত কাহিনী সদস্যদের সম্পর্কে, আর চলতো সবরকমের হীন তোষামোদ। আমি পরিপূর্ণ দায়িত্ব নিয়ে বলতে পারি যে সদস্য হিসাবে এই প্রকার ত্রুটিবিচ্যুতির অনেক উচ্চে ছিলেন শ্রীসামন্ত। তিনি অন্যের সমালোচনা তো করতেনই না, এমন কি বাজে কথায় কান দিতেন না।

তাঁর জীবনযাত্রা সরল ছিল তাঁর প্রয়োজন ছিল সামান্যই কর্মে ছিল তাঁর ষোলোআনা আত্মনিবেদন, সম্মান বা পুরষ্কার লাভের জন্য কিছুমাত্র লালায়িত ছিলেন না তিনি। এইসব বিবিধগুণের জন্য তাঁকে সকলেই 'কর্ম্মযোগী' বলে অভিহিত করতেন। শ্রীসামন্তজী এখনো আমাদের মধ্যে রয়েছেন, এটা সুখের কথা। দেশের তরুণদের পক্ষে তাঁর জীবন সর্বতোভাবেই অনুসরণ যোগ্য।

(মূল ইংরাজির অনুবাদ)

একজন প্রকৃত দেশপ্রেমিক

ত্রিভুবন নারায়ণ সিং

প্রাক্তন লোকসভা সদস্য ; প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ; উত্তর প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী
ও পশ্চিমবঙ্গের প্রাক্তন রাজ্যপাল*]

আমি শ্রীসতীশ সামন্তের একজন বন্ধু ছিলাম। কিন্তু আমি তাঁকে শুধু জানতাম দিল্লীতে তাঁর কর্মবহুল জীবনের পরিবেশে।

শ্রীসামন্ত সংসদের একজন সম্মানিত সদস্য ছিলেন, যদিও তিনি বিতর্কে খুব বেশি অংশগ্রহণ করতেন না এবং কথা বলতেন কম। কিন্তু যখনই বলতেন তখন সবাই মনোযোগ সহকারে শুনতেন। কারণ তিনি ছিলেন একজন বিখ্যাত স্বাধীনতা-সংগ্রামী। তাঁর সতীর্থগণ তাঁকে খুব সম্মান করতেন। তিনি বেশিরভাগ সময় পশ্চিমবঙ্গ এবং তার সমস্যাবলী সম্পর্কে বলতেন।

১৯৫১ সালের নির্বাচনে যখন তিনি সংসদে নির্বাচিত হয়ে এলেন আমি তখন থেকে তাঁকে জানতাম। নিউ দিল্লীতে তিনি আমার বাড়ির খুব নিকটে বাস করতেন। তাঁর সারল্য ও অনাড়ম্বর ব্যবহার আমাকে তাঁর প্রতি আকৃষ্ট করেছিল। তিনি, উপেন্দ্রনাথ বর্মণ ও শ্রীবসন্ত কুমার দাস এক বাড়িতেই বাস করতেন। খাঁটি গান্ধীবাদী হিসাবে তিনি প্রত্যহ পরিশ্রম-সাধ্য কাজ করতেন। তাঁর একটি পরিচ্ছন্ন সুন্দর সবজিবাগান ছিল এবং সেই বাগানে আমি তাঁকে নিজের হাতে কাজ করতে দেখেছি। আমি প্রকৃতপক্ষে তাঁর কাছ থেকেই বাগান করা সম্পর্কে কয়েকটি ভালো জিনিস শিখেছিলাম। স্বল্পকথার মানুষ, শ্রীসামন্ত গান্ধীজীর গঠনমূলক কর্মসূচীতে খুব বিশ্বাসী ছিলেন। আচার ব্যবহারে সরল, তিনি ছিলেন বিনয়ের অবতার এবং একজন খাঁটি দেশপ্রেমিক।

(মূল ইংরাজির অনুবাদ)

(*এই প্রবন্ধ লেখার পর সম্প্রতি ৪ঠা আগস্ট, '৮২ শ্রীসিং পরলোকগমন করেছেন)

বিপ্লবী সতীশদা

শ্রীসুশীল কুমার মুখার্জী

[প্রাক্তন প্রধান, কংগ্রেস সেবাদল (ভারত)]

১৯৪৫ সনের প্রথমার্ধে আমাকে চিকিৎসার জন্য বরিশাল জেল থেকে কলিকাতার প্রেসিডেন্সি জেলে নিয়ে আসা হল। সতীনদা (সতীন্দ্রনাথ সেন) তখন প্রেসিডেন্সি জেলে ছিলেন। এখানে মেদিনীপুর জেলার কয়েকজন বিশিষ্ট নেতা তাঁদের কারাবাস যাপন করছিলেন। তাঁদের মধ্যে নিকুঞ্জ বিহারী মাইতি, বসন্ত কুমার দাস এবং আরও কয়েকজনের সঙ্গে আমার পরিচয় হয়। সতীনদা পরিচয় করিয়ে দিয়েছিলেন। পশ্চিমবঙ্গের অনুশীলন ও যুগান্তর বিপ্লবী-দলের অনেকের সঙ্গেই আমার পুরাতন পরিচয় ছিল। পুনরায় তাঁদের সঙ্গ পেয়ে অত্যন্ত আনন্দিত হলাম। নূতন পরিচিত নেতাগণ গান্ধীবাদী, নিকুঞ্জদা ও বসন্তদার সঙ্গে আলাপ করে তাঁদের কর্মধারার প্রতি বিশেষরূপে আকৃষ্ট হলাম।

মেদিনীপুর জেলার আরও নেতৃবৃন্দের পরিচয় ধীরে ধীরে সতীনদার মুখে সশ্রদ্ধমনে শুনলাম। সতীনদা একদিন অজয়দা (মুখোপাধ্যায়) এবং সতীশদার (সামন্ত) কর্মজীবনের আংশিক ইতিবৃত্ত আমাকে বললেন।

প্রথম বিশ্বযুদ্ধের সময় যে সকল বিপ্লবী মহানায়ক ভারতবর্ষকে পরাধীনতার শৃঙ্খল হতে মুক্ত করবার প্রয়াসে আত্মাহুতি দিতে সর্বস্ব পণ করেছিলেন তাঁদের মধ্যে স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতী (সতীশ চন্দ্র মুখোপাধ্যায়) অন্যতম। স্বামীজী বহুদিন মহিষাদল থানায় অন্তরীণ ছিলেন। ওই সময় সতীশদা স্বামীজীর কাছ থেকে দেশসেবার মন্ত্রে উদ্‌বুদ্ধ হন এবং তাঁর নিকট দীক্ষা গ্রহণ করেন। সতীশদা ও বসন্তদার মধ্যে অবিচ্ছেদ্য বন্ধুত্ব ছিল। তিনিও প্রথম বিশ্বযুদ্ধের সময়ে ভারত-রক্ষা আইনে কারাবরণ করেছিলেন। তাঁর মুখ থেকেও সতীশদার কর্মজীবনের নানা কথা জেনেছি। বিচিত্র জীবন। কখনো সশস্ত্র

বিপ্লবে বিশ্বাসী, কখনো অহিংস আন্দোলনের পুরোধা।

১৯৪২ সনে মহাত্মাগান্ধীর মহামন্ত্র "করেঙ্গ ইয়া মরেঙ্গে"—"ভারত ছাড়" আন্দোলনে পরিণত হল। সারাদেশে সশস্ত্র বিপ্লবী এবং অহিংস বিপ্লবীদের মুখে উচ্চারিত হল ওই মহামন্ত্র। দিকে দিকে আরম্ভ হল মহা-বিপ্লব। ভারতবর্ষের তিনটি জেলা—উত্তর প্রদেশের বালিয়া, মহারাষ্ট্রের সাতারা এবং বঙ্গদেশের মেদিনীপুর তখন ইংরেজ শাসনের বহির্ভূত হয়ে পড়েছিল। মেদিনীপুরে প্রতিষ্ঠিত হ'ল ভারতের প্রথম স্বাধীন সরকার—তাম্রলিপ্তে। সতীশদা নির্বাচিত হলেন ওই সরকারের প্রথম সর্বাধিনায়ক জেলখানায় বসে সতীশদার মুখ থেকে যখন এই সকল কথা শুনছিলাম—তখন আবেগে এবং উত্তেজনায় আমার মন সতীশদার প্রতি এতটা আকৃষ্ট হয়েছিল যে মনেপ্রাণে আশা করে চলছিলাম যেন এই বীরপুরুষের সঙ্গে জীবনে কখনও সাক্ষাৎ পাবার সুযোগ পাই। আমার মনবাসনা পূর্ণ হয়েছে—এরূপ বিরাট ব্যক্তিত্বের সান্নিধ্য লাভ হয়েছে।

১৯৪৭ সনে ভারতবর্ষে ইংরেজ শাসনের অবসান ঘটেছে। ভারতের সংবিধান রচনার জন্য কেন্দ্রীয় সরকার দ্বারা যে কমিটি গঠিত হয়েছিল সতীশদা তার অন্যতম সদস্য নির্বাচিত হলেন। তখন এলাহাবাদে স্বরাজভবনে অখিল ভারত কংগ্রেস কার্যালয় স্থাপিত ছিল। আমি ওই কার্যালয়ে একজন কর্মকর্তারূপে সেখানে কাজে যোগ দিলাম। কিছুদিন এলাহাবাদে থাকবার পরে আমাকে যেতে হ'ল কুরুক্ষেত্র উদ্বাস্তু শিবিরে সেবা-কার্য পরিচালনার জন্য। ১৯৪৮ সনের এপ্রিল মাসে নিখিল ভারত কংগ্রেস কার্যালয় এলাহাবাদ থেকে দিল্লীতে স্থানান্তরিত হ'ল। আমি আগস্ট মাসে কুরুক্ষেত্র শিবির হতে দিল্লীতে ফিরে এলাম। কয়েকদিনের মধ্যেই সতীশদাকে দেখতে পেলাম। শান্ত এবং শক্ত চেহারা, মুখে হাসি এবং গাম্ভীর্য—একই সঙ্গে প্রস্ফুটিত। স্যার আশুতোষ ব্যতীত এরূপ আর একজোড়া গোঁফ কখনো দেখিনি। প্রথম দু-চারদিনের দর্শনে তাঁর সঙ্গে বিশেষ কথা হয়নি। একদিন প্রাতঃরাশের জন্য তিনি আমাকে ধরে নিয়ে গেলেন আহারের টেবিলে। বললেন, 'বসন্তদার কাছে

আপনার কথা শুনেছি'। তখন থেকে তাঁর সঙ্গে এত ঘনিষ্ঠ হলাম যা পূর্বে কখনো ভাবতে পারিনি। এমনকি তিনি একবার দয়া করে আমার সঙ্গে আমার বারুইপুরের বাড়িতেও এসেছিলেন। তিনি আমার ছেলে, মেয়ে এবং স্ত্রীকে অত্যন্ত স্নেহ করতেন। প্রতি ছুটির দিনে আমার মেয়েকে দেখবার জন্য আমার দিল্লীর বাসায় আসতেন। তাঁরই ঐকান্তিক ইচ্ছা এবং আগ্রহে বসন্তদার জ্যেষ্ঠ পুত্রের সঙ্গে আমার মেয়ের বিবাহ অনুষ্ঠিত হয়েছিল। তাঁর বাহিরের গাম্ভীর্য অন্তরের স্নেহ ও ভালোবাসার এক অপূর্ব সংমিশ্রণ। তাঁর হাসি ছিল গালভরা —শিশুসুলভ। সতীশদা একজন বিশিষ্ট পার্লামেন্টারিয়ান বলে সুনাম অর্জন করেছিলেন। তিনি ভারত সরকারের দ্বারা রাশিয়া সহ ইউরোপের বিভিন্ন রাষ্ট্রে প্রেরিত হয়েছিলেন। বাংলাভাষার প্রতি তাঁর প্রগাঢ় অনুরাগ ছিল তা প্রকট হয়েছে যখন তিনি কনস্টিটুয়েন্ট এ্যাসেমব্লিতে প্রস্তাব উত্থাপন করেছিলেন—যাতে বাংলা ভাষাকে ভারতের রাষ্ট্রীয় ভাষারূপে গ্রহণ করা হয়। তাঁর সে প্রস্তাব অনুমোদিত হয়নি বটে কিন্তু তাঁর ওজসিনী বক্তৃতা এবং অকাট্য যুক্তি উপস্থিত সদস্যদিগকে মোহিত করেছিল। সতীশদা দীর্ঘজীবী হোন এবং সুস্থ দেহে বর্তমান থাকুন, ভারতের সংগ্রামীদের নেতৃত্ব দিন—এই কামনা করি।

মানুষ ও সংসদীয় রাজনীতিবিদ্—সতীশ চন্দ্র সামন্ত

শ্রী এম. এল. দ্বিবেদী

[প্রাক্তন গণপরিষদ ও লোকসভা সদস্য ; সভাপতি, নিখিল ভারত
প্রাক্তন এম, পি, এসোসিয়েশন]

জাতির অন্যতম প্রতিষ্ঠাতা ভারতায় শাসনতন্ত্রের অন্যতম রচয়িতা এবং বর্তমান ভারতে প্রচলিত গণতন্ত্রী সরকারের অন্যতম নির্মাতা—শ্রীসতীশ চন্দ্র সামন্ত দেশের এক স্বনামধন্য মানুষ ছিলেন। সমগ্র ভারতের, বিশেষ করে পশ্চিমবঙ্গ জনসাধারণ তাঁর সম্পর্কে গর্ববোধ করতে পারে। অকৃতদার এই মানুষটি দেশের কাজে সম্পূর্ণভাবে আত্ম-নিয়োগ করেছিলেন। যে ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে বর্তমান ভারতীয় জাতির উন্নত সৌধটি, তারই একটি প্রস্তর তিনি। ইমারত আকারে যখনই আমরা মানুষের সৃষ্ট কোনো বিস্ময়কর স্থাপত্য সন্দর্শন করি, তখনই আমরা তার প্রশংসায় বিমুগ্ধ হয়ে যাই। যেমন আগ্রার তাজমহল। কিন্তু মৃত্তিকার গভীর তলদেশে কেউ দৃষ্টিপাত করতে চায় না যেখানে প্রোথিত রয়েছে বহু ভিত্তি প্রস্তর। এইগুলি ব্যতিরেকে তাদের অস্তিত্ব সম্ভব হতো না। নিঃসন্দেহে শ্রীসামন্ত এমন ভিত্তি প্রস্তর যার ওপর দাঁড়িয়ে আছে স্বাধীন ভারতের গণতন্ত্রী সমাজতান্ত্রিক ধাঁচের সমাজ সৌধটি। তিনি মন্ত্রী হননি, অথবা সম্মান-সূচক অন্য কোনো পদের জন্য তিনি কখনো আগ্রহী ছিলেন না; কিন্তু তিনি নিশ্চয়ই এই শ্রেণীর মানুষদের অন্যতম স্রষ্টা ছিলেন।

তাঁর জীবন বলতে গেলে জীবনব্যাপী প্রায়শ্চিত্তের জীবন। শৈশবকাল থেকেই তিনি নিজের জীবন গঠন করেছিলেন সরল ও ঋজু ভাবে ; আত্মত্যাগ, কঠোরতা, সত্য, সাধুতা আর সর্বোপরি নৈতিক চরিত্র সেই জীবনকে একটা সাতন্ত্র্যে ভূষিত করেছিল। সেই সঙ্গে ছিল স্বীয় জন্মভূমি এবং জনসাধারণের সেবা করার আগ্রহ। দেশের জন্য, দেশবাসীর জন্য এবং অবিচার, ষড়যন্ত্র ও দুর্নীতির মূলোচ্ছেদ করার জন্য একটি অদম্য ইচ্ছাশক্তি তাঁকে সর্বদা পরিচালিত করতো।

উনিশ শতকের শেষ ভাগে ১৫ডিসেম্বর ১৯০০ সালে, পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলায় গোপালপুর নামক একটি গ্রামে তাঁর জন্ম হয়েছিল। যে নতুন বিংশ শতাব্দী সমস্ত পৃথিবীতে এনে দিয়েছিল ব্যাপক পরিবর্তন আর ভারতবর্ষকে উত্তীর্ণ করে দিয়েছিল দাসত্ব থেকে স্বাধীনতায়, শ্রীসামন্ত ছিলেন সেই শতাব্দীর একজন অগ্রদূত এবং স্বাধীনতার একজন সাহসী যোদ্ধা। যৌবনে উপনীত হওয়ার আগে থেকেই তিনি উদ্‌বুদ্ধ হয়েছিলেন জাতির সেবার আদর্শে এবং তখন থেকেই তিনি ভারতীয় জাতীয় কংগ্রেস এবং জাতির জনক মহাত্মা গান্ধীর উপদেশাবলীর প্রতি আকৃষ্ট হয়েছিলেন। দেশে যখন আরম্ভ হয় স্বাধীনতা সংগ্রাম তখন তিনি স্বেচ্ছায় সত্যাগ্রহী হয়েছিলেন এবং যেসব কাজ করলে বিদেশী শাসনের অবসান ঘটবে এবং দেশ স্বাধীনতা লাভ করবে সেই সব কাজ করতে সর্ব্বদা প্রস্তুত ছিলেন। সংগ্রামের কাজে তিনি বহুবার কারাবরণ করেছিলেন এবং তা ছিল সশ্রম কারাদণ্ড। ১৯২০ সাল থেকেই আরম্ভ হয়েছিল তাঁর কারাজীবন এবং তা চলেছিল ১৯৪৬ সাল পর্যন্ত।

স্বাধীনতা লাভের পর থেকেই দেশনেতারা চিন্তা করতে থাকেন স্বাধীন ভারতবর্ষে কি ধরনের সরকার হবে। একটি গণপরিষদ গঠিত হয়েছিল এই জন্য। ১৯৪৭ সালে শ্রীসতীশ চন্দ্র সামন্ত গণপরিষদের সদস্য নির্বাচিত হয়েছিলেন এবং তারপর তিনি প্রথমে সাময়িক পার্লিয়ামেন্টের এবং পরে লোকসভার সদস্য নির্বাচিত হয়েছিলেন। ১৯৭৬ সাল পর্যন্ত পুরো ত্রিশ বছর তিনি সংসদ সদস্য ছিলেন। তিনি যখন গণপরিষদের সদস্য ছিলেন তখন থেকেই শ্রীসামন্তের সঙ্গে আমার পরিচয়। তাঁর আদর্শ চরিত্র, উচ্ছ্বাসবর্জিত দৃষ্টিভঙ্গী, মধুর প্রকৃতি, মার্জিত সামাজিক ব্যবহার, বন্ধুত্বপূর্ণ মানসিকতা, উৎসাহব্যঞ্জক বলিষ্ঠ মনোভাব এবং সকলের কল্যাণ সাধনের ইচ্ছা আমাকে তাঁর প্রতি প্রবলভাবে আকৃষ্ট করেছিল এবং অচিরকাল মধ্যেই আমরা পরস্পরের ঘনিষ্ঠ বন্ধু হয়েছিলাম। তিনি সকলের প্রিয় ছিলেন এবং এর থেকেই তাঁর ব্যক্তিত্বের মাধুর্য বোঝা যায়। তাঁর প্রতি কেউই বিদ্বেষভাব পোষণ করতেন না।

কি গণপরিষদে, কি সাময়িক সংসদে অথবা লোক সভায়, তিনি ছিলেন সর্বাপেক্ষা আকর্ষণীয় মানুষ। প্রশ্নোত্তর কালে তিনি অগ্রণীর ভূমিকা গ্রহণ করতেন এবং সকল বিতর্কেই তিনি অংশ গ্রহণ করতেন। প্রশ্ন তুলতে তিনি দক্ষ ছিলেন এবং প্রশ্নের-পর-প্রশ্ন দ্বারা তিনি মন্ত্রীদের কোণঠাসা করতেন। লোকসভার নিয়মাবলীর মধ্যে প্রত্যেকটি সুযোগ-সুবিধার সদ্ব্যবহার করিতে তিনি ছিলেন পারঙ্গম। সভায় নির্ধারিত সময়-সীমার বাইরেও তিনি কর্মব্যস্ত থাকতেন। বিধায়ক হিসাবে প্রস্তাবসমূহের মুসাবিদায় তিনি আশ্চর্য প্রতিভার পরিচয় দিতেন। পার্লিয়ামেন্টারি কমিটিগুলির প্রত্যেকটি অধিবেশনে তিনি বিলের আকারে বহুসংখ্যক আইন উত্থাপন করতেন, অনেক দৃষ্টি-আকর্ষণী প্রস্তাব তুলতেন। সেগুলি নিয়ে সভায় দুঘন্টা, কখনো বা আধঘন্টা আলোচনা হতো। তার ত্রিশবছর ব্যাপী সংসদীয় জীবনে তিনি পঁচিশ হাজারেরও বেশি প্রশ্ন উত্থাপন করেছিলেন এবং সেই সঙ্গে অসংখ্য প্রস্তাব ইত্যাদি। তাঁর প্রবর্তিত বিলের সংখ্যা অন্যূন তিন-শোর মতো। সেগুলির অধিকাংশ নিয়ে বিতর্ক হতো। তাঁর দক্ষতার গুণে সংসদে তিনি তাঁর সতীর্থ ও জনসাধারণের মধ্যে অসম্ভব জন-প্রিয়তা অর্জন করেছিলেন। তাঁর জীবন চর্যার মধ্যে তাঁর কর্মের বিস্তারিত বিবরণ পাওয়া যাবে।

শুধু তাই নয়। লোকসভার গুরুত্বপূর্ণ কমিটিগুলিতে তিনি প্রত্যেকবার নির্বাচিত হতেন, আইন সংক্রান্ত একাধিক সিলেক্ট কমিটিতেও তাঁর ডাক পড়তো। দেশে এবং দেশের বাইরে অনেক সময় তিনি প্রতিনিধিত্ব করেছেন, কোনো কোনো সময় তিনি প্রতিনিধি-দলের নেতৃত্ব করেছেন। এস্টিমেটস্ কমিটি, পাবলিক একাউন্টস কমিটি এবং সিলেক্ট কমিটিতে যেমন তাঁর সঙ্গে একত্র কাজ করার সৌভাগ্য আমার হয়েছিল, তেমন অনেক প্রতিনিধি-দলেও তাঁর সঙ্গী হয়েছি। সব সময়েই লক্ষ্য করেছি, মূল্যবান অভিমত প্রকাশে তাঁর আশ্চর্য দক্ষতা। ১৯৪৮ সালে পাকিস্তান যখন কাশ্মীর সীমান্তে ভারত আক্রমণ করেছিল এবং পাকিস্তানী সৈন্য যখন শ্রীনগর থেকে মাত্র চার মাইল দূরে অবস্থিত বারাজুলা পর্যন্ত অনুপ্রবেশ করেছিল,

তখন আমাদের সৈন্যদের উৎসাহ দেবার জন্য লোকসভা থেকে সীমান্তে একটি প্রতিনিধি-দল প্রেরিত হয়। পশ্চিমবঙ্গ থেকে ঐ প্রতিনিধি-দলে তিনজন সদস্য ছিলেন যথা—শ্রীসতীশ চন্দ্র সামন্ত, শ্রীবসন্ত কুমার দাস ও জলপাইগুড়ির শ্রীউপেন্দ্র নাথ বর্মণ। আমিও এই প্রতিনিধি-দলের সঙ্গী হয়েছিলাম। যুদ্ধ যখন প্রচণ্ডভাবে চলছিল তখন আমরা কখনো জিপে চড়ে, কখনো বা পায়ে হেঁটে ৬০০ মাইল পথ অতিক্রম করেছিলাম। শত্রু সৈন্য মাত্র ২০০ গজ দূরে তাদের পরিখার মধ্যে অবস্থান করছিল। এই ঝুঁকি না নেবার জন্য অনেকেই আমাদের সাবধান করে দিয়েছিলেন। কারণ সীমান্ত অতিক্রম করে গুলির আঘাত পাওয়ার বিলক্ষণ সম্ভাবনা ছিল। কিন্তু আমরা আমাদের আরব্ধ কাজ থেকে বিরত হইনি। এই ভ্রমণের সময় আমরা সমুদ্র থেকে দশ হাজার ফিট ওপরে উরি পর্বত দেখতে গিয়েছিলাম। এমন প্রচণ্ড ঠাণ্ডা সেখানে যে চায়ের জল গরম হতে পাঁচ ঘন্টা সময় লাগত। প্রতিনিধি-দলের সদস্যগণ ঠাণ্ডায় কাতর হয়ে পড়েন। সামরিক কর্তৃপক্ষ ব্র্যাণ্ডি খাওয়ার নির্দেশ দিলেন। সামন্তজী ও আমি এক ফোঁটাও ব্র্যাণ্ডি স্পর্শ করিনি, অথচ আমরা দুজনে সকলের আগে পাহাড়ে উঠেছিলাম। এইরূপ অসংখ্য কাহিনী ও স্মরণযোগ্য স্মৃতিকথা আছে। কিন্তু সেগুলি স্থানাভাব বশতঃ উল্লিখিত হলো না।

ঘটনা যাই ঘটুক না কেন, সামন্তজী সব সময়ে শান্ত ও ধীর স্থির থাকতেন। তিনি আদৌ বাচাল ছিলেন না এবং কখনো কারো নিন্দা করতেন না। তিনি সর্বদা তাঁর ব্যক্তিত্বের মর্যাদা এমনভাবে বজায় রাখতেন যে তাঁর অতুলনীয় শান্তভাবের অভাব ঘটত না। অথচ তাঁর এই প্রকৃতি লোকের সঙ্গে অন্তরঙ্গভাবে মেলামেশার পথে কখনো অন্তরায় হয়ে ওঠেনি। তিনি সর্বজনলভ্য মানুষ ছিলেন। বাড়িতে তিনি ছিলেন খুব অতিথি-বৎসল। তাঁর সুদীর্ঘ জীবনে এমন ঘটনা বিরল যখন তাঁর বাসভবনে এসে কেউ চা বা সামান্য কিছু জলযোগ গ্রহণ না করে ফিরে গেছে।

তাঁর সংসদীয় জীবনের সুরু থেকে দিল্লীতে তাঁর আবাসস্থল ছিল জনপথের নিকটবর্তী ৭ নং ইলেকট্রিক লেন, (এখনকার নাম হরিশ-

চন্দ্র মাথুর লেন)। তিনি সেখানে অতি সাদাসিধাভাবে থাকতেন, সামান্যভাবেও বলা যায়। যখনই পশ্চিমবঙ্গ থেকে অথবা এর কাছাকাছি রাজ্য থেকে লোকসভার নতুন সদস্য কেউ নির্বাচিত হতেন, তিনি সর্বদাই তাঁদের স্বাগত জানাতেন ও তাঁর সঙ্গে অবস্থান করার কথা বলতেন। কিন্তু তিনি কখনো মেয়েদের থাকবার অনুমতি দিতেন না। যতদিন স্বাস্থ্যে কুলিয়েছে, ততদিন তিনি প্রাতঃভ্রমণে বেরুতেন এবং এই সময় বন্ধুদের বাসভবনে যেতেন। আমার সৌভাগ্য হয়েছিল, প্রত্যহ হয় আমার গৃহে অথবা বেশির ভাগ দিন তাঁর গৃহে মিলিত হবার।

তিনি উদার প্রকৃতির মানুষ। জীবনে তাঁর চাহিদা সামান্যই। যা উপার্জন করেছেন, তা পরোপকারেই ব্যয় করেছেন। তমলুকের অধিবাসিগণ এবং অনেকেই জানেন যে, তাঁর সঞ্চিত অর্থ থেকে কত প্রতিষ্ঠান গড়ে উঠেছে। বন্ধু হোক্ বা না হোক্ তিনি সকলকে সাহায্য করার জন্য সতত প্রস্তুত থাকতেন।

এখন তিনি শয্যাগত থাকাতে চলাফেরা করতে পারেন না। সেইজন্য আমি তাঁর একজন ঘনিষ্ঠ বন্ধু এখন তাঁর অভাব বোধ করি। আমি দ্রুত তাঁর আরোগ্য কামনা করি এবং ঈশ্বরের নিকট এই প্রার্থনা করি যে তিনি যেন দীর্ঘজীবী হয়ে দেশের সেবা করেন; কি পারিবারিক জীবনে, কি রাজনৈতিক জীবনে দেশের তরুণ-সম্প্রদায় তাঁর আদর্শে যেন উন্নত জীবন লাভ করতে পারে।

ভগবান তাঁকে শান্তি ও সান্ত্বনা দান করুন॥

(মূল ইংরাজির অনুবাদ)

শ্রীসতীশচন্দ্রজী সামন্ত

ডঃ নগেন্দ্র সিং

[বিচারপতি, আন্তর্জাতিক বিচার পরিষদ (হেগ)]

তিনি যখন ভারতের গণপরিষদের সদস্য হয়েছিলেন শ্রীসতীশ চন্দ্র সামন্ত তখনই আমার সঙ্গে পরিচিত হয়েছিলেন। চরিত্রবান, পরিশ্রমকুশল ও একজন সুপরিচিত স্বাধীনতা সংগ্রামী হিসাবে তাঁর সঙ্গে পরিচিত হওয়া খুবই আনন্দের ছিল। পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলায় তমলুকে প্রথম যে স্বাধীন সরকার প্রতিষ্ঠিত হয়েছিল, তিনি ছিলেন তার সর্বাধিনায়ক। এটা বৃটিশ রাজত্বের সময়কার ঘটনা। গণপরিষদের একজন সদস্য হিসাবে তিনি বরাবর খুবই সক্রিয় ছিলেন। সংসদে তিনি ছিলেন তেমনি সক্রিয় এবং সেখানে সতীশচন্দ্র সবচেয়ে বেশি সংখ্যক প্রশ্ন মৌখিক ও লিখিত—উত্থাপন করেছিলেন। বহু বিচিত্র বিষয়ের বিতর্কে যোগদান করে তিনি তাঁর দক্ষতার পরিচয় রেখেছিলেন। এছাড়া সংসদে আলোচনা ও প্রবর্তনের জন্য তিনি অনেকগুলি বিল এনেছিলেন এবং লোকসভার প্রত্যেক অধিবেশনেই তিনি অনেকগুলি প্রস্তাব উত্থাপন করেছিলেন। লোক-সভার সুরু থেকে ১৯৭৬ সাল পর্যন্ত তিনি এর সদস্য ছিলেন।

এইভাবে সংসদের সদস্য হিসাবে তিনি ত্রিশ বছরের অধিককাল জাতির সেবা করেছেন। একাধিক সিলেক্ট কমিটির তিনি সদস্য ছিলেন এবং ঐ কমিটিগুলির অধিকাংশতে তিনি নেতৃত্ব করেছেন। তিনি সর্বদাই দরিদ্র ও নিগৃহীতদের স্বার্থকে তুলে ধরতেন এবং তিনি ছিলেন একজন সুপরিচিত সমাজসেবক। তাঁরই প্রচেষ্টায় হলদিয়া বন্দর স্থাপিত হয়েছে,—কলিকাতা বন্দরের সহায়ক হিসাবে।

আচার-ব্যবহারে সরল, শ্রীসামন্ত একজন উন্নত-চরিত্রের মানুষ। জনসাধারণের কাজে তিনি তাঁর অর্জিত সম্পদ সবই দান করেছেন। আমি তাঁর দীর্ঘ নীরোগ-জীবন করি। তার ফলে সারা জীবন ধরে তিনি যে আদর্শবাদের অনুসরণ করেছেন, তার দ্বারা বর্তমান ও উত্তর-পুরুষ অনুপ্রাণিত হয়ে উঠুক এই আশা ও ইচ্ছা পোষণ করছি।

(মূল ইংরাজির অনুবাদ)

সংসদীয় রাজনীতিতে সামন্ত

শ্রীবসন্ত কুমার দাস

[প্রাক্তন গণপরিষদ ও লোকসভা সদস্য : সম্পাদক,
মেদিনীপুর স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি]

গ্রামের লোকজনের সঙ্গে নিবিড় সম্পর্ক ছিল তাঁর। সেই সম্পর্ক ছিন্ন করে তাঁকে যে একদিন সংসদীয় রাজনীতিতে অংশ গ্রহণ করতে হবে এটা কখনো জানতেন না সতীশ চন্দ্র সামন্ত। অসহযোগ আন্দোলনে যোগদান করার পর তিনি একটি জাতীয় স্কুলে শিক্ষকতা করেন। দেশবন্ধু পল্লীসংস্কার সমিতির অন্যতম কর্মী ছিলেন এবং সেই একই সময়ে একাধিক কংগ্রেস প্রতিষ্ঠানের সম্পাদক ও সভাপতির পদও অলঙ্কৃত করেছিলেন। বিপ্লবী ও আইনভঙ্গকারী সতীশচন্দ্র স্থানীয় কোনো প্রতিষ্ঠানে নির্বাচনে দাঁড়াননি। এমন কি ব্যবস্থাপক সভার নির্বাচনেও নয়। কিন্তু মেদিনীপুরে (তমলুক) জাতীয় সরকারের প্রথম সর্বাধিনায়ক এবং একাধিক স্বাধীনতা যুদ্ধের নায়ক সতীশচন্দ্র যখন গণপরিষদের অন্যতম সদস্য নির্বাচিত হলেন, তখন তাঁকে বাধ্য হয়েই দিল্লী যেতে হয়েছিল। সময়টা ছিল ১৯৪৭ সালের জুলাই মাস, এবং তখন থেকেই তিনি সাময়িক পার্লামেণ্টের একজন সদস্য এবং পরপর চারটি লোকসভার সদস্যপদে নির্বাচিত হয়েছিলেন। ১৯৬৭ সালের সাধারণ নির্বাচনে সমগ্র ভারতবর্ষে তিনিই সবচেয়ে বেশি-সংখ্যক ভোট পেয়েছিলেন। ত্রিশ বছর তিনি একাদিক্রমে পরিষদীয় রাজনীতিতে অংশ গ্রহণ করেছিলেন এবং এই দীর্ঘকাল তিনি পার্লামেণ্টে সকলের শ্রদ্ধা ও ভালোবাসা লাভ করে-ছিলেন। এমন কি সাংবাদিক ও সমালোচকগণ পর্যন্ত তাঁর প্রতি শ্রদ্ধার ভাব পোষণ করতেন। অসুস্থতা হেতু অথবা পরিষদীয় কাজে বাইরে থাকার সময়, লোকসভায় এবং এর বিভিন্ন কমিটিতে তাঁর অনুপস্থিতি বিরল ছিল। কর্মবিরতির সময় পার্লামেণ্টের কেন্দ্রীয় হলে বন্ধুবান্ধব পরিবৃত হয়ে তিনি শান্তভাবে বিশ্রাম-সুখ উপভোগ

করতেন—চা ও তাম্বুল সহযোগে। সতীশচন্দ্রের নিজস্ব তৈরি পান বিখ্যাত ছিল, দলমত নির্বিশেষে অনেক মাননীয় সদস্যকে তিনি আপ্যায়িত করতেন পান দিয়ে—তার পানের ডিবাটি সকল তাম্বুল-প্রেমীর জন্য সর্বদা উন্মুক্ত থাকত। তিনি অকৃতদার ছিলেন, পান তিনি নিজের হাতেই সাজতেন। একবার একজন মহিলা সদস্যা বলেছিলেন,—'পান তৈরি করবার সময় দাদা নিশ্চয়ই একটি লাল-পেড়ে শাড়ি পরে থাকেন'। আর একবার একটি বিলের প্রসঙ্গে ভাষণ দেবার সময় তিনি মন্তব্য করেছিলেন—'ভারতীয় মেয়েদের লিপস্টিক হলো পান যা তাদের সৌন্দর্য বর্ধন করে থাকে'। লোকসভা সেদিন হাসিতে ফেটে পড়েছিল, মন্তব্যটি উপভোগ্য হয়েছিল এই জন্য যে একজন অকৃতদার-ব্যক্তি এর বক্তা। পরদিন সংবাদপত্রের পৃষ্ঠায় এটি মুদ্রিত হয়েছিল। সামন্তজীর আর একটা প্রিয় নেশা ছিল চা। একদিন একটি ধূমায়িত পেয়ালা হাতে নিয়ে তিনি চা পান করছিলেন আর কাপে চুমুক দেওয়ার সঙ্গে সঙ্গে তাঁর বিশাল গোঁফ জুটি (অনেকটা স্তালিনের মতো ছিল এই গোঁফ) একেবারে সিক্ত হয়ে উঠেছিল। ডক্টর নাজিরুদ্দীন আমেদের ক্যামেরায় সঙ্গে সঙ্গে এই দৃশ্যটি ধরা পড়েছিল। ছাত্রজীবনে তিনি ছিলেন একজন কঠিন পিউরিট্যান, তখন পান বা ধূমপান কোনো রকম নেশা তিনি করতেন না। কিন্তু পরে চিকিৎসকের পরামর্শক্রমে মাড়ি শক্ত করার জন্য তিনি কিঞ্চিৎ দোক্তা সহযোগে পান খেতে আরম্ভ করেন। তাঁর তাম্বুল-অনুরাগ লোকসভার ভিতরে ও বাইরে অনেক তাম্বুল-প্রিয়দের কাছে এখন খুব সুখকর ব্যাপার হয়ে উঠেছে। চায়ের নেশা দিল্লী অধিবাসীদের বিখ্যাত, সতীশচন্দ্রের চা-প্রীতি তাঁর অনুরাগীদের প্রতি বিশেষভাবেই আকৃষ্ট করেছিল।

লোকসভার মাননীয় সদস্য বিশ্বনাথ দাস (ওড়িষ্যার ভূতপূর্ব মুখ্যমন্ত্রী এবং উত্তর প্রদেশে প্রাক্তন রাজ্যপাল) একবার মন্তব্য করেছিলেন যে, লোকসভায় তাঁকে যে রকম পরিশ্রম করতে হচ্ছে, তাঁর ছাত্রজীবনে তিনি কখনো এত পরিশ্রম করেননি। শ্রীসামন্তও ঠিক এই কথা বলতে পারেন। একবার সকাল সাড়ে-নয়টার সময়

একটি কমিটির বৈঠক হবার কথা। তারপর বেলা এগারটার সময় লোকসভা আরম্ভ হয়ে সন্ধ্যা ছ-টা পর্যন্ত চলবে। একবার হয়ত সেন্ট্রাল হলে একটি দলীয় সভা হতে পারি, কিম্বা কোনো বিশিষ্ট অতিথি বক্তৃতা করতে পারেন। সামন্ত সকাল ন-টার পূর্বেই খাওয়া-দাওয়া সেরে নিতেন এবং রাত ন-টা পর্যন্ত একটির-পর-একটি সভার কাজে ও বিভিন্ন অনুষ্ঠানে যোগদান করতেন। তখন কেউ যদি তাঁকে নৈশভোজে নিমন্ত্রণ করতেন এবং তিনি যদি মান্যগণ্য নাও হতেন তথাপি সামন্তকে সেই নিমন্ত্রণ রক্ষা করতে দেখা যেত।

লোকসভার একাধিক কমিটিতে—পরিশ্রম-কুশল সামন্তজীর ডাক পড়তো—এইসব কমিটির অনেকগুলিতে তিনি দীর্ঘকাল যাবৎ কাজ করেছেন: দি রেলওয়ে করাপসান্ ইনকোয়ারী কমিটি, দি কমিটি অন কাস্টোমারি রাইটস্ টু ক্যাভেনজিং, দি আন ইকনমিক রেলওয়ে কমিটি এবং দি জয়েন্ট সিলেক্ট কমিটি অন সীডস্ বিল এবং ইভ্যালুয়েসন কমিটি অন প্ল্যান পাবলিসিটি বাই ভলানটারি অর্গানাই-জেসন (এই দুটি কমিটির তিনি চেয়ারম্যান ছিলেন)। এইসব কমিটির কাজের জন্য তাঁকে ভারতের সর্বত্র-ভ্রমণ করতে হতো এবং প্রচুর পরিশ্রম করতে হতো। এসব কাজে তিনি কখনো অনুপস্থিত থাকতেন না। বড়াধেমো কোলিয়ারি ও চিনাকুড়ি কোলিয়ারির দুর্ঘটনা প্রসঙ্গে যে দুইটি তদন্ত কমিটি গঠিত হয়েছিল, তিনি দু'টিতেই এ্যাসেসর নিযুক্ত হয়েছিলেন এবং এজন্য তাঁকে অনেক সময় ও মনোযোগ দিতে হতো। তিনি দি এস্টিমেটস কমিটি, দি ন্যাশনাল সিপিং বোর্ড, দি রুলস্ কমিটি, দি কমিটি অন এসিওরেন্স এবং অন্যান্য স্থায়ী কমিটি একপ্রকারের পার্লামেন্টের সমূহের কোন-না-কোন সময় সদস্য হয়েছিলেন যা পার্লামেন্টের রেকর্ড সৃষ্টি করেছে। তিনি ইণ্ডিয়ান সেন্ট্রাল জুট কমিটি, দি কয়ারবোর্ড, দি রিজিয়ন্যাল সল্ট য়্যাডভাইসারি কমিটি এবং পণ্যদ্রব্য সংক্রান্ত অন্যান্য কমিটিতে তিনি লোকসভার প্রতিনিধিত্ব করেছেন। দেশের মধ্যে বিবিধ পণ্যদ্রব্যের উৎপাদন ও বৃদ্ধিতে তিনি খুবই আগ্রহ দেখাতেন এবং এই ব্যাপারে পশ্চিমবঙ্গ যাতে আগ্রহান্বিত হয় তিনি সেই বিষয়েও লক্ষ্য রাখতেন। যানবাহন

ও সেচ—এই দুটি বিষয় ছিল তাঁর খুব প্রিয় এবং এই দুটি মন্ত্রকের পার্লিয়ামেন্টারি কনসালটেটিভ কমিটিতে তিনি কাজ করতে পছন্দ করতেন। সেইজন্য হলদিয়া বন্দর ও ফারাক্কা বাঁধ—এই দুটি প্রকল্পের অগ্রগতি সম্পর্কে তিনি যেমন আগ্রহ দেখাতেন তেমনি চিন্তা-ভাবনাও করতেন, সেইজন্য সংশ্লিষ্ট মন্ত্রক সর্বদাই তাঁকে প্রকল্প দুটির কাজে সংযুক্ত রেখেছিলেন। হলদিয়া বন্দরটি তাঁরই নির্বাচন কেন্দ্রে অবস্থিত এবং হলদিয়ার ইতিহাসে সামন্তর নাম অক্ষয় হয়ে থাকবে। ডাক ও তার বিভাগের আঞ্চলিক পরামর্শদাতা কমিটি এবং জোনাল ও ডিভিসনাল রেলওয়ে ইউজারস্ কনসালটেটিভ কমিটির সদস্য হিসাবে জনসাধারণের প্রয়োজনীয় এই দুইটি প্রতিষ্ঠানে তাঁর বিশেষ আগ্রহ ছিল। বহু বিষয় সংক্রান্ত একাধিক কমিটিতে তিনি কাজ করেছেন।

লোকসভায় প্রশ্নোত্তরকালে দেখেছি, অনেক সময়ে স্পীকার মহোদয় সকলের আগে সামন্তের নাম করতেন। তিনি এমন দক্ষতাসহকারে তাঁর বক্তব্য উপস্থাপিত করতেন যে তার মধ্যে কোনো অস্পষ্টতা থাকত না। মাননীয় সদস্যগণ প্রায় সমস্বরে—'মহাশয়, আমি কি জানতে পারি।' এইরূপ ধ্বনি করলেও সামন্ত যখন এইরূপ প্রশ্ন করতেন তখন তার মধ্যে একটা স্বতন্ত্র ব্যঞ্জনা থাকত। প্রশ্নোত্তরকালে তিনি কখনো অনুপস্থিত থাকতেন না। হিন্দীভাষায় তাঁর পরিপুরক প্রশ্নগুলি লোকসভায় সকলের কৌতুক দৃষ্টি আকর্ষণ করত। লোকসভায় উদ্ভট বিষয়ে প্রশ্ন করার জন্য যদি কারো প্রশংসা করতে হয় তাহলে সেই প্রশংসা মিস্টার সামন্ত পেতে পারেন। বিখ্যাত দৈনিক পত্রিকা টাইমস্ অব ইণ্ডিয়া এই মন্তব্য করেছিলেন। একবার তিনি একটি উদ্ভট গাছ সম্পর্কে প্রশ্ন করেছিলেন।

বে-সরকারী বিল ও প্রস্তাবসমূহ উত্থাপন করতে তিনি ছিলেন অক্লান্ত। ইণ্ডিয়ান রেজিস্ট্রেশন য়্যামেণ্ডমেন্ট বিলটি যখন পাস হয় তখন ভারতের প্রথম লোকসভায় তিনিই ছিলেন প্রথম সদস্য যাঁর উত্থাপিত বে-সরকারী বিলটি গৃহীত হয়েছিল। এদেশে হোমিওপ্যাথি চিকিৎসা পদ্ধতিকে স্বীকৃতি প্রদানের জন্য তাঁর প্রস্তাবটি পার্লিয়ামেণ্টে গৃহীত হয়েছিল। তারপর থেকেই হোমিওপ্যাথি চিকিৎসাকে মর্যাদা দেবার

জন্য ফ্যাকালটি সৃষ্টি হয়েছে। অনেকেরই হয়ত জানা নেই যে, সামন্তজী যখন একজন কংগ্রেস কর্মী ছিলেন তখন তিনি গ্রামের লোকদের হোমিওপ্যাথি পদ্ধতিতে চিকিৎসা করতেন। তাঁর আনীত আর-একটি প্রস্তাব এখানে উল্লেখ্য, যদিও সেটি গৃহীত হয়নি। গণপরিষদে তিনি এই মর্মে প্রস্তাব এনেছিলেন যে, বাংলাভাষা ভারতের জাতীয় ভাষা হওয়া উচিত। এর মধ্যে প্রাদেশিকতা বা সঙ্কীর্ণতার কিছু ছিল না। কারণ তিনি সর্বদা হিন্দীভাষা প্রচারের অনুকূলে অভিমত প্রকাশ করতেন এবং লোকসভার তিনি হিন্দী পরিষদের একজন সদস্য ছিলেন, এবং হিন্দী সলাকর পরামর্শদাতা সমিতিরও একজন সভ্য ছিলেন।

তাঁর নির্বাচন কেন্দ্র ও পশ্চিমবঙ্গ সম্পর্কে তিনি সর্বদা সচেতন ছিলেন এবং বিবিধ প্রশ্ন, প্রস্তাব ও বিলের মাধ্যমে এগুলির সেবায় তৎপর ছিলেন। এমন কি প্রয়োজন হলে মন্ত্রীদের সঙ্গে ব্যক্তিগত সংযোগের দ্বারা তিনি এইসব কাজ করতেন। এই শান্ত ও কোমল প্রকৃতির মানুষটির প্রতি সকলেই গভীর শ্রদ্ধা পোষণ করতেন, কারণ ব্যক্তিগত স্বার্থসিদ্ধির জন্য তিনি লালায়িত ছিলেন না। একাধিক কমিটি ও কনফারেন্সে তাঁর মনোনয়ন থেকেই এটা প্রমাণিত হয়েছে যে, ১৯৫৪ সালের আগস্ট মাসে ভিয়েনাতে অনুষ্ঠিত আন্তর্জাতিক পার্লিয়ামেন্টারি ইউনিয়ন কনফারেন্সে স্পীকার কর্তৃক তিনি মনোনীত হয়েছিলেন নেতা হিসাবে। এই দায়িত্ব তিনি এমন সুচারুভাবে সম্পন্ন করেছিলেন যা সকলের প্রশংসা অর্জন করেছিল। এই সুযোগে তিনি পশ্চিম ইউরোপের বহু দেশ পরিদর্শন করেছিলেন।

দলত্যাগের পর কংগ্রেস সদস্যদের সঙ্গে একসারিতে বসা বন্ধ করে দেওয়ায় তাঁর অসংখ্য বন্ধু-বান্ধবের অন্তরে ক্ষোভ ও নৈরাশ্য সৃষ্টি হয়েছিল ; তিনি সেদিন ভারাক্রান্ত হৃদয়ে বিরোধীদলের মধ্যে গিয়ে আসন গ্রহণ করলেন। তাঁর সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবার জন্য কংগ্রেস দলের সর্ববাদীসম্মত প্রস্তাব তাঁর মত পরিবর্তন করতে পারেনি। কিন্তু বন্ধুত্ব বজায় রোল, বিশ্বাস অটুট রোল। দলমত নির্বিশেষে লোকসভার সকলের তিনি বিশ্বাসভাজন বন্ধু।

দিল্লীতে ৭ নম্বর ইলেকট্রিক লেন বাংলোটি আটাশ বছর ধরে সামন্তজীর বাসভবন ছিল। সেখানে কেউ যদি কখনো তাঁর ব্যক্তিগত-জীবন দেখবার সুযোগ পেতো তাহলে দেখা যেত, তিনি সংসদীয় কাজের সময়টুকু বাদে বাকি সময় বাগান পরিচর্যার কাজেই ব্যস্ত থাকতেন--সেই অবস্থায় তাঁকে মেদিনীপুরের একজন চাষী থেকে আলাদাভাবে দেখা ক্বচিৎ সম্ভব ছিল। দিল্লীতে তাঁর বহু বন্ধু তাঁর বাগানের লেবু এবং অন্যান্য সবজি খুব উপভোগ করতেন—কেউ কেউ বাড়িতেও নিয়ে যেতেন তাঁদের গৃহিণীদের জন্য,— তাঁরা দাদার বাগানের অনেক খবর রাখতেন। এই বাগানের বাতিকের জন্য তাঁকে কখনো কখনো বিপদে পড়তে হতো। একবার তাঁর একটি নির্বাচনী বক্তৃতা শুনে কলকাতার জনৈক বিশিষ্ট নাগরিক (যিনি একজন প্রতিদ্বন্দ্বী ছিলেন) মন্তব্য করেছিলেন এই বলে: 'সামন্ত মশাইয়ের লোকসভার কাজ তো শুধু শাকসবজি উৎপাদন করা।'

ভালো খাওয়া দাওয়া তিনি পছন্দ করতেন—যদিও তিনি পর্যাপ্ত পরিমাণে খেতে পারতেন না অথবা খাওয়ার রুচিতে যথেষ্ট বাছ-বিচার ছিল তাঁর। যখনই তিনি রাজধানীতে লোকসভার অধিবেশনে যোগদান করতে যেতেন তখনই তিনি সঙ্গে করে নিয়ে যেতেন তমলুকের সন্দেশ আর ছানাগজা বন্ধু-বান্ধবদের মধ্যে বিতরণের জন্য। সেই সঙ্গে থাকতো তমলুক অঞ্চলের সেই বিশিষ্ট বস্তুটি—'বড়ি'। তাঁর দিল্লীর বাসভবনে সমাগত দর্শকবৃন্দ সেই সন্দেশ উপভোগ করতেন আর চায়ের সঙ্গে বড়ি-ভাজা—অবশ্য যতদিন সেই বস্তুটি নিঃশেষিত না হতো।

তাঁর প্রাত্যহিক চিঠিপত্র—চিঠি আসা ও যাওয়া ছিল বিপুল। শুধু যে পরিষদীয় কাগজপত্র তা নয়, বহু বন্ধু ও পরিচিতজনের সঙ্গে তাঁর চিঠিপত্রের বিনিময় ছিল। নিয়মিত প্রতি মাসের প্রথম সপ্তাহে বহু প্রতিষ্ঠানের কাছে তিনি মণিঅর্ডার পাঠাতেন। তাঁর কাছে আর্থিক সাহায্যের জন্য আবেদন করে কোনো প্রার্থীকে কখনো নিরাশ হতে হয়নি, এমনি উদারচেতা মানুষ ছিলেন তিনি।

তাঁর স্নেহের উত্তাপ অনুভব করে ছেলেমেয়েরা সবসময় তাঁকে

ঘিরে থাকত এবং তাঁর খাবার টেবিলে এসে তারা যখন জড়ো হতো তখন তিনি পালা করে প্রত্যেকের মুখে তুলে দিতেন আহার্যদ্রব্য। তাঁর ভৃত্যের ছোটো মেয়েটি পর্যন্ত বাদ যেত না। সেই সময়ে টেবিলের কাছে দাঁড়িয়ে, তাঁর মুখের দিকে এক দৃষ্টিতে তাকিয়ে পোষা কুকুরটি যখন নির্বাকভাবে ল্যাজটি নাড়াতো, তিনি তাকেও বঞ্চিত করতেন না। অবলা জীবটির প্রতি করুণা প্রদর্শন যদি তাঁর টেবিলের সঙ্গীদের কাছে অপ্রীতিকর মনে হতো, তিনি তাদের নিরস্ত করতেন কুকুরটিকে আঘাত না করতে। একদিন সেই পোষা কুকুরটি চাকরদের দৃষ্টি এড়িয়ে রান্নাঘরে ঢুকে ভাজা-মাছের অনেকটা উদরসাৎ করে ফেলে। ক্রুদ্ধ ভৃত্যের কাছ থেকে উত্তম-মধ্যম প্রহার লাভ করে কুকুরটি। অপরাধীকে রক্ষা করার উপায় ছিল না সামন্তজীর, তিনি শুধু নির্বোধ প্রাণীটির দিকে নীরব ভর্ৎসনার ভঙ্গিতে তাকিয়ে রইলেন।

সাত নম্বর ইলেকট্রিক লেনের বাংলোটির সম্মুখস্থ ঘরে কেউ যদি উঁকি মারত তাহলে সে দেখতে পেতো গাম্ভীর্য-মণ্ডিত মাঝারি-গঠনের কৃষ্ণবর্ণ একটি মানুষকে—যাঁর বিশাল দেহ, বিরাট গুম্ফ, নগ্ন গাত্র, পরিধানে লুঙি ও পায়ে একজোড়া খড়ম—দর্শকের দৃষ্টিকে সহজেই আকর্ষণ করত। টেবিলের ওপর ঝুঁকে—হয় একাগ্রচিত্তে কাজ করে চলেছেন—না-হয় দর্শকদের সঙ্গে কথা বলছেন। কয়েক বছর আগে কেউ কেউ তাঁকে কখনো কখনো গড়গড়ায় তামাক খেতে দেখে থাকবেন, কিন্তু বর্তমানে তিনি তামাক বর্জন করেছেন। রবিবার, ছুটির দিন বা অবসর সময়ে তাঁকে তাঁর বাগানে দেখতে পাওয়া যেত। তখন তাঁকে দেখে মনে হতো যেন একজন সুদক্ষ মালী, এমন ঘর্মাক্ত কলেবরে তিনি বাগানের কাজ করতেন। বাংলোর প্রবেশ-পথের দুই ধারে চারটি তালগাছ লাগিয়েছিলেন। দিল্লী অঞ্চলে এই জাতীয় গাছ বিরল এবং অনেকের কাছেই অজানা। একজন বন্ধু প্রস্তাব করেছিলেন—হয়ত প্রস্তাবটি হাল্কা ধরনের ছিল—তালগাছের মুখোমুখি একটি প্রস্তর-ফলকে সামন্তজীর নাম উৎকীর্ণ থাকা উচিত। এই বাংলোটিতে তাঁর প্রায় একটানা তিরিশ বছর কাল অবস্থানের

স্মৃতিচিহ্ন হিসাবে। যদি কেউ কোনোদিন ইতিহাস খুঁজতে ইচ্ছা করে, তার জানা উচিত যে এক সময়ে তিনব্যক্তি এখানে বাস করেছিলেন, তাঁদের মধ্যে একজন শ্রীসামন্ত, অন্যজন শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, যখন তিনি গণপরিষদের সভ্যপদে ইস্তফা দিয়ে বাংলো ছেড়ে চলে যান পশ্চিমবঙ্গে মন্ত্রিপদ গ্রহণের জন্য। তিনি চলে যাবার পর এখানকার বাসিন্দা হয়ে আসেন শ্রীউপেন্দ্রনাথ বর্মণ। ইনি পরে পশ্চিমবঙ্গ, আইন পরিষদের ডেপুটি চেয়ারম্যান হয়েছিলেন। কংগ্রেস সভাপতি শ্রীনিজলিঙ্গাপ্পা তিনজনকে, শ্রীসামন্ত, শ্রীবর্মণ ও শ্রীদাস— 'থ্রী মাসকেটীয়ার্স' বলে ডাকতে আমোদবোধ করতেন অথবা 'বিশিষ্টত্রয়ী' বলে ডাকতেন। তাঁদের মধ্যে একমাত্র সামন্তই একাদিক্রমে তিরিশ বছর যাবৎ (১৯৭৬ সাল পর্যন্ত ২৮ বছর) সাত নম্বর ইলেকট্রিক লেনের বাংলোয় বাস করেছেন। পরবর্তীকালে তাঁর সঙ্গে একত্র অবস্থান করেছিলেন শ্রীশচীন্দ্রনাথ মাইতি। সামন্তের মেসের একজন সদস্য হিসাবে থাকার সময়ে শ্রীমাইতির মৃত্যু হয়েছিল। শ্রীপ্রণব মুখার্জী ও শ্রীসর্দার আমজাদ আলিও সংসদ সদস্য হিসাবে এই বাংলোতে কিছুদিন বাস করেছেন।

এই নির্বাক ও একাগ্রচিত্ত মানুষটি যা করবেন ঠিক করতেন সেই বিষয়ে তাঁর ছিল দৃঢ় বিশ্বাস। কি ছাত্র হিসাবে, কি একটি বৈপ্লবিক দলের গুপ্ত-কর্মী হিসাবে, কি জনৈক বৈদান্তিক গুরুর শিষ্য হিসাবে, কি জাতীয় সরকারের প্রথম সর্বাধিনায়ক হিসাবে, স্বাধীনতা সংগ্রামীদের পরিচালকরূপে, কি পরিষদীয় রাজনীতিতে এবং বাংলা কংগ্রেসের একজন নেতা হিসাবে, সামন্তজীর সমগ্র জীবন বহু ঘটনার সাক্ষ্য বহন করে এবং প্রতিকূল অবস্থার সম্মুখীন হয়েও তিনি দৃঢ় সঙ্কল্পের পরিচয় রেখেছেন। যদি পশ্চিমবঙ্গ লেজিসলেটিভ কাউন্সিলের ইতিহাস অন্বেষণ করা যায় তাহলে দেখা যাবে যে গণপরিষদে পশ্চিমবঙ্গের কংগ্রেস সদস্যদের মধ্যে একমাত্র তিনিই বিরোধী মত পোষণ করেছিলেন। তাঁরই সিদ্ধান্ত অনুসারে রাজ্যের ক্ষেত্রে শাসনতন্ত্রে লেজিসলেটিভ কাউন্সিল গঠনের ব্যবস্থা গৃহীত হয়। অন্যান্য রাজ্যও এই ব্যবস্থার অনুসরণ করেছিল। বন্ধুবান্ধবের অনুনয়ে তিনি নতি

স্বীকার করেননি। তাঁরা শেষ পর্যন্ত পশ্চিমবঙ্গের জন্য লেজিসলেটিভ কাউন্সিলের দাবী সমর্থন করেছিলেন। বর্তমানে পশ্চিমবঙ্গেই এই ব্যবস্থার অবলুপ্তি ঘটেছে এবং এজন্য শ্রীসামন্ত নিজেকে অভিনন্দিত করতে পারেন।

বৃহত্তর সমাজে তাঁর পরিচয় ছিল 'সামন্ত'। নিকটের যাঁরা তাঁদের কাছে তিনি 'সতীশদা' আর সরকারী কাগজপত্রে তাঁর পরিচয় ছিল শ্রীসতীশচন্দ্র সামন্ত হিসাবে। দেশের জন্য জীবনব্যাপী সেবা করে তিনি সর্বজনীন শ্রদ্ধা এবং ভালোবাসার পাত্র হয়ে উঠেছিলেন। তার নিষ্কলঙ্ক চরিত্র, সহজ-সরল প্রকৃতি, স্নেহ ও দাক্ষিণ্যতার হৃদয়, মানবিক সহানুভূতি, সুদৃঢ় সঙ্কল্প, সাধুতা, অদম্য উৎসাহ ও কর্তব্যে অনুরাগ তাঁকে ইতিহাসে চিরস্মরণীয় করে রাখবে।

তিনি আরো দীর্ঘজীবী হয়ে দেশের—সেবা করুন ও তাঁর প্রিয় কাজগুলি সম্পন্ন করুন।

(মূল ইংরাজির অনুবাদ)

সংসদ সদস্য—এক বিনীত ভারতীয়

শ্রীআই. কে. গুজরাল

[প্রাক্তন কেন্দ্রীয় তথ্য ও বেতারমন্ত্রী ; রাশিয়ায় ভারতের প্রাক্তন রাষ্ট্রদূত]

ভারতবাসীর ইতিহাস সুদীর্ঘ এবং কিম্বদন্তীর বীরপুরুষের দৃষ্টান্তে ভরা। গান্ধীজীর মহাকাব্যোচিত নেতৃত্বে দ্বিতীয় দশকে যে আধ্যাত্মিক নবজাগরণ শুরু হয়েছিল সেটি বোধহয় সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়। নবজাগ্রত ভারতের নতুন স্বপ্নে মহাত্মা জাতিকে উদ্‌বুদ্ধ করেছিলেন এবং সেই প্রক্রিয়ায় তিনি বহু মৃত্তিকাপিণ্ডকে বীরপুরুষে রূপান্তরিত করেছিলেন। সতীশচন্দ্র সামন্ত এমনি একজন বীরপুরুষ। তরুণ বয়সেই তিনি জাতীয় আন্দোলন কর্তৃক আকৃষ্ট হয়েছিলেন এবং তখন থেকে ব্যক্তিগত আশা-আকাঙ্খার উর্ধ্বে তিনি স্থান দিয়েছিলেন জাতীয় সংগ্রামকে, বর্জন করেছিলেন সুখভোগের ইচ্ছাকে যা আমরা সবাই সাধারণতঃ অনুসরণ করে থাকি। ইঞ্জিনিয়ার হিসাবে নিজেকে তৈরি করা অথবা বিবাহ করে সংসারী হওয়া—এই দুটির একটিরও তিনি পছন্দ করেননি। গান্ধীবাদের সৈনিক হতে হলে ব্যক্তিগত অনেক ত্যাগের দরকার—দরকার জীবন-ব্যাপী কর্মস্পৃহা। সামন্তজী এই ব্যাপারে কখনো ইতস্তত করেননি। তাঁর কাছে জাতি এবং জাতীয় স্বার্থ সর্বাগ্রে বিবেচ্য ছিল।

১৯৬০ সালের মাঝামাঝি সময়ে আমি যখন তাঁর সঙ্গে ব্যক্তিগত-ভাবে পরিচিত হয়েছিলাম, তখনই তিনি একজন কিম্বদন্তীর মানুষ হয়ে উঠেছিলেন। তাঁর জীবনের ,সর্বোত্তম সময় এসেছিল “ভারত ছাড়” আন্দোলনের সময়। তখন তিনি নৃশংস ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে তাঁর নিজের তমলুক জেলায় (মহকুমার) একটি “জাতীয় সরকার” স্থাপন করেন। তিনিই এর প্রথম সর্বাধিনায়ক ছিলেন। ভারতের অবশিষ্ট অংশের অনেকের মতো তিনি সেদিন শাসকের

রোষবহ্নিকে আমন্ত্রণ জানিয়েছিলেন ও কারারুদ্ধ হয়েছিলেন। সেগুলি ছিল তাঁর সশ্রম কারাবরণ।

১৯৪২ সালে আমি যখন তরুণ ছাত্র, তখন সুদূর লাহোরে আমি স্বাধীনতা সংগ্রামে যোগদান করেছিলাম। স্বাধীনতা সংগ্রামীদের স্বাভাবিক পত্রালাপের কোনো উপায় ছিল না, কিন্তু আশ্চর্যের বিষয়, সংবাদ তখন খুব দ্রুততার সঙ্গে চলাচল করতো। তমলুকের জাতীয় সরকার সেদিন সর্বভারতীয় দৃষ্টি আকর্ষণ করেছিল এবং এর কেন্দ্রীয়-পুরুষ ছিলেন সামন্তজী। তাঁর প্রতি আমার শ্রদ্ধা ভক্তি অপরিসীম ছিল এবং তাঁর সঙ্গে আমার ব্যক্তিগত পরিচয়ের পর থেকে তা বহুগুণ বৃদ্ধি পেয়েছিল। সংসদের বিতর্কে তিনি যেরকম মর্যাদার সঙ্গে যোগদান করতেন তার মধ্যে ফুটে উঠত তাঁর সুপ্রবিত্র মানসিকতা আর শান্ত প্রজ্ঞা এবং এই কারণে তিনি পার্লিয়ামেণ্টের ভিতরে ও বাইরে সকলের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। শাসনতন্ত্রের একজন অন্যতম নির্মাতা হিসাবে উত্তেজনাপূর্ণ একাধিক বিতর্কে তিনি বাধা দিয়ে ধীরস্থির আলোচনার পরিবেশ নিয়ে আসতেন।

তাঁর সংসদীয় জীবনে ভারতের বিরাট রূপান্তর প্রত্যক্ষ করেছিলেন এবং এই ব্যাপারে তাঁর বিনম্রতা সত্ত্বেও সামন্তজীর অবদান বড় সামান্য ছিল না।

১৯৪৬ থেকে ১৯৭৬ এই সুদীর্ঘকাল তিনি সংসদের সঙ্গে সংযুক্ত ছিলেন। এই সময় তাঁকে সর্বদা দেশের,—বিশেষ করে বাংলার লোক-জন দ্বারা পরিবৃত থাকতে দেখা যেত এবং তাদেরকে তিনি গণতন্ত্রের পাঁচটি প্রধান বিষয়ে সুশিক্ষিত করে তুলেছিলেন। জনচিত্তে তাঁর প্রভাব ছিল সুগভীর। তিনি সর্বদাই একজন নীরব শিক্ষক ছিলেন—বক্তৃতা দিয়ে নয়, নিজের দৃষ্টান্ত দিয়েই তিনি বোঝাতেন।

আমাদের জাতীয় জীবনের অনেক সঙ্কটজনক মুহূর্ত আমি স্মরণ করতে পারি যখন কংগ্রেস-দলকে সংসদের ভিতরে ও বাহিরে বিপদের সম্মুখীন হতে হয়েছিল। কিন্তু তখন আমাদের জাতীয় জীবনের মৌল নীতি ও ঐতিহ্য বজায় রাখার জন্য সামন্তজী ও তাঁর তুল্য ব্যক্তির অভাব হয়নি।

এ বিষয়ে আমি সুনিশ্চিত যে আমার মতো অনেকেই তাঁর দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন। তাঁর সঙ্গে মিশলেই বুঝতে পারা যেত যে, জাতীয় বৃহৎ স্বার্থের সেবার জন্য একজন দীনতম ভারতীয় সংসদে প্রেরিত হয়েছেন।

(মূল ইংরাজির অনুবাদ)

সতীশদা

ডঃ ফুলরেণু গুহ

[প্রাক্তন লোকসভা সদস্যা, প্রাক্তন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী।]

সতীশদা নামটী মনে হলেই চোখে ভেসে ওঠে একটী শান্ত, ধীর, মৃদুভাষী সদাহাস্য মানুষ। দেখলে বা আলাপ করলে কিছুতেই বোঝা যাবে না যে এ মানুষটির চরিত্র লোহার মত শক্ত, আদর্শে অটল। স্বভাবসুলভ নম্রতার ভিতরে তিনি আত্মগোপন করতে প্রয়াস পেয়েছেন। সতীশদার সারাজীবনে সময়ের জ্ঞান খুব প্রখর ছিল। নিয়মানুবর্তিতা তাঁর চরিত্রে একটী শিক্ষণীয় বিষয়। সতীশদা বিদ্যালয়ে কোনদিন দেরী করে যাননি। পড়াশুনায় খুব ভাল ছাত্র ছিলেন। শিক্ষকদের এবং প্রধান শিক্ষকের খুব স্নেহের পাত্র ছিলেন।

বরিশালের বিপ্লবীদের একটী প্রধান কেন্দ্র শঙ্করমঠ গঠন করেছিলেন স্বামী প্রজ্ঞনানন্দ সরস্বতী। ১৯১৬—১৯১৯ সালে স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতী মহিষাদলে নির্বাসিত হন। মহিষাদলের স্কুলের প্রধান শিক্ষকের সঙ্গে স্বামীজীর যোগাযোগ হয়। এই সূত্র ধরে সতীশচন্দ্র স্বামীজীর সান্নিধ্যে আসেন এবং স্বদেশমন্ত্রে দীক্ষিত হন। শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের ছাত্র যখন সতীশদা, সেই সময় ১৯২১ সালের আন্দোলনের ডাক আসে। মহাত্মা গান্ধীর সেই ডাকে সাড়া দিলেন সতীশচন্দ্র। দেশমাতৃকার পূজায় যোগ দিলেন, ছেড়ে দিলেন কলেজ, ভবিষ্যৎ বলে কিছু ভাববার অবকাশ আর থাকল না। ১৯২১ সাল থেকে যতবার আন্দোলন হয়েছে, সংগ্রাম হয়েছে, প্রতিবার সতীশচন্দ্র সক্রিয় অংশগ্রহণ করেছেন এবং বারবার কারাবরণ করেছেন। ১৯৩০ সালে সতীশচন্দ্র যখন রাজসাহী জেলে ছিলেন তখন তাঁর ঘনিষ্ঠতা হয় ত্রৈলোক্য মহারাজের সঙ্গে।

১৯৪২ সালের আন্দোলনের সময় মেদিনীপুরে আন্দোলন ও স্বাধীন সরকার গঠনের ও সংগঠনের অন্যতম নেতা সতীশচন্দ্র।

১০

প্রতাপশালী বৃটিশের সব দম্ভকে তুচ্ছ করে সব অত্যাচারের সম্মুখীন হবার দুর্বার সাহস নিয়ে সতীশচন্দ্র হলেন 'সর্বাধিনায়ক' সেই স্বাধীন সরকারের। এখানেই আমরা সতীশদার গঠন শক্তির ক্ষমতা দেখতে পাই।

স্বাধীন ভারতের কনষ্টিটুয়েন্ট এসেম্ব্লিতে সতীশচন্দ্র কংগ্রেসের প্রতিনিধি হিসাবে সভ্য হন এবং প্রথম লোকসভা থেকে ১৯৭৬ সাল পর্যন্ত তিনি প্রতিবার লোকসভার সভ্য ছিলেন। তিনি চিরদিনই কংগ্রেস কর্মী ছিলেন। কিন্তু ১৯৬৭ ও ১৯৭১ সালে বাংলা কংগ্রেসের টিকিটে তিনি লোকসভায় নির্বাচিত হন। ১৯৭২ সালে পুনরায় কংগ্রেসে যোগ দেন। সতীশদা কোন বিশেষ দলের লোক এটা তাঁর পরিচয় ছিল না। তাঁর বিশেষ পরিচয় ছিল মানুষ হিসাবে, সকলের বন্ধু, সব সময় সকলের সাহায্য করতে উন্মুখ। লোকসভায় তিনি নিয়মিত উপস্থিত হতেন এবং লোকসভার সব কাজকর্ম করতেন নিষ্ঠার সঙ্গে। সাধারণ মানুষের নির্বাচিত প্রতিনিধি একথা তিনি এক মুহূর্তের জন্য ভুলতেন না। মানুষের প্রতি তাঁর ছিল গভীর শ্রদ্ধা, সেজন্য তাদের বিশ্বাসকে তিনি সর্বরকম ভাবে রক্ষা করতে চেষ্টা করতেন। লোকসভার সর্বদলের সভ্যদের সঙ্গে তাঁর ছিল বন্ধুত্ব, সকলেই তাঁকে শ্রদ্ধা করতেন, প্রয়োজনে পরামর্শও নিতেন। সতীশদার ৭নং ইলেকট্রিক লেন বাড়ীটি ছিল সকলের জন্য অবারিত। কেউ গেলেই চা না খেয়ে চলে আসতে পারতেন না।

রাজনৈতিক গুরুর স্মৃতিরক্ষায় মহিষাদলে গড়ে তুলেছেন প্রজ্ঞানানন্দ ভবন। সেখানে আছে লাইব্রেরী, পঞ্চায়েত ট্রেনিং কেন্দ্র, শরীর চর্চার ব্যবস্থা, সংগীত কলেজ, কমিউনিটি হল, দাতব্য চিকিৎসা-কেন্দ্র, পাঠচক্র ইত্যাদি। সব বয়সের মানুষকে গড়ে তোলা এবং সমাজের জন্য কিছু করবার উপযোগী ব্যবস্থা রয়েছে এখানে। চেয়েছেন ঐ অঞ্চলের মানুষ গড়ে উঠুক, দেশের বিভিন্ন কাজে নিজেকে নিয়োজিত করুক।

সতীশদার কাছে সর্ব ধর্মের সর্ব যুগের মানুষ ছিল সমান। কার কত অর্থ, কত বিত্ত, তা দিয়ে তিনি বিচার করেন নি মানুষকে।

কোন্ প্রদেশ থেকে কে এসেছে, কোন্ ধর্মে বিশ্বাসী তার দিকে সতীশচন্দ্রের কোন দৃষ্টি ছিল না। তিনি যেন চণ্ডীদাসের সবার উপরে মানুষ সত্য, এই ধর্ম গ্রহণ করেছিলেন। সেজন্যই সর্বস্তরের, সর্ব ধর্মের সর্ব প্রদেশের মানুষের কাছে তিনি ছিলেন পরম আপনজন।

সতীশদার সঙ্গে কবে কোথায় দেখা হয়েছিল মনে নাই; মনে নাই কবে তাঁর নাম শুনেছিলাম। তবে একথা জানি অরুণদার (অরুণচন্দ্র গুহ) কাছে নাম শুনেছিলাম প্রথম। আমার স্বামীর কাছেও সতীশদার অনেক কথা শুনেছি—কোথায় কিভাবে তাঁদের পরিচয় হয়েছিল জানি না। সতীশদার কথা লিখতে গিয়ে এসব প্রশ্ন মনে জেগেছে, কিন্তু উত্তর দেবার এখন আর কেউ নেই।

মেদিনীপুরের চারুশীলা দেবী থাকতেন উত্তর কলকাতায়। তাঁরই পাশের বাড়ীতে ছিল তমলুকের একটি 'মেস'। এই মেসটি ১৯৪২ সালের আন্দোলনের গোপন দূর্গ ছিল। চারুশীলা দেবী ছিলেন ওঁদের যোগাযোগের একটি মাধ্যম। চারুশীলা দেবীর সঙ্গে আমাদের যোগাযোগ ছিল। ১৯৪৩ সালে বাংলার দুর্ভিক্ষের পর মহিষাদলে একটি 'শিশুসদন' গড়ে তোলা হয়। এখনও এই সদনটি আছে। সতীশদা অনেক সাহায্য করেছেন।

সতীশদার জীবন হচ্ছে কর্মে ভরা। কোন চমক দেবার মত কোন কাজ করেন নি। কোনদিন বলেন নি নিজে কি কাজ করেছেন। দীর্ঘদিন দিল্লীতে বাস করেছেন, কিন্তু অতি সাধারণভাবে জীবনযাপন করতেন। বাইরে ধুতি-পাঞ্জাবী, শীতের দিনে কোট, বাড়ীতে লুঙ্গি ও ফতুয়া, চালচলন সবই অতি সাধারণ। সাধারণের প্রতিনিধি একথা তিনি কাজে এবং নিজের জীবনযাত্রা দিয়ে বুঝিয়ে দিতেন। এজন্য গ্রামের মানুষ তাঁকে তাদেরই একজন ভেবেছে। কোনদিনই তাদের সঙ্গে সতীশচন্দ্রের দূরত্ব গড়ে ওঠেনি। এমনই একটা মানুষ সতীশচন্দ্র। এ ধরনের মানুষ সচরাচর মেলে না। সতীশদার জীবন অনুকরণ ও অনুসরণ করতে পারলে দেশের বর্তমান বহু সমস্যা দূর হবে। পরম অমায়িক, সত্যনিষ্ঠ, সত্যভাষী ও মিষ্ট মধুর স্বভাবের মানুষ সতীশচন্দ্র। সতীশদার কথা বলে বা লিখে শেষ করা যায় না।

একটা মানুষ যিনি ছোটবেলা থেকে শুধু দেশের জন্য, দশের জন্য মুখ বন্ধ করে কাজ করে গেলেন, তাঁর কোন্ কথা লিখব বা কোন্ কথা লিখব না। সেজন্য বেশী কথা না বাড়িয়ে সতীশদাকে জানাই আমার শ্রদ্ধা।

বিষয়বস্তুতে নিপুণ সতীশচন্দ্র

শ্রী কে. কে. শাহ্

[প্রাক্তন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ; প্রাক্তন রাজ্যপাল, তামিলনাড়ু ।]

আমি জেনে সুখী হলাম যে শ্রীসতীশ চন্দ্র সামন্তের জীবনী প্রকাশিত হচ্ছে। এই জীবনচরিতের জন্য যে নামটি নির্ধারিত হয়েছে তা উপযুক্ত হয়েছে। নেতৃত্বের প্রতিভা নিয়েই শ্রীসামন্ত জন্মেছিলেন। জনসাধারণের স্বার্থের অনুকূলে তিনি অনেক কিছু করেছেন এবং নিষ্ঠার সঙ্গে সেগুলি সম্পন্ন করেছিলেন। পার্লিয়ামেণ্টে তিনি সুপরিচিত ছিলেন তথ্যের ওপর তাঁর অগাধ দখলের জন্য। যখনই তিনি একটি প্রশ্ন উত্থাপন করতেন লোকসভায় সকলেই সেটি মনোযোগ সহকারে শুনতেন। সেখানে তিনি যথেষ্ট শক্তির পরিচয় প্রদর্শন করতেন এবং জনসাধারণের সেবায় তাঁদের শক্তি নিয়োজিত করার জন্য তিনি সদস্যদের উদ্বুদ্ধ করতেন।

তাঁর জীবনচরিত তরুণদের অনুপ্রাণিত করবে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। শ্রীসামন্তের জীবন জনসাধারণের সেবায় নিয়োজিত। জনসাধারণের কাজে তিনি সর্বদা উচ্চ মান বজায় রাখতেন—তাঁর জীবনের দৃষ্টান্ত থেকে এই শিক্ষাটি লাভ করে তরুণরা নেতৃত্ব বিকাশের পথে অগ্রসর হতে পারবে।

(মূল ইংরাজির অনুবাদ)

লোকসভায় সতীশদা

শ্রীশৈলেন চট্টোপাধ্যায়

[প্রখ্যাত সাংবাদিক যিনি মহাত্মা গান্ধীজীর সংগে সমগ্র ভারত পরিক্রমা করেন।]

১৯৪৭ সাল থেকে আমার সঙ্গে শ্রীসতীশ চন্দ্র সামন্তের পরিচয়। এই পরিচয় লাভের সৌভাগ্যের জন্য আমি নিজেকে গর্বিত বোধ করি। ত্রিশ বছর যাবৎ তিনি লোকসভায় ছিলেন এবং এই সময়ে তাঁর কাজ-কর্ম পর্যবেক্ষণ করার সুযোগ হয়েছিল আমার। বহু বিরল গুণের সমাবেশ ঘটেছিল সতীশদার চরিত্রে। দেশের বিশিষ্টতম স্বাধীনতা সংগ্রামী ছিলেন তিনি, ছিলেন তিনি একজন কর্ত্তব্যপরায়ণ পার্লামেণ্টেরিয়ান।

কাজের মানুষ ছিলেন তিনি এবং কাজই তাঁর ধ্যানজ্ঞান ছিল। তাঁর সমগ্র জীবন নিবেদিত হয়েছিল দেশের লোকের কল্যাণ সাধনে। তাঁকে দেখে তাঁর মহত্বের পরিমাপ করা খুব কম লোকের পক্ষেই সম্ভব হবে। তাঁর সাদাসিধে পোষাক-পরিচ্ছদ, খদ্দরের ধুতি ও কোট—সকলকেই তাঁর প্রতি আকৃষ্ট করতো। কিন্তু খুব কম লোকই জানতো যে, এই সহজ সরল মানুষটি একজন বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী ছিলেন এবং ১৯৪২-৪৪ সালে তমলুকের (মেদিনীপুর) অধিবাসিগণ যখন জাতীয় সরকার গঠন করেছিল, তিনি ছিলেন তার সর্বাধিনায়ক।

সতীশদার সঙ্গে আমার প্রথম সাক্ষাৎ স্মরণীয় হয়ে আছে। ১৯৪৫ সালে ২৫শে ডিসেম্বর মহাত্মা গান্ধী যখন তাঁর ঐতিহাসিক পরিদর্শন উপলক্ষে মহিষাদল গমন করেন তখন তাঁর সঙ্গী হবার সৌভাগ্য হয়েছিল আমার। তখন সতীশদার সঙ্গে আমার পরিচয় হয়নি। কিন্তু যখন তিনি গান্ধীজীকে বোঝাচ্ছিলেন, কেন তিনি ও মেদিনীপুরের স্বাধীনতা সংগ্রামীরা ব্রিটিশ সরকারের অমানুষিক অত্যাচারের বিরুদ্ধে হিংসার পথ গ্রহণ করেছিলেন তখন দূর থেকে তাঁকে দেখেছিলাম। তিনি গান্ধীজীর সঙ্গে কয়েকটি বৈঠকে মিলিত হয়েছিলেন।

দিল্লীতে যখন তাঁর সঙ্গে আমার প্রথম সাক্ষাৎ হয়, তিনি সহাস্যে

আমাকে স্বাগত জানিয়েছিলেন। কথাবার্ত্তায় মনে হলো তিনি যেন আমার সাংবাদিক জীবন সম্পর্কে অনেক কিছু জানেন। বিয়াল্লিশের আন্দোলনের সময় মেদিনীপুরের জনসাধারণের দুঃখ-দুর্দশার কাহিনী বর্ণনা করবার সময় তাঁর দুই চোখ জলে ভরে গিয়েছিল। ব্রিটিশ শাসকগণ নারী ও শিশুদের ওপর কি নৃশংস অত্যাচার করেছিল তার সমস্ত বিবরণ তাঁর মুখে শুনেছিলাম। যদিও তমলুক জাতীয় সরকারের সকল নেতাই ছিলেন কংগ্রেসের বিশ্বস্ত সেবক এবং মহাত্মা গান্ধীর অনুগামী তবু তাঁরা ব্রিটিশের অত্যাচারে এতদূর বিচলিত হয়েছিলেন যে, তাঁরা অহিংসার পথ থেকে সরে গিয়ে হিংসার আশ্রয় নিয়েছিলেন ব্রিটিশ শাসকদের নির্যাতন থেকে জনসাধারণকে রক্ষা করার জন্য।

সতীশদা আমাকে বলেছিলেন, তমলুকের তিনটি গ্রামে ব্রিটিশ সৈন্যরা বিভিন্ন বয়সের ছিয়াত্তরজন স্ত্রীলোককে ধর্ষণ করেছিল—এদের মধ্যে অবিবাহিতা ও বিধবাও ছিল। তিনি বলেছিলেন, একদিকে এই অঞ্চলে তখন ভয়াবহ দুর্ভিক্ষ, অন্যদিকে ব্রিটিশ শাসকদের অত্যাচার, মেদিনীপুরবাসীর জীবন অতিষ্ঠ করে তুলেছিল। সৈন্য ও পুলিশ জনসাধারণের সম্পত্তি লুণ্ঠন করে, ঘর-বাড়ী জ্বালিয়ে দিয়ে নারীর মর্যাদা হানি করে আর পুরুষদের মারধোর করে সরকার যেন এক ত্রাসের রাজত্ব সৃষ্টি করেছিলেন। এই অবস্থায় আমরা কি করতে পারি? এই অত্যাচার ও অপমান থেকে জনসাধারণকে রক্ষা করতে হয়েছিল আমাদের। সুতরাং সমস্ত স্বাধীনতা সংগ্রামী প্রতি-আঘাত হানবার জন্য প্রস্তুত হয়েছিলেন।

সতীশদা বেশ গর্বের সঙ্গেই বলতেন, কেমন করে তাঁরা পূর্বভারতে সর্বপ্রথম জাতীয় সরকার গঠন করেছিলেন এবং কেমনে তাঁর নেতৃত্বে এই সরকার অপরাধীদের শাস্তি বিধান করে নির্যাতিত জনসাধারণের মধ্যে লুপ্ত বিশ্বাস ফিরিয়ে এনেছিল। তিনি আমাকে বলেছিলেন—গান্ধীজী যখন মহিষাদল পরিদর্শন করতে এসেছিলেন তখন জাতির জনককে স্বাগত জানাবার জন্য যে অভ্যর্থনা কমিটি গঠিত হয়েছিল তার চেয়ারম্যান ছিলেন তিনি। তমলুকে কি ঘটেছিল তার বিস্তারিত

বিবরণ সতীশদা গান্ধীজীকে দিয়েছিলেন এবং ব্রিটিশ নৃশংসতার মোকাবিলা করবার জন্য কেন তাঁরা হিংসার পথ গ্রহণ করতে বাধ্য হয়েছিলেন, সে কথাও তিনি মহাত্মাকে অকপটে জানিয়েছিলেন। 'আমার জীবনের সমস্ত অনুপ্রেরণা যাঁর কাছ থেকে লাভ করেছি তাঁর কাছে তো আমি মিথ্যা বলতে পারি না। সমস্ত কথাই তাঁকে অকপটে বলেছিলাম এবং যে কোন শাস্তি গ্রহণের জন্য প্রস্তুত ছিলাম'—বলেছিলেন তিনি।

কয়েকদিন মহাত্মাজী অসীম ধৈর্যের সঙ্গে সতীশদার সব কথা শুনেছিলেন, ব্রিটিশ শাসকদের অমানুষিক অত্যাচারের খোঁজ খবর নিয়েছিলেন, বিশেষ করে নারী ও শিশুদের ওপর নৃশংসতার কথা। বিয়াল্লিশের 'ভারত ছাড়ো' আন্দোলনের সময় সতীশদা এবং তমলুকের সাহসী পুরুষ ও নারী যা করেছিল তা যথার্থ গৌরবজনক—এই ছিল মহাত্মা গান্ধীর রায়। কিন্তু গান্ধীজীর একমাত্র দুঃখ ছিল যে উদ্দেশ্য সিদ্ধির জন্য অহিংসার বীরোচিত পথ থেকে তাঁরা বিচ্যুত হয়েছিলেন।

মহিষাদল থেকে প্রত্যাবর্তনকালে আমি গান্ধীজীর সঙ্গে সাক্ষাৎ করেছিলাম এবং তাঁর এই পরিদর্শন সম্পর্কে কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করেছিলাম। ব্রিটিশ সৈন্য ও পুলিশ কর্তৃক গণ-ধর্ষণ সমেত অকথিত নৃশংসতার বিবরণ শুনে গান্ধীজী সত্যই স্তম্ভিত হয়েছিলেন। কিন্তু তিনি কাপুরুষতার নিন্দা করতেন এবং কাপুরুষতা অপেক্ষা হিংসা পছন্দ করতেন।

তাঁর সুদীর্ঘ পরিষদীয় জীবনে আমি সতীশদাকে সর্বদাই দেখতাম কর্তব্য সচেতন। লোকসভায় সদস্যদের মধ্যে মুষ্টিমেয় যে কয়জন সব সময় উপস্থিত থাকতেন তাঁদের মধ্যে তিনি ছিলেন একজন। আমার মনে আছে, একদিন আমি, সতীশদা ও জনকতক সদস্য পার্লামেন্ট ভবনের ঐতিহাসিক সেন্ট্রাল হলে বসে চা পান করছিলাম। হঠাৎ কোরাম বেল বেজে উঠলো। অমনি সতীশদা চায়ের কাপ ফেলে সভাকক্ষের দিকে ছুটলেন। অন্যান্য সদস্যগণ তাঁকে গরম চায়ের কাপ ফেলে চলে যেতে নিষেধ করলেন—উদ্বিগ্ন হওয়ার কিছু নেই, অন্য সদস্যগণ উপস্থিত থাকবেন এবং কোরাম হয়ে যাবে। কিন্তু এই

বলে সতাশদাকে কর্তব্য থেকে নিরস্ত করা গেল না। তিনি সদস্যদের বলেছিলেন, তিনি শাসক কংগ্রেস পার্টির সদস্য এবং তিনি মনে করেন যে দলীয় সদস্যদের প্রথম ও প্রধান কর্তব্য হলো সভায় কোরাম বজায় রাখা ও আলোচনায় অংশগ্রহণ করা, চায়ের কাপ অপেক্ষা করতে পারে,—এই বলে তিনি দ্রুতপদে ও হাসিমুখে সভার দিকে ছুটে গিয়েছিলেন।

দেখেছি কোন অনুষ্ঠানে সতীশদা সামনের আসন গ্রহণ করতেন না অথবা কোন অভ্যর্থনা সভায় ব্যস্তসমস্ত ভাবে চায়ের টেবিলের দিকে এগিয়ে যেতেন না। একবার, রাষ্ট্রপতি ভবনে আমি লক্ষ্য করেছিলাম, সতীশদা স্বাধীনতা দিবসের বিশাল অভ্যর্থনা সভায় শান্তভাবে একটি কোণে দাঁড়িয়ে আছেন। নিমন্ত্রিতদের মধ্যে অনেকেই চায়ের টেবিলে ভীড় করেছেন। তাঁদের মধ্যে ছিলেন অনেক সদস্য এবং এমন কি কতিপয় মন্ত্রীও। তিনি আকর্ষণ করলেন প্রধানমন্ত্রী নেহেরুর দৃষ্টি। আমি লক্ষ্য করলাম পণ্ডিত নেহেরু ধীর পদক্ষেপে সতীশদার দিকে এগিয়ে এসে বললেন, 'আরে সামন্তজী, আপনে কুচ চায় বগে্রা লিয়া ?' হেসে উত্তর দিলেন সতীশদা, 'বাদ্ মে লে লুঙ্গা। কিন্তু প্রধানমন্ত্রী খুশী হলেন না এই কথা শুনে। তিনি কোনের একটি টেবিল থেকে সতীশদার জন্য কিছু মিষ্টি নিয়ে এলেন। শুধু তাই নয়। রাষ্ট্রপতি ভবনের একজন বেয়ারাকে ডেকে তিনি সতীশদাকে কিছু চা দিতে বললেন, কারণ তিনি ভীড়ের মধ্যে যেতে পারেন নি।

সতীশদার বাসভবন ৭ নং ইলেকট্রিক লেন পশ্চিমবঙ্গের স্বাধীনতা সংগ্রামীদের কাছে তীর্থবিশেষ ছিল। তাঁর সুদীর্ঘ পরিষদীয় জীবনে তিনি এই বাড়িতেই বাস করেছেন। বাড়ী থেকে তিনি হেঁটেই যেতেন লোকসভার অধিবেশনে যোগদান করতে। সন্ধ্যায় পালিয়ামেণ্ট থেকে ফিরে তিনি তাঁর ছোট্ট বাগানটিতে কাজ করতে ভালবাসতেন। বাগানটি তিনি পরিস্কার পরিচ্ছন্ন রাখতেন। অনেকবার তিনি তাঁর বাগানে উৎপন্ন লেবু ও শাকসব্জী আমাকে দিয়েছেন। রাত্রিবেলায় টেবিলে বসে তিনি সংসদীয় কাগজপত্র একজন ছাত্রের মতো নিবিষ্টচিত্তে দেখতেন। লোকসভায় প্রদত্ত প্রত্যেকটি প্রশ্নের উত্তর

পড়তেন আর পড়তেন সদস্যদের কাছে যেসব বইপত্র পাঠানো হতো।

প্রকৃতপক্ষে সতীশদা এক বিরল শ্রেণীর পার্লিয়ামেন্টেরিয়ান। লোকসভার সদস্য হিসাবে তাঁর প্রধান চিন্তার বিষয় ছিল সেইসব লোকদের সাহায্য করা, যাঁরা তাঁকে নির্বাচিত করে পাঠিয়েছে এবং দেশের প্রগতি ও উন্নয়ন। তিনি কথা কম বলতেন। কাজ বেশী করতেন। প্রত্যেক সদস্য, মন্ত্রিরা, প্রধান মন্ত্রীগণ, রাষ্ট্রপতিগণ, উপ-রাষ্ট্রপতিগণ প্রত্যেকেই তাঁকে শ্রদ্ধা করতেন। পিতৃতুল্য এই পার্লিয়া-মেন্টেরিয়ানকে সকলেই ভালবাসতেন। বর্তমান এম. পি. এবং এম. এল. এ দের কাছে সতীশদার জীবন অনুকরণযোগ্য। তিনি সর্বদাই বলতেন, 'লোকসভায় এসেছি দেশ ও জনসাধারণের সেবা করতে, নিজের স্বার্থসিদ্ধি করতে নয়।' ভ্রমণে তাঁর খুব আগ্রহ ছিল। কেবলমাত্র এদেশে নয়, বাইরেও তিনি খুব ভ্রমণ করেছেন তাঁর সুদীর্ঘ সংসদীয় জীবনে।

(মূল ইংরাজির অনুবাদ)

আমার বন্ধু 'সতীশচন্দ্র'

শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন

[প্রাক্তন গণপরিষদ ও লোকসভা সদস্য ; প্রাক্তন মুখ্যমন্ত্রী, পশ্চিম বঙ্গ ; এবং প্রখ্যাত গান্ধীবাদী নেতা]

বন্ধুবর শ্রীসতীশ সামন্ত মহাশয় ছাত্র অবস্থায় বিপ্লবীদের সংস্পর্শে এসে দেশ প্রেমের দীক্ষা গ্রহণ করেন এবং পরে গান্ধীজীর অসহযোগ আন্দোলনে যোগ দিয়ে তাঁর মহান আদর্শে উদ্বুদ্ধ হয়ে মেদিনীপুর জেলায় বিশেষ করে তমলুক মহকুমায় জনসাধারণের মধ্যে যে সাহস ও দেশপ্রেম সঞ্চার করেন শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় এবং অন্যান্য স্বাধীনতা সংগ্রামীদের সঙ্গে, তা আমাদের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিপিবদ্ধ থাকবে। সতীশবাবুর সংগঠন শক্তি ও ব্যক্তিত্বের দরুণ তমলুক মহকুমার কংগ্রেস সত্যিকারের জনগণের প্রতিষ্ঠানে পরিণত হয় এবং সমাজের সমস্ত স্তরের মানুষ কংগ্রেসের সঙ্গে যুক্ত হয়। দেশপ্রাণ বীরেন্দ্র শাসমলের সঙ্গে বিভিন্ন আন্দোলনে শ্রীসতীশ সামন্ত যোগ দেন এবং সকলের শ্রদ্ধা লাভ করেন। মানুষ হিসাবে সতীশবাবু বন্ধু ও কর্মীবৎসল। তাঁর সঙ্গে কর্মীদের প্রীতির সম্পর্ক বরাবর অব্যাহত ছিল। লোক সভার নির্বাচিত সদস্য হিসাবে ১৯৫২ থেকে ১৯৭৬ পর্যন্ত তিনি নিষ্ঠার সঙ্গে জনগণের কল্যাণের জন্য কাজ করেছেন। শ্রীসতীশ সামন্তের দেশপ্রেম, আদর্শনিষ্ঠা, সাহস, ত্যাগ ও মহত্ত্ব আমাদের যুবক ও ছাত্র-দের অনুপ্রাণিত করবে বিশ্বাস করি।

শ্রীসতীশ চন্দ্র সামন্ত—সংসদের এক স্থায়ী সদস্য

শ্রী জি. এল. বনসাল

[প্রাক্তন সংসদ সদস্য, প্রাক্তন সেক্রেটারী জেনারেল, অল ইণ্ডিয়া ফেডারেশন অফ চেম্বারস অফ কমার্স]

যখনই আমি শ্রীসতীশ চন্দ্র সামন্তের কথা চিন্তা করি তখনই আমার স্মৃতিপটে একজন সরল অনাড়ম্বর ভাবে সজ্জিত ও সহাস্যবদন একটি মানুষের ছবি ফুটে ওঠে। কয়েকখানি কাগজ আলগাভাবে হাতে নিয়ে ফিরোজ শা রোড ধরে তিনি সংসদ ভবনের দিকে হেঁটে চলেছেন, এই দৃশ্যটি আমার মনে খুব স্পষ্ট ভাবে অঙ্কিত আছে। একবার ১৯৫২ সালের লোকসভার প্রথম অধিবেশনে খুব সকাল সকাল তিনি রাস্তার মোড়ে দাঁড়িয়ে ছিলেন, আমি আমার গাড়িটা একটু থামিয়ে তাঁকে তুলে নিতে চেয়েছিলাম। বিনম্রভাবে হাতটি নাড়িয়ে তিনি জানালেন অন্য সতীর্থের জন্য অপেক্ষা করছেন অথবা তখন নির্দিষ্ট সময়ে সংসদ সদস্যগণ যে বাসে চলাফেরা করতেন সেই বাসটির জন্য অপেক্ষা করছেন। আমার স্মরণ হয় না আমি তাঁকে কখনো অন্য লোকের গাড়িতে দেখেছি, অথবা অন্য কোন গাড়িতে। পঁচিশ বছর অথবা তার চেয়ে কিছু অধিক সময় আগেকার শ্রীসামন্তের কথা বলছি। স্মৃতি সহজেই ম্লান। তাঁর ব্যক্তিত্বকে স্মরণ করবার জন্য ১৯৫৬ সালে তোলা সংসদ সদস্যদের একটি গ্রুপ ফটোর দিকে তাকালাম। আমি তাঁকে ঠিক যেভাবে কল্পনা করেছিলাম, দেখলাম, পঞ্চম সারিতে খদ্দরের কুর্ত্তা পরিধান করে দাঁড়িয়ে আছেন।

সংসদ কক্ষেও দেখেছি, তিনি নিজেকে কখনো সামনে জাহির করতেন না অথবা স্পীকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করতেন না। অপেক্ষা করতেন যখন তাঁর পালা আসবে এবং তখন তিনি বক্তব্য বিষয় সরলভাবে উপস্থাপিত করতেন। তিনি বক্তা ছিলেন না, কোন রকম নাটকীয়তা প্রকাশের চেষ্টা থেকে বিরত থাকতেন। কিন্তু তিনি যা বলতেন তা শ্রোতার মর্মে প্রবেশ করতো। কারণ যাদের

প্রতিনিধিত্ব করতেন তিনি সেই সব মানুষদের কথাই বলতেন—তাদের সমস্যা তিনি বুঝতেন ও প্রকাশ করতে পারতেন। বার বার তিনি সংসদে নির্বাচিত হয়ে এসেছেন, এতে আশ্চর্য হওয়ার কিছু নেই এবং আপাতদৃষ্টিতে তাঁর চেয়ে সমর্থ ও বাক্‌পটু অনেক সংসদ সদস্যের এই সৌভাগ্য লাভ হয়নি।

দেশের সর্বোচ্চ নির্বাচনী প্রতিষ্ঠানে তিনি যে উপর্যুপরি পাঁচবার নির্বাচিত হয়েছিলেন এর কারণটা কি? এটা রেকর্ড এবং খুব স্বল্প সংখ্যক সদস্যের ভাগ্যে এটা ঘটতে দেখা গেছে। আমার মনে হয় তিনি যাদের প্রতিনিধিত্ব করতেন তাদের প্রতি তাঁর আন্তরিক ও নিঃস্বার্থ সেবার ফলেই এটা সম্ভব হয়েছিল। যাঁরা তাঁর সঙ্গে জেলে গিয়েছিলেন, নানাভাবে তাঁর সঙ্গে একত্র কাজ করেছিলেন এবং তাঁর নেতৃত্বে সাংস্কৃতিক ও সংসদীয় প্রতিনিধিদলে কাজ করেছেন তাঁরাই তাঁদের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে শ্রী সামন্তের বহুবিধ গুণের কথা এবং একজন নেতা, প্রবক্তা ও সংগঠক হিসাবে তাঁর দক্ষতার কথা বলতে পারেন।

প্রথম লোকসভার পাঁচ বছর কালে তাঁকে দেখা ও জানার সুযোগ আমার হয়েছিল এবং সেটাও অনেকখানি দূরত্ব থেকে। তখন আমার যৌবনকালের মন নিয়ে তাঁকে একজন যথার্থ গ্রাম্য স্কুল শিক্ষক বলেই মনে হয়েছিল, প্রকৃতপক্ষে তিনি স্কুল মাস্টার ছিলেন। তিনি একজন ইঞ্জিনিয়ারও ছিলেন। প্রাক্ স্বাধীনতা যুগে তিনি ছিলেন একজন বিপ্লবী এবং একটি স্বাধীন সরকারের সংগঠক। প্রথমে জানতাম না যে, গণ-পরিষদ ও সাময়িক সংসদে প্রায় পাঁচ বছর থাকার ফলে তিনি একজন সুদক্ষ পার্লিয়ামেন্টারিয়ান হয়ে উঠে-ছিলেন। আমি ছিলাম নবাগত, কিছুটা আত্মকেন্দ্রিক এবং নিজ ভাবমূর্তি গড়ে তুলতে সচেষ্ট। শ্রী সামন্ত ছিলেন ঠিক এর বিপরীত এবং সম্ভবত এই কারণেই তিনি আমার শ্রদ্ধা আকর্ষণ করেছিলেন। তিনি একজন সুদক্ষ পার্লিয়ামেন্টারিয়ান ছিলেন কিন্তু বক্তা ছিলেন না, কিংবা বিতর্কে উল্লেখযোগ্য অংশ গ্রহণে পটু ছিলেন না। প্রশ্নোত্তর কালে তাঁর প্রতিভার পরিচয় দেখেছি—তখন তিনি বহু বিষয়ে বহু প্রস্তাব

ও বিল উপস্থাপিত করতেন। তিনি ক্রমাগত প্রশ্ন করতেন এবং তার প্রত্যুত্তর পেতেন। কারণ তিনি সে সব প্রশ্ন করতেন যেগুলির সঙ্গে তাঁর সতীর্থগণের ও তাঁর কালের প্রত্যক্ষ সম্পর্ক থাকত। তিনি বহু কমিটির সদস্য ছিলেন, এবং কয়েকটির চেয়ারম্যান ছিলেন। এত কাজ করবার জন্য তিনি যে কি করে সময় ও শক্তি পেতেন তা আমার কাছে সর্বদা একটা রহস্য হয়ে থাকবে। তাঁর মত অনুরূপ মানুষ এখন খুব কমই আছেন, আর যাঁরা আছেন, তাঁরা সেই ছাঁচে গঠিত নন। তিনি দীর্ঘজীবি হোন এবং আমরা যেন তাঁর দৃষ্টান্ত দ্বারা অনুপ্রাণিত হতে পারি।

(মূল ইংরাজির অনুবাদ ।

অনন্য সতাশদা

শ্রীনিমাই ভট্টাচার্য

[প্রাক্তন সাংবাদিক ও সাহিত্যিক]

সেকেণ্ড ইয়ারে পড়ার সময়ই 'লোকসেবক'-এ ঢুকলাম। রিপোর্টার। পুরো এক বছর বিনা পারিশ্রমিকে কাজ করলাম। তাও হু' এক ঘণ্টার জন্য নয়; বেলা হুটো তিনটে থেকে রাত এগারটা-বারোটা-একটা পর্যন্ত তারপর পদব্রজে এণ্টালী মার্কেট থেকে ঠনঠনিয়ার কাছের টালির আস্তানায়। এক বছর পর উদার গান্ধীবাদী পরিচালকদের কৃপায় দশ টাকা ভাতা মঞ্জুর হলো। চার বছর কাজ করার পর যখন ছাড়লাম, তখন পেতাম পঁচিশ টাকা। পেতাম অবশ্য আট আনা—এক টাকার কিস্তিতে; কদাচিৎ কখনও হু' টাকাও পেতাম। তার বেশী নৈব নৈব চ।

ঢুকলাম বিধু সেনগুপ্ত'র U.P.I.-তে। সেখানেও এক বছর বেগার খাটলাম। তারপর মাসে পঞ্চাশ। হু'বছর কাজ করে আবিষ্কার করলাম, বিধান রায়ের স্নেহভাজন বা সেনগুপ্ত-দাশগুপ্ত না হলে ওখানে কোন ভবিষ্যত নেই।

এলাম যুগান্তরে। পুরো এক কলম রিপোর্ট ছাপা হলে দশ টাকা। নিউজ এডিটর দক্ষিণা বসুর বাড়িতে আর অফিসে নিত্য ঘুর ঘুর করে মাসে হুটো-একটা ফিচার বা প্রবন্ধ লিখে পেতাম দশ টাকা হারে। অনেক কেষ্ট-বিষ্টু সাংবাদিকের তৈলমর্দন করেও একশ পঁচিশ টাকার চাকরি হলো না।

ছাড়লাম যুগান্তর।

মাদ্রাজের THE MAIL (দি মেল) ও লক্ষ্ণৌ-এর THE PIONEER (দি পায়োনিয়ার)-এর কলকাতা সাংবাদদাতা হলাম। আয়? মাসে বড় জোর চল্লিশ-পঞ্চাশ।

দশ বছর সাংবাদিকতা করার পর হঠাৎ একদিন খেয়াল হলো, অনাহারে মৃত্যু আমাকে হাত ছানি দিয়ে ডাকছে। আত্মহত্যা

করার আগে অদৃষ্টের সঙ্গে একবার শেষ লড়াই করবার জন্য রওনা হলাম দিল্লী।

এত বছর ধরে অনেক খ্যাতনামা ও জনপ্রিয় এম. পি'র গরম গরম বক্তৃতা শুনে ও রিপোর্ট করে অনুপ্রাণিত হয়েছি। মনে মনে স্থির বিশ্বাস ছিল, এই বিষাদের দিনে ওঁদের কাছে করজোড়ে দাঁড়ালে একটু ঠাঁই পাব ওঁদের আস্তানার এক কোণায়। দু'দিন ষ্টেশন চত্বরে রাত্রিযাপন করার পর পশ্চিমবঙ্গের এক একজন জনপ্রতিনিধির দরবারে হাজির হলাম। সবিনয়ে নিবেদন করলাম, বারান্দার এক পাশে রাত কাটাব আর চাকর-বাকরদের বাথরুম-পায়খানা ভোরবেলায় ব্যবহার করেই সারাদিন বাইরে কাটাব। তাও বেশীদিন নয়; দু'এক মাস। একজন, দু'জন, তিনজন, চারজন, পাঁচজন……। সবার মুখেই এক বুলি, না ভাই, একটু অসুবিধে আছে।

বেশ কয়েকজন এম. পি'র কাছে এই একই উত্তর পাবার পর ঘেন্নায় আর কারুর কাছে গেলাম না। প্রথম আশ্রয় পেলাম হিমাচলের এম. পি নেকরাম নেগির কাছে। তারপর রাজস্থান ও আসামের দুই এম. পি'র বাড়িতে। তাও বারান্দায় নয়, ঘরের মধ্যেই। এরপর আশ্রয় পেলাম মেদিনীপুরের সুবোধ হাঁসদার ন'নম্বর ফিরোজ শা রোডের বাংলোয়। ওখানে মাস দুয়েক কাটাবার পর আর কোন দিন কোন এম. পি'র কাছে আশ্রয় ভিক্ষা চাইতে হয় নি।

যাইহোক, বক্তৃতা আর বিবৃতি-সর্বস্ব জনপ্রতিনিধিদের সম্পর্কে যখন মনের মধ্যে বিতৃষ্ণা এসে গেছে, ঠিক তখনই আলাপ হলো সতীশদার সঙ্গে। ওঁর ঐ স্বচ্ছ, নির্মল, কালিমামুক্ত দুটি চোখ আর সারা মুখে শিশুর সারল্য দেখেই মুগ্ধ হলাম। হবো না? ছোট-বড় খ্যাত-অখ্যাত সব রাজনীতিবিদদের চোখে মুখেই আত্মপ্রসাদ ও দম্ভের ঈষৎ আভাস থাকবেই। ব্যতিক্রম দেখলাম সতীশদার মধ্যে।

সতীশদা বাগ্মী না, মহাপণ্ডিত না। রাজনৈতিক দূরদর্শিতার খ্যাতিও তাঁর নেই—তবু সবাই ওকে ভালবাসেন, শ্রদ্ধা করেন। অনেক ঘটনাই মনে পড়ছে। দু' একটার উল্লেখ না করে পারছি না।

আমি আর সতীশদা D.M.S. (ডি-এম-এস) কাউন্টারে দাঁড়িয়ে দই খাচ্ছিলাম। সতীশদার গোঁফে বেশ দই লাগছিল। হঠাৎ সেন্ট্রাল হল থেকে লাইব্রেরির পাশ দিয়ে অফিস যাবার পথে নেহরু আমাদের সামনে এসে থমকে দাঁড়িয়েই পকেট থেকে রুমাল বের করে সতীশদার গোঁফ পরিষ্কার করেই হাসতে হাসতে হন হন করে চলে গেলেন।

আমি অবাক, ডি-এম-এস ও টি-বোর্ডের দুটি কাউন্টারের কর্মীরা স্তম্ভিত, কিন্তু সতীশদা নির্বিকার।

দু'চারদিন পর আমি তিনমূর্তি ভবনে গেছি। নেহরুর সঙ্গে দেখা হলে আমি কথায় কথায় সেদিনকার ঘটনার উল্লেখ করে বললাম, সেদিন আপনার কাণ্ড দেখে ভারি মজা লেগেছিল।

আমি হেসে হেসে কথাগুলো বললেও নেহরু হঠাৎ গম্ভীর হয়ে মুহূর্তের মধ্যে কোথায় যেন তলিয়ে গেলেন। তারপর বললেন, "সতীশবাবু ইজ নট এ পলিটিসিয়ান, হি ইজ এ ম্যান—এ ম্যান উইথ অল দ্য নোবল কোয়ালিটিজ।" একটু থামলেন, একটু ম্লান হাসি হাসলেন। বললেন, এ ধরনের মানুষ বড় কম ; দিন দিন আরো আরো কমে যাচ্ছে।

প্রধানমন্ত্রী নেহরুর চাইতে মানুষ নেহরু অনেক, অনেক বড়। সেই মানুষ নেহরুকে আমি চিরকাল শ্রদ্ধা করেছি ও করব। তাইতো সতীশদার প্রতি সেই মানুষ নেহরুর গভীর শ্রদ্ধা দেখে আমিও যেন নতুন করে ওঁকে শ্রদ্ধা না করে পারলাম না।......

পশ্চিমবঙ্গ কংগ্রেসের দুর্নীতি ও একনায়কত্বের বিরুদ্ধে বহুজনে বার বার অভিযোগ করেছেন নেহরুর কাছে। নেহরু জানতেন, প্রদেশ কংগ্রেসের মধ্যে যাই হোক না কেন, মুখ্যমন্ত্রী ডাঃ রায়কে স্পর্শ করার সাহস বা ক্ষমতা তাদের নেই এবং সেই জন্যই নেহরু পশ্চিমবঙ্গ কংগ্রেসের ব্যাপারে বিন্দুমাত্র মাথা ঘামাতেন না। ডাঃ রায় মারা যাবার পরপরই চীনের ভারত আক্রমণ এবং চিরতুষারাবৃত হিমালয় থেকে বারুদের গন্ধ দূর হবার আগেই নেহরু মারা গেলেন।

লালবাহাদুর স্থির বিশ্বাস করলেন, নেহরু-হীন ভারতবর্ষে

কংগ্রেসকে একনায়কত্ব ও দুর্নীতিমুক্ত করতে না পারলে কংগ্রেস ও দেশের মহা দুর্দিন দেখা দেবে। পশ্চিমবঙ্গ কংগ্রেসকে নতুন করে ঢেলে সাজাবার কাজে তিনি প্রথম কী পদক্ষেপ নেন ?

শাস্ত্রীজী দিল্লীতে সতীশদা ও তারপর কলকাতার অজয় মুখার্জীর সঙ্গে যোগাযোগ করলেন।

পশ্চিমবঙ্গ কংগ্রেসের কেষ্ট-বিষ্টুরা সতীশদাকে ঠুঁটো জগন্নাথ মনে করলেও দেশের সর্বজন শ্রদ্ধেয় নেতৃবৃন্দ তাঁর ন্যায়-অন্যায়-বোধ ও বিচারবুদ্ধিকে অত্যন্ত গুরুত্ব দিতেন এবং শ্রদ্ধা করতেন।

লালবাহাদুরের অসমাপ্ত কাজই সমাপ্ত করলেন শ্রীমতী ইন্দিরা-গান্ধী। পশ্চিমবঙ্গ কংগ্রেসের দুষ্টচক্র ধ্বংস করতে তিনিও সবার আগে মনে করলেন এই সতীশদাকে।

এই প্রসঙ্গেই মনে পড়ছে আরেকটি ঘটনা। পশ্চিমবাংলার রাজনীতিতে তখন মোড় ঘুরছে। শ্রীমতী গান্ধী নিয়মিত কথা বলেন সতীশদার সঙ্গে। তারপর উনি যোগাযোগ করেন অজয় মুখার্জী বা সুশীল ধাড়ার সঙ্গে। একদিন সতীশদা শ্রীমতী গান্ধীকে বললেন, এবার থেকে যা-কিছু বলার তা প্রণবকেই বলবেন। আমার শরীর তো সব সময় ভালো থাকে না।

দিল্লীতে সদ্যআগত তরুণ এম. পি. প্রণব মুখার্জী সম্পর্কে শ্রীমতী গান্ধী সতীশদাকে শুধু একটি প্রশ্ন করেছিলেন। প্রণব কি বিশ্বাসযোগ্য ?

সতীশদা একগাল হাসি হেসে বলেছিলেন, প্রণব খুবই ভালোছেলে এবং অত্যন্ত নির্ভরযোগ্য।

ব্যস ! শ্রীমতী গান্ধী আর কোন দ্বিধা করেননি এবং পরবর্তীকালের অসংখ্য ঘটনা প্রমাণ করেছে প্রণব মুখার্জী সত্যি নির্ভরযোগ্য।

প্রণববাবু কেন্দ্রীয় উপ-মন্ত্রী হবার পরদিন আমি ঠাট্টা করে সতীশদাকে বললাম, এই ইয়াং ছেলেটি দিল্লীতে এসেই মন্ত্রী হলো আর আপনি এতকাল এতজনকে তেল দিয়েও মন্ত্রী হতে পারলেন না ? সতীশদা তাঁর ভুবনভুলানো হাসি দিয়ে বুঝিয়ে দিলেন, প্রণব মন্ত্রী হওয়ায় উনি কত খুশী !

মনে পড়েছে আরো একটা ঘটনা। সিণ্ডিকেটের বিরুদ্ধে কুরুক্ষেত্রের যুদ্ধ চলছে। রাষ্ট্রপতি-পদে কংগ্রেসপ্রার্থী সঞ্জীব রেড্ডীর বিরুদ্ধে নির্দলীয় প্রার্থী ভি. ভি. গিরিকে সমর্থন করলেন শ্রীমতী গান্ধী ও তাঁর সমর্থকরা। ইন্দিরাপন্থী কংগ্রেসের সভাপতি জগজীবন রাম।

অভূতপূর্ব উত্তেজনার মধ্যে নির্বাচন শেষ হলো। গিরির জয়লাভ ও সিণ্ডিকেট সমর্থক প্রার্থী সঞ্জীব রেড্ডির পরাজয়ের খবর ঘোষণা হতেই পার্লামেণ্টের সেন্ট্রাল হলে আনন্দের জোয়ার বইল। জগজীবনবাবু সেন্ট্রাল হলে ঢুকতেই আনন্দে মাতোয়ারা শত শত এম. পি. তাঁকে ঘিরে ধরলেন। জগজীবনবাবু তাঁদের বললেন, একটু ধৈর্য ধরুন। আগে সতীশবাবুকে অভিনন্দন জানিয়ে আসি।

সতীশদা সেন্ট্রাল হলের এক কোণায় একলা বসেছিলেন। জগজীবনবাবু ওঁকে বুকের মধ্যে জড়িয়ে ধরে বললেন, আপনার সাহায্য না হলে আমরা জিততে পারতাম না।

রাজনীতির কুরুক্ষেত্রে জয়লাভের পর এমন অভিনন্দন পেয়েও ওঁর মুখে কোনো কথা নেই ; শুধু একটু হাসি। যেন কিছুই হয়নি। সুখে-দুঃখে, সাফল্যে-ব্যর্থতায় সতীশদা কোনোদিনই ভেসে যাননি।

কলকাতার খবরের কাগজের পাতায় সতীশদার নাম ছাপা হয় না ঠিকই কিন্তু উনি দিল্লীর রঙ্গমঞ্চে কোনোকালেই মৃত-সৈনিক ছিলেন না।

মানুষ সতীশদা ? তাহলে শুনুন।

সাত নম্বর ইলেকট্রিক লেনের বাসায় একটা ছোকরা চাকর ছিল। রান্নাবান্নাও সে করত। ক'বছর পর তার বিয়ে হলো। একটা বাচ্চাও হলো। এই বাচ্চাটিই ছিল সতীশদার খেলনা। বাচ্চাটি প্রায়ই ওঁর কোলে—বুকে পায়খানা করত কিন্তু সতীশদা নিঃশব্দে তা পরিষ্কার করে আবার ওকে নিয়ে খেলা করতেন।

আস্তে আস্তে বাচ্চাটি একটু বড় হলো। সতীশদা রোজ সকালে ওকে কোলে নিয়ে খেতে বসেন। ওকেও খাওয়ান, নিজেও খান।

একদিন সকালে সতীশদার বাসায় হাজির হয়ে দেখি, উনি

খাচ্ছেন। কোলে ঐ বাচ্চাটি কিন্তু ওর মুখে গায় বিচ্ছিরি ঘা। দেখে ঘেন্নাও লাগে, ভয়ও করে। সতীশদা নির্বিকারচিত্তে ওকে একগাল খাইয়ে নিজে খাচ্ছেন। মাঝে মাঝে বাচ্চাটি মুখ থেকে খাবার থালার উপর ফেলে দিচ্ছে ; সতীশদা সেই ভাত আবার নিজে খাচ্ছেন।

আমি অবাক বিস্ময়ে শুধু দেখলাম ; আর মনে মনে বললাম, সতীশদা, আপনি কী মানুষ ?

মজার কথা এই চাকরটিই একবার সতীশদার সারা বছরের সঞ্চয় চুরি করে পালায় এবং আশ্রমে পাঠাবার জন্যই উনি টাকা ব্যাঙ্ক থেকে তুলেছিলেন। এই টাকার অভাবে আশ্রমের অনেকের কষ্ট হবে ভেবে সতীশদার সে কি কান্না ; কাঁদতে কাঁদতে মুখ-চোখ ফুলে গেল কিন্তু পলাতক চাকরটির বিরুদ্ধে কোনো রাগের প্রকাশ দেখলাম না। পুলিশ এসে জিজ্ঞেস করল, চাকরটি যখন পালিয়েছে তখন তো মনে হয় সেই চুরি করেছে, তাই না ? সতীশদা জবাব দিলেন, নিজের চোখে যখন দেখিনি কি করে বলব কে চুরি করেছে। তাছাড়া ছেলেটি বহুকাল ধরেই আমার বাসায় কাজ করছে কিন্তু কোনদিন তো চুরি-টুরি করেনি।

এই হচ্ছেন সতীশদা !

আরেকটি ঘটনা বলছি। সতীশদা অসুস্থ হয়ে উইলিংডন নার্সিং হোমে ভর্তি হয়েছেন। বিকেলে দেখা করতে গেছি। ঠিক যখন উঠব তখন উনি বালিশের তলায় হাত দিয়ে একটা নতুন 'এইচ-এম-টি' লেডিজ রিস্টওয়াচ বের করে আমার হাতে দিয়ে বললেন,…কে এই ঘড়িটা কাল দিয়ে দিও।

—এটা কার ঘড়ি ?

—ওর মেয়ের বিয়ে। এইচ-এম-টি ঘড়ি তো বাইরে পাওয়া মুশকিল। তাই আমাকে বলেছিল…

—আচ্ছা।

পরদিন পার্লামেন্ট হাউসের ঐ নগণ্য কর্মচারীকে ঘড়ি দিলাম। দু-একদিন পর ভদ্রলোক আমাকে দু'শ টাকা দিয়ে বললেন, এখন ত

সেসন চলছে ; তাই অফিস থেকে বেরুতে বেরুতে বেশ রাত হয়। তখন আর হাসপাতালে যাওয়া যায় না। আপনি এই টাকাটা দাদাকে দিয়ে দেবেন।

আমি সম্মতি জানিয়ে টাকাটা নিলাম। বিকেল বেলায় টাকা দিতেই সতীশদা সঙ্গে সঙ্গে ফেরত দিয়ে বললেন, না, না, টাকা দিতে হবে না।

পরে ঐ ভদ্রলোক বহু অনুরোধ-উপরোধ করা সত্ত্বেও সতীশদা টাকা নেননি।

যে মানুষটি নির্বিবাদে এই টাকা ফিরিয়ে দিলেন, তিনিই রোজ বাসে চড়ে পার্লামেন্ট যাতায়াত করতেন। ট্যাক্সি তো দূরের কথা, কোনদিন স্কুটার রিক্সায় চড়ে তাঁকে পার্লামেন্টে আসতে দেখিনি। ১৯৪৭ সালে গণপরিষদের সদস্য হয়ে দিল্লী এসে যে কলাই-করা থালা-বাটি কিনেছিলেন, সতীশদা চিরকালই সেই থালা-বাটিতে খেয়েছেন। জামা কাপড় ? সে কথা আর নাই বললাম। দিল্লীর শীতে ঐ একটা ছেঁড়া কোট পরে পার্লামেন্ট আসতেন বলে বড় বৌদি (পরলোকগতা শ্রীমতী জ্যোৎস্না চন্দ্র এম. পি.) নিজে হাতে একটা সোয়েটার বুনে ওঁকে পরতে দেন। পুরানো ছেঁড়া ফাটা লুঙিই ছিল সতীশদার বিছানার চাদর। গরমকালে এর উপর থাকত মান্ধাতার আমলের একটা মাদুর।

জীবনে বহু খ্যাতনামা মানুষের সান্নিধ্যে এসেছি দেশে-বিদেশে। তাঁদের অনেককেই আমি নানা কারণে শ্রদ্ধা করি কিন্তু সঙ্গে সঙ্গে বলব, তাঁরা সবাই রক্ত-মাংসের মানুষ। অনেক মহৎ গুণ থাকা সত্ত্বেও ওঁদের প্রত্যেকের মধ্যেই কোনো-না-কোনো রিপুর প্রকাশ দেখেছি বা জেনেছি। সতীশদা ? না, তাঁর মধ্যে কোনদিন এক মুহূর্তের জন্যও কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ বা মাৎসর্যের প্রকাশ দেখিনি। এক কথায় বলব, আমি সতীশদার চাইতে কাউকে বেশী শ্রদ্ধা ভক্তি করি না।

এই প্রসঙ্গে রবীন্দ্রনাথের বিদ্যাসাগর চরিতের কয়েকটি লাইন মনে পড়ছে—"আমাদের এই অবমানিত দেশে ঈশ্বরচন্দ্রের মতো এমন অখণ্ড পৌরুষের কেমন করিয়া জন্ম হইল, আমরা বলিতে পারি না। কাকের

বাসায় কোকিল ডিম পাড়িয়া যায়—মানব ইতিহাসের বিধাতা সেইরূপ গোপনে কৌশলে বঙ্গভূমির প্রতি বিদ্যাসাগরকে মানুষ করিবার ভার দিয়াছিলেন।”.........

সতীশদাও কাকের বাসায় কোকিলের ডিম।

অকপট কংগ্রেস সেবী

শ্রীদীনেশ সিং

[সংসদ সদস্য ; প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী]

তিনি যখন সংসদ সদস্য ছিলেন তখন শ্রীসতীশ চন্দ্র সামন্তকে জানবার সুযোগ হয়েছিল আমার। লক্ষ্য করতাম কি রকম আন্তরিকতার সঙ্গে তিনি সংসদীয় কাজে অংশ গ্রহণ করতেন। তাঁর স্বদেশ ও স্বদেশের মানুষদের সেবায় তিনি ছিলেন নিবেদিত-প্রাণ। মনে-প্রাণে তিনি ছিলেন একজন কংগ্রেস-সেবক এবং যেখানেই থাকতেন সেখানেই কংগ্রেসের আদর্শ ও মূল্যকে সর্বপ্রযত্নে তুলে ধরতেন। সংসদের একাধিক কমিটি ও প্রতিনিধিদলে তিনি কাজ করেছেন কঠিন পরিশ্রম ও আন্তরিকতার সঙ্গে। জনসাধারণের মুখপাত্র শ্রীসামন্ত সর্বদাই দরিদ্র ও অত্যাচারিতদের হয়ে কথা বলতেন। যদিও সংসদে আমি এবং তিনি কখনো কখনো বিরোধী দলভুক্ত ছিলাম, তথাপি আমি দেখেছি, তিনি সর্বদাই সহযোগিতামূলক ভাব পোষণ করতেন এবং তাঁর সমালোচনাও ছিল গঠনমূলক।

(মূল ইংরাজির অনুবাদ)

আত্মশক্তির জয়

শ্রীমণি বাগচি

[প্রখ্যাত সাহিত্যিক ও জাতীয় জীবনীকার]

এই পৃথিবীতে মানুষের যে ইতিহাস তা তার জীবনের ব্যবহারিক সাফল্যলাভে নয়, এমন কি সে যেসব সাম্রাজ্য গড়েছে ও ভেঙেছে তার মধ্যেও পাওয়া যাবে না মানুষের যথার্থ পরিচয়। যুগ থেকে যুগান্তরে সত্য এবং সততার সন্ধানে মানবাত্মার যে বিকাশ পরিলক্ষিত হয় তার-ই মধ্যে আছে মানুষের প্রকৃত পরিচয়। আত্মশক্তির এই অভিযানে যাঁরা অংশ গ্রহণ করে থাকেন, একমাত্র তাঁরাই সাংস্কৃতিক ইতিহাসে একটি স্থায়ীস্থান লাভ করেন। মহাকালের হাতে শূর-বীরদের লাঞ্ছনা অনিবার্য এবং অবধারিত-কালের সকলের বিস্মৃতি সুনিশ্চিত। এর একমাত্র ব্যতিক্রম সাধুসন্তজন—তাঁরা কখনো বিস্মৃত বা বিলুপ্ত হন না। তাঁরা চিরজীবী। আমাদের কালে মহাত্মা গান্ধীর যে মহত্ত্ব, তার মূলে ছিল তাঁর পবিত্র জীবন-যাপন-প্রণালী ; তাঁর বীরত্বপূর্ণ সংগ্রাম নয়। তিনি জোর দিতেন কেবলমাত্র আত্মার সৃজনী-শক্তির ওপর। যখন বিধ্বংসী শক্তিসমূহ মাথাচাড়া দিয়ে উঠেছিল, সেই সঙ্কটকালে আত্মশক্তির এই দৃষ্টান্ত আমাদের সামনে রেখেছিলেন তিনি।

১৯১৫ সালে মহাত্মা গান্ধী যখন দক্ষিণ আফ্রিকা থেকে শেষ বারের মত ভারতবর্ষে প্রত্যাবর্তন করেছিলেন, তখন আমাদের জাতীয় কংগ্রেসের অস্তিত্বে ত্রিশ বছর পূর্ণ হয়েছিল। একথা সত্যি যে কংগ্রেসই কিছু পরিমাণে জাগ্রত ও সঙ্ঘবদ্ধ করে দিয়েছিল আমাদের জাতীয় চেতনা। কিন্তু এই জাগরণ মধ্যবিত্ত শিক্ষিত শ্রেণীর মধ্যেই সীমাবদ্ধ ছিল এবং গান্ধীই একে গণজাগরণে পরিণত করেছিলেন-যা ভারতবর্ষে আগে কখনো দেখা যায়নি। এমন সব বিষয় নিয়ে তিনি কাজ সুরু করেছিলেন যেগুলি নিছক রাজনৈতিক ছিল না, তবে ভারতের বিরাট জনজীবনকে তা স্পর্শ করেছিল। চম্পারণ ও খয়ড়াতে সাফল্যমণ্ডিত

সত্যাগ্রহ ছিল এর দুটি প্রকৃষ্ট দৃষ্টান্ত।

ভারতের জনসাধারণকে রাজনৈতিকভাবে সচেতন করে তোলা এবং তাদের সঙ্ঘবদ্ধ করাই তাঁর বড় কৃতিত্ব নয়। তিনি এমনভাবে তাদেরকে সঙ্ঘবদ্ধ করেছিলেন যা পূর্বে কখনো দেখা যায়নি। আমার বিবেচনায় ভারতের রাজনীতিতে এবং পৃথিবীর দুর্দশাগ্রস্ত মানবজাতির কাছে তাঁর সর্বোত্তম অবদান হলো অন্যায়ের বিরুদ্ধে সংগ্রামের অসামান্য পদ্ধতি। তিনিই আমাদের শিখিয়েছিলেন কেমন করে অস্ত্রের সাহায্য ব্যতিরেকেই পরাক্রমশালী বৃটিশ সাম্রাজ্যের বিরুদ্ধে সাফল্যের সঙ্গে সংগ্রাম করা সম্ভব হতে পারে। ভারতবাসীকে ও পৃথিবীর মানুষকে তিনি দিয়েছিলেন যুদ্ধের পরিবর্তে একটি নৈতিক বিকল্প। তিনি রাজনীতিকে অন্যায় এবং কপটতার স্তর থেকে উদ্ধার করেছেন। সত্য এবং অহিংসা—পৃথিবীর মুক্তির জন্য এই হলো মহাত্মা গান্ধীর শ্রেষ্ঠ অবদান। এরই মধ্যে আভাসিত হয়েছে আত্মশক্তির জয়।

শ্রীসতীশ চন্দ্র সামন্ত সারাজীবন ছিলেন মহাত্মা গান্ধীর একজন প্রকৃত অনুগামী। তাঁর জীবনও আত্মশক্তির জয়ের আর-একটি দৃষ্টান্ত। যে দেশ মৃত্যুঞ্জয় বিদ্যাসাগরের জন্ম দিয়েছে, সেই মেদিনীপুরের সন্তান তিনি। তিনি একাধারে একজন প্রখ্যাত স্বাধীনতা সংগ্রামী এবং অন্য দিকে গান্ধী প্রদর্শিত সত্য ও অহিংসা-নীতির পূজারী। কোমলে কঠিনে একটি নির্ভীক প্রকৃতির মানুষ সতীশচন্দ্র দেশাত্মবোধে দীক্ষালাভ করেছিলেন তরুণ বয়সেই। তাঁর সময়কার প্রখ্যাত বিপ্লবী স্বামী প্রজ্ঞানানন্দ ছিলেন, তাঁর দীক্ষাগুরু। গান্ধী যেমন রাজনীতির পাঠগ্রহণ করেছিলেন তিলক ও গোখেলের কাছে, সতীশচন্দ্র ঠিক তাই করেছিলেন স্বামী প্রজ্ঞানানন্দের চরণপ্রান্তে, যখন স্বামীজি মহিষাদলে অন্তরীণাবদ্ধ ছিলেন। যেদিন থেকে এই দুটি আত্মা পরস্পরের কাছাকাছি এসেছিল, আমরা কল্পনা করতে পারি, তখন যে জ্যোতির্ময় অগ্নিশিখার উদ্ভব হয়েছিল তা নিশ্চয়ই রাঙিয়ে দিয়েছিল ইতিহাসের দিগন্ত—এমন ঘটনা সচরাচর দুর্লভ। স্বামী প্রজ্ঞানানন্দ তাঁর নিজস্ব ছাঁচে গড়েছিলেন তাঁর তরুণ শিষ্যের জীবন—একজন নিবেদিত-প্রাণ

জনসেবক ও একজন খাঁটি দেশপ্রেমিক হিসাবে। পরবর্তীকালে গান্ধীজীর অহিংসানীতি দ্বারাও গড়ে উঠেছিল তাঁর জীবন এবং তিনি আকৃষ্ট হয়েছিলেন যুগান্তকারী অসহযোগ আন্দোলনের প্রতি। তখন তিনি বহুবার কারাদণ্ডে দণ্ডিত হয়েছিলেন।

তাঁর নেতৃত্বে মেদিনীপুর ইতিহাস সৃষ্টি করেছিল যখন ১৯৪২ সালের আগস্ট আন্দোলনের উত্তাল সময়ে সতীশচন্দ্র তাঁর সারাজীবনের বন্ধু ও সহকর্মী শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায় এবং তাঁর একান্ত স্নেহাস্পদ ও একনিষ্ঠ সহকর্মী শ্রীসুশীল কুমার ধাড়ার সহযোগিতায় তমলুকে স্বাধীন জাতীয় সরকার প্রতিষ্ঠা করেছিলেন। তখন সর্ববাদী-সম্মতিক্রমে শ্রীসামন্ত এই স্বাধীন সরকারের প্রথম সর্বাধিনায়ক নির্বাচিত হয়েছিলেন। বৃটিশ সৈন্য ও স্থানীয় পুলিশবাহিনীর অকল্পিত অত্যাচার সত্ত্বেও এই স্বাধীন সরকার পুরো দু'বছর তার অস্তিত্ব বজায় রেখেছিল। তারপর কংগ্রেস-নীতির পরিবর্তনের কালে যখন তাম্রলিপ্ত সরকার অবলুপ্ত হয়, তখন সতীশচন্দ্র এক নতুন মূর্তিতে আমাদের সামনে দেখা দিলেন—সংসদের একজন বিশিষ্ট সদস্য হিসাবে। যে ত্রিশ বৎসর কাল তিনি লোকসভায় ছিলেন সেই সময়ে তাঁর যুক্তিপূর্ণ ও জ্ঞানগর্ভ বাগ্মীতার দরুণ তিনি সার্বজনীন সম্মান ও প্রশংসার পাত্র হয়ে উঠেছিলেন। সমসাময়িক বিবরণ থেকে জানতে পারা যায় যে দিল্লীতে অবস্থানকালে যে-কেউ সতীশচন্দ্রের সংস্পর্শে এসেছিলেন তিনিই তাঁর সরল জীবন-যাত্রা দেখে যারপর-নাই মুগ্ধ হতেন।

প্রাত্যহিক জীবনে, আচার-আচরণে, পোশাক পরিচ্ছদে সতীশ-চন্দ্রের সরলতা সকলকেই মুগ্ধ করেছে এবং তাঁকে একটি প্রবাদ-পুরুষে পরিণত করেছে। যতদিন তিনি সক্রিয় রাজনীতির মধ্যে ছিলেন তিনি কখনো উচ্চাসনে বসেননি, তাঁর নেতৃত্বের প্রকৃত মহত্ত্ব এইখানেই। এইরকম একজন পরিপূর্ণ ব্যক্তি, যাঁর ভিতর ও বাহিরের স্বচ্ছতা একই রকম, মহাত্মা গান্ধীর দৃষ্টি আকর্ষণ করেছিলেন—এতে আশ্চর্য হবার কিছু নেই। মুখ্যত সতীশচন্দ্রের সঙ্গে সাক্ষাৎ করবার জন্য এবং ১৯৪২ সালের ঐতিহাসিক 'ভারত ছাড়ো' আন্দোলনের সময়ে

মেদিনীপুরের বৈপ্লবিক কার্যাবলী স্বচক্ষে দেখবার জন্য গান্ধীজী মেদিনীপুরে এসেছিলেন। সতীশ চন্দ্রকে দেখেই তাঁর প্রত্যয় হয়েছিল যে, মেদিনীপুরের এই নেতাটি যেন মূর্তিমান নৈতিক শক্তি। এসবই তাঁর জীবনের বহুশ্রুত বিষয় এবং সেগুলির পুনরুল্লেখের প্রয়োজন নেই। কোনো মানদণ্ডে বিচার করলে আমরা নির্দ্বিধায় সতীশচন্দ্র সামন্তকে গান্ধীজীর 'সেন্ট পল' বলতে পারি—সেন্ট পল যেমন যীশু-খৃস্টের একান্ত অন্তরঙ্গ অনুগামী ছিলেন, সতীশচন্দ্র ঠিক তাই ছিলেন —মহাত্মা গান্ধীর একজন একান্ত অন্তরঙ্গ অনুগামী।

এইভাবেই মেদিনীপুরের এই সহজ সরল এবং দেশহিতে-নিবেদিত প্রাণ মানুষটির জীবন আমাদের কাছে আত্মশক্তির জয়লাভের একটি ভাস্বর দৃষ্টান্তরূপে প্রতিভাত হয়। এই জীবন আমাদের সকলের পক্ষে, বিশেষ করে তরুণদের, অনুসরণযোগ্য। আজ যখন রাজনীতির দুর্দিন, রাজনীতি যখন অভিসন্ধিপরায়ণদের পণ্য হয়ে উঠেছে এবং আমাদের চারদিকে যখন অবক্ষয়ের অশুভ পরিবেষ্টন, তখন সতীশ চন্দ্রের মতন মানুষেরাই আমাদের পথ প্রদর্শক হতে পারেন—সত্য এবং প্রেমের-পথে। রাজনীতি অর্থহীন হবে যদি তার মধ্যে সত্য ও প্রেম না থাকে।

ভারতীয় সংসদে সার্বজনীন সতীশদা

শ্রীদ্বিজেন সেনগুপ্ত

[প্রাক্তন সংসদ সদস্য]

চরিত্রের দৃঢ়তায়, বাকসংযমে, সকলের সঙ্গে মিষ্ট ব্যবহারে বিদেশী ইংরেজ সরকারের বিরুদ্ধে দীর্ঘকাল এক আপোষহীন সংগ্রামে লিপ্ত থেকে এবং চল্লিশের দশকে স্বাধীন তাম্রলিপ্ত সরকার প্রতিষ্ঠার ভিতর দিয়ে তমলুকের সতীশ সামন্ত এক প্রবাদপুরুষে পরিণত হয়েছিলেন। শ্রদ্ধেয় ভূপেনদা (দত্ত) ও অরুণদা (গুহ)-র কাছে শুনেছি সতীশদা তাঁদের পুরোনো বন্ধু বিপ্লবী যুগান্তর দলসূত্রে। নিঃসন্দেহে ভূপেনদা ও অরুণদা যুগান্তরদলের প্রধান, নেতৃস্থানীয় ব্যক্তি। শ্রদ্ধেয় সতীশ সামন্তকে তাঁর পুরোনো বিপ্লবী-জীবনের কাহিনী জানতে চাইলে শুভ্রযুগল গুম্ফ ভেদ করে মৃদু হাসি ছাড়া আর কিছু কখনো আদায় করতে পারিনি। মনে হত তিনি যেন তাঁর যৌবনের সেই বিপ্লবী-চরিত্রের কঠিন গোপনতা আজও রক্ষা করে চলেছেন। শুভ্র কেশ, শুভ্র গুম্ফ, মৃদু-মধুর-হাসি, ডিবা খুলে পান খাচ্ছেন আর অকাতরে সকলকে স্নেহ বিতরণ করছেন এই ছিল শ্রদ্ধেয় সতীশ সামন্তের বৈচিত্র্যময় জীবনের পরিণত বয়সের রূপ। তিনি আমাদের সকলের সতীশদা। আমি পার্লামেণ্টে বারো বছর সদস্য ছিলাম (১৯৬৪-১৯৭৬)। এ সময়টা দেখেছি সেন্ট্রাল হলে সতীশদাকে ঘিরে সব সময় একটি চক্র গড়ে উঠত। এর আকর্ষণ ছিল একাধিক। সতীশ-দার মতো নীরব শ্রোতা ছিল বিরল, তিনি শুধু শুনতেন আর মুচকি হাসতেন, কথা বলতেন খুবই কম। যে যুগে আমরা সকলেই শুধু কথা বলতেই চাই, কথা শুনবার সৌজন্য বোধ বা ধৈর্য হারিয়ে ফেলেছি বলা চলে, সেদিন সতীশদার এই বৈশিষ্ট্যপূর্ণ চরিত্র তাঁর অসাধারণ ব্যক্তিত্বের পরিচয়ই বহন করে। সতীশদা কথা বলতেন কম কিন্তু রসবোধ ছিল প্রচুর, তাঁর এ দিকটাও কিছু বুদ্ধিমান রসজ্ঞ ব্যক্তিকে আকৃষ্ট করত। সতীশদা সেই Constituent Assembly

(কন্স্টিটুয়েন্ট এ্যাসেমব্লি)-র সময় থেকে দিল্লীর আইন সভার সদস্য। দীর্ঘ অভিজ্ঞতাসঞ্জাত জ্ঞানভাণ্ডারে-সমৃদ্ধ সতীশদার কাছে গুরুতর সমস্যার সম্মুখীন হয়ে অনেককে সঠিক পথনির্দেশের জন্য আসতে দেখেছি। সতীশদা সে সময় কিন্তু ভিন্ন লোক, গাম্ভীর্যপূর্ণ পরিবেশে প্রতিটি সমস্যার খুঁটিনাটি বিচার করে কথা বলতেন, কিন্তু সমস্ত দিক-গুলি উদ্‌ঘাটন করে সিদ্ধান্ত নেওয়াটা প্রশ্নকর্তার উপরই ছেড়ে দিতেন, নিজে কদাচিৎ নিজের সিদ্ধান্ত অপরের উপর চাপাতে চাইতেন। এক-দিন তাঁকে জিজ্ঞাসা করেছিলাম এ স্বভাবটা কি আপনার প্রবীণ বয়সের না আগেও এমনি ভাবেই চলতেন ও বলতেন? প্রশ্নটা শুনে সতীশদা খুব খুশী হলেন মনে হল। এবার কিন্তু সতীশদা অনেক পুরোনো কথা বলতে সুরু করলেন। তারমধ্যে একটি নেহাৎ ব্যক্তিগত হলেও উল্লেখ করাটা অপ্রাসঙ্গিক মনে হবে না। বললেন, "সুশীল (ধাড়া)-কে তো আপনি ভালোই চেনেন, সে আমার খুবই কাছের লোক, খুবই স্নেহের পাত্র। ওকে আমি হাতে করে গড়ে তুলেছি। এ বিশ্বাস আমার ছিল ওকে যা বলব ও তাই শুনবে। কখনোই আমার অবাধ্য হবে না। আজ আমরা রাজনৈতিকভাবে বিচ্ছিন্ন দুইদলে অবস্থান করছি, সম্পর্ক একটুও খারাপ হয়নি কিন্তু ভাবি ওর জীবনের এক সন্ধিক্ষণে আমার যখন পরামর্শ চাইতে এল আমি তাকেও ঠিক এমনি একথা-সেকথা বলে ক্ষান্ত হয়েছিলাম। সিদ্ধান্ত নেওয়ার ভার তার হাতেই ছেড়ে দিয়ে। আবার বললাম, 'ব্যাপারটা একটু খুলে বলুন না সতীশদা, অবশ্য যদি গোপন কিছু না হয়।' সতীশদা বললেন, 'ওর বাবা একটি ভাল ঘরে ওর জন্য একটি সুপাত্রীর সঙ্গে বিয়ের ব্যবস্থা করলেন। প্রায় সবই ঠিক, এমন সময় সুশীল আমার কাছে তার বিয়ের ব্যাপারে আমার মত জানতে চাইল। বল্লাম—আমাদের সামনে তো অনেক কাজ, বিয়ে না হয় নাই বা করলে! তারপর আমার সঙ্গে কিছুক্ষণ কাটিয়ে সুশীল সিদ্ধান্ত নিয়ে বাড়ি ফিরল যে সে বিয়ে করবে না। সুশীলের বিয়ে করা হল না, সুশীল আজও বিয়ে করেনি। সে নিজেই বলে সতীশদার ঐ কথায় সে হৃদয়ে এক বিদ্যুৎ-প্রবাহ বোধ করেছিল, এবং ঐ সিদ্ধান্ত নেওয়া তার পক্ষে সহজতম

বোধ করেছিল।' সেন্ট্রাল হলে সতীশদার বসার মোটামুটি একটা নির্দিষ্ট জায়গা ছিল, সেটা পিছনের দিকে। সেখানে মধুলোভী ভ্রমর-দের অন্যতম আকর্ষণ ছিল তাঁর পানের ডিবা। সাংবাদিক, এম.পি. বা মন্ত্রী সকলেরই দৃষ্টি পড়ত এই ডিবার দিকে আর সতীশদাও অকাতরে বিতরণ করে যেতেন, এটা ছিল তাঁর নিত্যনৈমিত্তিক ব্যাপার। সতীশদার নিজের কোনো বিষয়েই কোন আসক্তি ছিল না, কোন নেশা ছিল না এই 'পান' (পানীয় নয়)-দোষ বাদ দিলে। সতীশদা এইসব নানা কারণে দলমত নির্বিশেষে এক সার্বজনীন দাদার সম্মান দীর্ঘকাল নিজ বৈশিষ্ট্যে দিল্লীর দরবারে দখল করেছিলেন।

দিল্লী কলকাতা সতীশদার সঙ্গে ট্রেনে আসা যাওয়াও অনেকবার করেছি। চব্বিশ ঘণ্টা ট্রেনে কিভাবে কেটে যেত বুঝবার উপায় ছিল না। ট্রেনযাত্রায় কোন ক্লান্তি আসেনি। তাঁর সরস গল্প বলার নিজস্ব ভঙ্গি ছিল। অনেকদিনের লোক তিনি, অনেক ইতিহাসের তিনি সাক্ষী বা নায়ক। তাই তাঁর পক্ষে নিখুঁত ও নির্ভুলভাবে বিভিন্ন সময়কার ঘটনা বলা সম্ভব ছিল আর সেসব ঘটনা সতীশদা বলতেন বলেই আরো বেশী আকর্ষনীয় হত।

কাঁথির নেতা প্রমথ বন্দ্যোপাধ্যায় ও আমার পিতৃদেব হেমন্তলাল সেনগুপ্ত একসঙ্গে অসহযোগ আন্দোলনে বহরমপুর জেলে ছিলেন, একথা তাঁদের তুজনের কাছেই শুনেছি। মেদিনীপুরের অপর তুই নেতা বসন্ত দাস ও নিকুঞ্জ বিহারী মাইতির সঙ্গে আমি নিজে একসময় কলকাতার প্রেসিডেন্সী জেলে বন্দী জীবন কাটিয়েছি। কিন্তু অপর নেতা সতীশদা (সামন্ত)-র সঙ্গে আমার পরিচয় এবং ঘনিষ্ঠতা পার্লামেণ্টে সদস্য থাকাকালীন দিল্লীতে। আমি এঁদের সকলেরই স্নেহ পেয়ে ধন্য হয়েছি। ছাত্র জীবনে এবং কর্মজীবনে মেদিনীপুরের তাঁরা সকলেই আজ আমার মনে এসে ভীড় করছেন। বহু বন্ধু পেয়েছি। মনেহয় আমার ফেলেআসা দেশ মাদারীপুরের সঙ্গে মেদিনীপুরের শুধু শব্দ বা ধ্বনীগত সাদৃশ্য নয়, এর চেয়েও যেন বড় কিছু যোগসূত্র বর্তমান ছিল। বালেশ্বরের লড়াই-এর তিন শহীদ চিত্তপ্রিয় রায়চৌধুরী, মনোরঞ্জন সেন, বীরেন দাশগুপ্ত সকলেই ছিলেন

মাদারীপুরের, নেতা শহীদ যতীন মুখার্জীও, আর এ পথে তাঁদের পূর্বসূরী মেদিনীপুরের শহীদ ক্ষুদিরাম। পরের শহীদদের নামের তালিকা দীর্ঘ বলে না হয় নাই বললাম। দুই স্থানেরই এক মহান বৈপ্লবিক ঐতিহ্য ছিল—যে কোন জাতীয় আন্দোলনে উভয় স্থানেই গণজাগরণ বিস্ফোরণের চেহারা নিত। জেলেও এঁদের সংখ্যা ছিল প্রচুর।

সতীশদা ছিলেন এক প্রবাদ-পুরুষ। যখনই ভোটে দাঁড়িয়েছেন লক্ষ লক্ষ ভোটের ব্যবধানে জিতেছেন। তাঁকে হারাতে গেলে একটা সর্ব ভারতীয় খ্যাতিসম্পন্ন বিশিষ্ট কোন ব্যক্তিকে এনে তাঁর বিরুদ্ধে দাঁড় করতে হবে এ বিচারে একবার তাঁর বিরোধিরা (সি. পি. আই) অরুণা আসফ আলীকে দিল্লীর থেকে নিয়ে এসে তাঁর বিরুদ্ধে লোকসভা নির্বাচনে দাঁড় করালো। কিন্তু সতীশদা সেবারও জিতলেন বহু ভোটের ব্যবধানে। তাঁর প্রথম বা শেষ পরাজয়ে তাঁর প্রতিদ্বন্দ্বী ছিলেন তাঁরই মন্ত্রশিষ্য সুশীল ধাড়া-জনতা দলের প্রার্থী। বছরটা হল ১৯৭৭; জরুরী অবস্থা ঘোষণার প্রতিবাদের বছর। এই পরাজয় সতীশদার নয়, ক্ষুব্ধ জনসাধারণ সেদিন সারা উত্তর ও পূর্ব ভারতে লোকসভার নির্বাচনে ভোটের বাক্সে সেদিনের কংগ্রেস শাসনব্যবস্থার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিল মাত্র। সংস্কৃততে একটি কথা আছে—পুত্র বা শিষ্যের কাছে পরাজয় হলে তা নাকি জয়ের চেয়েও মহীয়ান, জয়ের চেয়েও আনন্দের। সতীশদা বিয়ে করেন নাই। তাঁর কোন পুত্র নাই। কর্মীরাই ছিল তার ভ্রাতা বা পুত্রতুল্য। সুতরাং সেদিন প্রিয়শিষ্য ও পুত্রাধিক সুশীল ধাড়ার কাছে নির্বাচনে পরাজিত হয়েও সতীশদার গৌরব ম্লান হয়নি। সতীশদা অহিংস গান্ধীবাদী কংগ্রেসী, কি সহিংস বিপ্লবী এ আলোচনা আজকে নিরর্থক। সতীশদা অনন্য, নিজ মহিমায় ভারতীয় সংসদে সম্মানিত। সৎ নিষ্ঠাবান জাতীয় আন্দোলনের অক্লান্ত যোদ্ধা—সকলের সতীশদা।

সতীশদা দীর্ঘজীবী হোন। চলতি একটি কথা আছে—মৃত্যু সংবাদ একবার রটে গেলে সেই লোক নাকি অলৌকিকভাবে বাঁচেন। আমাদের সতাশদা (সামন্ত) তমলুকের, অপর এক সতীশ সামন্ত—

হাওড়ার এক সময় এম. এল. এ. ছিলেন। সম্প্রতি তাঁর মৃত্যু হলে তমলুকের সতীশ সামন্ত মনে করে দিল্লী কলকাতার সংবাদপত্র এবং বিভিন্ন সরকারী দফতরে হৈ চৈ পড়ে গেল। তাঁর জায়গায় সতীশদার জীবনী বসিয়ে মৃত্যুসংবাদ ছাপাও হল, বক্তৃতাও হল। এ সবের পিছনে একটাই কারণ—সতীশদা এতই সকলের মন আচ্ছন্ন করে আছেন যে অপর কারো কথা কেউ ভাবতে চায় না। সতীশ সামন্ত সাধারণ মানুষের কাছে, সংবাদপত্র বা সরকারী মহলে একজনই, সে তমলুক-এর, সতীশ সামন্ত—সর্বজনীন সতীশদা !

শ্রদ্ধাঞ্জলি

শ্রী বিপিন পাল দাস

[প্রাক্তন সংসদ সদস্য ; রাজ্যসভার পিটিশন কমিটির প্রাক্তন সভাপতি।]

তিনি যখন লোকসভার সদস্য ছিলেন তখন ব্যক্তিগতভাবে শ্রীসতীশ চন্দ্র সামন্তকে জানবার সৌভাগ্য হয়েছিল আমার। তিনি ছিলেন একজন নিবেদিত-প্রাণ সমাজ-সেবক এবং ১৯২০ থেকে ১৯৬৬ সাল পর্যন্ত কংগ্রেস দলের সর্বক্ষণের কর্মী। ১৯২০ সালের মধ্যে তিনি বহুবার কারাবরণ করেছিলেন। পশ্চিমবঙ্গের কংগ্রেস সংগঠনে—বিশেষ করে তাঁর জেলায় তিনি পুরোভাগে ছিলেন। "ভারত ছাড়ো" আন্দোলনের সময় ১৯৪২-৪৩ সালে তমলুকে যে জাতীয় সরকার স্থাপিত হয়েছিল তিনি ছিলেন তার অধিনায়ক।

শ্রীসামন্ত গণপরিষদ ও সাময়িক পার্লিয়ামেন্টের একজন সদস্য ছিলেন। ১৯৫২ সালে তিনি লোকসভায় প্রথমবার সদস্য নির্বাচিত হয়েছিলেন এবং ১৯৭৬ সাল পর্যন্ত পরপর যে কয়টি সাধারণ নির্বাচন হয়, তিনি তার প্রত্যেকটিতে নির্বাচিত হন। সংসদ সদস্য হিসাবে লোকসভার একাধিক কমিটির সঙ্গে তিনি সংযুক্ত ছিলেন। ১৯৫৪ সালে ভিয়েনাতে অনুষ্ঠিত আন্তর্জাতিক পার্লিয়ামেন্টারি য়ুনিয়ন কনফারেন্সে ভারতবর্ষ থেকে যে প্রতিনিধি দল প্রেরিত হয়েছিল তিনি তার নেতৃত্ব করেছিলেন। ১৯৫৬ এবং ১৯৫৮ সালে কয়লাখনিতে যে দুটি দুর্ঘটনা ঘটেছিল সেই বিষয়ে গঠিত তদন্ত কমিটির তিনি য়্যাসেসর ছিলেন। পশ্চিমবঙ্গের হস্তচালিত শিল্পসমূহের উন্নয়নে এবং হরিজন কল্যাণের ব্যাপারে তিনি যথেষ্ট আগ্রহ দেখাতেন। তিনি য়ুরোপের বহু স্থান পরিভ্রমণ করেছেন এবং সিঙ্গাপুরেও গিয়েছিলেন।

শ্রীসামন্ত একজন খাঁটি কংগ্রেসী ছিলেন। গান্ধীবাদ-আদর্শ-দ্বারা তিনি বিশেষভাবে অনুপ্রাণিত ছিলেন বলেই না তিনি একজন নিবেদিত প্রাণ সমাজ-সেবক ও বিশিষ্ট বিপ্লবী হতে পেরেছিলেন। যখন তিনি সংসদে ছিলেন, তখন তিনি লোকসভার একজন বিশেষ

সম্মানিত সদস্য ছিলেন। যখনই তাঁর সঙ্গে সাক্ষাৎ করার এবং কথা বলার সুযোগ হতো আমি ব্যক্তিগতভাবে খুবই অনুপ্রাণিত বোধ করতাম। তিনি সরলতা, সেবা ও ত্যাগের মূর্ত বিগ্রহ। তাঁর সুমিষ্ট ব্যবহার ও মানসিক গুণের জন্য তাঁর বন্ধু ও সতীর্থগণ সর্বদাই তাঁকে স্মরণ করবেন। গণপরিষদের দিন থেকে পঞ্চম লোক সভা পর্যন্ত তিনি উপর্যুপরি নির্বাচিত হয়েছিলেন এবং এর থেকেই বোঝা যায় যে তাঁর রাজ্যের, বিশেষ করে তাঁর নিজের জেলার জনসাধারণ কি রকম শ্রদ্ধা, ভক্তি ও বিশ্বাসের চক্ষে তাঁকে দেখতেন। এমন মানুষের স্মৃতি বর্তমান ও ভবিষ্যতের কংগ্রেসীদের নিশ্চয়ই অনুপ্রাণিত করবে।

এই সুযোগে আমি আর একবার তাঁকে আমার ব্যক্তিগত শ্রদ্ধা নিবেদন করলাম।

(মূল ইংরাজির অনুবাদ)

সেদিনের সর্বাধিনায়ক

শ্রীদক্ষিণারঞ্জন বসু

[প্রখ্যাত সাংবাদিক ও সাহিত্যিক।]

নির্লোভ ও নিঃস্বার্থভাবে দেশ ও জনগণের কল্যাণে যাঁরা আজীবন সেবা নিবিষ্ট থাকেন, মানুষের মনে তাঁদের স্থান বা আসন স্থায়ী হয়ে যায়। সাধারণ মানুষ বিচারে কখনো ভুল করে না। কত রাজা মহারাজা প্রবল প্রতাপান্বিত নেতা এবং সরকারী ক্ষমতায় অধিষ্ঠিত শক্তিশালী ব্যক্তি যে অল্পকালের মধ্যেই বিস্মৃতির অতলে তলিয়ে গেছেন তার কোনো ইয়ত্তা নেই। মানুষের জন্যে নিখাদ ভালোবাসার অভাব এবং নির্ভেজাল দেশপ্রেমের দৈন্য সাধারণের চোখে সহজেই প্রকট হয়ে পড়ে। কাজেই অর্থ-সম্পদ প্রতাপ-প্রতিপত্তি ও পদমর্যাদায় যে যত বড়োই হোক না কেন, মনে-প্রাণে প্রকৃত মানবপ্রেমিক না হতে পারলে মানুষের অকৃত্রিম প্রীতি ও শ্রদ্ধা লাভ করা যায় না। শুধুমাত্র রাজনৈতিক ক্ষেত্রেই এমন সব ত্যাগব্রতী দেশ-গত-প্রাণ মহান নায়কদের উজ্জ্বল উপস্থিতিতে আমাদের কৈশোর ও যৌবন অতিবাহিত হয়েছে। আজকের বাঙ্‌লার যুবসমাজ তেমনি পরম সুযোগ থেকে বঞ্চিত বলে দুঃখ বোধ হয়। সত্যি দেশবন্ধু চিত্তরঞ্জন, দেশপ্রিয় যতীন্দ্রমোহন দেশপ্রাণ শাসমল এবং মাস্টারদা—স্র্যসেন প্রমুখ সুমহান বাঙালী নায়ক যাঁরা নিজের বা পরিবার পরিজনদের কথা নয়ই, এমন কি শুধু দল বা বাঙ্‌লার কথা ভাবেননি, ভেবেছেন সমগ্র ভারতের দলিত, দরিদ্র মানুষের কথা তা স্বদেশের শৃঙ্খল মোচনের কথা। রাষ্ট্রীয় মুক্তি ছাড়া দেশের মানুষের দারিদ্র্য-মুক্তি ঘটানো সম্ভব নয় বলেই আমাদের দেশ হিংস ও অহিংস উভয়বিধ পথে স্বাধীনতার সংগ্রাম চালিয়েছে এবং অভীপ্সিত অখণ্ডতায় না হলেও আমরা রাজনৈতিক স্বাধীনতার অধিকারী হয়েছি, সেই অধিকার অর্জনে নির্লোভ ও নিরলস যুদ্ধের ইতিহাস সৃষ্টি করে। ক্ষমতার কুৎসিৎ দ্বন্দ্ব থেকে নিজেদের সরিয়ে রেখে প্রত্যেক রাজ্যেই কিছু কিছু

আদর্শ মুক্তি-সেনানী আজো বেঁচে রয়েছেন যাদের জীবন-আদর্শকে যথার্থভাবে তুলে ধরা হলে একালের বিভ্রান্ত তরুণ সমাজ উদ্বুদ্ধ হতে পারে, বিভ্রান্তি থেকে মুক্ত হবার একটা পথ পেতে পারে।

এই বাঙ্‌লার তেমনি একজন মহৎপ্রাণ মানুষ ও আজীবন যোদ্ধা সম্পর্কে কিছু লিখতে হবে, এরূপ নির্দেশ পেয়ে একদিকে নিজেকে আমি যেমন ধন্যবোধ করছি, তেমনি তাঁর দীর্ঘ কর্ম সাধনা সম্পর্কে অকিঞ্চিৎকর জ্ঞান নিয়ে লেখার প্রয়াসকে দুঃসাহসিক বলে মনে হচ্ছে। সেই জন্যেই তাঁকে সামনে রেখে যেটুকু লিখছি তা যে অজ্ঞানতা জনিত সঙ্কোচ নিয়েই লিখছি সেটা আগেই বলে রাখা ভালো। জীবনের নানা ক্ষেত্রে যাঁরা সামনের সারিতে এগিয়ে আসেন তাঁদেরকে জানতেই হয় সাংবাদিকদের। বিশেষ করে রাজনীতির দর্পণে যাঁদের ছায়াপাত ঘটতে আরম্ভ করে এবং যাঁরা নিষ্ঠা, সততা ও কর্মতৎপরতায় বিশেষ আসন লাভ করেন তাঁরা তখন ক্রমে ক্রমে সংবাদের শিরোনামে নিজেদের স্থান করে নেন নিজেদের কোনো প্রয়াস ছাড়াই। সর্বজন-শ্রদ্ধেয় শ্রীযুক্ত সতীশচন্দ্র সামন্তের বেলায়ও তাই হয়েছিল। নাগপুর কংগ্রেসে গান্ধীজীর অসহযোগ আন্দোলনে যোগদানে দেশবন্ধু চিত্তরঞ্জনের ডাকে আমাদের বাংলা থেকেই সর্বাধিক সাড়া পাওয়া গিয়েছিল এবং সে ডাকে অর্ধলক্ষ ছাত্রছাত্রী স্কুল কলেজ বর্জন করে কারাবরণ করেছিলেন তাঁদের মধ্যে তমলুক মহকুমার মহিষাদল থানার সতীশচন্দ্র সামন্ত ছিলেন অন্যতম। আর সেই থেকেই তিনি জাতীয় মুক্তিযুদ্ধ তথা কংগ্রেসের সংগ্রাম ও সংগঠনমূলক কার্য-কলাপের সঙ্গে দৈহিক শক্তি সামর্থ থাকা পর্যন্ত নিজে প্রাণে জড়িয়ে রেখেছেন বিষয় সম্পদ ও ক্ষমতার লোভ থেকে সম্পূর্ণ মুক্ত থেকে। এরূপ নির্লোভ নিষ্ঠার ও দুর্লভ সততাসিদ্ধ জনকল্যাণ ব্রতের দৃষ্টান্ত সচরাচর চোখে পড়ে না। মেদিনীপুরের মুকুটহীন সম্রাট দেশপ্রাণ শাসমলের পর আপামর জনসাধারণের কাছে একটি অতি শ্রদ্ধেয় নাম সতীশচন্দ্র সামন্ত।

কলকাতার বঙ্গবাসী কলেজকে আমরা জাতীয় সৈনিক তৈরির কলেজ বলে মনে করতাম। শহীদ যতীন দাসের স্মৃতিপূত সেই

কলেজে তাঁর কয়েক বছর আগে সতীশচন্দ্রও পড়তেন, সে-সব কাহিনী ত্রিশ দশকের সুরুতে কলেজ জীবনে আমাদের খুব উদ্দীপ্ত করতো। দেশ মাতৃকার সেবায় সেই শিক্ষাজীবন থেকেই বার বার সতীশচন্দ্রকে কারাগমন করতে হয়েছে ; কিন্তু সংগ্রামে ও সেবাব্রতে কখনো তাঁকে নিরুদ্যম হতে দেখা যায়নি। প্রাক-স্বাধীনতা-যুগে তমলুক মহকুমার বিভিন্ন কংগ্রেস কমিটির কোথাও সেক্রেটারী ও কোথাও প্রেসিডেন্টের পদে অধিষ্ঠিত থেকেও তিনি বিভিন্ন শিক্ষা, সংগঠন ও সেবামূলক সংস্থার সঙ্গে দীর্ঘকাল ধরে অত্যন্ত ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট ছিলেন। পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় সতীশবাবুর আবাল্যবন্ধু এবং সমবয়সী। এই দুই চিরকুমার গান্ধীবাদী নেতা একই ধারায় রাজনৈতিক ও সমাজ উন্নয়নের নানাবিধ কাজ করে এসে আজ বার্ধক্য-ভারাক্লান্ত অবসর জীবন যাপন করছেন। তবে একথা নিশ্চিত করেই বলা যায় যে, দেশের ও জনসাধারণের কল্যাণ চিন্তাই তাঁদের উভয়ের মনের সবটুকু জায়গা এ অবস্থায় ও পুরোপুরি জুড়ে রয়েছে।

প্রাক-স্বাধীনতা যুগে সতীশ সামন্ত মশায়ের জীবনের সবচেয়ে উল্লেখযোগ্য ও গৌরবময় কাল হলো ১৯৪২-৪৩ সালের আগস্ট আন্দোলনের কাল। জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে বিয়াল্লিশের ৮ আগস্ট তারিখে গৃহীত প্রস্তাব অনুযায়ী বিদেশী শাসকদের উদ্দেশ্যে 'ভারত ছাড়ো' নোটিশ ঘোষিত হ'লে সারা ভারত জুড়ে যে গণ-অভ্যুত্থানের সৃষ্টি হয়েছিল তাই আগস্ট আন্দোলন নামে অভিহিত হয়ে আসছে, সেই সময়ে মেদিনীপুর জেলা—বিশেষ করে তমলুক মহকুমা স্বাধীনতা মহাযজ্ঞের রূপায়ণে জ্বলন্ত দেশপ্রেমের যে অবিস্মরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে তার পুরোভাগে ছিলেন সতীশ সামন্ত মশায়। ঐ মহাযজ্ঞের পেছনে একটু ইতিহাস আছে। পুরোদমে তখন দ্বিতীয় মহাযুদ্ধ চলছে। কাজেই আগস্ট বিপ্লব দমনে তখন সৈনিক পুলিশের দল বেপরোয়া। সেই অবস্থায় ১৬ অক্টোবরের প্রচণ্ড ঝড়ের তাণ্ডবে সমগ্র মহকুমার জনজীবন একেবারে বিপর্যস্ত। এমনি পরিবেশেও বৃটিশ রাজের বর্বরতা বিন্দুমাত্র হ্রাস পেলো না, বরং অসহায় নিরাশ্রয় নর-নারীর উপর তাদের অত্যাচারের মাত্রা

ক্রমশই যেন বেড়ে চলতে লাগলো। পথে ঘাটে মৃতদেহ ছড়ানো, দিকে দিকে অনাহারী মানুষের হাহাকার-এই দুঃসহ পরিবেশে বিপ্লবের পথ সাময়িকভাবে স্থগিত রেখে কংগ্রেস সেবীরা দুর্গত সেবায় নেমে পড়েন। সরকারের তরফ থেকে অনেক পরে, কিছু সাহায্যের ব্যবস্থা করা হলেও সরকারের তাঁবেদার এবং পুলিশের লোকেরাই তা লুটে নিয়েছে। নিঃস্ব দুর্গতদের কাছে সাহায্য পৌঁছয়নি। প্রকৃতির তাণ্ডবে বিপ্লবের বহ্নিশিখা নির্বাপিত ধরে নিয়ে ইংরেজ শাসনের প্রতাপ একটু স্তিমিত করে নেওয়া হলে তমলুকের কংগ্রেস কর্তৃপক্ষ মহকুমার প্রশাসন দায়িত্ব গ্রহণ করেন এবং অক্টোবরের ভয়াবহ ঝড়ের ঠিক দুমাস পরে বিয়াল্লিশের ১৭ ডিসেম্বর সর্বজন শ্রদ্ধেয় নেতা সতীশচন্দ্র সামন্তকে সর্বাধিনায়ক-পদে অভিষিক্ত করে স্বাধীন তাম্রলিপ্ত জাতীয় সরকার ঘোষিত হয়। দেশের অন্যান্য স্থানেই এমন কি মেদিনীপুর জেলার কাঁথি মহকুমাতেও অনুরূপ জাতীয় সরকার গঠিত হয়েছিল কিন্তু সে সবের কোনটিই বেশিদিন স্থায়ী হয়নি। 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' কিন্তু বৃটিশ সরকারের অভাবনীয় দৌরাত্ম্য ও দমননীতিকে উপেক্ষা করেই বিদেশী শাসনের পাশাপাশি স্বদেশী শাসন প্রায় দীর্ঘ দু'বছর ধরে চালিয়ে গেছে অধিকতর যোগ্যতা ও জনপ্রিয়তার সঙ্গে। প্রকৃতপক্ষে তখন এই জাতীয় সরকারই ছিল জনসাধারণের স্বীকৃত সরকার। এদের স্বরাষ্ট্র, পররাষ্ট্র, শিক্ষা, স্বাস্থ্য এবং বিচার বিভাগ প্রভৃতি বিভিন্ন মন্ত্রক ছিল যে কোনো স্বাধীন দেশের মতো। এসব বিভিন্ন বিভাগের দায়িত্ব থাকতো যথারীতি এক একজন মন্ত্রীর উপর এবং প্রধানমন্ত্রী ছিলেন সর্বাধিনায়কের আবাল্য সুহৃদ জেলার বিখ্যাত নেতা অজয় কুমার মুখোপাধ্যায়। পররাষ্ট্র দপ্তরটি দেখতেন সামন্ত মশায় নিজে। সর্বাধিনায়ক সামন্ত মশাইকে বেশ কিছুকাল আত্মগোপন করে কাটাতে হয়। শেষ পর্যন্ত তিনি কলকাতায় তাঁদের প্রচারমন্ত্রী ও তাঁর পররাষ্ট্র বিভাগীয় সচিব প্রহ্লাদ প্রামাণিকের সঙ্গে পুলিশের হাতে ধরা দেন। প্রধানমন্ত্রী অজয় মুখোপাধ্যায়ই তখন সর্বাধিনায়কের পদে অভিষিক্ত হন। তাম্রলিপ্ত জাতীয় সরকারের আমলে সমগ্র মহকুমার সমস্ত

গুণ্ডা, বদমায়েস সমাজবিরোধীরা এবং ইংরেজ সরকারের দালালদের সর্বক্ষণ তটস্থ থাকতে হতো। তাম্রলিপ্ত জাতীয় সরকারের সামরিক বিভাগ—বিদ্যুৎবাহিনীর (পূর্বেকার কংগ্রেস স্বেচ্ছাসেবক বাহিনী) ভয়ে—যার C-in-C ছিলেন সুশীল কুমার ধাড়া। অজয় মুখোপাধ্যায়ের গ্রেপ্তারের পরে পর পর আরো দু'জন নেতা সতীশ চন্দ্র সাহু এবং বরদাকান্ত কুইতি জাতীয় সরকারের সর্বাধিনায়ক নিযুক্ত হন কিন্তু কংগ্রেসের পরিবর্তিত নীতিতে ১৯৪৪ সালের সেপ্টেম্বরে তাম্রলিপ্ত জাতীয় সরকার এবং তার বিদ্যুৎবাহিনী ভেঙে দেওয়া হয়।

এই পুরো সময়টাই ছিল দ্বিতীয় মহাযুদ্ধের কাল। সমস্ত খবর তখন সেন্সরের বাধায় ছাপা সম্ভব হতো না। এমন কি মেদিনীপুরের ১৬ অক্টোবরের প্রচণ্ড ঝড়ের সংবাদও অনেকদিন সেন্সরের কল্যাণে অপ্রকাশিত থাকে। পরে ঝড়ের বন্ধনমুক্তি শিরোনামায় আমাদের যুগান্তর পত্রিকায় একটি সম্পাদকীয় প্রকাশিত হলে তা নিয়ে হৈ চৈ পড়ে যায়। সে সময়ে আগস্ট আন্দোলন তথা 'তাম্রলিপ্ত জাতীয় সরকার' সম্পর্কিত কোন সংবাদ প্রকাশ করতে না পারলে আমরা শিহরিত হতাম।

এসব তো গেল পরাধীনতার যুগের কথা। সতীশ সামন্ত মহাশয়ের সংগ্রামী জীবনের কথা। দেশ স্বাধীন হবার পরেও তাঁর নিঃস্বার্থ দেশসেবার গৌরবদীপ্ত কর্মমুখর জীবন বাস্তবিকই গর্ব করার মতো। স্বাধীনতা লাভের পর গণপরিষদ (১৯৪৭-৪৯) অস্থায়ী পার্লামেণ্ট এবং তারপর প্রথম লোকসভা (১৯৫২-৫৭) থেকে স্বরু করে পঞ্চম লোকসভা (১৯৭১-৭৬) পর্যন্ত প্রত্যেক বারই তিনি সংসদ সদস্য নির্বাচিত হন। লোকসভা এবং কেন্দ্রীয় সরকারের বহু কমিটির সক্রিয় সদস্যরূপে তিনি তাঁর যোগ্যতার পরিচয় দেন। ১৯৫৪ সালে ভিয়েনায় অনুষ্ঠিত আন্তঃ-পার্লামেণ্টারী ইউনিয়ন সম্মেলনে সতীশ সামন্তের নেতৃত্বেই ভারতীয় সংসদীয় দলটিকে পাঠিয়েছিলেন প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু এবং সেখানে তিনি ভারতীয় দলের সম্মান ও সুনাম অক্ষুণ্ণ রেখেছিলেন। দেশ ও জাতির কল্যাণে বহুবিধ সৎকর্মে আত্ম-নিবেদিত এই প্রচার-বিমুখ মহৎ মানুষটির নামও কার্যকলাপের সঙ্গে

আমার সাংবাদিক জীবন সুরু হবার কিছুকালের মধ্যেই পরিচয় ঘটলেও সতীশবাবুর সঙ্গে আমার প্রথম সাক্ষাৎ পরিচয় হয় কাঁথি মহকুমার সুভাষ গ্রামের সুভাষ মেলায় প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের মুখ্যমন্ত্রিত্বের আমলে। সেবার সহজ-সরল এই জননেতার সঙ্গে আলাপে মুগ্ধ হয়েছিলাম। সামন্তবাবুর সঙ্গে আমার দ্বিতীয়বার সাক্ষাৎ হয়েছিল ১৯৭৪ সালে নিখিল ভারত বঙ্গ সাহিত্য সম্মেলনের তমলুক অধিবেশনে শহীদ বেদীতে মাল্যদান অনুষ্ঠানের সময়ে, যখন শ্রদ্ধেয় অজয় মুখোপাধ্যায়ের সঙ্গে সামন্ত মশায়ও উপস্থিত ছিলেন। আরেকবার আমরা সম্মিলিত হয়েছিলাম সুতাহাটা হাইস্কুলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি শঙ্করপ্রসাদ মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠিত ধ্রুবমন্ত্র 'বন্দে মাতরম্'-এর শতবার্ষিকী (১৯৭৫-৭৬) উৎসবে। সে উৎসবটি উদ্বোধন করেন অজয়বাবু এবং সামন্ত মশায় ছিলেন সেখানে বিশেষ অতিথি। বন্দেমাতরম্ মন্ত্রোচ্চারণে সেদিন বিশেষ অতিথির চোখে-মুখে দেশপ্রেমের যে ঔজ্জ্বল্য ও আভা লক্ষ্য করেছিলাম একালের তরুণ সমাজে তেমনটি দুর্লভ। দেশপ্রীতি বা মানবপ্রীতির অভাবের দরুণই আজকে দেশের এই অবস্থা দাঁড়িয়েছে। সভাশেষে একই গাড়িতে মহিষাদলের প্রজ্ঞানানন্দ ভবন পর্যন্ত আসতে আসতে আলোচনা প্রসঙ্গে সতীশবাবু যে দু'চারটি কথা বলছিলেন তাতে দেশে অর্থনৈতিকতার প্রভাব প্রসারে তাঁকে মর্মাহত মনে হচ্ছিল। কিন্তু ব্যক্তিগত কোনো ক্ষতিবৃদ্ধিতে সামন্ত মশায়কে নাকি বড়ো একটা দুঃখিত বা উৎফুল্ল হতে দেখা যেত না। তার একটা বড়ো প্রমাণ কিছুদিন পরেই পেয়েছিলাম।

পূর্বোক্ত 'বন্দেমাতরম্ শতবার্ষিক' উৎসব সভার কয়েকমাস পরেই সাতাত্তরের সাধারণ নির্বাচনে তমলুক লোকসভা কেন্দ্রে গুরুশিষ্যের লড়াই-এ বিজয়ীশিষ্য জনতা প্রার্থী শ্রীসুশীল ধাড়া পরাজিত গুরু কংগ্রেস প্রার্থী সামন্ত মশায়কে প্রণাম করতে গেলে তিনি যে নিজহাতে শ্রীধাড়াকে বিজয়মাল্য পরিয়ে দিয়ে আলিঙ্গন ও আশীর্বাদে ধন্য করেছিলেন শ্রীঅজয় মুখোপাধ্যায় প্রমুখ তাঁর বহু শুভকামীদের সামনে, সে কথা শ্রীধাড়া নিজেই একদিন কথায় কথায় আমায় বলে

ফেলেছিলেন। এ যেন মহাভারতীয় কুরুক্ষেত্রের যুদ্ধে দ্রোণাচার্য—অর্জুন উপাখ্যানের মতো অনেকটা। এমনি দৃষ্টান্ত ক্রমেই বিরল হয়ে আসছে। তা হলেও সতীশ সামন্তের মতো প্রচার বিমুখ ও নিঃস্বার্থ নেতাদের জীবন উদাহরণই ভবিষ্যতের অন্ধকারে আলোর দিশারী।

স্বাধীনতালাভের পর মেদিনীপুরে হলদিয়া বন্দর প্রকল্প প্রভৃতি যা কিছু বড়ো কাজ হয়েছে তার প্রায় প্রতিটির পেছনেই রয়েছে সতীশচন্দ্রের প্রত্যক্ষ বা পরোক্ষ প্রেরণা। তার জন্যে আজ যে হলদিয়া বন্দরটি আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছে সামন্ত মশাই-এর নামে সেই বন্দরের বা অন্য কোন-কিছুর নামকরণ করা হ'লে সেটা হবে সস্তা ও সহজ প্রতিদান। তাঁর প্রতি সত্যিকারের শ্রদ্ধা ও প্রীতি নিবেদনের উপায় হলো তাঁর জীবন—মাহাত্ম্য ও মহত্বকে অনুসরণ করা। তিনি আরও অনেকদিন বেঁচে থাকুন আমাদের মধ্যে।

সাধু সতীশচন্দ্র

শ্রী কে. পি. ত্রিপাঠী

[প্রাক্তন লোকসভা সদস্য ; প্রাক্তন অর্থমন্ত্রী (আসাম), প্রাক্তন সহসভাপতি, নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস।]

১৯৫২ থেকে ১৯৫৭ পর্যন্ত আমি যখন লোক সভার সদস্য ছিলাম তখন শ্রীসতীশ চন্দ্র সামন্তকে জানবার সুযোগ আমার হয়েছিল। তারপর আমি আসামে ফিরে গিয়ে সেখানে মন্ত্রী হই। পনের বছর মন্ত্রী ছিলাম। কিন্তু আমি প্রায়ই দিল্লী আসতাম এবং তখন সংসদ ভবনে বা অন্যত্র তাঁর সঙ্গে আমার সাক্ষাৎ হতো। তিনি যদি আমাকে দূর থেকে দেখতে পেতেন তাহলে ডাকতেন।

খুব শান্ত স্বভাবের মানুষ এই গুণেই তিনি সকলের প্রিয় হয়ে উঠেছিলেন। তাঁর ওপর সকলের বিশ্বাস এবং সবাইকে তিনি কাছে টানতে পারতেন। আদর্শবাদের ওপর ঋজুভাবে দাঁড়িয়ে তিনি কখনো ন্যায় ও নীতির পথ থেকে বিচ্যুত হননি।

স্বাধীনতা আন্দোলনের সময় তিনি তমলুক জেলার প্রথম 'ডিক্টেটর' বা অধিনায়ক হয়েছিলেন এবং এর থেকেই তাঁর অদম্য সাহসের পরিচয় পাওয়া যায়। মৃদু কথা, সুমিষ্ট ব্যবহার ও কথা-বার্তার বলায় প্রচ্ছন্ন থাকত তাঁর সাহস।

যে কর্তব্য তিনি গ্রহণ করেছিলেন তাতে তিনি সম্পূর্ণভাবে নিবেদিত-প্রাণ ছিলেন—সকলেই এটা উপলব্ধি করেছিলেন। এবং এই কারণে তিনি বহু সংগঠন ও প্রতিষ্ঠানের প্রধান নির্বাচিত হয়েছিলেন, এর অনেকগুলির সঙ্গে রাজনীতির কোন সংস্পর্শ ছিল না। দেশের কাজে তিনি নিজেকে পরিপূর্ণভাবে সঁপে দিয়ে ছিলেন এবং এই কারণেই তিনি অকৃতদার ছিলেন। ১৯৪৭ থেকে ১৯৭৬ সাল পর্যন্ত তাঁর সুদীর্ঘ সংসদীয় জীবনে তিনি যে ক্রমাগত নির্বাচিত হতেন, এর থেকেই বোঝা যায় যে জনসাধারণ তাঁর দেশসেবার মূল্য উপলব্ধি করেছিল।

সাধু প্রকৃতির মানুষ তিনি কখনো দুর্নীতি বা অর্থের লালসার কাছে নিজেকে বিকিয়ে দেননি, যদিও এর বহু সুযোগ এসেছিল তাঁর সুদীর্ঘ জনসেবার জীবনে। এই শ্রেণীর দেশনেতা ও কর্মী ক্রমেই বিরল হয়ে আসছে।

(মূল ইংরাজির অনুবাদ)

সর্বাধিনায়ক

শ্রীমতী রেণুকা রায়

[প্রাক্তন লোকসভা সদস্যা; প্রাক্তন মন্ত্রী (পশ্চিম বঙ্গ]

ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম সাহসী নেতা শ্রীসতীশ চন্দ্র সামন্ত এই শতাব্দীর সূচনায় জন্মগ্রহণ করেছিলেন। বেঙ্গল টেকনিক্যাল ইনষ্টিট্যুটের ছাত্র ছিলেন তিনি, যখন ১৯২১ সালে তিনি গান্ধীজীর নেতৃত্বে কংগ্রেসে যোগদান করেন। স্বাধীনতা সংগ্রামে বহুবার তিনি কারাবরণ করেছিলেন। কাকুরদহে গুণধর জাতীয় উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরূপে তিনি তাঁর বহু ছাত্রদের অনুপ্রাণিত করেছিলেন, যারা পরবর্তীকালে স্বাধীনতা সংগ্রামে যোগদান করেছিল। ১৯২৯ সালে তমলুক থানা কংগ্রেসের সম্পাদক রূপে সুরু হয়েছিল তাঁর রাজনৈতিক জীবন এবং তারই পরিণতি লক্ষ্য করা যায় বিয়াল্লিশের 'ভারত ছাড়ো' আন্দোলনের সময়। ১৯৪২-১৯৪৩ সালে তিনিই ছিলেন তমলুকের প্রথম ডিক্‌টেটর বা অধিনায়ক। সেই বৃটিশ ঔপনিবেশিক প্রভুত্বের দিনে যখন তমলুক সাবডিভিশন মাসের-পর-মাস স্বাধীনতা সংগ্রামীদের অধিকারে ছিল তখন তিনি উল্লেখযোগ্য অংশগ্রহণ করেছিলেন। 'ভারত ছাড়ো' আন্দোলনের সময় তমলুক ও মেদিনীপুরের কংগ্রেস কর্মীরা যে দুঃসাহসের পরিচয় দিয়েছিল তার কাহিনী দূর-দূরান্ত দেশে পরিব্যাপ্ত হয়েছিল। ১৯৪৭ সালে যখন স্বাধীনতা এলো তখন তমলুকের বীর সন্তানগণই সবচেয়ে বেশি স্থান লাভ করেছিলেন ভারতের জনসাধারণের মনে। সতীশবাবু এবং তাঁর বন্ধু ও আজীবনের সঙ্গী বসন্ত কুমার দাস ভারতের গণপরিষদের সদস্য নির্বাচিত হয়েছিলেন।

যদিও আমি তাঁকে অনেক আগেই দেখছিলাম, তথাপি আমি যখন গণপরিষদে এলাম তখনই আমি শ্রীসতীশ সামন্তকে ভালোভাবে জানলাম। স্বাধীনতা যুদ্ধের তিনি একজন প্রখ্যাত নায়ক, কিন্তু তাঁর সঙ্গে যখন আমার প্রথম সাক্ষাৎ হয়, তখন দেখলাম নাম ও খ্যাতি

সত্ত্বেও তিনি কত সহজ ও লাজুক প্রকৃতির মানুষ। ক্রমে যতই তাঁর সঙ্গে পরিচিত হলাম তাঁর অন্তর্নিহিত সততা উপলব্ধি করেছিলাম। তিনি এবং বসন্তবাবু দু'জনেই কঠিন চরিত্রের মানুষ ছিলেন, যদিও সতীশবাবু কথা কম বলতেন এবং সহজলভ্য ছিলেন। পরিহাস-রসিক, উজ্জ্বল চক্ষু এই মানুষটির বাক্‌পটুতা তেমনি ছিল না। তাঁর ব্যবহার সব সময়েই সহজ ছিল, কিন্তু এর মানে এই নয় যে, সঙ্কল্পে তাঁর দৃঢ়তা ছিল না। কর্মীপুরুষ, তাই তাঁর খুব বেশি কথা বলার প্রয়োজন হতো না। আমার মনে আছে, গণপরিষদে এমন অনেকদিন গেছে যখন বিতর্কমূলক বিষয়ের আলোচনার সময় আমাদের মধ্যে অনেকেই উত্তেজিত হয়ে উঠতেন, তখন সতীশবাবু কেমন শান্ত ও ধীরস্থির থাকতেন।

যখন নেহেরু—লিয়াকৎ আলি চুক্তির সময় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এবং ক্ষিতীশচন্দ্র নিয়োগী কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেছিলেন তখন শুধু পশ্চিমবঙ্গ নয় অন্যান্য রাজ্যে অনেকেই খুব উত্তেজিত হয়েছিলেন এবং অনুভব করেন যে হয়ত আমাদেরও পদত্যাগ করা উচিত। এই ব্যাপারে আমি ও সুরেশ মজুমদার উত্তেজিত হয়ে সতীশবাবুর সঙ্গে সাক্ষাৎ করি। এই চুক্তির ফলে পূর্ববঙ্গের (এখন বাংলাদেশ) উদ্বাস্তুদের প্রতি যে অবিচার হবে সেই কথাটা যখন সতীশবাবুকে বলেছিলাম। উদ্বাস্তুরা তখন দলে দলে আসতে সুরু করেছে—এটা গান্ধীজীর মৃত্যুর কয়েক মাস পরের ঘটনা। অবিচলিত এবং শান্তভাবে তিনি আমাদের প্রতি তাকালেন এবং বললেন তোমরা কি মনে কর গণপরিষদ থেকে আমাদের পদত্যাগ উদ্বাস্তুদের স্বার্থের অনুকূল হবে? তার চেয়ে বরং এখানে থেকে সমস্যাগুলি আলোচনা করা যেতে পারে যাতে আমরা উদ্বাস্তুদের কিছু উপকার করতে পারি। তাঁর এই দৃষ্টিভঙ্গীর ফলে আমরা অবশেষে পরিষদে থাকার সিদ্ধান্ত নিয়াছিলাম। কিন্তু আমাদের মধ্যে কেউ কেউ (এর মধ্যে আমি ও সুরেশবাবু ছিলাম) পণ্ডিত নেহেরুর অনুমতি নিয়ে ভোটদানের সময় নিরপেক্ষ ছিলাম বিবেকের দোহাই দিয়ে। নেহেরু-লিয়াকৎ চুক্তি সম্পর্কিত প্রস্তাবটি যখন গৃহীত হয়

আমরা নেতার অনুমতি নিয়ে ভোটদানে বিরত ছিলাম, কিন্তু আমরা গণপরিষদ থেকে পদত্যাগ করিনি। এটা সতীশবাবুর শান্ত অনুরোধের ফলেই সম্ভব হয়েছিল।

ডাক্তার বিধানচন্দ্র রায়ের মন্ত্রিসভায় কিছুকাল মন্ত্রী থাকার পর ১৯৫৭ সালে আমি যখন লোকসভায় ফিরে এসেছিলাম, আমি দেখেছিলাম সতীশবাবু ইতিমধ্যে বেশ একজন অভিজ্ঞ পালিয়া-মেন্টারিয়ান হয়ে উঠেছেন এবং লোকসভা ও রাজ্যসভায় একজন সম্মানিত নেতা হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন। সর্বজনীন 'দাদা' হিসাবে তিনি পরিচিত ছিলেন। গণপরিষদের গোড়ার দিকে এই উপাধিটা তিনি লাভ করেছিলেন। তাঁর সুন্দর স্বভাব ও সদয় ব্যবহারের গুণে তিনি সকলের প্রীতিভাজন হয়েছিলেন।

কিন্তু "ভারত ছাড়ো" আন্দোলনের সময়ে তমলুকের প্রথম অধিনায়ক নম্রপ্রকৃতির মানুষ হলেও তিনি অত্যন্ত কঠিন ও দৃঢ়চেতা ছিলেন এবং তাঁর প্রিয় যে-কোন বিষয় নিয়ে আন্দোলন করতেন অধ্যবসায়ের সঙ্গে বক্তৃতা দিয়ে নয়, তাঁর বিনম্র আচরণ দ্বারা তিনি সবাইকে তাঁর প্রতি আকৃষ্ট করতেন এবং বাধা-বিঘ্ন জয় করতে পারতেন।

কলকাতা বন্দরের সুবিধার জন্য হলদিয়াতে একটি বন্দর স্থাপন করার প্রকল্পটি ডাক্তার বিধানচন্দ্র রায়ের খুব প্রিয় ছিল, কিন্তু এর সামনে ছিল কতকগুলি বাধা—বিশেষ করে পারাদ্বীপ প্রকল্পটি অনুমোদন করাতে বিজু পট্টনায়ক তখন উঠে পড়ে লেগেছিলেন। কিন্তু হলদিয়া প্রকল্পটি ছিল সতীশবাবুর নির্বাচনী কেন্দ্রে এবং ডাক্তার রায় ও অন্যান্যদের মতো তিনিও এটা পরিত্যাগ করতে ইচ্ছুক ছিলেন না। এক সময় এ প্রকল্পটি পরিত্যক্ত হবার উপক্রম হয়েছিল। তখন ডাক্তার রায়ের মৃত্যুর পর সতীশবাবু কেন্দ্রীয় মন্ত্রী হুমায়ুন কবিরের সহায়তায় এটা হতে দেননি। প্রকল্পটি শুধু অনুমোদিত হয়নি, এটাকে বাস্তবে রূপায়িত করার চেষ্টা হয় এবং সমগ্রভাবে হলদিয়া বন্দরের অস্তিত্ব বর্তমান আকারে আনা সম্ভব হয়েছে। এই সম্পর্কিত প্রচেষ্টায় বিস্তারিত বিবরণ আমি জানি না, তবে এটা আমি

জানি যে, এই প্রকল্পটির অনেকখানি সফল করার পিছনে আছে সতীশবাবুর নিঃশব্দ কিন্তু অবিরাম প্রয়াস। গোড়ার দিকের একটি ঘটনা মনে আছে যখন কেন্দ্রীয় কর্তৃপক্ষের নির্দেশে নির্মাণের পূবে হলদিয়া প্রকল্পের স্থানটি আমরা, সংসদের কয়েকজন সদস্য, পরিদর্শন করবার জন্য অনুরুদ্ধ হয়েছিলাম। সতীশবাবু আমার সঙ্গে ছিলেন। সেই সময়ে তিনি যেভাবে তাঁর উৎসাহ ও আগ্রহ প্রকাশ করেছিলেন তা আমি তাঁকে কদাচিৎ করতে দেখেছি, কারণ তিনি সাধারণতঃ শান্তভাব অবলম্বন করে থাকতেন।

ফারাক্কা ছিল আমার মালদহ নির্বাচনী কেন্দ্রে এবং স্বাভাবিক কারণেই আমি ফারাক্কা বাঁধ শুরু করার ব্যাপারে আমার সমস্ত প্রয়াস নিয়োজিত করেছিলাম। র‍্যাডক্লিফ রোয়েদাদের মধ্যে এই বাঁধ নির্মাণের কথা উল্লিখিত হয়েছিল। বাবু জগজীবন রাম যখন কেন্দ্রে মন্ত্রী ছিলেন তখন প্রস্তাবটি চুড়ান্তভাবে গৃহীত হয়েছিল। সতীশবাবু এবং অন্যান্য সংসদ সদস্য এই বাঁধ নির্মাণের ব্যাপারে সমর্থন করায় আমি খুব উৎসাহিত বোধ করেছিলাম। পরে যখন ফারাক্কা ব্যারেজ সাব-কমিটি গঠিত হয়েছিল সতীশবাবু তার একজন সদস্য ছিলেন।

সংসদে ইণ্ডিয়ান এয়ার লাইন্স কো-অপারেশন য়্যাডভাইসারি কমিটি সমেত বহু কমিটির একজন বিশিষ্ট সদস্য ছিলেন সতীশবাবু এবং ১৯৬০ সালে সংসদে কংগ্রেস দলের একজিকিটিভ কমিটিরও তিনি সদস্য ছিলেন। তিনি কংগ্রেস সোসালিষ্ট ফোরামে যোগদান করেছিলেন। আমিও এর একজন সভ্য ছিলাম। হরিজনদের উন্নয়নের ব্যাপারে তিনি সর্বদা সক্রিয় ছিলেন এবং কিছুকাল তিনি হরিজন ওয়েলফেয়ার বোর্ডের একজন সভ্য ছিলেন।

তাঁর শান্তপ্রকৃতি সত্বেও সতীশবাবুকে রাইফেল ক্লাবের একজন সভ্য হতে দেখে আমি বিস্মিত হয়েছিলাম। কিন্তু এটা তাঁর পূর্বেকার কর্মধারার সঙ্গে খাপ খেয়ে গিয়েছিল। আচরণ নম্র, ব্যবহারে সদয় ও সকলকে সাহায্য করতে উন্মুখ। সতীশবাবুর অন্তরে ছিল সেই আগুন যা তিনি প্রভূতভাবে প্রকাশ করেছিলেন যখন ব্রিটিশ শাসনকালে তমলুক বিদ্রোহী হয়েছিল এবং মাসের পর মাস তার

নিজস্ব প্রশাসন বজায় রেখেছিল। তিনিই ছিলেন এর অন্যতম প্রেরণাদাতা।

দেশের সেবায় আমি সতীশবাবুর দীর্ঘ জীবন কামনা করি। এই বয়সে তিনি হয়ত চলাফেরা করতে পারেন না। কিন্তু আমি সুনিশ্চিত যে, তাঁর দৃষ্টান্ত, তাঁর উপদেশ ও তার সদয় ব্যবহার বর্ত্তমান আগামীকালের তরুণদের অনুপ্রাণিত করবে।

(মূল ইংরাজির অনুবাদ)

একটি উৎসর্গীকৃত প্রাণ

পণ্ডিত শীলভদ্র যাজী

[প্রাক্তন সংসদ সদস্য ; কার্যকরী সভাপতি, নিখিলভারত স্বাধীনতা সংগ্রামী সংগঠন ; সহ সভাপতি, আজাদ হিন্দ বাহিনী শহীদ স্মৃতি কমিটি ; সভাপতি; ভারতীয় কৃষি কর্মী পরিষদ]

আমি জেনে সুখী হলাম যে, স্বাধীনতা সংগ্রামের সর্বজন পরিচিত অধিনায়ক শ্রদ্ধাস্পদ সতীশচন্দ্র সামন্ত মহাশয়ের একটি জীবনী প্রণয়নের ব্যাপারে আপনারা উদ্যোগী হয়েছেন।

ব্রিটিশ সাম্রাজ্যবাদের নিগড় থেকে ভারতবর্ষকে মুক্ত করার জন্য সর্বাধিনায়ক সামন্তদা তাঁর সমগ্র জীবন নিয়োজিত করেছেন। তাঁর সুদক্ষ নেতৃত্বাধীনে উদ্বুদ্ধ হয়ে কেবলমাত্র মেদিনীপুর জেলা নয়, সমগ্র পশ্চিমবঙ্গ ভারতের স্বাধীনতা সংগ্রামে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল। ১৯২১ সাল থেকে ১৯৪৭ সাল পর্যন্ত এই সুদীর্ঘ কাল-ব্যাপী স্বাধীনতা সংগ্রামে তিনি শুধু যোগদান করেননি, তিনি সংগ্রাম পরিচালনা করেছেন, স্বাধীনতা সংগ্রামী এবং দেশের তরুণদের উদ্বুদ্ধ করেছেন মাতৃভূমির জন্য সর্বস্ব ত্যাগ করতে।

লোকসভার সদস্য হিসাবে তিনি সর্বদাই অত্যাচারিত এবং অবদমিতদের স্বার্থ রক্ষা করতেন। তাঁর সমগ্র জীবন আত্মত্যাগ ও দেশপ্রেমের কাহিনীতে পূর্ণ।

দেশের ঐক্য ও সংহতি সংরক্ষণের জন্য এবং দারিদ্র্য, বেকারী ও দুর্নীতি দূর করে ভারতবর্ষে দ্রুত সমাজতান্ত্রিক রিপাবলিক গড়ে তোলার কাজে দেশের তরুণ সম্প্রদায় তাঁর জীবন অনুসরণ করুক।

আমি তাঁর সুদীর্ঘ স্বাস্থ্য-উজ্জ্বল জীবন ও ১৫০ বছর পরমায়ু কামনা করি।

(মূল ইংরাজির অনুবাদ)

আমার সতীর্থ

সর্দার হুকুম সিং

[প্রাক্তন অধ্যক্ষ, লোকসভা ; প্রাক্তন রাজ্যপাল (রাজস্থান)]

আমি জেনে সুখী হলাম যে, আপনারা শ্রীসতীশ চন্দ্র সামন্তের একটি জীবনী প্রকাশে উদ্যোগী হয়েছেন। গণপরিষদে, সাময়িক সংসদে এবং লোকসভায় তিনি আমার সতীর্থ ছিলেন। তাঁর প্রতি আমি গভীর শ্রদ্ধা ও ভালবাসা পোষণ করি আর লোকসভায় তাঁর কাজকর্ম তো সকলের প্রশংসা অর্জন করেছিল। আমি দেখেছি তিনি যেমন আন্তরিক—তেমনি স্পষ্টবক্তা মানুষ ছিলেন। তাঁর আচার-ব্যবহার যেমন সরল ছিল, তেমনি লোকের সঙ্গে ব্যবহারে তিনি ছিলেন ভদ্র। তাঁর নিকটে আসার আগ্রহ আমি অনুভব করেছিলাম, কিন্তু তাঁর জীবন সম্পর্কে বিশেষ কিছু জানার সুযোগ আমার হয়নি। তাঁর বিষয়ে আমার ব্যক্তিগত যেটুকু ধারণা আছে তার থেকে অধিক কিছু লেখা সম্ভব নয়।

(মূল ইংরাজির অনুবাদ)

মেদিনীপুরের ভীষ্ম পিতামহ

শ্রীভবানীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

[প্রাক্তন সদস্য, গান্ধীদর্শন কমিটি ও রাজঘাট সমাধি কমিটি ; সভাপতি ইন্‌স্টিটিউট অব্ ডেমোক্রেসি ও সোসালিজম্]

সতীশ সামন্ত একটি নাম যাকে আজকের ভারতবাসীদের মধ্যে বেশীর ভাগই চিনবে না। এমন কি পশ্চিমবাংলারও এই যুগের লোকেরা অবাক হয়ে ভাববে—তিনি কে ছিলেন। হয়ত মেদিনীপুর তাঁর কথা কিছুদিন মনে রাখবে, তারপর ধীরে ধীরে কালের কবলে এই নামটা একটা কিংবদন্তীতে দাঁড়াবে।

সতীশদার কথা ভাবতে গেলে আমার উপনিষদের ঋষিদের কথা মনে পড়ে। তাঁদের অনেকেরই আমরা জানি না। অথচ ভারতীয় দর্শন, কৃষ্টি, সংস্কৃতি ও সভ্যতা—সব-কিছুই তাঁরা গড়ে দিয়ে গিয়েছেন। এই দেশকে পৃথিবীর অন্যান্য সভ্যতা, মহান বলে স্বীকার করে তাঁদেরই অবদানের জন্য।

সতীশ সামন্তর নামটা শুনেছি সেই কোন্ ছেলেবেলায়। কিন্তু আমার নিজের কর্মক্ষেত্র উত্তর ভারতে হওয়ার জন্য তাঁর সঙ্গে তখন চাক্ষুষ পরিচয় হয়নি। তারপর দেখা হয়েছে, কথা হয়েছে, কিন্তু নিকট থেকে অন্তরঙ্গ হবার সুযোগ এলো ১৯৬৫ সালের ডিসেম্বর মাসে। তার কিছুদিন আগে শ্রীঅজয় মুখোপাধ্যায়ের সঙ্গে শ্রীঅতুল্য ঘোষ এবং তাঁর কিছু অনুগামীদের মতভেদ হওয়ায় অজয়বাবুকে প্রদেশ কংগ্রেসের সভাপতির পদ থেকে সরিয়ে দেওয়া হয়েছে। প্রদেশ কংগ্রেসের আভ্যন্তরিণ কলহ ও দলাদলি এক চরম পর্যায়ে এসে দাঁড়িয়েছে। এই বিষয়ে স্বর্গীয় লালবাহাদুর শাস্ত্রীর সঙ্গে আমার আলোচনা হয়। আমি তার কিছু পূর্বে নিখিল ভারত কংগ্রেস কমিটির স্থায়ী মন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেছি। কিন্তু কংগ্রেসের বিশেষ প্রতিনিধি হিসাবে ভারতবর্ষের প্রতিটি প্রদেশে আমার যাতায়াত ছিল এবং কংগ্রেস সংগঠন, তার বিশিষ্ট কর্মীদের আমি সারা

ভারতবর্ষেই জানতাম। শাস্ত্রীজী আমাকে পশ্চিমবঙ্গে গিয়ে সেখানকার রাজনৈতিক পরিস্থিতি অধ্যয়ন করে আসতে বললেন।

ডিসেম্বরের মাঝামাঝি আমি কলকাতায় গিয়ে প্রায় তিন সপ্তাহ ছিলাম। কলকাতার এবং আশেপাশের জেলার বহু কর্মীর সঙ্গে সাক্ষাৎ এবং আলোচনা করি। সেই সময় মেদিনীপুরের চার স্তম্ভ—অজয় মুখোপাধ্যায়, সতীশ সামন্ত, বসন্ত দাস এবং সুশীল ধাড়ার সঙ্গে ঘনিষ্ঠভাবে আলাপ ও আলোচনার সুযোগ হ'ল। দেশের এবং প্রদেশের রাজনীতি নিয়ে আমাদের মধ্যে আলোচনা ও তর্ক চলত। কিন্তু বেশীরভাগ সময়ই সতীশ সামন্ত নীরব শ্রোতা হয়ে শুনতেন। এক এক সময় আমার সন্দেহ হতো তিনি অন্য কিছু ভাবছেন, তাঁর মন আর কোথাও—কিন্তু চোখের দিকে চাইলে দেখতাম যে এক গভীর অন্তর্ভেদী দৃষ্টি নিয়ে তিনি আমাদের প্রতিটি কথা শুনছেন। বিশেষভাবে তাঁকে জিজ্ঞাসা করলে তিনি সামান্য দু একটি কথায় তাঁর বক্তব্য জানাতেন, তাইতে বুঝতাম যে আলোচনার কোনো অংশই তাঁর নজর এড়ায়নি।

তিন সপ্তাহ ধরে বিভিন্ন পর্যায়ে বহু কর্মী ও সাথীদের সাথে আলোচনা করার পর অজয়বাবু, সতীশ সামন্ত এবং তাঁর সাথীদের আমি সনির্বন্ধ অনুরোধ করলাম যে তাঁরা যেন অধৈর্য্য হয়ে কংগ্রেস ছেড়ে না দেন। কারণ লালবাহাদুরজী পশ্চিমবঙ্গের ব্যাপারে হস্তক্ষেপ করবেন বলে মনস্থির করেছেন। আমি দিল্লী ফিরে এলাম। শাস্ত্রীজীর সঙ্গে কথা হোলো এবং তিনি আমাকে বললেন যে বিদেশ যাত্রা থেকে ফিরেই তিনি পশ্চিমবঙ্গের বিষয় হাতে নেবেন। শাস্ত্রীজী পরের দিন সকাল তাসখন্দ রওনা হলেন।

বিধাতার রূঢ় পরিহাস স্বরূপ শাস্ত্রীজী আর ফিরে এলেন না। তাসখন্দ থেকে তাঁর অকস্মাৎ মৃত্যুর সংবাদ এলো। অজয়বাবু তখন দিল্লীতে। তিনিই আমাকে রাত্রি তিনটার সময় এই মর্মান্তিক দুঃসংবাদ দিলেন। ভারতবর্ষের রাজনৈতিক ইতিহাস এক নতুন পথে মোড় নিল। সিণ্ডিকেট নামে যে দলটি এখনো অবধি অনেকখানি আত্মগোপন করেছিল—তা এবার সরাসরি এবং সরবে কেন্দ্রীয় এবং

প্রাদেশিক স্তরে ক্ষমতার প্রতিযোগিতায় মঞ্চে অবতরণ করল। পশ্চিমবঙ্গে কোনোরকম বোঝাপড়া সম্ভব হ'ল না, এবং কংগ্রেস ছেড়ে অজয়বাবু, সতীশ সামন্ত, হুমায়ুন কবীর এবং আরও বহু জন মিলে 'বাংলা কংগ্রেস' নামে একটা ভিন্ন রাজনৈতিক দল গড়ে তুললেন।

বাংলা কংগ্রেস গড়ে ওঠার প্রাক্কালে আমি ইন্দিরাজীর সঙ্গে এই নিয়ে বিস্তারিত আলোচনা করি এবং আমার পশ্চিমবঙ্গে যাওয়ার কথাও বলি। কিন্তু ইন্দিরাজী তখন সবেমাত্র প্রধানমন্ত্রী হয়েছেন। তখনি তাঁর পক্ষে 'সিণ্ডিকেটে'র সঙ্গে খোলাখুলিভাবে সংঘর্ষে আসা সমীচীন ছিল না। সে এক ইতিহাস। ১৯৬৭ সালে সাধারণ নির্বাচন এলো। বাংলা কংগ্রেস পৃথক রাজনৈতিক দল হিসেবেই সেই নির্বাচনে অংশ নিল। আমার, কংগ্রেস কর্মী হিসেবে বাংলা কংগ্রেসের নেতৃবৃন্দের সঙ্গে ব্যক্তিগত সম্পর্ক ছাড়া রাজনীতির ক্ষেত্রে আর যোগাযোগ রইল না।

তখনো নির্বাচনের জন্য প্রার্থী মনোয়ন চলছে। একদিন সকালে হঠাৎ দেখি সতীশ সামন্ত ৭ নং যন্তর মন্তর রোডে এ. আই. সি. সি-র অফিসে আমার কাছে এসেছেন। আমি অবাক হয়ে প্রশ্ন করলাম,—একি, আপনি এখানে? সতীশদা তাঁর চিরকালীন অভ্যাস মত শান্ত গলায় উত্তর দিলেন, 'আপনার কাছে এসেছি।' আমি মুখের দিকে চেয়ে রইলাম। বিনা কোনো ভূমিকায় সতীশদা বললেন, 'আমরা বাংলা কংগ্রেসের তরফ থেকে ঠিক করেছি যে আপনি মেদিনীপুর জেলা থেকে লোকসভার নির্বাচনে লড়েন।" প্রস্তাবটা বুঝতে আমার একটু সময় লাগল। সতীশদার মুখে কোনো উৎকণ্ঠা নেই, কোনো ব্যগ্রতা নেই—যেন সমস্ত ঘটনাটাই সোজা এবং অত্যন্ত সরল। আমি একটু চুপ করে থেকে বললাম—'কিন্তু সতীশদা, আমাকে মেদিনীপুরে তো কেউ চেনে না—তাছাড়া ইলেক্‌শন লড়বার টাকা কোথায় পাবো আমি।' কথাটা বলার পর আমি ভাবলাম যে বোধহয় এইখানেই তাহলে এর নিষ্পত্তি হোলো। কিন্তু তা মোটেই হ'ল না। সতীশদা তেমনি অনড় অটলভাবে ধীরে ধীরে বললেন,—"এসব নিয়ে অজয়বাবু এবং আমাদের মধ্যে আলোচনা হয়েছে।

প্রার্থী হিসাবে যে পাঁচশো টাকা জমা দেবার, সেটা আমরাই দেবো। এবং মেদিনীপুরে আপনাকে নির্বাচন ক্ষেত্রে গিয়ে কিছুদিন থাকতে হবে। আমরা আপনাকে সঙ্গে নিয়ে ঘুরে লোকেদের সঙ্গে পরিচয় করিয়ে দেবো। সতীশদার নিশ্চিন্ত মুখের ভাবখানা এই যে আর তো কিছু বলার বা করার নেই—এখন কেবল মেদিনীপুরের জন্য ট্রেনের টিকিটটা কাটাই বাকী। আমি আর কোনো উপায় নেই বুঝলাম। তখন আমি বললাম যে, 'বেশ। আমি একবার এ বিষয় ইন্দিরাজীর সঙ্গে আলোচনা করে আপনাকে জানাবো।' সতীশদা রাজী হলেন। ইন্দিরাজীর সঙ্গে কথা বলতে ইন্দিরাজী রাজী হলেন না যে আমি কংগ্রেস ছাড়ি, তাছাড়া তিনি চাইছিলেন যে আমি এলাহাবাদ থেকে লালবাহাদুরজীর ক্ষেত্র থেকে লোকসভার জন্য লড়ি। সতীশদা হতাশ হয়ে চলে গেলেন। আজ আমার মনে হয় যে আমি সেদিন ভুল করেছিলাম। সতীশদার কথা আমার মেনে নেওয়া উচিত ছিল।

১৯৭১ সাল থেকে ১৯৭৭ সাল অবধি দিল্লীতে সতীশদা আমাদের অত্যন্ত নিকট প্রতিবেশী ছিলেন। তাঁর এবং আমাদের বাড়ির দেওয়াল কোণাকুনিভাবে ছুঁতো। এই ক'বছরের মধ্যে না জানি কতবার ওঁর কাছে গিয়ে আমি কতক্ষণ করে কাটিয়েছি এবং তিনিও বহুবার আমাদের বাসায় এসেছেন। এই স্বল্পভাষী, ধীর গম্ভীর পুরুষটির ব্যক্তিত্বকে আমি যতই দেখেছি—ততই শ্রদ্ধায় আমার মাথা নুয়ে এসেছে। তাঁর সমস্ত জীবনটাই কর্ম এবং ত্যাগের এক জ্বলন্ত উদাহরণ। মানুষ যে এত খাঁটী, এত সরল, এবং সেই সঙ্গে এত সত্যনিষ্ঠ এবং দৃঢ়প্রতিজ্ঞায় অনড় অটল হতে পারে তা না দেখলে বিশ্বাস হয় না।

শ্যামবর্ণ, বলিষ্ঠ গঠন, মুখে বড় পাকা গোঁফ, মাথায় কদমছাঁট সাদা চুল,—এই আজন্ম অকৃতদার লোকটিকে দেখে আমার প্রায়ই মহাভারতের ভীষ্ম পিতামহের কথা মনে পড়ত। মেদিনীপুরের কর্মীরা এঁকে সর্বাধিনায়ক বলে অতি উৎকৃষ্ট কাজ করেছেন।

যে যুগে সতীশ সামন্তের জন্ম—সেটা ভারতবর্ষের স্বর্ণযুগ এবং বাংলাদেশের বোধহয় ততোধিক-হীরকযুগ। ধার্মিক আন্দোলন,

সাহিত্য, কলা, রাজনৈতিক আন্দোলন—এক সর্বব্যাপী জাগরণ ও উত্থানের জোয়ার এসেছিল। সেই জোয়ারের মুখে যে বহু মণিমুক্তা ভেসে এসেছিল, সতীশ সামন্তও তাদের একজন। অমোঘ কাল বহুজনকেই হরণ করে নিয়েছে। দিন আসছে যখন অবশিষ্ট কজনও চলে যাবেন। তাঁদের কিছুর নাম ইতিহাসের পাতায় থাকবে, অনেকেরই হয়ত থাকবে না। প্রকৃতির নিয়মে সতীশ সামন্তও চলে যাবেন। তাতে দুঃখ নেই। খেদ্ এই যে এঁদের সঙ্গে সঙ্গে সেই আদর্শবাদ, সেই মানবিক মূল্যবোধ সবই চলে যাচ্ছে। আজকের যুগের ছেলে-মেয়েদের মধ্যে দুর্জয় সাহস। কিন্তু কোথায় যেন একটা অভাব আছে, যেটা কোনো-কিছু দিয়েই পূরণ হবার নয়। তবুও আমি আশাবাদী। আমি বিশ্বাস করি যে যুগের প্রয়োজন অনুযায়ী আবার নতুন মাতঙ্গিনী হাজরা, নতুন সতীশ সামন্ত জন্ম নেবে, গাছের পুরানো পাতা ঝরে যাবে, সেই সঙ্গে তার ফুল, ফল সব ঝরে যাবে। আবার সময় আসবে যখন নতুন কিশলয় জন্ম নেবে। বনস্পতির মতনই—মানব সমাজের যাত্রা অক্ষুন্ন থাকবে।

মেদিনীপুর জন্ম দিয়েছে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের, মাতঙ্গিনী হাজরার, সতীশ সামন্তের। আমি রত্নগর্ভা-মেদিনীপুরকে নমস্কার জানাই। আমার নমস্কার জানাই মেদিনীপুরের সর্বাধিনায়ক ভীষ্ম পিতামহ সতীশ সামন্তকে। এই কামনা করি যে এই মহাপ্রাণের আশীর্ব্বাদ ঝরে পড়ুক আজকের কিশোর ও যুব সম্প্রদায়ের মাথায়, তাদের পথ প্রশস্ত হোক, পরিচ্ছন্ন হোক।

এবং তারা 'বিপ্লবী' নাম দিয়ে হাতে-ছাপা একটি পত্রিকা প্রকাশ করলো।

এইসব কার্য-কলাপের ফলেই সুরু হয়ে গিয়েছিল এমন বৈপ্লবিক কর্ম ও প্রয়াস যার কোন নজির ছিল না। পুলিশ থানাগুলি আক্রান্ত হলো এবং একটি সামরিক সরকারও প্রতিষ্ঠিত হয়েছিল। এই সরকারের ছিল নিজস্ব সৈন্যবিভাগ, গোয়েন্দা বিভাগ, এ্যাম্বুলেন্স, গেরিলা বাহিনী ও নারী-বাহিনী। ইংরেজের আইন আদালত সম্পূর্ণভাবে বর্জন করা হয়েছিল এবং জাতীয় সরকারই আইন শৃঙ্খলা রক্ষা করতেন। 'মেদিনীপুরের দুই বৎসরের জাতীয় সরকার' শীর্ষক গ্রন্থে শ্রীসামন্ত এই সব বিষয়ের একটি সুন্দর বিবরণ দিয়েছেন।

কিন্তু যে ত্রিশ বছর তিনি দিল্লীতে অবস্থান করেছিলেন তখন শ্রীসামন্ত ছিলেন যেন একটি সম্পূর্ণ পৃথক ব্যক্তি। যা কিছু তিনি অনুভব করতেন, স্পষ্টভাবেই তা প্রকাশ করতেন কিন্তু তাঁর কথা ছিল মিষ্ট এবং অন্যকে তা শুনতেই হতো। সব সময়ই তিনি নীচের তলার মানুষদের সমর্থন করতেন এবং জনসাধারণের স্বার্থে যাদেরই কিছু বক্তব্য থাকতো সে সব তিনি সহানুভূতি সহকারেই শুনতেন। কর্মরত সাংবাদিকদের তিনি ছিলেন একজন বন্ধু এবং তাদের পক্ষে হিতকর আইন প্রণয়নে তিনি সহায়তা করতেন। সংসদের সেন্ট্রাল হলে শ্রীসামন্তকে সর্বদা লোকজন পরিবৃত হয়ে থাকতে দেখেছি। তখন মনে হতো তিনি শুধু তাম্রলিপ্তের মহান সংস্কৃতির উত্তরাধিকারী ছিলেন না, সেই সঙ্গে মহানভূমি বাংলার অগ্নিগর্ভ বৈপ্লবিক ও সাংস্কৃতিক চিন্তা ভাবনারও ধারক-বাহক ছিলেন।

(মূল ইংরাজির অনুবাদ)

আমার দেখা সতীশদা

শ্রীঅসিত কুমার সেনগুপ্ত

[প্রাক্তন সাধারণ সম্পাদক, বাঁকুড়া জেলা বাংলা কংগ্রেস কমিটি (পশ্চিমবঙ্গ)]

১৯৬৭ সালে আমি যখন বাংলা কংগ্রেসে যোগদান করি তখন সতীশদার নাম খুবই কানে আসত। কিন্তু স্বচক্ষে তাঁকে দেখবার সুযোগ হয়নি। এর কিছুদিন পরে তিনি দিল্লী থেকে হাওড়া আসছেন বলে তাঁকে আনবার জন্য বাংলা কংগ্রেস থেকে যে গাড়ি ষ্টেশনে যাচ্ছিল আমি তাতেই চড়ে বসলাম। ট্রেন এসে পৌঁছল। আমার হাতের মালাটা তাঁর গলায় পরিয়ে দিলাম। তিনি আমায় চিনতেন না প্রদেশ অফিস থেকে কমিটির কাছে আমার পরিচয় ইশারায় জানতে চাইলেন। কর্মীটি যেই বললো—আমাদের বাঁকুড়ার অসিতদা, অমনি তিনি এমনভাবে আদর জানালেন যেন আমি তাঁর বহু দিনের পরিচিত।

তাঁকে প্রথম দেখে মনে হয়েছিল কি ভয়ঙ্কর লোক, তার উপর যেন একটা বিরাট গাম্ভীর্য। তাঁর সঙ্গে এই আমার প্রথম পরিচয়।

এর কিছুদিন পরে দিল্লীতে বেড়াতে গিয়ে আমি ও বন্ধুবর ইন্দু সেনগুপ্ত উভয়ে সপরিবারে তাঁর দিল্লীর বাংলোতে প্রায় একমাস থাকার সুযোগ নিয়েছিলাম। তখন তাঁর ঘনিষ্ঠ সান্নিধ্যে এসে তাঁকে আরো কাছ থেকে দেখবার সৌভাগ্য হয়েছিল। দিল্লী ষ্টেশনে ট্যাক্সি ড্রাইভারদের কাছে ৭নং ইলেকট্রিক লেন আমরা যাব বলায় তারা খুব আগ্রহভরে বললো—'সামন্তজীকে মকান? চলিয়ে।' এতে তাঁর জনপ্রিয়তার পরিচয় পেলাম।

মূল ফটকের সামনে আমাদের গাড়ির বহর যখন দাঁড়াল, তখন প্রথম যা নজরে পড়ল, তাহলো সতীশদার স্বহস্ত রোপিত চারটি যৌবন-রসে দীপ্ত তালগাছ—যা দিল্লীর আর কোথাও আছে কিনা সন্দেহ। এর পরেই আমরা গিয়ে তাঁকে প্রণাম করলাম আর তখন যা চোখে পড়ল, তা হলো তাঁর সুন্দর একজোড়া বড় বড় গোঁফের মধ্যে কত মধুর হাসি। হাওড়া ষ্টেশনে তাঁকে প্রথম দেখার সঙ্গে এই মূর্তির কি বিরাট পার্থক্য। আলাপ করে দেখলাম একেবারে শিশু সুলভ মন,

যে-যা বলে সবই বিশ্বাস করেন।

বাংলা কংগ্রেসের একমাত্র রাজ্যসভার সদস্য শ্রীপ্রণব মুখার্জী সতীশদার জন্ম-দিবস উপলক্ষে দিল্লীতে একটি অনুষ্ঠান করলেন। আমি ও ইন্দু তাঁকে এবিষয়ে সাহায্য করতে লাগলাম। তিনিও এবিষয়ে আমাদের সঙ্গে প্রতিনিয়ত আলোচনা করতেন। এই অনুষ্ঠানে বহু এম.পি. এবং কতিপয় মন্ত্রী ও উপস্থিত ছিলেন। খুব সুন্দর অনুষ্ঠান হ'ল।

প্রায় প্রত্যহ সন্ধ্যায় সতীশদা ও বাঁকুড়ার এম.পি. শ্রীপশুপতি মণ্ডল তাস খেলতেন। প্রতিপক্ষ হেরে গেলে সতীশদা আনন্দে এত জোরে হাসতেন, সে শব্দ শুনে আমরা দেখতে যেতাম। তিনি তখন বলতেন—'এই দেখ, পশুপতি হেরে গেছে।'

আমাদের থাকাকালে একদিন আমাকে এবং বাংলা কংগ্রেস প্রদেশ কমিটির অন্যতম সম্পাদক বন্ধুবর ইন্দু সেনগুপ্তকে কাছে ডেকে দলের কার্যকলাপ সম্পর্কে বললেন—'কে এইসব কাজ দেখবে। একা সুশীল কিভাবে ম্যানেজ করছে, সেটা মাঝে মাঝে চিন্তা করি। তার উপর খুবই আস্থা রাখি। তোমাদের মতো ছেলেদের সে সংগ্রহ করেছে এবং চতুর্দিকে লক্ষ্য রেখে দলকে সঠিকপথে চালিয়ে যাচ্ছে, সেটা খুবই বাহাদুরির কথা।' এর থেকেই সেদিন বুঝেছিলাম যে সুশীলদার প্রতি তাঁর আস্থা ও স্নেহ কত গভীর।

একদিন পার্লামেণ্ট দেখতে গেলাম। সতীশদা পাস এনে দিলেন। আমরা দুই বন্ধু বেশ মন দিয়ে আলোচনা শুনছিলাম। কিন্তু হঠাৎ দেখতে পেলাম উত্তপ্ত আলোচনার সময় এম.পি. শ্রীচন্দ্রশেখর শ্রীমতী নন্দিনী সৎপতির চাদরটা ধরে পার্লামেণ্টের ভেতরেই টানাটানি করছেন। রাত্রে সতীশদাকে ঐ ঘটনা বলায় তিনি একটি ছোট মন্তব্য করেছিলেন—'ওরা ঐ রকমই।' আর কিছু বললেন না।

কলিকাতায় ফিরে এলাম। সতীশদার সেই সান্নিধ্যের মধুর স্মৃতি আজো অন্তরের অন্তঃস্থলে বহন করছি এবং যা মনে আনন্দের ঢেউ তোলে তা হলো—তাঁর কুসুম-কঠোর সেই মূর্তিটি এবং তাঁর চরিত্রের সেই বিশেষ দিকটি।

তমলুকের মুকুটহীন রাজা

শ্রীপ্রভুদয়াল হিম্মৎ সিঙ্কা

[প্রাক্তন সংসদ সদস্য ও প্রখ্যাত সমাজসেবী।]

সংসদে শ্রীসতীশ চন্দ্র সামন্ত সুপরিচিত ছিলেন। ১৯৪৬ থেকে ১৯৭৬ তিনি লোকসভার সদস্য ছিলেন। জাতীয় আন্দোলনে তিনি সক্রিয় ভূমিকা গ্রহণ করেছিলেন, দীর্ঘকাল কংগ্রেস প্রতিষ্ঠানে তিনি অনেক প্রকার উচ্চ আসন লাভ করেছিলেন। প্রকৃতপক্ষে তাঁর কর্মের ক্ষেত্র তমলুক সাবডিভিসনে এবং মেদিনীপুর জেলার কোন কোন অঞ্চলে তিনি কংগ্রেসের একজন সক্রিয় সদস্য ছিলেন। আন্দোলনের বিশেষ একটি পর্বে সেই সব অঞ্চলের তিনি ছিলেন একজন 'মুকুট বিহীন রাজা' এবং একটি বিশেষ সময়ে এমনভাবে কংগ্রেসের নিয়ন্ত্রণাধীনে ছিল যে, সেই সময় বৃটিশ গভর্ণমেণ্টের অফিসারদের কিছুমাত্র প্রভাব সেখানে ছিল না এবং তাঁরা কিছু করতেও পারতেন না। তিনি জাতীয় প্রতিষ্ঠান এবং সংসদের একাধিক কমিটির সদস্য ছিলেন। পার্লিয়ামেণ্টের একাধিক প্রতিনিধি দলের সদস্য হিসাবে তিনি সমগ্র ভারতবর্ষ ভ্রমণ করেছিলেন এবং ভারতের বাইরেও য়ুরোপের কয়েকটি দেশে, অষ্ট্রিয়া, পশ্চিম জার্মানি, বেলজিয়াম, গ্রেট ব্রিটেন, ফ্রান্স, সুইজারল্যাণ্ড, ইত্যাদি গিয়েছিলেন। তিনি সিঙ্গাপুরও পরিদর্শন করেছিলেন। একজন খাঁটি ভদ্রলোক হিসেবে তিনি সংসদের ভিতরে ও বাইরে তাঁর বন্ধু-বান্ধবদের অত্যন্ত প্রীতির পাত্র ছিলেন। দেশের জন্য তাঁর কাজ প্রশংসাযোগ্য এবং তা সর্বত্র সমাদৃত হয়েছে।

(মূল ইংরাজির অনুবাদ)

একটি জীবন্ত ইতিহাস

ডাঃ পূর্ণেন্দু নারায়ণ খাঁ

[প্রাক্তন সংসদ সদস্য ; অবসর প্রাপ্ত অধ্যাপক, কারমাইকেল মেডিক্যাল কলেজ (বর্তমানে আর. জি. কর) কলিকাতা]

সতীশ চন্দ্র সামন্ত—মহিষাদল, তমলুক, মেদিনীপুর। শুধু একটি নাম। এই নামটির সংগে পরিচিত ছিল মেদিনীপুর জেলার স্বাধীনতাকামী জনসাধারণ। আমিও পরিচিত ছিলাম ঐ নামটির সঙ্গে, ব্যক্তিটির সঙ্গে নয়। ১৯৪২-এর আগষ্ট আন্দোলনে মেদিনীপুর জেলার সর্বাধিনায়ক সতীশচন্দ্রের সঙ্গে আমার প্রথম পরিচয় ঘটে ১৯৬২-এর সাধারণ নির্বাচনের পরে।

উক্ত সাধারণ নির্বাচনে সতীশচন্দ্র সামন্ত তমলুক থেকে নির্বাচিত হলেন লোক সভায়, আর আমি লোকসভায় নির্বাচিত হলাম উলুবেড়িয়া কেন্দ্র থেকে। আমরা দুজনেই কংগ্রেসের মনোনীত প্রার্থী ছিলাম। কিন্তু আমার মনোয়ন ছিল কিছুটা অদ্ভুত এবং আকস্মিক, কারণ আমি ছিলাম গান্ধীবাদী কখনও কোন পদের আশা করি নাই। কট্টর কংগ্রেসী বলতে যা বোঝায় তা আমি কোনকালেই ছিলাম না। তবুও কংগ্রেস আমাকে মনোনয়ন করল হারানো আসন পুনরুদ্ধারের জন্য। আমি লোকসভায় নির্বাচিত হলাম। কংগ্রেসের আশা পূর্ণ হল।

’৬২-র এপ্রিল মাসের প্রথম সপ্তাহে দিল্লী থেকে জরুরী তলব। Congress party in Parliamentএর Leader নির্বাচনে যোগ দিতে হবে। কী করি। সমস্যায় পড়লাম। Armyতে থাকাকালীন কয়েকবার দিল্লীতে যেতে হয়েছে, দিল্লী আমার কাছে অপরিচিত নয়, কিন্তু সুপরিচিতও ছিল না। তখনো পার্লামেন্টে শপথ গ্রহণ করা হয়নি, অতএব বাসস্থানের প্রয়োজন। এক ডাক্তার-বন্ধুর পরামর্শক্রমে সতীশবাবুকে পত্র দিলাম আমার সমস্যা জানিয়ে। উত্তরের অপেক্ষা না করেই রওনা হলাম দিল্লী। সেখানে পৌঁছে

Taxi Driver-কে নির্দেশ দিলাম সতীশবাবুর 7 No. Elctic Lane-এর বাড়িতে যাবার জন্য। Taxi বাড়ির সীমানায় পৌঁছবার সঙ্গে সঙ্গেই এক ভদ্রলোক উৎকণ্ঠিত চীৎকারে Driver-কে নির্দেশ দিলেন—'ডাক্তারবাবুকে অর্থাৎ আমাকে সুবোধ হাঁসদা মশায়ের বাড়িতে 9 No. Ferozshah Road-এ নিয়ে যাও। এখানে বহুলোকের ভীড়, ওঁর যথেষ্ট অসুবিধা হবে।' পরে জেনেছিলাম এই ভদ্রলোকই শ্রীসতীশবাবু (সতীশ চন্দ্র সামন্ত), খর্বাকৃতি, বলিষ্ঠ-পুরুষ, অক্লান্ত কর্মী, অশান্ত বিপ্লবী। সতীশচন্দ্র সামন্ত নামক ব্যক্তিটির সঙ্গে সেই আমার প্রত্যক্ষ পরিচয়। পরিচয় পেলাম এক সহানুভূতিশীল উদার ব্যক্তিত্বের।

আমি সুবোধ বাবুর বাসায় আশ্রয় পেলাম। পরের দিন শ্রীসতীশবাবু আমাকে সঙ্গে নিয়ে দেখালেন দিল্লীর বিশেষ দ্রষ্টব্য স্থানগুলি, দেখালেন পার্লামেন্টভবন, নিয়ে গেলেন Congress party in Parliament এর leader নির্বাচন অনুষ্ঠানে। সেদিন থেকেই তিনি হলেন আমার প্রিয় 'সতীশদা'। পার্লামেন্টে যোগদান করার পরে সুবোধবাবুর বাংলোতেই আমার বাসস্থান নির্দিষ্ট হল। সুবোধ হাঁসদা এবং আমি একই সঙ্গে আহার বিহার করতাম। ৬২-এর অক্টোবরে চীনের সঙ্গে ভারতের সীমান্ত সংঘর্ষের সময়ে আমাদের পাচকটি সেনাবাহিনীতে যোগদান করল। ফলে আহার তৈরীর সমস্যা দেখা দিল। এরপরে স্থির হল সতীশদার বাসায় আমরা চারজনে আহার করব। আমাদের নতুন 'মেস' শুরু হল সতীশদার বাসায়। সতীশদা তাঁর বাসস্থান সংলগ্ন জমিতে শাক-সব্জীর চাষ করতেন। আমিষ নিরামিষ দু'রকম আহারেই আমরা অভ্যস্ত ছিলাম। শুনলে সবাই আশ্চর্য হবেন, দিল্লীর মতো জায়গায় প্রতিদিন দুবেলা আহার এর জন্য আমাদের প্রতিমাসে জনপ্রতি খরচ পড়ত মাত্র ষাট টাকার মত—অবশ্য জলখাবার বাদে। সতীশদার ব্যবস্থাপনায়ই এটা সম্ভব হয়েছিল।

সতীশদার চরিত্রের একটি প্রধান বৈশিষ্ট্য: কর্তব্যকর্মে নিষ্ঠা। লোকসভার অধিবেশনে তিনি সাধারণত অনুপস্থিত থাকতেন না।

লোকসভায় তাঁর অনুপস্থিতি যেন একটি দুর্ঘটনা। একদিন সতীশদাকে পার্লামেণ্টে অনুপস্থিত দেখে স্বয়ং প্রধানমন্ত্রী নেহেরুজীকে বলতে শুনেছি—where is Samanta ?

সতীশদা অকৃতদার। তাঁর কোন পরিবার পরিজন ছিল না। তথাপি আমরা দেখেছি তাঁকে প্রতি মাসের প্রথম সপ্তাহে বহু দরিদ্র ব্যক্তিকে নিয়মিত টাকা পাঠাতে।

সতীশদা ছিলেন এক বিরাট সংগঠক। মেদিনীপুর জেলায় ১৯৪২ এর আগষ্ট আন্দোলনকে একটি সুসংগঠিত রাজনৈতিক রূপদান করা সতীশদার যৌবনের তথা জীবনের শ্রেষ্ঠ কীর্তি। এই কীর্তি কাহিনী ভারতে স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে স্বর্ণাক্ষরে লিখিত থাকবে।

সতীশদা আজীবন বিপ্লবী। তিনি কৈশোরেই বিপ্লবের দীক্ষা গ্রহণ করেন আর এক মহান বিপ্লবী সন্ন্যাসা স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতীর কাছ থেকে। এই বিপ্লবী সন্ন্যাসীর পূর্বাশ্রমের নাম ছিল সতীশচন্দ্র মুখোপাধ্যায়। জন্ম বরিশাল জিলার উজিরপুর গ্রামে ১৮৮৪ সনের ১২ই আগষ্ট। ১৯০৬ সনে বরিশালে হল প্রাদেশিক রাষ্ট্রীয় সম্মেলনের অধিবেশন। মদোদ্ধত্ত বৃটিশের আদেশে ভঙ্গ হল দ্বিতীয় দিনের প্রকাশ্য অধিবেশন। সুরু হল গোপন প্রস্তুতি। অগ্নিযুগের বীজ অংকুরিত হলো। সাড়া জাগল। এই সম্মেলনে কলকাতা থেকে এসেছিলেন বারীন্দ্র কুমার ঘোষ। তাঁর উদ্দেশ্য ছিল মফঃস্বলে মৃত্যুঞ্জয়ী দল গঠন। বরিশাল স্বেচ্ছাসেবক বাহিনী পরিচালনার দায়িত্ব ছিল সতীশচন্দ্র মুখোপাধ্যায়ের উপর। সাক্ষাৎহল বারীন্দ্র কুমারের সঙ্গে সতীশচন্দ্রের। বারীন্দ্র কুমার একটি রিভলবার দিলেন সতীশচন্দ্রকে। সতীশচন্দ্র বুঝি তাঁর জীবনের লক্ষ্য ও পন্থা খুঁজে পেলেন। কিছুদিন পরে চট্টগ্রামে এক গুপ্ত পরামর্শের ফলে সিদ্ধান্ত হয় যে বরিশাল, কুমিল্লা ও নোয়াখালিতে সতীশচন্দ্রের কার্যকরী নেতৃত্বে গুপ্ত বিপ্লবী দল গড়ে তোলা হবে। সতীশচন্দ্রের নেতৃত্বে শ্রীহট্টের বিপ্লবী কর্মীরাও এই দলভুক্ত হন ১৯০৮ সনে— সতীশচন্দ্র হলেন ব্রহ্মচারী। হঠাৎ এই নবীন ব্রহ্মচারী বেদাধ্যয়নে আগ্রহী হলেন। চলে গেলেন কাশীতে। ১৯১১ সালের ডিসেম্বর

মাসে গয়াধামে তিনি দীক্ষা নিলেন স্বামী শংকরানন্দের কাছে। তখন থেকে তিনি পরিচিত হলেন স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতী রূপে। ১৯১২ সালে তিনি বরিশালে একটি আশ্রম প্রতিষ্ঠা করলেন তাঁর গুরুজীর নামে—'শঙ্করমঠ'। ১৯১৩ সালে স্বামীজী পরিচালিত বিপ্লবী কর্মকেন্দ্র বরিশাল থেকে কলকাতায় স্থানান্তরিত হয়। ১৯১৫ সালে ডাঃ যাদুগোপাল মুখার্জীর চেষ্টায় প্রজ্ঞানানন্দ পরিচালিত বরিশাল বিপ্লবী পার্টির সঙ্গে পশ্চিমবঙ্গের বিপ্লবী বীর বাঘা যতীন পরিচালিত পার্টির মিলন সাধিত হয়। এই মিলিত-দল পরে বহুশ্রুত যুগান্তর পার্টি নামে অভিহিত হয়। ১৯১৫ সালে স্বামীজী গ্রেপ্তার হন। কিছুদিন পরে অন্তরীণ আদেশপ্রাপ্ত স্বামীজীকে স্থানান্তরিত করা হ'ল মহিষাদলে। এই মহিষাদলেই স্বামীজী বেশী দিন নজরবন্দী ছিলেন। এখানেই স্বামীজীর সঙ্গে সতীশচন্দ্র সামন্তের পরিচয়—প্রথম প্রেরণা, বিপ্লবের দীক্ষা। কতবার দেখেছি স্বামীজীর প্রতিকৃতির দিকে অপলকনয়নে চেয়ে আছেন সতীশদা। বিপ্লবীগুরুর বিপ্লবী-শিষ্য। ১৯২১ সনের ৫ই ফেব্রুয়ারি স্বামীজী মহাপ্রয়ান করেন।

সতীশদার কর্মময় জীবনের শেষকীর্তি হিসাবে নিশ্চয়ই আমরা হলদিয়া প্রকল্পের নাম উল্লেখ করব। হলদিয়া প্রকল্পের সার্থক রূপায়ণের জন্য সতীশদার প্রচেষ্টা সর্বজনবিদিত। আর, তাঁর গুরুভক্তির নিদর্শন স্বরূপ তিনি স্থাপন করেছেন স্বামী প্রজ্ঞানানন্দ ভবন। এরই আনুকূল্যে পরিচালিত হচ্ছে কয়েকটি জনহিতকর প্রতিষ্ঠান।

অশীতিপর বৃদ্ধ সতীশদা বেঁচে আছেন, দুর্বলদেহ আর ক্ষীণ স্মৃতিশক্তি নিয়ে। কামনা করি, তিনি বেঁচে থাকুন সবল ও সুস্থ দেহ নিয়ে।

শ্রীসতীশ চন্দ্র সামন্ত যেন একটি জীবন্ত ইতিহাস। আজও একটি নাম। এক আজীবন বিপ্লবীর নাম। এক অক্লান্ত দেশপ্রেমিক নেতার নাম। এ নাম স্বর্ণাক্ষরে লেখা থাকবে ভারতের স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে।

শ্রীসামন্তজীকে আমি যেমনটি জানি

শ্রীরামাবতার শাস্ত্রী

[সংসদ সদস্য]

১৯৬৭ সালের সাধারণ নির্বাচনে আমি পাটনা কেন্দ্র থেকে একজন কংগ্রেস প্রার্থীকে পরাজিত করে যখন লোকসভায় নির্বাচিত হয়েছিলাম সেই সময়েই আমি সর্বপ্রথম বর্ষীয়ান্ স্বাধীনতা সংগ্রামী শ্রীসতীশ চন্দ্র সামন্তকে দর্শন করেছিলাম। শ্রীসামন্ত বাংলা কংগ্রেসের টিকিটে নির্বাচিত হয়েছিলেন। তিনি ১৯৪৬ থেকে ১৯৪৯ পর্যন্ত গণপরিষদের সদস্য নির্বাচিত হয়েছিলেন। তারপর তিনি সাময়িক পার্লিয়ামেণ্টের সদস্য নির্বাচিত হন এবং ১৯৫০ থেকে ১৯৫২ সাল পর্যন্ত ঐ পদে ছিলেন। ১৯৫২ সালে তিনি প্রথম লোকসভায় নির্বাচিত হন এবং সেই থেকে তাঁর সংসদীয় জীবন ১৯৭৬ সাল পর্যন্ত অব্যাহত ছিল।

বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে স্বাধীনতা সংগ্রামে তিনি তাঁর সর্বস্ব পণ করেছিলেন। ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে তিনি সাহসের সঙ্গে সংগ্রাম করেছিলেন এবং পুলিশী নির্যাতনের শিকার হয়েছিলেন। স্বাধীনতা যুদ্ধের সময়ে তিনি ১৯২০ থেকে ১৯৪৫ সালের মধ্যে সাতবার কারাদণ্ড ভোগ করেছিলেন। বাংলায় স্বাধীনতা সংগ্রামের তিনি ছিলেন অন্যতম ,বিশিষ্ট নেতা। কুড়ি বছর বয়সেই তিনি আন্দোলনে যোগদান করেছিলেন।

স্বাধীনতা লাভের পর শ্রীসামন্ত অনেক কাল যাবৎ কংগ্রেসে বহু পদ লাভ করেছিলেন এবং তিনি কংগ্রেস সংসদীয় দলের সদস্য ছিলেন। উপর্যুপরি সাতবার লোকসভায় তাঁর নির্বাচন জনসাধারণের মধ্যে তাঁর জনপ্রিয়তার নিদর্শন। তাদের প্রতি এটা তাঁর ভালোবাসারও পরিচায়ক।

সংসদে তিনি একজন বিশিষ্ট ব্যক্তি ছিলেন। বিদেশে প্রেরিত বহু প্রতিনিধি-দলের নেতৃত্ব করেছেন শ্রীসামন্ত। একাধিক পার্লিয়া-

মেন্টারি কমিটির তিনি সদস্য ছিলেন। যথেষ্ট দক্ষতা ও আগ্রহ সহকারেই তিনি এইসব দায়িত্ব পালন করতেন। যে কোনো কাজের দায়িত্ব হোক না কেন তিনি বিশেষ যোগ্যতার সঙ্গেই তা সম্পন্ন করতেন।

তাঁর রাজনৈতিক জীবনের সূচনা কাল থেকেই শ্রীসামন্ত সমাজ-কল্যাণমূলক কাজ কর্মের সঙ্গে সংযুক্ত ছিলেন। শ্রীরামকৃষ্ণ মিশন সেবাশ্রমের পতাকাতলেই তিনি জনসাধারণের সেবা করতেন। তিনি বিশ্বাস করতেন যে, জনসাধারণকে শোষণ করাই মানে দেশের প্রগতি ও সম্পদের বিনাশ করা এবং এই ধারণার বশবর্তী হয়ে তিনি কংগ্রেস সোসালিষ্ট ফোরামের একজন সদস্য হয়েছিলেন। সামন্ততান্ত্রিক ও ধনতান্ত্রিক নাগপাশ থেকে মানবজাতিকে মুক্ত করার জন্য তিনি সর্বদাই সমাজতন্ত্র-বাদের বাণী প্রচার করতেন।

লোকসভায় আমি তাঁর সঙ্গে তিন বছরের অধিককাল ছিলাম না। কিন্তু যে-কোন বিষয়ের বিতর্ককালে আমি তাঁর যুক্তিপূর্ণ বিচারবুদ্ধির পরিচয় পেয়ে চমৎকৃত হতাম। তাঁর বক্তৃতাগুলির মধ্যে শিক্ষনীয় অনেক-কিছু থাকত এবং যখনই তিনি বক্তৃতা করতে উঠতেন তখন লক্ষ্য করতাম উপস্থিত সকলেই সম্মান ও মনোযাগ সহকারে শুনতেন আমাদের মতন। নবাগত সদস্যদের পক্ষে তাঁর বক্তৃতাগুলি ছিল সহজপাঠের তুল্য। স্পীকার মহাশয়ও তাঁকে তাঁর প্রাপ্য সম্মান দিতেন এবং তাঁর বক্তব্য অনুধাবনের চেষ্টা করতেন।

শ্রীসামন্ত সংসদের ভিতরে ও বাহিরে সর্বদাই সমাজের নীচের তলার এবং দুর্বল শ্রেণীর স্বার্থ রক্ষা করতেন। তাঁকে একজন প্রকৃত গণতন্ত্র-বাদী ও ধর্মনিরপেক্ষ মানুষ বলে অভিহিত করা যায় এবং তিনি বৈচিত্র্যের মধ্যে একতায় বিশ্বাসী ছিলেন। তিনি সর্বদাই দেশের ঐক্য এবং সংহতি রক্ষার জন্য সংগ্রাম করতেন। তিনি মনে-প্রাণে ঘৃণা করতেন সাম্প্রদায়িকতা—এটা তাঁর প্রকৃতি-বিরুদ্ধ ছিল। স্বাধীনতা, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সমাজতন্ত্র-বাদ—এইসব আদর্শে তিনি ছিলেন বিশ্বাসী।

ঋষিকল্প মানুষ শ্রীসামন্ত। তিনি অত্যন্ত সরল, দয়ালু, এবং

মুখার্জী, সতীশ সামন্ত, নীলমণি হাজরা, সুশীল ধাড়া—এঁদের সকলেরই স্যার আশুতোষ-মার্কা বিরাট বিরাট গোঁফ। তাই দেখে আমরা আড়ালে আড়ালে হাসাহাসি করতাম, বলতাম যে কংগ্রেসীদের গোঁফ দেখলে চেনা যায়।

এখানেই প্রথম সতীশদাকে দেখলাম। আগে কখনও তাঁকে দেখিনি—যদিও নাম শুনেছি অনেক। কিন্তু তখনও পর্যন্ত এই ভয়ানক রকমের গম্ভীর প্রকৃতির মানুষটির কাছে যাওয়ার বা তাঁর সঙ্গে কথা বলার মতো সাহস সঞ্চয় করে উঠতে পারিনি। এইটুকু শুধু মনে আছে যে একদিন পলাদা (শ্রীপ্রহ্লাদ কুমার প্রামাণিক) তাঁর সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। তিনি আমার পড়াশোনার খবরাখবর নিলেন। আমিও একটা প্রণাম করে চলে এলাম। সেদিন অবশ্য জানতাম না যে একদিন এই আপাত-গম্ভীর মানুষটির হৃদয়ের খুব কাছাকাছি আসার সৌভাগ্য আমার ঘটবে এবং তাঁর অবারিত স্নেহ-ভালোবাসায় অভিষিক্ত হ'য়ে জীবন ধন্য হবে।

সমস্ত ভারতবর্ষ তখন উন্মুখ হ'য়ে চেয়ে আছে বোম্বাই-এর দিকে। সেখানে তখন নিখিল ভারত কংগ্রেস কমিটির অধিবেশন চলছে। সকলেই আশা করে আছেন—যে পূর্ণ স্বাধীনতা অর্জনের জন্য কংগ্রেস এবার বৃহত্তর আন্দোলনে নামবে। কিন্তু ৯ই আগস্ট সকালে সমস্ত জাতি স্তব্ধ হ'য়ে শুনল যে রাত্রির মধ্যে গান্ধীজী, জওহরলাল থেকে আরম্ভ করে প্রায় সমস্ত ছোট-বড় কংগ্রেস নেতাদের গ্রেপ্তার করা হয়েছে—গান্ধীজীকে অজ্ঞাত স্থানে নিয়ে গিয়ে বন্দী করে রাখা হ'য়েছে। সেদিনকার খবরের কাগজে পাওয়া গেল—জাতির উদ্দেশ্যে গান্ধীজীর শেষ বাণী—'Do or Die'—'করেঙ্গে ইয়্যা মরেঙ্গে'—হয় বিজয় নয় মরণ।

আমাদের মেসে যাঁরা থাকতেন তাঁরা প্রায় সকলেই ছিলেন কংগ্রেস অনুরাগী। কেউ কেউ আবার সক্রিয়ভাবে কংগ্রেসের কাজ করতেন—যেমন পলাদা, রামদা (৺ রামচন্দ্র রায়)। সেদিন সন্ধ্যার মধ্যেই শুনলাম—সারা ভারতে আগুন জ্বলে উঠেছে—সুরু হ'য়ে গেছে আগষ্ট বিপ্লব।

এরই মধ্যে একদিন পলাদা আমাদেরকে বিজয় ভট্টাচার্য (কলানবগ্রাম, বর্ধমান) মশায়ের কাছে নিয়ে গেলেন। বিজয়দা তখন মানিকতলার কাছে একটি বাড়িতে থাকেন। আমি এবং আমার বন্ধু কানু দু'জনে মিলে সকালের দিকে বিজয়দার কাছে যেতাম, তাঁর নির্দেশমতো কিছু কিছু কাজ করতাম। কিন্তু অল্প কয়েকদিন বাদেই তিনি ধরা পড়ে গেলেন।

কয়েকদিন বাদে—বোধহয় সেটা সেপ্টেম্বরের মাঝামাঝি তমলুক থেকে নির্দেশ এল আমাদের সেখানে পাঠিয়ে দেওয়ার জন্য। সেই অনুসারে একদিন সকালবেলা আমরা তিন বন্ধু—কানু (শ্রীকৃষ্ণ-চৈতন্য মহাপাত্র), নভেন্দু (শ্রীনভেন্দু কুমার গজেন্দ্র মহাপাত্র) আর্মেনিয়ান ঘাট থেকে হোরমিলার কোম্পানির ষ্টিমারে চড়ে বসলাম এবং সন্ধ্যার দিকে তমলুকে এসে নামলাম।

তমলুকে পৌঁছেই কিন্তু আমি ম্যালেরিয়া জ্বরে পড়লাম। ২৯শে সেপ্টেম্বর, থানা আক্রমণের দিন আমি প্রচণ্ড জ্বরে শয্যাশায়ী। পুলিশের গুলির মুখে মাতাঙ্গিনী দেবী ও অন্যান্য শহীদের বীরত্ব-কাহিনী যেন স্বপ্নের ঘোরের মধ্যে শুনতে পেলাম। একটু সুস্থ হওয়ার পর আমার উপর ভার পড়ল বুলেটিন "বিপ্লবী" লেখা ও ছাপানোর দায়িত্ব। সেই দায়িত্ব নিয়ে একটা সাইক্লোষ্টাইল মেসিন ও অন্যান্য সাজসরঞ্জাম-সহ মহিষাদল থানার ৪নং ইউনিয়নের একটি বাড়ীতে এসে উঠলাম। ১৬ই অক্টোবরের ঘূর্ণিঝড়ে ও বন্যার বিভীষিকাময় রাত্রি ঐ গ্রামেই কাটল। বন্যার জল গ্রামের মধ্যে যখন পুকুর, নালা, পথঘাট ডুবিয়ে ঘরের মধ্যে ঢুকতে সুরু করল—তখন গ্রামের সব লোক—আবাল-বৃদ্ধ-বনিতা গ্রামের মধ্যে সবচেয়ে উঁচু ভিতের একটি বাড়ীতে এসে জড় হ'ল। তাঁদের সঙ্গে আমিও ঐ বাড়িতে আশ্রয় নিলাম। মাঝরাতে প্রবল ঝড়ে ঐ বাড়ির চাল উড়িয়ে নিয়ে গেল। তাতেই বোধহয় দেওয়ালগুলো রক্ষা পেল।

দুঃস্বপ্নের রাত্রি প্রভাত হ'ল। সারারাত্রিব্যাপী তাণ্ডব নৃত্যের পর প্রকৃতি তখন শান্ত—পরিষ্কার-আকাশে দেখা দিয়েছে রঙীন সূর্য। এদিকে পৃথিবীর বুক-জুড়ে অবর্ণনীয় ধ্বংসলীলা। বড় বড় গাছগুলির

একটিও অবশিষ্ট নাই। গ্রামের একটি ঘরও আস্ত নাই। অধিকাংশই ধরাশায়ী হ'য়েছে। যে দু-একটি কোনক্রমে মাথা তুলে দাঁড়িয়ে আছে—সেগুলিরও চাল উড়ে গেছে বা ভেঙে পড়েছে। জন্তু জানোয়ার, গরুমহিষ, মানুষ, পাখী-কত যে মারা পড়েছে—তার কোন হিসাব নেই। বন্যার জলে তাদের মৃতদেহ ভেসে চলেছে।

যে বাড়িতে আশ্রয় নিয়েছিলাম সে বাড়ির উঠানে তখনও মানুষ-প্রমাণ জল। তারই মধ্যে আমাদের এক বন্ধু সাঁতার দিয়ে গিয়ে কলাগাছ কেটে একটা ভেলা তৈরী করে নিয়ে এল। সেই ভেলায় চড়ে কোনক্রমে এসে পৌঁছালাম পাশের টোটাবেড়িয়া গ্রামে রামদার (৺রামচন্দ্র রায়) বাড়িতে। ঐদিন সন্ধ্যায় ওখানে খিচুড়ীর ব্যবস্থা হ'ল। দুদিন পরে সেই প্রথম কিছু পেটে পড়ল।

পরেরদিন অনেক কষ্টে বাড়অমৃতবেড়িয়া গ্রামে আমার বন্ধু কানুর বাড়িতে পৌঁছালাম। ঐখানেই দেখা হ'ল সতীশদার সঙ্গে--এবং এখানে এসেই তাঁর খুব কাছাকাছি আসার সুযোগ পেলাম।

প্রবল ঝড় ও বন্যায় নদীর বাঁধ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হ'য়েছিল। আশঙ্কা হচ্ছিল যে সময়মত মেরামত না হলে আবার আগামী পূর্ণিমার জোয়ারে বন্যার জল গ্রামের মধ্যে এসে ঢুকবে। সরকারী যন্ত্র এত সহজে নড়ে না। তারপর যা ঘটে গেছে তাতে তারা যে এ ব্যাপারে কিছু করবে এমন ভরসা করা যায় না। কাজেই স্থির হ'য়েছিল যে গ্রামবাসীদের স্বেচ্ছাশ্রমের দ্বারাই নদীর বাঁধ অন্ততঃ জোয়ার-আটকানোর মতো মেরামত করে নিতে হবে। সতীশদা এসেছিলেন নারায়ণপুর থেকে ভোলসরা পর্যন্ত এই অংশের কাজের তদারক করার জন্য। কানুর বাড়িতেই তখন তিনি আছেন এবং ঐখানেই তাঁর সঙ্গে আমার দেখা হ'ল।

ম্যালেরিয়া জ্বরে ভুগে তখন আমি বেশ কাহিল হ'য়ে পড়েছিলাম। সতীশদা দয়া করে আমাকে দেখাশোনার ভার নিজের হাতে তুলে নিলেন। তারপর থেকে মাঝে কিছু সময়ের ব্যবধান ছাড়া প্রায় সব সময়ই তাঁর কাছেই থেকেছি। পরবর্তী মে মাসে (১৯৪৩) তাঁর সঙ্গে কলকাতায় গেলাম। আর অল্প কিছুদিন পরে

সেখানেই তিনি ধরা পড়লেন। তখনই বেশ কিছুদিনের জন্য তাঁকে হারালাম।

সতীশদার সাহচর্যে জীবনের যে মধুময় দিনগুলি কাটিয়েছি—সে সব দিনের কথা মনে হ'লেই কত যে মধুর স্মৃতি মনের মধ্যে এসে উঁকি মারতে থাকে—সেগুলিকে সাজিয়ে-গুজিয়ে যথাযথভাবে প্রকাশ করা অত্যন্ত কঠিন। সতীশদার মতো মহাপ্রাণ মানুষের অকৃপণ স্নেহ ভালোবাসায় অংশীদার হ'য়েছি মনের মধ্যে যে অসীম আনন্দ উপভোগ করেছি—সেই আনন্দ, সেই আবেগের কণামাত্রও ভাষায় প্রকাশ করা বোধহয় সম্ভব নয়—অন্ততঃ আমার এই দুর্বল লেখনীর পক্ষে তো নয়ই। সে চেষ্টাও আমি করব না। আমি শুধু এখানে এমন কিছু কিছু ঘটনার কথা বলব যেগুলি আমার মনের মণিকোঠায় চিরদিন স্বর্ণাক্ষরে লেখা হ'য়ে থাকবে।

বাড়অমৃতবেড়িয়া থেকে সতীশদার সঙ্গে গেলাম গণপতিনগর গ্রামে (তমলুক থানা—১৩নং ইউনিয়ন)। অজয়দাও তখন ঐ গ্রামে আছেন। ঐ গ্রাম এবং আশেপাশের আরও কয়েকখানি গ্রামের মধ্যে অনেকেই সতীশদা, অজয়দার প্রাক্তন ছাত্র—পাশের নিমতৌড়ী জাতীয় বিদ্যালয়ে ওঁদের কাছে পড়েছেন। সেই রকমই এক ছাত্র গুণধর মাইতি। তাঁর বাড়িতেই তখন ওঁরা আছেন। সেই বাড়িই তখন মহকুমা কংগ্রেসের এবং পরবর্তীকালে জাতীয় সরকারের কেন্দ্রীয়-কার্যালয় বলা যায়। পরবর্তীকালে অজয়দা ঐ গুণধর মাইতির বাড়িতেই ধরা পড়েন। জাতীয় সরকারের কার্যালয়ও তখন স্থানান্তরিত হয়।

আমি ঐ গ্রামে এসে ওঁদের কাছাকাছি অন্য এক বাড়িতে আশ্রয় নিলাম।

জাতীয় সরকার প্রতিষ্ঠার পর আমার আগেকার কাজ বুলেটিন "বিপ্লবী" প্রকাশ করা ছাড়া কেন্দ্রীয় ডাকঘরের ভার এসে পড়ল। প্রসঙ্গতঃ বলা যায় জাতীয় সরকারের এই নিজস্ব ডাক ব্যবস্থার সংগঠন ছিল খুবই সুন্দর। সন্ধ্যার সময় বিভিন্ন জায়গা থেকে ডাক এসে পৌঁছাত। বলা বাহুল্য যে প্রেরক এবং প্রাপক উভয়ের ক্ষেত্রেই

কতকগুলি সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হ'ত। বিশেষ বিশেষ ক্ষেত্রে আবার কেন্দ্রীয় ডাকঘরে আবার এই চিহ্ন বদল করে অন্য সাঙ্কেতিক দিয়ে প্রাপকের কাছে পাঠানো হত। এই সব চিঠিপত্র ছাড়া কেন্দ্রীয় অফিসের চিঠিপত্র ছিল প্রচুর। তাছাড়া বুলেটিন ও অন্যান্য পত্র পত্রিকা, জিনিসপত্র ইত্যাদি তো ছিলই। এই সব কাজ রাতের মধ্যেই সেরে ফেলতে হত। কারণ যে-সব কর্মী ডাক নিয়ে যান তাঁরা রাত থাকতেই গন্তব্যস্থানে রওনা হ'য়ে যান। এই সব কাজের জন্য প্রায় প্রতিদিনই অনেক রাত পর্যন্ত আমাকে জেগে থাকতে হত। প্রথম প্রথম প্রায়ই ঘুম পেত। একদিন একজন সঙ্গী একটা বিড়ি এগিয়ে দিয়ে বললেন—"একটা বিড়ি খেয়ে নাও, ঘুম ছেড়ে যাবে। এইভাবেই সুরু হ'ল, এবং ক্রমশঃ ধূমপানটা অভ্যাসে দাঁড়িয়ে গেল।

গণপতি নগরে থাকাকালীন কোন কোনদিন রাতের বেলাটা সতীশদা, অজয়দার কাছে কাটিয়ে আসতাম। সতীশদার বিছানাতেই ভাগ বসাতাম। একদিন এরকম সতীশদার কাছে শুয়ে আছি। শীতের সময়—জামা গায়ে দিয়েই শুয়ে পড়েছি। সতীশদা হঠাৎ পকেট টিপতে আরম্ভ করলেন। জানতাম যে তখনও পকেটে কয়েকটা বিড়ি পড়ে আছে। একটু ভয় পেয়েই পকেটটা চেপে ধরলাম। কিন্তু উনিও ছাড়লেন না। পকেট টিপে টিপে দেখলেন —জিনিষটা কি। আমি তো কাঠ হ'য়ে একপাশে শুয়ে আছি— প্রচণ্ড একটা ধমক খাওয়ার জন্য প্রস্তুত হচ্ছি। উনি কিন্তু সে-সব কিছুই করলেন না। কিছুক্ষণ চুপ করে থাকলেন। তারপর শান্ত-ভাবে জিজ্ঞেস করলেন—"কতদিন ধরেছিস?" আমি ভয়ে ভয়ে সব খুলে বললাম। উনি আরও কিছুক্ষণ চুপ করে থেকে বললেন— "যতদিন না ছাড়তে পারবি—আমার কাছ থেকে পয়সা নিবি।"

সেই ধূমপান ছাড়া আমার আর হ'রে ওঠেনি, উনিও আর কোন দিন কিছু জিজ্ঞেস করেননি। তবে তারপর থেকেই উনি মাঝে মাঝেই আমাকে কিছু বাড়তি পয়সা দিতেন। তাঁর সেই দেওয়াটাও ছিল অদ্ভুত ধরনের। কিছু পয়সা দিয়ে বলতেন—"এটা রেখে দে।"

রামায়ণের সেই "ফল ধর রে লক্ষ্মণ" গোছের ব্যাপার। তবে ত্রেতা-যুগের লক্ষণ ফল 'ধরেই' রেখেছিলেন, আর এ যুগের লক্ষণ তার যথাযথ সদ্গতি করেছিল—এই যা তফাৎ।

আমার এই ধূমপান প্রসঙ্গে আরও অনেক মজার মজার ঘটনা মনে আসছে। এরকম একটা প্রবাদ আছে যে মহাপুরুষরা নাকি একই রকম চিন্তা করেন। আমার মনে হয় শুধু চিন্তা নয়—তাঁদের কাজ-কর্মও বোধহয় একই রকম হয়। শোনা যায় একবার কোন এক সিগারেট কোম্পানী গান্ধীজীকে কিছু ভাল সিগারেট উপহার দিয়েছিলেন। গান্ধীজী নিজে সিগারেট খেতেন না, কিন্তু যত্ন করে ঐ সিগারেটগুলি রেখে দিয়েছিলেন জওহরলাল এলে দেবেন বলে। ঠিক এরকমই অনেকটা সতীশদার ক্ষেত্রেও দেখেছি। উনি নিজে ধূমপান করতেন না। হুঁকা বা গড়গড়াই অবশ্য ওঁর প্রিয় ছিল। কিন্তু যখনই কোন সিগারেট কিনতেন বা পেতেন—প্রায় পুরো প্যাকেটটাই উনি রেখে দিতেন। তারপর আমার সঙ্গে দেখা হ'লে একটা থলে বা প্যাকেট হাতে দিতেন। তার মধ্যে অন্যান্য জিনিসের সঙ্গে ঐ প্যাকেটটাও থাকত। প্রথম প্রথম একটু আশ্চর্য লাগত, পরে বুঝেছিলাম সোজাসুজি দেওয়া নেওয়ার লজ্জা থেকে উনি আমায় রেহাই দিতে চাইতেন।

১৯৪৫ সালে ওঁর জেল থেকে বেরিয়ে আসার পর অতুল্যদা (ঘোষ), প্রফুল্লদা (সেন) প্রমুখ হুগলী জেলার কংগ্রেস কর্মীরা ওঁর জন্য আরামবাগে ও তারকেশ্বরে বিরাট অভ্যর্থনার আয়োজন করেছিলেন। সেই সময় সতীশদার সঙ্গে আমিও ছিলাম। আরামবাগে পৌছানোর পর অতুল্যদা এসে বললেন—"গড়গড়ার ব্যবস্থা করতে পারিনি, দাদা, সিগারেট খেয়েই কাটাতে হবে।" এই বলে ক্যাপষ্টান সিগারেট এবং একটি দেশলাই ওঁর কাছে রেখে গেলেন। সতীশদা যথারীতি সেগুলি আমার কাছে চালান করে দিয়ে বললেন—"এগুলো তুই রাখ, যখন দরকার হবে আমি চেয়ে নোব।" সে দরকার তাঁর বোধহয় দু'-একবারের বেশী হয়নি। বাকী টিনটা আমিই ফাঁকা করলাম।

১৯৪৩ সালের মে মাস নাগাদ ঠিক হ'ল যে সতীশদা, অজয়দা এই দুই নেতার এক সঙ্গে থাকা ঠিক হবে না। দুজনেই যদি ধরা পড়ে যান—তাহলে নেতৃত্ব দেওয়ার মতো কেউ থাকবেন না। তাছাড়া বাইরের কিছু কিছু সর্বভারতীয় নেতা ও কর্মী যাঁরা তখনও জেলের বাইরে ছিলেন—তাঁদের সঙ্গে যোগাযোগ করারও প্রয়োজন ছিল। তাই ঠিক হ'ল—অজয়দা এখানে থাকবেন—সতীশদাকে কিছুদিনের জন্য কলিকাতায় থাকতে হবে। আমার উপর ভার পড়ল—সতীশদাকে কলকাতা পর্যন্ত পৌঁছে দিয়ে আসার।

সতীশদার মতো অতি সুপরিচিত একজন লোকের পক্ষে পুলিশের টিকটিকিদের জ্বালায় সোজাপথে কলিকাতা যাওয়া সম্ভব ছিল না। কাজেই আমাদের একটু বাঁকা-পথ ধরতে হ'ল। একদিন সকাল বেলা ভোলসরা থেকে আমরা একটা নৌকায় উঠলাম। রূপনারায়ণ ধরে উত্তরে উজান বয়ে কাঁটাপুকুর চরে এসে নামলাম। শান্ত নদী—নৌযাত্রা উপভোগ করার মতো। কিন্তু সেই উপভোগ করার মতো মনের অবস্থা কারও ছিল না। অন্ততঃ বেশ কিছুদিন সতীশদাকে ছেড়ে থাকতে হবে—সেই আসন্ন বিচ্ছেদ বেদনায় আমি কিছুটা কাতর হ'য়ে পড়েছিলাম। তারপর সতীশদা বার বার আমাকে ক্ষ্যাপাতে লাগলেন—"তুই লক্ষণ বর্জন করতে চলেছিস।" সেই কথাটা আরও বেশী করে বুকে বাজছিল। একটা অজানা আশঙ্কায় বুকটা কেঁপে উঠছিল।

ওপারে কাঁটাপুকুরের চরে নেমে মাইল পাঁচেক হাঁটার পর দেউলটি ষ্টেশনে উঠলাম। সেখান থেকে হাওড়ার একটা টিকিট কেটে ট্রেনে চাপলাম। আবার মাঝপথে আন্দুলে নেমে ষ্টিমার-পথে চাঁদপাল ঘাটে এসে নামলাম। সেখান থেকে ট্যাক্সি করে কলেজ ষ্ট্রিট অঞ্চলের এক আস্তানায় সতীশদাকে পৌঁছে দিলাম।

পরের দিন তমলুক ফিরে অজয়দাকে সবিশেষ জানালাম। সতীশদাকে নিরাপদে কলকাতায় পৌঁছে দিতে পেরেছি—তাতে কিছুটা যে আত্মপ্রসাদ লাভ করছিলাম না—এমন নয়। কিন্তু তখনও জানতাম না যে সেই আত্মপ্রসাদ এত ক্ষণস্থায়ী। সতীশদার যাওয়ার

পর মাস দুইও পেরোয়নি। হঠাৎ বিনামেঘে বজ্রপাতের মত খবর এল পুলিশ সতীশদার আস্তানায় হানা দিয়ে তাঁকে গ্রেপ্তার করে নিয়ে গেছে। কলকাতা যাওয়ার পথে সতীশদা বারবার ঠাট্টা করে বলেছিলেন,—"লক্ষ্মণ বর্জন করতে যাচ্ছি।" সে কথা যে এতদূর সত্য হবে তা কখনও কল্পনাও করিনি।

সতীশদার সঙ্গে তাঁর আশ্রয়দাতা ৺ভূষণচন্দ্র পাণ্ডাকেও পুলিশ ধরে নিয়ে গেছিল। ভূষণবাবু ছাপোষা নির্দোষ লোক। আমাদের কাজকর্মে চিরদিনই সহানুভূতি সম্পন্ন। তিনি যাতে কোনো বিপদে না পড়েন সেজন্য সতীশদা সমস্ত দোষ নিজের ঘাড়ে নিলেন। আদালতে দাঁড়িয়ে বললেন—আমি স্বাধীন জাতীয় সরকারের সর্বাধিনায়ক। এই আদালতের পক্ষে আমার বিচার করার কোনো এক্তিয়ার আছে বলে আমি মনে করি না।" বিচারে তাঁর তিনবছরের জেল হ'ল।

১৯৪৫-এর ডিসেম্বরের প্রথমে সতীশদা জেল থেকে বেরিয়ে এলেন। ইতিমধ্যে গান্ধীজীর নির্দেশে আন্দোলন প্রত্যাহার করে নেওয়া হয়েছে, এবং প্রায় দুইশতকর্মী সত্যাগ্রহ করে জেল বরণ করেছেন। আমরা মুষ্টিমেয় যে কয়েকজনের সম্বন্ধে পুলিশ কোনো খোঁজখবর করে উঠতে পারেনি, সেই কয়েকজন বাইরে থেকে স্বাভাবিকভাবে কাজকর্ম চালিয়ে যাওয়ার চেষ্টা করছি। অনেকদিন আগে সতীশদার নামে তমলুকে একটা জায়গা কেনা ছিল। সেখানে ছোট একটা কুঁড়েঘর-গোছের বানিয়ে বাস করছি। সতীশদা জেল থেকে বেরিয়ে এসে ঐ কুঁড়েঘরেই আমাদের সঙ্গে বাস করতে আরম্ভ করলেন এবং এখানেই তাঁর স্নেহচ্ছায়ায় জীবনের কয়েকটা মধুময় বছর কেটে গেল।

এবারে জেলে সতীশদা দ্বিতীয় শ্রেণীর কয়েদী ছিলেন। এই শ্রেণীর কয়েদীরা একটা বিশেষ সুবিধা পেতেন। তাঁদের পোশাক-পরিচ্ছদ নির্দিষ্ট দামের মধ্যে তাঁদের পছন্দমতো তৈরী করিয়ে নিতে পারতেন, এবং জেল থেকে বেরোবার সময় সেগুলো সঙ্গে আনতে পারতেন। সতীশদাও সঙ্গে করে কয়েকটা জামা-জুতো এনেছিলেন।

কর্মীরা যে-যার-মতো সেগুলোতে ভাগ বসালেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে আমার মতো ছোটখাটো বেঁটে মানুষের গায়ে কোনোটাই ফিট করল না। কিন্তু আমার ভাগ না পেলে চলবে কেন? শেষ পর্যন্ত একজোড়া বুট জুতা নিলাম। সেটাও যথেষ্ট বড়; কিন্তু ভেতরে তুলো ভরে পায়ে দেওয়া চলত। কিন্তু দুর্ভাগ্য আমার! নোয়াখালিতে গান্ধীজীর গ্রাম-পরিক্রমায় যোগ দিতে যাওয়ার পথে চাঁদপুর ষ্টেশনে ঐ জুতোজোড়া চুরি হয়ে গেল। ঐ জুতো জোড়ার বদলে ওর চেয়ে লক্ষগুণ দামী যদি কোনো জিনিস আমার চুরি যেত তাহলেও বোধহয় এত কষ্ট হত না।

সতীশদা যখনই দিল্লী বা অন্য কোথাও থেকে তমলুক ফিরতেন তখনই কিছু মিষ্টি বা ছোটখাটো জিনিসপত্র সঙ্গে আনতেন। আমরা সকলেই সেগুলির ভাগ পেতাম। অল্প-পরিচিত ব্যক্তি বা আগন্তুক কেউ উপস্থিত থাকলেও সেই ভাগ থেকে বঞ্চিত হ'তেন না। প্রত্যেকেই সতীশদার অপার স্নেহের একটা ভাগ পাওয়ার আশা রাখতেন। এমন কি ইতর জন্তুরাও বাদ যেত না। কয়েকটা কুকুরকে দেখতাম সতীশদা যখন থাকতেন না—তখন আশেপাশে মাইল খানেকের মধ্যেও তাদের পাত্তা পাওয়া যেত না। কিন্তু মজার ব্যাপার সতাশদা আসতে-না-আসতেই তারা ঠিক এসে হাজির হত—এবং করুণকণ্ঠে তাদের দাবী জানাত। কিভাবে যে তারা খবর পেত—ভগবান জানেন। যে ভালোবাসা সর্বব্যাপী তার বোধহয় একটা আলাদা ভাষা আছে—যা পণ্ডিতরাও সব সময় বুঝে উঠতে পারেন না।

সতীশদা তাঁর যৌবনে একবার তাঁর বাবা-মায়ের সঙ্গে হিমালয়ে কেদারনাথ বদ্রীনারায়ণ ভ্রমণ করে এসেছিলেন। তিনি প্রায়ই সে-সব গল্প আমাদের বলতেন। তাঁর কাছে গল্প শুনে শুনে আমাদেরও একবার হিমালয় ভ্রমণের আকাঙ্খা জাগল। আমরা ৪।৫ জন তৈরী হ'তে লাগলাম। আমাদের একবন্ধু স্বর্গীয় হরিপদ মান্নার খুবই ইচ্ছা যে আমাদের সঙ্গে যান, কিন্তু পাথেয় যোগাড় করার মতো আর্থিক সঙ্গতি তাঁর ছিল না। হরিবাবু ছিলেন এক অদ্ভুত ধরণের

মানুষ। একদিকে ছিলেন আদর্শ শিক্ষক এবং সত্যিকারের একজন জ্ঞানী গুণী লোক—আমি নিজে অনেক সময় তাঁর কাছে নানা বিষয়ে পড়াশোনা করেছি—অনেক কিছু জেনেছি, শিখেছি। আবার অন্যদিকে গান ভালোবাসতেন, নিজেও কিছু কিছু গাইতেন। ছেলে বেলায় কাঁকুড়দা গুণধর জাতীয় বিদ্যালয়ে সতীশদার ছাত্র ছিলেন। সতীশদা তাঁকে হিমালয় ভ্রমণের ব্যাপারে কিছু সাহায্য করতে চেয়েছিলেন। কিন্তু তিনি জানতেন তাঁর এই ছাত্রটি বিনা প্রতিদানে কারও কাছ থেকে কিছু গ্রহণ করবেন না—এমন কি তাঁর কাছ থেকেও না।

শেষ পর্যন্ত সতীশদা এর একটা সুন্দর সমাধান বের করলেন। তখন আমরা কংগ্রেস অফিসে নিয়মিত চরকায় সুতো কাটতাম। হরিবাবুও আমাদের সঙ্গে যোগ দিতেন। সতীশদা একদিন হরিবাবুকে বললেন, "আমার তো প্রায়ই বাইরে যেতে হচ্ছে। বেশ কয়েকখানা জামাকাপড় কেনা দরকার। তা তুমি তো ভালোই সুতো কাট—আমাকে কয়েকখানা কাপড় আর জামার থান বুনিয়ে দাও না।" হরিবাবু রাজী হলেন। মাস ছয়েক সুতো কেটে কিছু কাপড় বুনিয়ে দিলেনও সতীশদাকে। তার বদলে যে দাম পেলেন—তাতেই তাঁর হিমালয় ভ্রমণের খরচ উঠে গেল। বলা বাহুল্য দামটা একটু বেশীই পড়ল। সতীশদা বললেন—"হরির হাতের সুতো—খাঁটি খদ্দর। দাম তো একটু বেশী পড়বেই।"

১৯৪২ সালে সেই যে আমার ম্যালেরিয়া ধরেছিল—তারপর থেকে প্রতি বছরই একবার অন্ততঃ ম্যালেরিয়ায় ভুগতাম। সেবার ১৯৪৭-এর আগস্ট মাসের প্রথমেই জ্বরে পড়লাম। চারিদিকে তখন ভীষণ কর্মব্যস্ততা। আগামী ১৫ই আগস্ট ভারতবাসীর হাতে ক্ষমতা হস্তান্তরের দিন ধার্য হয়েছে। ভারতবাসীর এতদিনের আকাঙ্খা এতদিনের সাধনা সফল হতে চলেছে। ঐ দিনটিকে উপযুক্ত মর্যাদায় স্বাগত জানানোর জন্য প্রস্তুতি চলছে চারিদিকে। সতীশদা তখন গণপরিষদের সদস্য। উনি দিল্লী যাওয়ার জন্য তৈরী হচ্ছেন। যাওয়ার একদিন আগে হঠাৎ আমাকে জিগ্যেস করলেন—"কিরে,

দিল্লী যাবি?" এ সৌভাগ্য তো আমি কল্পনাও করিনি। এরকম একটা ঐতিহাসিক ঘটনা নিজের চোখে দেখা এমন অদ্ভুত দুরাশা মনের কোণেও কখনও স্থান পায়নি। কিন্তু তখনও আমার জ্বর চলছে, শরীর ভীষণ দুর্বল—যাব কি করে? কাজেই কোনো উত্তর দিতে পারলাম না। নীরবে চেয়ে রইলাম। সতীশদা আমাকে আর কিছু না বলে ডাক্তারের সঙ্গে পরামর্শ করলেন। সেদিনই সন্ধ্যায় শুনলাম পরের দিনই সতীশদার সঙ্গে দিল্লী যাচ্ছি।

যাওয়ার পথে ট্রেনে সতীশদার জন্য দ্বিতীয় শ্রেণীর (তখনকার দিনের) একটা বার্থ রিজার্ভ ছিল। এত অল্প সময়ের মধ্যে আমার জন্য কোনো রিজার্ভেশন সম্ভব ছিল না। একটা দ্বিতীয় শ্রেণীর টিকিট ছিল অবশ্য। কিন্তু রাত ৯টার পর আর কামরায় থাকার অধিকার ছিল না। সতীশদা গার্ড এবং অন্য যাত্রীদের সঙ্গে কথা বলে আমার রাতে থাকার ব্যবস্থা করলেন। শোয়ার সময় কিন্তু উনি নিজে মেজেয় বিছানা করে শুলেন, আমাকে জোর করে ওঁর বার্থে শোয়ালেন, কোন ওজর-আপত্তি শুনলেন না। বোধহয় তাঁর সেবা-শুশ্রূষা আর যত্নের ফলেই ট্রেনেই আমার জ্বর ছেড়ে গেল। তারপর দিল্লীতে তাঁর সান্নিধ্যে জীবনের কয়েকটা স্মরণীয় দিন ভালোভাবে কেটে গেল।

দিল্লীতে তখন সতীশদা থাকতেন কনষ্টিটিউশান ক্লাবে। যুদ্ধের সময় এটা ছিল মিলিটারী অফিসারদের মেস। গণপরিষদ গঠিত হওয়ার পর এখানে সদস্যদের থাকার ব্যবস্থা হ'য়েছিল। সতীশদার সঙ্গে এখানেই এসে উঠলাম। খাওয়ার সময় দেখি সতীশদা তাঁর জন্য ইংলিশ ডিস্, অর্থাৎ তেল-মশলা-বিহীন সেদ্ধ মাংস অর্ডার দিলেন। দেখলাম বেশ তৃপ্তির সঙ্গে লবণ, মরিচগুঁড়ো ছড়িয়ে খেয়ে যাচ্ছেন। একটু চেখে দেখলাম। আমাদের ভেতো বাঙালীর রসনায় সে জিনিস তো সহজে বরদাস্ত হওয়ার নয়। আমার জন্য তখন ইণ্ডিয়ান ডিশ—অর্থাৎ ভাত আর মশলা দেওয়া মাংসের তরকারী অর্ডার দিলেন।

এই কোমল হৃদয় মিষ্টভাষী মানুষটির অন্তরে কিন্তু একটা বজ্রকঠিন মন ছিল—আক্ষরিক অর্থে যাকে সত্যিই বলা যায়—"বজ্রাদপি কঠোরানি, মৃদুনি কুসুমাদপি"—জীবনের বহু ক্ষেত্রেই তিনি

তার প্রমাণ রেখেছেন। এ সম্বন্ধে তাঁর নিজের মুখেই তাঁর ছাত্র-জীবনের একটা গল্প শুনেছি। তিনি ছিলেন তাঁর বাবা-মার একমাত্র সন্তান। অতি শৈশবেই তিনি মাতৃহারা হন এবং ঠাকুমা ও বড় কাকিমার স্নেহযত্নে মানুষ হন। পরবর্তীকালে বিমাতারূপে যিনি এসেছিলেন—তাঁরও কোন সন্তানাদি ছিল না এবং সতীশদাকে তিনি নিজের ছেলের মতোই ভালোবাসতেন। সতীশদাও তাঁকে মায়ের মতই শ্রদ্ধা ভক্তি করতেন।

মহিষাদল-রাজ হাইস্কুলে পড়ার সময় সতীশদা বিপ্লবী সন্ন্যাসী স্বামী প্রজ্ঞানানন্দের সংস্পর্শে আসেন। স্বামীজী সে সময় রাজ আদেশে মহিষাদলে অন্তরীণ ছিলেন। স্বামীজীর কাছে তিনি প্রতিজ্ঞা করেছিলেন যে আজীবন অবিবাহিত থেকে দেশের কাজে আত্মোৎসর্গ করবেন। সেই প্রতিজ্ঞা থেকে তাঁকে কেউ কখনও টলাতে পরেরেনি।

সব বাবা-মাই চান—তাঁর ছেলেটি বিয়েশাদী করে, সংসারী হ'য়ে সুখে থাকুক। সতীশদার বাবা মাও তাই চাইতেন। কিন্তু সতীশদা কিছুতেই রাজী ছিলেন না। এ নিয়ে একবার পিতাপুত্রে বিরোধ চরমে উঠল। সতীশদা তখন শিবপুরে ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি হ'য়েছেন। কি একটা ছুটির পর কলেজ খুলেছে। তিনিও বাড়ি থেকে খেয়ে-দেয়ে জামাকাপড় পড়ে কলকাতা যাওয়ার জন্য তৈরী হ'য়েছেন। এমন সময় তাঁর ঠাকুমা এসে বললেন—"তোর বাবা বলছে—বিয়ে করতে রাজী না হ'লে তোর পড়ার খরচ দিতে পারবে না, আর তোর কলিকাতায় যাওয়াও চলবে না।" সতীশদা বললেন—"ঠিক আছে, বিয়েও করব না, কলকাতাও যাব না।" এই বলে জামাকাপড় ছেড়ে নিজের ঘরে গিয়ে বসে রইলেন। খাওয়া দাওয়া বন্ধ। বৃদ্ধা পড়লেন মহা ফাঁপরে। পিতা, পুত্র কেউই গোঁ ছাড়তে রাজী নয়। এদিকে মা, কাকিমা কান্নাকাটি সুরু করেছেন। এইভাবে সারা দিন-রাত কাটল। শেষ পর্যন্ত পিতাকেই কিছুটা নেমে আসতে হ'ল। সকাল বেলা এসে ঠাকুরমা খুশী হ'য়ে খবর দিলেন—তাঁর বাবা বলেছেন এখন টাকা-পয়সা নিয়ে কলকাতা চলে

যেতে। বিয়ের কথা পরে চিন্তা করা যাবে।

তখনকার দিনে মহিষাদল থেকে বাঁকা বা গেঁওখালি থেকে স্টিমার ধরে কলকাতা আসাই ছিল সহজ-পথ। সতীশদাও সেদিন একটু তাড়াতাড়ি খেয়ে দেয়ে টাকা-পয়সা নিয়ে বাড়ি থেকে বেরিয়ে পড়লেন—বাঁকাতে গিয়ে স্টিমার ধরবেন। পথে যেতে যেতে হঠাৎ তাঁর খেয়াল হ'ল—তাই তো, বাবার ঐ কথা শুনে যে তিনি চলে এলেন—তার মানে ভবিষ্যতে কোনদিন তিনি বিয়ের কথা বিবেচনা করলেও করতে পারেন—এমন একটা আশ্বাস তাঁকে দিয়ে এলেন। এটা তো ঠিক হ'ল না। অতএব সেখান থেকেই ফিরে বাড়ির পথ ধরলেন।

ঠাকুরমা নিশ্চিন্ত ছিলেন। তাঁর এই একগুঁয়ে নাতিটিকে তিনি বুঝিয়ে-শুঝিয়ে কলিকাতা পাঠাতে পেরেছেন। হঠাৎ নাতিকে ফিরে আসতে দেখে তিনি বেশ-একটু শঙ্কিত হ'লেন। সতীশদা সরাসরি ঠাকুরমার কাছে গিয়ে টাকা-কড়ি সব তাঁর সামনে ফেলে দিয়ে বললেন যে তাঁদের টাকাও তিনি চান না, ভবিষ্যতেও তিনি কোনোদিন বিয়ে করতে পারবেন না, আর এ সম্বন্ধে কোনো শর্তও তিনি মানতে পারবেন না। বৃদ্ধা তো আকাশ থেকে পড়লেন। কিন্তু নাতিটিকে তিনি ভালোভাবেই চেনেন—একবার যখন গোঁ ধরেছে—তখন কিছুতেই তাকে নামানো যাবে না। তিনি আর কি করবেন, তাঁর বাবাকে ডাকতে পাঠালেন। বাবা এলেন—সব শুনলেন। খুব যে একটা রাগারাগি করলেন—তা নয়; কিন্তু একটা দুঃখ পেলেন। ছেলেটি তাঁর সবদিক দিয়েই অতি ভালো ছেলে। পড়াশোনায়, স্বভাব-চরিত্রে এমন ছেলে আর হয় না। কিন্তু কি যে গোঁ একবার যা ধরবে, তার থেকে আর ছাড়ান নেই।

রাত্রিটা প্রায় জেগেই কাটল। ভোরে এসে ছেলেকে বললেন—"যাও বাবা, কলেজে যাও নিজের থেকে আর কোনোদিন তোমাকে বিয়ের কথা বলব না।" আর কখনও বলেনওনি। অনেক প্রস্তাব এসেছে। তিনি হয় এড়িয়ে গেছেন, না-হয় ছেলের বন্ধুদের কাছে পাঠিয়ে দিয়েছেন; কিন্তু নিজে আর কখনও ছেলের কাছে মুখ ফুটে কিছু বলেননি।

সতীশদা বন্ধু-বান্ধবদের সঙ্গে বা বাচ্চা ছেলে-মেয়েদের সঙ্গে যখন থাকেন—তখন খুবই হাসিখুশী। আবার সেই মানুষই যখন কোন গুরুতর কাজে বসেন—তখন ভীষণ গম্ভীর, তাঁর সঙ্গে কথা বলতে ভয় হয়। নিজেও বিশেষ কথা বলেন না। অনেকগুলি প্রতিষ্ঠান এবং কমিটির তিনি সভাপতি ছিলেন। কোনো প্রতিষ্ঠানের সঙ্গে যদি তাঁর সামান্যতম সংস্রব থাকে তবে সেই প্রতিষ্ঠানের সভাপতি হিসাবে অবশ্যম্ভাবীরূপে তাঁরই নাম উঠবে এবং তা গৃহীতও হবে। ঠাট্টা করে তাই তিনি বলতেন,—"এ তোমাদের সভাপতি নির্বাচন নয়, সভাপতি নির্যাতন।" সভাপতির আসনে বসে তিনি সাধারণতঃ কোনো কথা বলতেন না, চুপ করে শুনতেন। তারপর দুটি কি একটি কথা বলতেন। আর সে কথার নড়চড় হবে না—প্রতিবাদ করাও চলে না, কেউ সাধারণতঃ করতেনও না।

১৯৪৫-এর ডিসেম্বরে গান্ধীজী মহিষাদল এলেন। তাঁকে অভ্যর্থনা জানানোর জন্য এবং সব ব্যবস্থাদি করার জন্য একটি অভ্যর্থনা সমিতি গঠিত হয়েছিল। সতীশদা তখনও জেলে। গান্ধীজী আসার আগে উনি জেল থেকে বেরিয়ে এলেন। তখন চিরকাল যা হ'য়ে আসছে তাই হ'ল। তাঁকে ঐ অভ্যর্থনা সমিতির সভাপতি করা হ'ল। গান্ধীজীর কাছে অভিযোগ করা হয়েছিল যে মেদিনীপুরে তাঁর শিষ্যরা হিংসার আশ্রয় গ্রহণ করেছিলেন। তিনি সতীশদার কাছে এই অভিযোগের সত্যতা সম্বন্ধে জানতে চাইলেন। সতীশদা সহকর্মীদের সঙ্গে আলোচনা করার জন্য কিছু সময় চেয়ে নিলেন। সেই দিনই বিকালে এক জরুরী সভা আহ্বান করা হ'ল। উপস্থিত প্রায় সকলেই এক-বাক্যে বললেন—যে গান্ধীজীর কাছে হিংসাত্মক কাজের কথা স্বীকার করা হবে না। কংগ্রেস কমিটি তো হিংসার পথ গ্রহণ করেনি—এবং হিংসাত্মক ঘটনা কিছু ঘটে থাকলে তার সঙ্গে কংগ্রেস কমিটির কোনো সংযোগ ছিল না। তাঁদের ভয় ছিল যে হিংসার সংস্রব আছে শুনলে গান্ধীজী হয়ত তাদের কংগ্রেস থেকে বেরিয়ে যেতে বলবেন—না হয় নিজেই অনির্দিষ্ট কালের জন্য অনশন স্বুরু করে দেবেন। তখন সব দায় দায়িত্ব তাঁদের ঘাড়ে এসে পড়বে। বিশেষ করে অজয়দা,

সুশীলদা প্রমুখ নেতারা তখন জেলে। তাঁদের মতামত না নিয়ে এ সম্বন্ধে কিছু বলা উচিত হবে না।"

সতীশদা চুপ করে সব শুনলেন, তারপর বললেন—"তাহলে আপনারা এই কমিটির অন্য-একজন সভাপতি ঠিক করে নিন—যাঁকে গুরু বলে মেনেছি—তাঁর কাছে আমি মিথ্যা কথা বলতে পারব না।"

সবাই জানতেন—তাঁর কথার একচুল নড়চড় হবে না। তখন আবার নূতন করে চিন্তা স্বুরু হ'ল। শেষ পর্যন্ত স্থির হ'ল—যে সতীশদা গান্ধীজীর কাছে অকপটে সব কথা খুলে বলবেন, তবে কি অবস্থায় পড়ে জাতীয় সরকার কি করতে বাধ্য হ'য়েছিলেন—সে কথাটাও যেন গান্ধীজীকে জানানো হয়—এই অনুরোধ সতীশদার কাছে রাখা হ'ল। বলা বাহুল্য যে কর্মীদের সে আশংকা সত্য হয়নি। গান্ধীজী সব কাজকর্ম সমর্থন না করলেও প্রশংসা করেছিলেন। কিন্তু সে অন্য কাহিনী।[১]

একটা ব্যাপারে আমরা সবাই ভয় পেতাম। সেটা হ'চ্ছে সতীশদা যখন রেগে যান—তাঁর সে রাগ অতি ভয়ঙ্কর। কিছুটা ঠাণ্ডা না হওয়া পর্যন্ত অতি বড় দুঃসাহসীও তার সামনে গিয়ে দাঁড়ানোর মতো সাহস সঞ্চয় করে উঠতে পারত না। আমি হঠাৎ একদিন এই অসহনীয় অবস্থা থেকে প্রতিকারের একটা পথ খুঁজে পেয়েছিলাম।

সতীশদার একটা ফিস্‌চুলা হ'য়েছিল। উনি প্রায়ই তাতে কষ্ট পেতেন। ডাক্তাররা শেষ পর্যন্ত রায় দিলেন যে ওটা অপারেশন করিয়ে নিতে হবে। ডাক্তার বীরেনদা (ডাঃ ধীরেন্দ্রনাথ পট্টনায়ক) তখন হ্যারিসন রোডে মাড়োয়ারী হাসপাতালের (বাগলা হাসপাতাল) সঙ্গে যুক্ত ছিলেন। উনি ব্যবস্থা করলেন—যে ওখানেই ওঁর অপারেশন হবে। সেটা ১৯৪৭ সালের প্রথমের দিকে। কলকাতায় তখনও সাম্প্রদায়িক হাঙ্গামার জের চলছে। ঐ অঞ্চলটায় তখন সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত কারফিউ ছিল। দুটি দারোয়ান ছাড়া সমস্ত হাসপাতালটাই তখন একদম ফাঁকা। কোনো বেডে রোগী নাই।

১। এই প্রসঙ্গে বিস্তৃত বিবরণ সতীশদার জীবনীতে দেওয়া হয়েছে।—সম্পাদক।

সতীশদার দেখাশোনা করার জন্য আমিও সতীশদার সঙ্গে গিয়ে হাসপাতালের একটা বেড দখল করে বসলাম। ভালোভাবেই অপারেশন হ'ল। সতীশদাও ক্রমশঃ সুস্থ হ'য়ে উঠলেন।

যে সময়ের কথা বলছি সে সময় উষাদি (শ্রীমতী উষা চৌধুরী) কলকাতায় একটা বাসা করে ছিলেন। উষাদি কংগ্রেসের সর্বসময়ের কর্মী এবং ভগিনী সেনার সদস্যা ছিলেন—জাতীয় সরকারের বহু দুঃসাহসিক কাজেও তিনি অংশ গ্রহণ করেছেন। '৪২-এর আন্দোলনের পর তাঁকে নার্সিং ট্রেনিং নেওয়ার জন্য পাঠানো হয়। ট্রেনিং শেষ করে তখন তিনি কলকাতায় আছেন। উষাদি আমাকে মায়ের মতোই ভালোবাসেন—চিরদিনই তাঁর কাছ থেকে পুত্রাধিক স্নেহ পেয়ে এসেছি। তিনি জিদ করলেন যে একবেলা অন্ততঃ তাঁর কাছে খেয়ে আসতে হবে। সতীশদা এসবই জানতেন। তিনি নিজেও উষাদিকে খুবই স্নেহ করতেন। যেদিন ওঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়ার কথা তার আগের দিন বিকালে আমাকে বললেন,—"যা, আজ উষার ওখানে খেয়ে আয়।" কিন্তু কারফিউর জন্য তো সন্ধ্যার পর এখানে আসা যাবে না। তাই ঠিক হ'ল যে রাত্রিটা আমার বন্ধুর ওখানে কাটিয়ে খুব সকালেই চলে আসব—যাতে তাড়াতাড়ি বেরিয়ে সকাল সকাল তমলুকে পৌঁছাতে পারি।

কিন্তু মুশকিল হ'ল উষাদিকে নিয়ে। সকালবেলা বেশ ভালোরকম কিছু না খাইয়ে কিছুতেই ছাড়লেন না। সতীশদার জন্যও কিছু খাবার পাঠালেন। আর এসব করতে গিয়েই দেরী করিয়ে দিলেন।

সতীশদাকে ট্রেনে তুলে দেওয়ার জন্য কানুও আমার সঙ্গে এল। হাসপাতালে এসে দেখি সতীশদা জামাকাপড় পরে তৈরী হ'য়ে বসে আছেন। কিন্তু মুখটা গম্ভীর—সেই চিরপরিচিত হাসিটা অনুপস্থিত। একটু ঘাবড়ে গেলাম। আমতা আমতা করে দেরীর কারণটা বললাম। কিন্তু কোনো সাড়া পেলাম না। কিছুক্ষণ এটা সেটা নাড়াচাড়া করে কাটালাম। তারপর অত্যন্ত সঙ্কোচের সঙ্গে বললাম, —"চলুন, রওনা হই, একটু দেরী হ'লেও দুপুরের আগে তমলুক পৌঁছে যাব।" সতীশদা অত্যন্ত রাগের সঙ্গে বললেন—"তোমাদের ইচ্ছা

হ'লে চলে যেতে পার—আমি যাচ্ছি না।”

এই কথা শুনে আমারও হঠাৎ রাগ হয়ে গেল। এই দুই অন্ধ-স্নেহের টানা-পোড়েনে আমার তখন সসেমিরা অবস্থা। রাগ, দুঃখ অভিমানে আমার তখন চোখ দিয়ে জল বেরিয়ে এসেছে! হঠাৎ দেখি অবস্থাটা একদম বদলে গেছে। সতীশদার সেই রাগটাগ আর কিছু নাই। উনি তখন আমাকেই শান্ত করতে ব্যস্ত হ'য়ে পড়েছেন। কিছুক্ষণ পরে একটু শান্ত হ'তে সতাশদা প্রস্তাব করলেন,—“চল, আজ উষার ওখানে যাই, বিকালে তমলুক যাব।”

উষাদির কাছে তো সেটা প্রায় হাতে চাঁদ পাওয়ার সামিল। সতীশদা তাঁর এই অসুস্থ শরীর নিয়ে তাঁর ওখান পর্যন্ত যাবেন কষ্ট করে এবং কিছুক্ষণ তাঁর ওখানে থাকবেন এ সৌভাগ্য তিনি কল্পনাও করেননি। সেদিন সকালটা আমরা সবাই খুব আনন্দে কাটালাম। সন্ধ্যায় তমলুক ফিরলাম।

আর একদিন আমি এবং রমেশদা (শ্রীরমেশচন্দ্র কর) সতীশদাকে বলে সন্ধ্যার সময় একটা কাজে বেরিয়েছি। যেখানে গেছলাম সেখানে বেশ একটু দেরী হ'ল—তাই ফিরতেও অনেকটা রাত হয়ে গেল। এসে দেখি সতীশদা অফিসের সামনে ঝাউগাছটার নীচে মাদুর পেতে শুয়ে আছেন। রমেশদা কাছে গিয়ে উনি খেয়েছেন কিনা জিজ্ঞেস করলেন, কিন্তু কোনো উত্তর পেলেন না। বুঝলেন কিছু একটা গড়বড় হয়েছে। উনি সরে পড়লেন। আমি গিয়ে বার বার ওঁকে খাওয়ার জন্য বা শুতে যাওয়ার জন্য অনুরোধ করলাম। কোনো উত্তর নাই। অথচ জেগে আছেন বুঝতে পারছি। নিশ্চয় রাগ হয়েছে—কিন্তু কোনো কারণ খুঁজে পেলাম না। আমিও অভুক্ত এবং কিছুটা পরিশ্রান্তও ছিলাম। বার-বার ডেকেও সাড়া না পেয়ে আমারও ভীষণ রাগ হয়ে গেল। বললাম,—“ঠিক আছে আমিও খাব না”—বলেই বারান্দায় একটা মাদুর বিছিয়ে শুয়ে পড়লাম।

ঘুমটা আমার চিরদিনই একটু বেশী। কখন যে তারপর ঘুমিয়ে পড়েছি জানি না। সকালে যখন ঘুম ভাঙল—দেখি মাথার নীচে

একটা বালিশ—মাথার উপরে মশারী টাঙানো—চারিপাশ ভালোভাবে গুঁজে দেওয়া। এ নিশ্চয় সতীশদার কাজ—উনি ছাড়া এটা আর কেউ করতে পারে না। গত রাতে ঐভাবে রাগ করার জন্য একটু লজ্জাই পেলাম। চুপ করে কিছুক্ষণ শুয়ে রইলাম। দেখলাম উনি ওঁর রোজকার অভ্যাসমতো বারান্দায় পাইচারী করছেন—আর গুণ গুণ করে গান গাইছেন। কালকের সেই মানুষটির কণামাত্রও চিহ্ন আর নেই। একটু পরে রমেশদা জেগে উঠলেন। সতীশদা হাসতে হাসতে তাঁকে জিজ্ঞেস করলেন,—"কি, রমেশ, কাল কেমন সিনেমা দেখলে ?" রমেশদা তো আকাশ থেকে পড়লেন! ব্যাপারটা হয়েছে কি—গতকাল আমরা যখন বেরিয়েছি—তখন কেউ একজন সতীশদাকে এসে বলে যান—যে আমরা সিনেমা দেখতে গেছি। উনি অপেক্ষা করেছিলেন—আমরা ফিরলে একসঙ্গে খাব। কিন্তু সিনেমা শো ভাঙার পরেও যখন আমরা ফিরলাম না তখন ওঁর রাগ এসে গেল। যতই দেরী হচ্ছে—ততই রাগ বাড়ছে। রাতের বেলা বোধহয় বুঝেছেন যে আমরা সিনেমা দেখতে যাইনি। বাস, রাগ জল হয়ে গেল। সবাই মিলে খুব একচোট হাসাহাসি হ'ল। রাতে কারোরই খাওয়া হয়নি—ভবানীকে (শ্রীভবানীকে প্রামাণিক) ভালো করে খাওয়া-দাওয়া ব্যবস্থা করতে বললেন।

এসব ঘটনা অবশ্য সচরাচর ঘটত না। তবে দেবতাদেরও তো কিছু কিছু দুর্বলতা আছে। বরং বলা যায় ঐ দুর্বলতাটুকু আছে বলেই তাঁরা আমাদের এত প্রিয়—এত কাছের মানুষ হতে পেরেছেন। তাঁদের এই ক্রোধটুকুর জন্য আমাদের একটু-আধটু কষ্ট ভোগ করতে হয় ঠিকই। কিন্তু এর বদলে তাঁরা যে মুল্য ফিরিয়ে দেন—তাতে ঐ কষ্টের হাজার গুণ দাম পেয়ে যাই—তখন আর কষ্টের কথা মনেও থাকে না। সতীশদাকে দেখে বার বার আমার ভোলা মহেশ্বরের কথাই মনে আসে। সামান্য দুটো বেলপাতা পেলেই তিনি তুষ্ট। আবার রেগে যখন যান—তখন বুকের মধ্যে মহাপ্রলয়ের বাজনা বাজতে থাকে। সে রাগ আবার জল হ'য়ে যেতেও দেরী লাগে না। আবার যখন দেন—তখন দু'হাত ভরে দেন—কোনোখানে

একটু ফাঁক থাকে না।

একটু আগেই বলেছি—আমার ঘুমটা একটু বেশী। এ্যালাম ঘড়ির বাজনা যত জোরেই বাজুক—আমার ঘুম কখনও ভাঙত না। যখনকার কথা বলছি—তখনও মেচেদা-তমলুক রাস্তা তৈরী হয়নি। তমলুক থেকে পাঁশকুড়া হয়ে প্রথম ট্রেন ধরে কলকাতা আসতে হ'লে আমাদের ভোর চারটার সময় বাস ধরতে হত। যখনই আমার এরকম ভোরে কলকাতা আসার কোন প্রয়োজন হত—তখন সতীশদা এ্যালার্ম ঘড়িটা নিজের কাছে রাখতেন। তারপর সময়মতো আমাকে জাগিয়ে দিতেন। বন্ধু-বান্ধবদের মধ্যে অনেকেই আমাকে জাগাতে গিয়ে বিরক্ত হয়ে হাল ছেড়ে দিতেন। সতীশদাকে কিন্তু কোনোদিন বিরক্ত হ'তে দেখিনি। মায়ের মতো স্নেহ দিয়ে আস্তে আস্তে নাড়া দিয়ে উনি আমাকে জাগিয়ে তুলতেন।

সতীশদা অতি মহান মানুষ—জীবনেও তিনি মহান, কর্মেও তিনি মহান। কিন্তু আমার কাছে, এবং আমার মতো আরও অনেকের কাছে—তাঁর সেই মহত্বের মূল উৎস—তাঁর মহৎ হৃদয়। তার বিশাল হৃদয়ের মহৎ বৃত্তিগুলি কতভাবে, কতদিকে যে বিকশিত হয়েছে—তার সম্পূর্ণ খবর কেউ জানে না—অনুমান করার সাধ্যও আমাদের নেই। আমরা কেবল তাঁর সেই হৃদয়-নিঃসৃত অফুরন্ত স্নেহের অমৃত-ধারার অবগাহন করে তৃপ্ত হয়েছি—ধন্য হয়েছি।

এটা দেখেছি—যখই একটু অসুস্থ হয়ে পড়তাম—সতীশদার স্নেহ-ভালোবাসা যেন আরও বেশীকরে ঘিরে ধরত। শরীরটা আমার কোনোকালেই খুব ভালো ছিল না, প্রায়ই অসুস্থ হয়ে পড়তাম—আর বোধহয় সেইজন্যই তাঁর স্নেহ-ভালবাসার ভাগটা একটু বেশী করেই পেতাম। যখনই অসুস্থ হয়ে পড়তাম—অত্যন্ত স্নেহশীলা মায়ের মতোই উদ্বেগ-ভরা-মন নিয়ে তিনি আমার পাশে এসে বসতেন, সেবা-শুশ্রূষা করতেন, প্রয়োজনমতো ঔষধ-পথ্য যুগিয়ে দিতেন। কখনও বা গভীর রাতে জেগে উঠে দেখতাম—সতীশদা জেগে বসে আছেন, আস্তে আস্তে পায়ে হাত বুলিয়ে দিচ্ছেন। সতীশদার মতো মানুষ আমার পায়ে হাত বুলিয়ে দেবেন এটা ভাবতেই পারা যায় না ভীষণ

লজ্জায় পড়তাম, কিন্তু তিনি কোনো কথাই শুনতেন না। অসীম সঙ্কোচ নিয়ে তার ঐ সেবাটুকু গ্রহণ করতে হত। ১৯৪৯ সালে খুবই অসুস্থ হয়ে মহিষাদলে প্রায় মাস-তিনেক শয্যাশায়ী ছিলাম। সুশীলদা, উষাদির মতো মানুষের আশ্রয়ে ছিলাম তাঁদের সেবাযত্নের কোনো তুলনাই হয় না। দিল্লীতে সতীশদার কাছে কিন্তু নিয়মিত খবরা-খবর পাঠাতে হ'ত। তিনি সেখান থেকে চিকিৎসা সম্পর্কে নির্দেশ পাঠাতেন। আবার যখনই তমলুক আসতেন সহস্র কাজের মধ্যেই ঠিক সময় করে নিয়ে আমার কাছে কিছু সময় কাটিয়ে যেতেন।

চাকরিতে যোগদানের পর বাধ্য হয়ে তাঁর সেই মধুর সান্নিধ্য থেকে দূরে চলে আসতে হ'ল। কি যে হারালাম—তা শুধু আমিই জানি। কিন্তু আজও—এই প্রৌঢ় বয়সেও—যখনই অসুস্থ হয়ে পড়ি চোখ একটু বন্ধ হলেই একটি উদ্বেগ ব্যাকুল মুখ আমার চোখের সামনে ভেসে উঠে। সে মুখ আমার মায়ের মুখ—তফাৎ শুধু এই-টুকুই যে সেই মুখে বিরাট একজোড়া গোঁফ আছে।*

*মূল ইংরাজি থেকে লেখক কর্তৃক অনূদিত।

আমাদের সতীশদা

শ্রীসুশীল কুমার ধাড়া

[প্রাক্তন লোকসভা সদস্য ; প্রাক্তন মন্ত্রী (পশ্চিমবঙ্গ) ; সভাপতি, তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটি, শ্রীসতীশচন্দ্র সামন্তের অর্ধশতাব্দীব্যাপী ঘনিষ্ঠ সহকর্মী, লোকসভায় লোকদলের প্রাক্তন চিফ হুইপ]

সতীশদাকে জানতে হলে, কোনো নেতাকে বা কোনো সুমহান ব্যক্তিকে বা কোনো আদর্শ পুরুষকে জানার প্রচলিত রীতির থেকে সম্পূর্ণ অন্য ধারাতেই ভাবা উচিত। তিনি সর্বাধিনায়ক ছিলেন, মেদিনীপুরের প্রথম সারির নেতা ছিলেন, খ্যাতনামা স্বাধীনতা সংগ্রামী ছিলেন—ত্যাগ ও বৈরাগ্য, সেবা ও নিষ্ঠা, শৌর্য ও চরিত্রে যে সংগ্রামী জীবন গৌরবোজ্জ্বল-সেইরূপ মানুষ ছিলেন। এ কথা অনেকে লিখেছেন এবং বহুজন মনেও-করেন। কিন্তু তিনি যে এক অজাত শত্রু কাল পুরুষ ছিলেন তা বোধকরি খুব কম মানুষই জানেন। তমলুকের মুকুটহীন সম্রাট, সবার প্রিয়, সকলের সতীশদা, সবার আপন জন, রাজনৈতিক সঙ্কীর্ণতার বহু উর্ধ্বে, বুকভরা স্নেহ ভালোবাসায় যা তুলনাহীন—যা ফল্গু ধারার মতো সকলের দৃষ্টির আড়ালে সদা প্রবহমান—সেই হৃদয়টির পরিচয় কয়জনই বা জানেন ? সেই সুবৃহৎ ছায়া সুনিবিড় বটতরুমূলে যাওয়ার সৌভাগ্য যার হয়নি—তার পক্ষে শীতলতার সন্ধান পাওয়া সম্ভবপর নয়। বিরোধী যে-কোনো রাজনৈতিক দলের লোককে দেখেছি তাঁর প্রতি শ্রদ্ধাশীল। বোধ করি তাঁর আচরণই এই কৃতিত্ব দাবী করতে পারে।

শ্রীসতীশচন্দ্র সামন্তের বাল্য ও কৈশোর, যৌবন ও প্রৌঢ় কাল আদর্শ, নিষ্ঠা, একাগ্রতা, কর্তব্যপরায়ণতা, শৌর্য ও সাহস, নেতৃত্ব ও সেবার উজ্জ্বল সাক্ষ্য। তাঁর স্কুল জীবনের আদর্শ প্রধান শিক্ষক ছিলেন হরিপদ ঘোষাল। সতীশচন্দ্র ক্লাসে একদিনও অনুপস্থিত হন্‌নি যেমন সত্য, তেমনি মাত্র পনের বৎসর বয়সে ১৯১৬ সালে আদর্শ গুরু স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতীর সংস্পর্শে আসার পর থেকেই তাঁরই প্রদত্ত বীজ মন্ত্র স্বীয় অন্তরে সদা জাগরূক রাখতে তাঁকে কোনো ক্লেশ স্বীকার

করতে হয়নি, এটাও ততোধিক সত্য। বোধকরি সেই কারণেই সতীশদা ১৯৩০ সালে রাজশাহী কেন্দ্রীয় কারাগারে তৃতীয় শ্রেণীর বন্দী থাকা-কালে, রেগুলেশন তিন আইনের রাজবন্দী বিপ্লবী তাপস মহারাজ, ত্রৈলোক্য চক্রবর্তী ও প্রতুল গাঙ্গুলীর ঘনিষ্ঠ সংস্পর্শে এলেন কত সহজে ; যেন কোন অদৃশ্য হস্ত এই উভয় কূলের মিলন ঘটাল দিগন্তের সীমারেখার মিলনের মতই। দিনের-পর-দিন তা প্রত্যক্ষ করার, তার আস্বাদ গ্রহণ করার সৌভাগ্য আমার হয়েছিল, সতীশদার ঘনিষ্ঠ অনুগামী ও সহবন্দী হিসাবে। তাই বলতে পারি এই মণিকাঞ্চন যোগই হয়তো আদর্শ গুরু তাঁর আদর্শ মন্ত্র শিষ্যের জন্যই নির্দিষ্ট করে রেখেছিলেন। অথচ তাঁর সঙ্গে সুদীর্ঘ-সান্নিধ্যেও তিনি কখনো তাঁর গুরুর কথা আমাকে বলেননি—আত্মপ্রচারের এমন বিমুখতা যে কোনো যুগে বিরল। মহিষাদলের "প্রজ্ঞানানন্দ স্মৃতি-ভবন" তাঁর গুরুর নামে ঠিকই—কিন্তু তিনি কোনো দিনই এর জন্য আগ্রহ বা ঔৎসুক্য দেখাননি। গুরু তাঁর অন্তর দেবতা, তাঁকে বাইরে টেনে আনতে বোধহয় এই লাজুক পুরুষটি ছিলেন সম্পূর্ণ অনিচ্ছুক। কাজেই ওটা ধীরে ধীরে গড়ে উঠেছে সতীশদার অনুগামীদের চেষ্টায়।

সারল্যে ভরা বালক সতীশচন্দ্রকে একদিন তাঁর পাঠশালার সহপাঠিবৃন্দ গ্রামের পাঠশালা থেকে বাড়ি ফেরার সময় বাড়ির পাশের খালের জলে খুব করে ডুবাল এবং কাদামাখা অবস্থায় তাঁকে বাড়ি পৌঁছতে হল। সতীশচন্দ্র সেদিন কি অভিযোগ করেছিলেন অভিভাবকদের কাছে, বহু চেষ্টায় তা জানা যায় নাই। তবে তাঁর সেদিনের ঘনিষ্ঠ বন্ধুবর্গকে এ নিয়ে মাঝে মাঝে মজলিশী রসিকতা করতে দেখেছি—আর সতীশদা প্রাণখোলা উচ্চ হাস্যরোলে তার সমর্থন জানিয়েছেন। শৈশবে মাতৃহীন এই বালক ছিলেন পিতার ও দাদুর নয়নের মণি। অবস্থাপন্ন পিতা এতে ক্রুদ্ধ হলেন এবং স্থির করলেন সতীশচন্দ্রকে এক মাইল দূরের হাইস্কুলে পাঠাবেন—আর এই পাঠশালায় নয়।

সতীশদা অকৃতদার—একথা সর্বজন বিদিত। কিন্তু কোন নারীর সঙ্গে তাঁর কোনোরূপ প্রেমের উপাখ্যান কখনো শুনিনি। কোন

নারীকে মন দিয়েছেন বা কোন নারীর মন হরণ করেছেন এমন কথাও তাঁর সঙ্গে আমার পরিচয়ের এই প্রায় অর্ধশতাব্দীর মধ্যে কখনো জানতে পারিনি—যা বিবাহিত বা অবিবাহিত অনেক নেতার সম্পর্কে সত্য হোক বা না হোক শোনা গেছে। অথচ এঁর সম্পর্কে এই জাতীয় মিথ্যা রটনা ও কেউ কখনো শোনেনি বলেই দৃঢ়তার সঙ্গে বলতে পারি। তা হলে, নারী সমাজের কোনো সংস্পর্শে কি তিনি কখনো আসা পছন্দ করতেন না? তাও সত্য নয়। জোড়া পুকুরের ইন্দু মাসীমাকে তিনি মাতৃজ্ঞানেই দেখতেন, তমলুকের বৈকুণ্ঠ ধামের ইন্দু প্রভা দেবীকে বৌদি সম্বোধনে বেশ নৈকট্য বোধ করতেন। অজয়দার সহোদরা কাঁচিদি-তো তাঁর দিদির স্থানই পেয়েছিলেন। কন্যাস্থানীয়া অসংখ্য যুবতী তাঁর জাতীয় সরকারের 'ভগিনী সেনার' সেনানী ছিল এবং তাদের মধ্যে কয়েকজন তো তাঁকে অতি আপন-জন মনে করত। তাদের অনেক দুঃখের জীবনে তিনি ছিলেন বিশেষ সান্ত্বনা এবং স্নেহ সমুদ্র। আবার ডাঃ কালিদাস ভট্টাচার্যের কন্যা কুমারী তপতী তার পাঠ্যজীবনে ছিল সতীশদার 'মা'।

'নিমতৌড়ি দেশবন্ধু পল্লী সংস্কার কেন্দ্রের অন্যতম প্রতিষ্ঠাতা এবং তার ভারপ্রাপ্ত কর্মী ছিলেন সতীশদা। এটা তাঁর প্রতিষ্ঠান জীবনের দ্বিতীয় পর্যায়, কাঁকুড়দার জাতীয় বিদ্যালয়ে অবৈতনিক শিক্ষকতা ১৯২৩-২৪ সাল। এর পর নিমতৌড়ির কর্মচঞ্চল জীবন চলে ১৯৩০-এর লবন সত্যাগ্রহের পূর্ব পর্যন্ত। এই পাঁচটি বছর তিনি ছিলেন ঐ এলাকার 'মেজবাবু'-অতিজনপ্রিয় সম্বোধন—গ্রামের সাধারণ নিরক্ষর কৃষিজীবি সকলের। সমিতির প্রতিষ্ঠিত দেশবন্ধু জাতীয় বিদ্যালয়ের অবৈতনিক শিক্ষক সতীশচন্দ্র গ্রামের নিষ্ঠাবান সেবক ও সালিশী বিচারক। সে কালে ঐ এলাকায় অন্য কোনো বিদ্যালয় ছিল না। কাজেই অশিক্ষায় ভরা ছিল ঐ সব অঞ্চল। সহকর্মী অজয়কুমার মুখার্জী, ভবতোষ দাস, ধীরেন্দ্র নাথ দাস ও রাখাল চন্দ্র মাইতি (পণ্ডিত) প্রভৃতির সহযোগে প্রথমে এক গৃহস্থের বৈঠকখানায় একটি নৈশ বিদ্যালয় স্থাপন করেন। বয়স্ক ছাত্র সংখ্যা আশাতীতভাবে বৃদ্ধি পেল। তাঁদেরই উৎসাহে এঁরা তমলুক—শ্রীরামপুর জেলা-

বোর্ড রাস্তার ধারে 'জানা' পরিবারের দানকৃত জায়গায় বাড়ি তৈরী করলেন এবং মাইনার স্কুল (৬ষ্ঠ শ্রেণী পর্যন্ত) স্থাপন হল। এই কাদা বা মাটির বাড়ি তৈরী করার সময় সতীশদা, তাঁর অন্যান্য সহ-কর্মীগণ এবং স্থানীয় যুবকবৃন্দের মতই নিজেই প্রত্যহ কাদা তৈরী করেছেন। মাথায় কড়া নিয়ে সেই কাদা বয়ে নিয়ে পৌঁছে দিয়েছেন মিস্ত্রি (ঘরামী)-র কাছে।

তমলুকের হ্যামিলটন স্কুলের ৫ম শ্রেণীর ছাত্র ১২।১৩ বৎসর বয়সের শ্রীমন্মথ হুতাইত তার পিতা নিতাইবাবুর অনুপ্রেরণায় মহকুমার সেরা হাইস্কুল ত্যাগ করে এই সামান্য স্কুলেই ভর্তি হল। এর পেছনে ছিল তার প্রতি সতীশদার অগাধ স্নেহের দুর্নিবার আকর্ষণ—একথা স্নেহাস্পদ মনু (মন্মথ)-র মুখে আমি নিজে শুনেছি। সে আরও বলেছিল যে ঐ সময় কয়েক বছর সে সন্নিকটবর্তী নিজ বাড়িতে কেবল মাত্র খেতে যেত, বাকী সব সময় তাঁর কাছেই পড়ত, এক বিছানায় ঘুমোত—এক কথায় তাঁর কাছ-ছাড়া হতে পারত না। ১৯৩০-৩১ সালে দমদম জেলে তৃতীয় শ্রেণীর বন্দীদশায় সতীশদার ও আমার বিছানা ছিল পাশাপাশি। কিন্তু অধিকাংশ দিন তিনি আমাকে ও মনুকে তাঁর কোলে নিয়ে শুতেন। এইরূপ আরো অনেককে। এই-ভাবে নিমতৌড়ি এলাকার পথে গ্রাম্য ছোট ছেলে মেয়েদের দেখলেই কোলে তুলে নিয়ে আদর করতেন। এই সময় ঐ এলাকায় মুষ্ঠি ভিক্ষা প্রচলন করেন—তাতেও গ্রামবাসীরা খুবই সাড়া দেন। স্থানীয় সাত আট খানা গ্রাম ছিল এঁদের কর্মক্ষেত্র। ম্যালেরিয়া নিবারণের জন্য এঁদো পুকুর পরিষ্কার ও রাস্তাঘাট পরিষ্কার, কলেরা রোগীর সেবা, আর্ত সেবা, শিক্ষাদান-এই ছিল এঁদের সাধনা। মাঝে মাঝে জ্ঞানাঞ্জন নিয়োগীর ম্যাজিক ল্যান্টার্ণ বক্তৃতাও করাতেন। তাই গ্রামবাসী সতীশদাকে আদর করে 'মেজবাবু' বলে ডাকতেন—যেমন তাঁরা ডাকতেন অজয়দাকে 'বড়বাবু' ও ধীরেনদাকে' ছোটবাবু' বলে। এই সময় দরিদ্র গ্রামবাসীর প্রয়োজনে মহেশ ভট্টাচার্য মশায়ের 'পারিবারিক চিকিৎসা ও মেটিরিয়া মেডিকা' হোমিওপ্যাথি বই নিয়ে বিনামূল্যে চিকিৎসা স্নুরু করেন। হোমিও এইচ. এম. বি.

ডাঃ জানকী নাথ সিংহ মাঝে মাঝে এ দের সাহায্য করার জন্য তমলুক শহর থেকে তিনমাইল দূরে এই কেন্দ্রে আসতেন এবং সতীশদাকে পরামর্শও দিতেন। সতীশদা শ্রীকৃষ্ণপুর গ্রামের রাইজুদ্দিনকে কলেরার ব্যাধি থেকে আরোগ্য করেন—তাই তার মা সতীশদাকে বলেছিলেন,—'তুই মোর কোন্ কালের বাপ ছিলি।' এবং এরপর থেকে ওঁর সঙ্গে রাস্তায় দেখা হলেই ঐ মহিলাটি সতীশদাকে 'বাবা' বলে সম্বোধন করতেন। পরবর্তী জীবনে সতীশদা ক্যালকাটা হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ভর্ত্তি হন ১৯৩৪ সালে কারামুক্তির পর গৃহে অন্তরীণ থাকাকালে, এবং ৪র্থ বর্ষ পর্যন্ত পড়ার পর রাজনীতির প্রয়োজনে এটা ত্যাগ করেন, যেমন শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের ২য় বর্ষ থেকে চলে এসেছিলেন অসহযোগ আন্দোলনে যোগ দেওয়ার জন্য। তমলুক শহরের অধিবাসী আমার ঘনিষ্ঠ বন্ধু শ্রীসুনীতি ভট্টাচার্যের কাছ থেকেও শুনেছি যে সতীশদা তাকেও খুব স্নেহ করতেন। তার চাকরিস্থল খড়্গপুরে সতীশদা সরকারী কাজে এলেও অন্যান্যদের সঙ্গে সরকারী সেলুনে না থেকে তার ছোট কোয়ার্টারে এসে খেতেন ও থাকতেন, তার স্ত্রী ও মেয়েদের সঙ্গে গল্প করতেন। এটা উল্লেখ করলে অপ্রাসঙ্গিক হবে না যে আমার এই বন্ধুটিও শৈশবেই পিতৃমাতৃহীন হয়ে মাতুল শ্রুতিনাথ চক্রবর্তীর কাছেই পুত্র স্নেহে বর্ধিত হয়েছিল।

শৈশবে মাতৃবিয়োগের পর সতীশচন্দ্রের পিতা দ্বিতীয় দার-পরিগ্রহ করেন। বিমাতার স্নেহ সতীশদাকে মন্ত্রমুগ্ধ করতে সক্ষম হয়। আমরা বহুলোকেই দেখেছি সতীশদার মাতৃভক্তি এই নিঃসন্তান বিমাতাটির প্রতি। সতীশদা তাঁকে অশৈশব 'মা' বলেই ডাকতেন এবং পরিপূর্ণ মাতৃ সম্মান দিতেন। তিনিও সতীশদার অ-দর্শনে ব্যাকুল হয়ে উঠতেন। এই সুগভীর সম্পর্ক এ-যুগে বিরল হলেও বোধকরি এই সম্পর্ক সতীশদার জীবনে এত স্নেহরস ধারা প্রবাহিত করতে সহায়ক হয়েছে। ওঁদের বাড়িতে দেখেছি—ছোট ছোট ভাই-বোনেরা চার-পাঁচ জন ওঁর পাতে একত্রে না খেলে তাদের রুচি হত না যেমন সত্য, ওদের ছাড়া ওঁরও সবকিছু বিস্বাদ লাগত তাও ঠিক।

গত ১৯৮১ সালের সেপ্টেম্বর মাসের প্রথম ভাগে তাম্রলিপ্ত স্বাধীনতা সংগ্রাম ইতিহাস কমিটির সভাপতিরূপে একটি টেপ রেকর্ডার যন্ত্র নিয়ে সতীশদার কিছু কথা ধরে নিতে গেলাম। তিনি দীর্ঘদিন কঠিন রোগশয্যায় থাকলেও কিছু বলতে সম্মত হলেন। বিভিন্ন প্রশ্নের মধ্যে একটি সময় জিজ্ঞাসা করলাম 'আচ্ছা সতীশদা আপনি বিয়ে করলেন না কেন ?' একটু সময় নীরব থাকলেন। বুঝলাম যেন কোনো গভীরে কি খুঁজে বেড়াচ্ছেন। আবার জিজ্ঞাসা করায় বললেন—'ঐ যে স্বামীজী'। আবার চুপ করলেন। 'স্বামীজী কি আপনাকে এই বিষয়ে কিছু বলেছিলেন ?' আমার এই প্রশ্নের জবাবে বললেন 'একদিন আমাকে বললেন 'সতু, ও সতু, (তিনি আমাকে সতু বলে ডাকতেন) জানিস্ কত লোককে বললাম যে তোরা সংসারে পিছু-টান হস্‌নে। তারা কথা দিয়ে গেল। কিন্তু ছাখ্ না, সব শালা বিয়ে করে ফেলেছে'—আবার নীরব হলেন। একটু বিরতি দিয়ে আমি জিজ্ঞাসা করলাম 'আর আপনাকে কি বললেন ?' উত্তর এল না, রোগক্লান্ত মুখে সামান্য একটু হাসির রেখা দেখা গেল, তারপর বললেন—'তুই আর ও পথে যাস্‌নে'।

স্বামীজীকে বরিশাল থেকে পল্লী শহর মহিষাদলে ১৯১৬-১৯ সালে বৃটিশ সরকার অন্তরীণ অবস্থায় বন্দী করে রাখে। বেদান্ত শাস্ত্রে মহাপণ্ডিত বিপ্লবী তরুণ সন্ন্যাসী স্বামী প্রজ্ঞানানন্দ সরস্বতী যাঁর কৈশোরে জীবন পথের দিশারী, মন্ত্র ও মন্ত্রণাদাতা, সেই সতীশদা যে আজকের সতীশদা—মহামহীরূপ আদর্শ পুরুষরূপে পরিচিত হবেন তা আর কেউ না জানলেও তাঁর বিধাতা পুরুষ তা জানতেন। তাই হয়তো সতীশদার পরম করুণাময়ী বিমাতা এবং একমাত্র সন্তানের জনক ত্রৈলোক্যনাথের বহুদিনের নয়নাশ্রুকে পরম শ্রদ্ধা ও বিনয়ের সঙ্গে বিফল করে চির কৌমার্যব্রত উদ্‌যাপন করলেন। যাকে বলে সত্যকারের ব্রহ্মচারী-জীবন। মহাসন্ন্যাসীর শিষ্য সতীশদা সন্ন্যাস নিলেন না, স্বদেশ সাধনায় তাঁরই প্রদর্শিতপথে—সেই শাশ্বত মন্ত্র 'চরৈবেতি' (আগে চল) জপ করতে করতে জীবন সায়াহ্নে এসে পৌঁচেছেন।

তাঁর ঐ সুমহান চরিত্রের এক কাণাকড়ি যোগ্যতাও আমার নেই —তবু প্রসঙ্গত উল্লেখ করতে হচ্ছে যে আমি বিবাহ না করে আজ পরিণত জীবনে উপস্থিত হতে পেরেছি সে কেবল সতীশদার একটি স্নেহ-কোমল-সুদৃঢ় কথার জন্যই। তা হল 'নাই বা করলি'? বিদ্যুৎ স্পর্শ বোধ করেছিলাম সেদিন এক গ্রীষ্ম সন্ধ্যায় ১৯৩৭-৩৮ সালে তমলুক কংগ্রেস অফিসের বারান্দায়। তাঁর কোলে তখন আমার মাথা আর তাঁর আঙুলগুলি ইতস্ততঃ সঞ্চালিত হচ্ছিল আমার মাথা-ভরা কেশরাশির মধ্যে—সে অনেক কথা। তা পরিবেশনের জন্য এটা উপযুক্ত স্থানও নয়।

সতীশদা বড় ভুগছেন, বার্ধক্য জর্জর-দেহে তা আর সইতে পারছেন না। তাই বারে বারে মনে হয় তাঁর মহাগুরুকে সম্বোধন করে বলি, —'স্বামীন্। এ তোমার কি বিচিত্র ইচ্ছা! এমন পবিত্র যাঁর জীবন তাঁকে কি জীবনের শেষ-কটা-দিন রোগ যন্ত্রণাহীন একটু শান্তিতে কাটাতে দিলে তোমার কোনো বিশেষ উদ্দেশ্যের লাঘব হবে! বড় কষ্ট পাচ্ছেন, তাই আমরাও খুব মর্মপীড়া বোধ করছি গুরু।

সতীশদা তামাক খেতেন, দোক্তা খেতেন, পানও বেশ খেতেন। মাঝে মাঝে সিগারেটও খেতেন। তামাক পোড়া গুল দিয়ে দাঁত মাজতে দেখেছি। গড়গড়া হুঁকায় তামাক খেতে পছন্দ করতেন। নিমতৌড়িতে, কংগ্রেস জীবনে, দিল্লীর ত্রিশ বৎসর পরিষদীয়-জীবনে এ-সব চলত। তাঁর পায়োরিয়া রোগগ্রস্থ দাঁতের জন্যই পর পর তাঁকে এইসব মাদক দ্রব্য সেবনের অভ্যাস করতে হয়েছিল সম্পূর্ণ দৈহিক কারণে। অথচ তিনি ছিলেন অতি কঠিন আদর্শনিষ্ঠ গান্ধীবাদী মানুষ। সত্যাগ্রহীর নীতিতে ১৯৩০ সালে দৈহিক নির্যাতন ভোগ করেছেন অনেক। ১৯৪২-৪৪ সালে কারাগারে থাকাকালে দ্বিতীয় শ্রেণীর বন্দী হিসাবে তিনি বৃদ্ধ সহকর্মী কয়েক জনের কষ্ট লাঘবের জন্য কারা নিয়ম ভঙ্গ করে গোপন পথে বিড়ি ও তামাক সরবরাহ করতে কোনোরূপ ইতস্ততঃ বোধ করেননি। এ সবই অজয়দার নেতৃত্বে হত এবং আমি স্বয়ং তার বাহকরূপে কাজ করতাম বলে জানি সব-কিছু, অথচ কারাজীবনে তিনি নিজে কখনো ওসব

ছুঁতেন না (১৯৩০-এ রাজশাহী জেলের কয়েকমাস ছাড়া)। এত নিষ্ঠা এবং কঠিনে-কোমলে এই মানুষটির চরিত্র অনুকরণীয়।

সতীশদা তাসখেলা কবে শিখেছিলেন জানি না কিন্তু ১৯৩৩ সালে কারাজীবনে থাকাকালে তাঁকে পাকাপোক্ত ব্রিজ খেলোয়াড় রূপে দেখেছি। তাঁর কাছে আমি ঐ খেলা শিখেছি ও একসঙ্গে খেলার জুড়ি হিসাবে অনেকদিন খেলেছি। হিজলী বন্দী শিবিরে তৃতীয় শ্রেণীর বন্দীরূপে অজয়দা, কুমারদা, সতীশদা, পূর্ণদা, বিল্বপদ ও ক্ষুদিরাম প্রভৃতির সঙ্গে কাটাচ্ছিলাম। এক দুপুরে ব্রিজ খেলায় অনেকে মেতেছি। ঐদিন আমি সতীশদার জুড়ি। আমার খেলায় একটি মারাত্মক ভুলের জন্য সতীশদা এত চটে গেলেন এবং বক্‌লেন যে আমার খুব কষ্ট হল। বাহ্যিক চোখের জল না পড়লেও তার চেয়ে বেশী কান্নায় ভেঙে পড়েছিলাম। প্রতিজ্ঞা করেছিলাম আর কখনো তাস খেলব না। খেলিওনি আজ পর্যন্ত। জেলে থাকাকালে এবং পরে কংগ্রেস অফিসে সতীশদা আমাকে খেলায় বসাতে চেষ্টা করেছেন কয়েকবার, কিন্তু স্মিতহাস্যে আমি তা প্রত্যাখ্যান করেছি।

আমার কাছে খেলাটা চিরকাল আনন্দের বস্তু। তাতে ক্রোধের স্থান কোথায়? অতীব স্নেহ-কোমল এই মানুষটির মধ্যেও মাঝে মধ্যে ক্রোধের উদ্রেক হতে দেখেছি। হয় তো এই দুর্বলতাই তাঁর বহু সরলতার সৌন্দর্য বাড়িয়ে দিয়েছে।

সতীশদা ১৯২১-১৯৭৬ সাল পর্যন্ত একটানা পঁয়তাল্লিশ বৎসর অবিভক্ত কংগ্রেসের সর্ব সময়ের কর্মী, পরে ছয় বৎসর বাংলা কংগ্রেস নেতা এবং তারপর থেকে আজ পর্যন্ত পুনরায় কংগ্রেস সেবী। তাঁর এই পঞ্চান্ন বৎসর-এর অধিককাল কংগ্রেস সেবাই সতীশদার কংগ্রেস আদর্শের প্রতি বিশ্বাস ও নিষ্ঠার শ্রেষ্ঠ প্রমাণ বলে সকলে স্বীকার করবেন—আশা করি। এ ছাড়া আট বৎসর পাঁশকুড়া ও তমলুক থানা কংগ্রেস কমিটির সম্পাদক রূপে কাজ করার পর, ১৯৩৯-৬২ সাল পর্যন্ত তিনি ছিলেন তমলুক মহকুমা কংগ্রেস কমিটির অবিসংবাদিত সভাপতি। একটি কর্মী জীবনে উত্তুঙ্গ জনপ্রিয়তার প্রোজ্জ্বল প্রমাণ এর চেয়ে আর কি হতে পারে। ১৯৩০-৩১ সালে দমদম এ্যাডিশনাল স্পেশ্যাল জেলে

থাক। কালে অনুশীলন সমিতির শ্রীগণেন সেনের সঙ্গে সতাশদার ঘনিষ্ঠতা হল। এবং এঁদেরই পরামর্শে ঐ জেলে লাঠি, ছোরা, যুযুৎসু শিখলাম আমরা কয়জন কিশোর যুবক। এই শিক্ষা কাজ দিয়েছিল ১৯৪২-৪৩-এর 'বিদ্যুৎ বাহিনী', 'ভগিনীসেনা' পরিচালনার কাজে। আর তমলুকে পশুকুলের অকথ্য অত্যাচার বন্ধ করে দিতে এই শিক্ষা প্রচণ্ড সহায়ক হয়েছিল। যদিও তা ছিল সম্পূর্ণ হিংসার পথে, তবু সতীশদার তাতে পূর্ণ সম্মতি ছিল।

যে মানুষটি তাম্রলিপ্ত জাতীয় সরকারের প্রথম সর্বাধিনায়ক-রূপে জাতীয় বাহিনার হিংসার কাজকেও অকুণ্ঠভাবে সমর্থন জানালেন, নিজে ধরা পড়লেন পিস্তল সহ, তিনিই ১৯৪৫ সালের শেষ ভাগে যখন মহাত্মা গান্ধীজীর শুভাগমনের জন্য মহকুমাব্যাপী অভ্যর্থনা সমিতি গঠিত হ'ল, তখন সর্বসম্মতভাবে তার সভাপতিপদে বৃত হলেন। অর্থাৎ সতীশদার সর্বপ্রকারের কার্য সর্বজন স্বীকৃত। এটা প্রতিষ্ঠিত সত্য যে তাঁর প্রতি জনগণের ও কর্মী সাধারণের এই সুগভীর আস্থা খুব কম নেতার ভাগ্যেই জোটে।

১৯৩০-এ গান্ধীজীর ঐতিহাসিক ডাণ্ডীযাত্রার পূর্বে তমলুক মহকুমা কংগ্রেস কমিটির প্রস্তুতির অন্যতম সূচী হ'ল তমলুক রাজবাড়ির জীর্ণ সুবৃহৎ অংশে স্বেচ্ছাসেবক শিবির স্থাপন। সতীশদা তার প্রথম আচার্য। আমাকে করলেন উপাচার্য। আমার কৈশোর জীবনে সে-এক বৃহৎ প্রাপ্তি ও সুযোগ। তাঁরই নেতৃত্বে শিবির পরিচালনা শিখলাম এবং তাঁর গ্রেপ্তারের পূর্বে আচার্য পদটি আমাকে দিয়ে গেলেন। হয়তো এইজন্যই তারপর থেকে দীর্ঘ পাঁচটি দশক যখন যেখানেই থেকেছি—কারাগারে বা কর্মক্ষেত্রে, ঐ শিক্ষাই আমাকে কখনো পরিচালক পদের, কখনো বা নেতৃত্বের কঠিন দায়িত্ব নিতে সাহস যুগিয়েছে।

বিশ্বস্তসূত্র থেকেই সংগ্রহ করা একটি ঘটনা পরিবেশন না করে পারছি না। সতীশদার বাবা ত্রৈলোক্যনাথ একসময় ১৯১৮-১৯ সালে স্বামী প্রজ্ঞানানন্দজীর সঙ্গে মহিষাদলে দেখা করে অনুরোধ করেন—যাতে তিনি সতীশচন্দ্রকে বিয়ে করার অনুমতি দেন। স্বামীজী

উত্তরে বলেছিলেন—"আমি আশীর্বাদ করছি যে, সে সারা ভারতে খুব নাম-করা মানুষ হবে, বিয়ে করলে তার সে সুযোগ হবে না।" স্বামীজীর আশীর্বাদ যে বর্ণে বর্ণে বাস্তবে রূপায়িত হয়েছে তা বোধ-করি সকলে বুঝতে পারবেন। স্বামীজীর অশরীরী আত্মা এইকথা জেনে আজ নিশ্চয় খুশী হবেন যে, সতীশদার পিতাকে সেদিন তিনি খুশী করতে না পারলেও অগণিত মানুষকে তিনি উপহার দিয়েছেন—সতীশচন্দ্ররূপী এক প্রখ্যাত পুরুষ।

তমলুক মহকুমার রাজনীতিতে সতীশচন্দ্র সামন্ত ও অজয়কুমার মুখার্জীকে যাঁরা ঠিকভাবে প্রত্যক্ষ করতে পেরেছেন তাঁদের প্রত্যেকেই জানেন যে এঁরা উভয়ে মিলিতভাবে 'দুই দেহ এক আত্মা' এই প্রবচনের বাস্তব রূপায়ণ। বিরোধ এবং ঝগড়া উভয়ের মধ্যে মাঝে মাঝে যে কখনো হয়নি তা নয়—কিন্তু তা 'বিচ্ছেদ' পর্যন্ত পৌঁছতে পারেনি। আদর্শের, দেশহিতব্রতের ও স্বদেশ কল্যাণের মত ও পথ নিয়েই এই দুইটি আদর্শনিষ্ঠ পুরুষ দীর্ঘ ছয়টি দশক একই বৃন্তের দুটি পুষ্পের মতো শোভাবৃদ্ধি করেছেন—তাতে কোনো মলিনতা আসতে দেননি।

জয়ে ও পরাজয়ে, মানে ও অপমানে সতীশদাকে কখনও অভিভূত হতে দেখিনি। একটানা ত্রিশ বৎসর পরিষদীয় জীবন অতিবাহিত করার পর ১৯৭৭ সালে লোকসভা নির্বাচনে তাঁর সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় যখন তাঁর একান্ত অনুগামী, ভক্ত ও সহোদর-প্রতিম আমি ১,১৮,০০০-এরও অধিক ভোটে জয়ী হলাম, তখন আমি নিজে গিয়ে তাঁকে প্রণাম করেছিলাম। তিনি তখন কংগ্রেস অফিসে ছিলেন। আমাকে বুকে জড়িয়ে ধরে আদর করে মালা পরিয়ে দিয়েছিলেন, যদিও তাঁর জীবনে নির্বাচন যুদ্ধে এটাই তাঁর প্রথম ও শেষ পরাজয়। এই জয়ের পর আমি বহু মালাই পেয়েছি কিন্তু তাঁর দেওয়া এই মালাটিই ছিল প্রথম, আর সেটাকে সযত্নে তিন বৎসর কলিকাতার বাসায় আমার শোয়ার ঘরে গচ্ছিত রেখেছিলাম।

যে সতীশদার গ্রাম্য-কৈশোর-জীবনেই সুউচ্চ আদর্শের দীক্ষা হয়েছিল, তাঁর আদর্শ প্রধান শিক্ষকের মাধ্যমে আদর্শগুরু স্বামী

প্রজ্ঞানানন্দজীর কাছে, আশ্চর্য হওয়ার এতে কিছু থাকতে পারেনা যে, সেই সতীশদা পরবর্তী জীবনে শহর, নগর এবং-সভ্যতার নূতন পথে ধাবমান পশ্চিমী দেশসমূহে বহুবার পরিভ্রমণ করেও তার মোহে বা চাকচিক্যে এতটুকু আকৃষ্ট হননি। তাঁর পরিষদীয় জীবনের দীর্ঘ ত্রিশ বৎসরের মধ্যে এই আকর্ষণ তাঁর জৈবদেহের দ্বারে কখনো করাঘাত করেনি তা বলা চলে না। কিন্তু এটা ঠিকই যে তাঁর হৃদয়ের রুদ্ধ দুয়ারের কোনো ফাঁক দিয়ে তার প্রবেশের ছিদ্রপথও সে করে নিতে পারেনি। কবিগুরুর বাণীতে তাই আমার হৃদয়ানুভূতি প্রকাশ করতে লোভ হচ্ছে—

“নিত্য তোমায় চিত্ত ভরিয়া স্মরণ করি,
বিশ্ব-বিহীন বিজনে বসিয়া বরণ করি,
তুমি আছ মোর জীবন মরণ হরণ করি।”

পরিশিষ্ট

পার্লামেণ্টে শ্রীসামন্তের বিলসমূহ

শ্রীসতীশচন্দ্র সামন্ত পার্লামেণ্টে বহু বিল উত্থাপন করেছিলেন— যার কয়েকটির উল্লেখ ইংরেজি বিভাগের পরিশিষ্টে সংযোজিত হল, এতে তাঁর সামাজিক তথা জাতীয় সমস্যাগুলির প্রতি আগ্রহের কিছুটা প্রতিফলন পাওয়া যাবে।

ভারতীয় পার্লামেণ্টে প্রথম যে বেসরকারী বিলটি গৃহীত হয়েছিল তার উত্থাপনের কৃতিত্ব ছিল শ্রীসতীশচন্দ্রের, ১৯৫৫ সালে The Indian Registration Amendment Bill, 1955 (Bill No. 42 of 1955)—এই বিলটি সতীশবাবু উত্থাপন করেন ও আলোচনান্তে তা গৃহীত হয়, আইনের পরিভাষার অনুবাদে যাতে কোনও অসঙ্গতি না ঘটে সে জন্য বিলটির বাংলা অনুবাদ এখানে দেওয়া হল না। আগ্রহী পাঠকগণ মূল ইংরেজি বিলটি এই পুস্তকের ইংরেজি বিভাগে পরিশিষ্টাংশে দেখতে পাবেন।

বাংলাকে জাতীয়ভাষা করার স্বপক্ষে একটি ঐতিহাসিক ভাষণ

শ্রীসতীশচন্দ্র সামন্ত

আমি দুটি সংশোধনী প্রস্তাব (২২৩ ও ২৭৮) উত্থাপন করেছি। ২২৩ সংখ্যক প্রস্তাবটিতে আমি প্রস্তাব করেছি যে বাংলাকে ভারতের সরকারী অথবা জাতীয় ভাষারূপে গ্রহণ করা উচিত। ছেলেমেয়েরা তাদের মায়ের কোলেই ভাষা শিখে থাকে এবং যে ভাষায় তারা কথা বলে, তাই তাদের মাতৃভাষা। প্রত্যেকেই তার মাতৃভাষাকে ভালবাসে। এখন প্রশাসন চালাবার জন্য আমাদের দেশে একটি সরকারী ভাষার, একটি জাতীয় ভাষার প্রয়োজন। সুতরাং মাতৃভাষা এবং বিভিন্ন আঞ্চলিক ভাষা সম্পর্কে কোনো বিতর্ক হওয়া উচিত নয় এবং এই ভাষাগুলি সম্পর্কে আমি কোনো বিদ্বেষের ভাব পোষণ করি না। কিন্তু আমি এইখানে গণপরিষদের বিবেচনার জন্য বাংলাভাষার বিষয়টি রাখছি।

বাংলা একটি সমৃদ্ধশালী ভাষা, এর ইতিহাস খুব প্রাচীন ; এর সাহিত্য উৎকৃষ্ট এবং সুপ্রাচীন ; এর ভাষাতত্ত্ব এবং এই জাতীয় বিষয় সবই আছে। সুতরাং পরিষদের পক্ষে এই ভাষা গ্রহণযোগ্য বলে বিবেচিত হতে বাধা নেই, এবং আমার প্রস্তাবটি অপ্রাসঙ্গিক হবে না। ভারতের জনসাধারণের পক্ষে যে ভাষা সহজবোধ্য, আমি জানি আমার অধিকাংশ বন্ধু সেই ভাষাই গ্রহণ করতে ইচ্ছুক। সংখ্যা-গরিষ্ঠের কাছে সহজবোধ্যতাই কিন্তু একমাত্র মানদণ্ড নয়। এই সম্পর্কে অন্যান্য বিষয়ও বিবেচনা করতে হবে। সরকারী বা জাতীয় ভাষারূপে আমরা একটি ভাষা গ্রহণ করেছি এবং এই সঙ্গে আমরা এমন আশা করব যে এটিকে আমরা একটি আন্তর্জাতিক ভাষা হিসাবে গড়ে তুলবার চেষ্টা করব। তাহলে আমাদের বিবেচনা করে দেখতে হবে যে আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতীয় ভাষাগুলির মধ্যে কোন্‌টি স্থান পাবার যোগ্য। অক্সফোর্ড, ওয়ারস প্রভৃতি বিদেশী

বিশ্ববিদ্যালয়ে বাংলা শিক্ষা দেওয়া হয় – এমন কি হার্ভাড বিশ্ববিদ্যালয়ে রবীন্দ্রতত্ত্বের পঠন-পাঠন প্রচলিত আছে। প্যারিস, মিউনিক, মস্কো এবং রোমের ভাষা সম্পর্কিত প্রতিষ্ঠানসমূহে বাংলা স্বীকৃতি পেয়েছে। তাই আমি বলতে চাই বাংলা ভাষার কিছু আন্তর্জাতিক মর্যাদা আছে।

বাংলায় বৈজ্ঞানিক পরিভাষার অপ্রতুলতা নেই—আচার্য প্রফুল্লচন্দ্র রায়, শান্তিনিকেতনের জগদানন্দ রায়, বঙ্গবাসী কলেজের অধ্যক্ষ গিরিশচন্দ্র বসু, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী প্রমুখ মনীষীবৃন্দ এই পরিভাষা রচনা করেছেন। 'জ্ঞান-বিজ্ঞান' নামক বাংলা মাসিক প্রত্রিকা এই বিষয়ের উন্নতি সাধনে যথেষ্ট তৎপর। বৈজ্ঞানিক এবং টেকনিক্যাল শব্দের যথেষ্ট প্রাচুর্য বাংলা ভাষায় পরিলক্ষিত হয়।

এছাড়া বিশ্বকবি গুরুদেব রবীন্দ্রনাথের বিষয়টিও আমি আপনাদের বিবেচনা করতে অনুরোধ করি। তাঁর প্রতিষ্ঠিত বিশ্ব-ভারতীতে বাংলা এবং ভারতের অন্যান্য আঞ্চলিক ভাষায় পঠন-পাঠন প্রচলিত আছে—এমন কি সেখানে কয়েকটি বিদেশী ভাষা শিক্ষারও ব্যবস্থা আছে। রবীন্দ্রনাথের নাম সকলের সুপরিচিত— কেবল ভারতে নয়, সারা পৃথিবীতে। এইখানে পুরুষ কিম্বা নারী এমন কেউ নেই যিনি তাঁর নাম শোনেননি। তাঁর কবিতা ও গান সকলের কণ্ঠস্থ—সকলেই তাঁর গান গেয়ে থাকে। বিশ্বের বহু ভাষায় এইগুলি অনূদিত হয়েছে এবং সমাদৃত হয়েছে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর শ্রেণীতে ভারতের প্রায় সব-কয়টি আঞ্চলিক ভাষার পঠন-পাঠন প্রচলিত আছে।

আর একটি বিষয়ের প্রতি আমি আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এখন একটি স্বাধীন জাতি এবং আমরা আমাদের স্বাধীনতা সংগ্রামে সেই 'বন্দে মাতরম্' গানটির দ্বারা অনুপ্রাণিত হয়েছিলাম। এই মন্ত্রের জন্য হাজার হাজার লোক আত্মদান করেছে। এই বন্দে-মাতরমের জন্য হাজার হাজার লোক তাদের সম্পদ ও অনেক-কিছু বিসর্জন দিয়েছে। ভারতের প্রত্যেকটি মানুষকে উদ্‌বুদ্ধ করেছিল এই সঙ্গীত। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর 'আনন্দমঠ' উপন্যাসের

মাধ্যমে আমাদের দিয়েছিলেন এই অমর সঙ্গীত। তাই আপনারা যখন আপনাদের জাতীয় এবং সরকারী ভাষার বিষয়টি বিবেচনা করবেন, তখন এই বিষয়টি সর্বতোভাবে স্মরণ রাখবেন।

মহাশয়, কোনো একটি ভাষার সঙ্গে আমার বিবাদ নেই। দেখবেন ত্রয়োদশ শতাব্দী থেকেই বাংলা ভাষার মধ্যে আরবী, তুর্কী ও পারস্য দেশীয় শব্দের সমাবেশ ঘটেছে এবং পরবর্তীকালে পর্তুগীজ, ফরাসী ও ইংরেজি ভাষা থেকেও অনেক-কিছু শব্দসম্পদ এই ভাষা আহরণ করেছে। যদিও গোড়ায় এই ভাষা ছিল প্রাকৃত, এবং সেই কারণে এর মধ্যে বহু সংস্কৃত শব্দের সমাবেশ ঘটেছে। এই সব ভাষা থেকে আহরণ করেই বাংলা ভাষা সমৃদ্ধ হয়েছে। আবহমান কাল থেকে প্রচলিত রীতিনীতি, সংস্কৃতি, সাহিত্য—সব কিছুই বাংলা ভাষায় বিদ্যমান।

আরো একটি বিষয়ের উল্লেখ করব। অন্য আর একটি দিকে বাংলা ভাষার উন্নতি সাধিত হয়েছে—এই ভাষায় টাইপরাইটিং যন্ত্র নির্মিত হয়েছে। আনন্দবাজার পত্রিকার সুরেশচন্দ্র মজুমদার—তিনি আমার একজন সম্মানিত বন্ধু ও এই পরিষদের সদস্য বাংলায় লাইনোটাইপ যন্ত্র নির্মাণ করেছেন। ১৯১৫ সাল থেকেই বাংলা শর্টহ্যাণ্ড প্রচলিত আছে ; সুতরাং এই ভাষায় সহজেই সরকারী কাজ-কর্ম চালানো সম্ভব হবে। ভারতে এই কাজের জন্য বাংলা ভাষাই সমধিক উপযোগী।

মহাশয়, এই ব্যাপারে তুমুল বিতর্ক চলেছে এবং আমি এর মধ্যে যেতে চাই না। আমি বাংলার বিষয়টি আপনাদের সামনে রাখলাম। আমার পক্ষে আমি বলতে চাই যে, পরিষদের ভোটাধিক্যে যে ভাষা গৃহীত হবে আমি সেই ভাষা গ্রহণ করতে কুণ্ঠিত হব না। কিন্তু এটা যেন তিন-চতুর্থাংশের কামনা হয়। নতুবা বিতর্কের সৃষ্টি হবে এবং জনসাধারণ সর্বান্তঃকরণে সেই ভাষা গ্রহণ করবে না। একথা সত্য যে, যাঁরা জাতীয় ভাষা শিক্ষা করবেন, তাঁদের পক্ষে একটু মুশকিল হবে। দেশের স্বাধীনতার জন্য আমরা কত দুঃখকষ্ট ভোগ করেছি, তাহলে দেশের জাতীয় ভাষার জন্য আপনারা কি একটু দুঃখ স্বীকার

করতে পারেন না? আমাদের প্রত্যেকেরই এটা করা উচিত। দায়িত্বটা আমাদের উপরেই। আমরা সেই ভাষাই নির্বাচন করব সেটি সকলের গ্রহণযোগ্য হবে এবং সেজন্য তাদের কিছুটা স্বার্থত্যাগ করতে তাদের প্রস্তুত থাকতে হবে। সংস্কৃতের কথা বলা হয়েছে, হিন্দীর কথা বলা হয়েছে। আমি এই দুটি ভাষার বিরুদ্ধে কিছু বলছি না, কারণ আমি সকল ভাষাকেই সম্মান করি। এখানে আমি বন্ধুদের অনুরোধ করব তাঁরা যেন বিতর্কে জড়িয়ে না পড়েন। তাঁরা যেন ঠিকভাবে তাঁদের বিষয়গুলি উত্থাপন করেন যাতে নির্বাচিত ভাষাটি সকলের পক্ষে গ্রহণযোগ্য হয়। এই বলে আমার প্রস্তাবটি গ্রহণের জন্য পরিষদের সামনে রাখলাম।[১]

১। বাংলা ভাষা সম্পর্কে ভারতীয় গণপরিষদে, ১৩ সেপ্টেম্বর, ১৯৪৯ যে বিতর্ক হয়েছিল তাতে গণপরিষদের সদস্য হিসাবে সতীশ চন্দ্র সামন্ত অংশ গ্রহণ করেছিলেন এবং বাংলা ভাষার স্বপক্ষে এই ভাষণটি দিয়েছিলেন। গণপরিষদের রিপোর্ট (নবম খণ্ড, পৃষ্ঠা ১৩৭৫-৭৬) থেকে এটি উদ্ধৃত হয়েছে ;

শ্রীসতীশচন্দ্রের জীবনের প্রধান ঘটনাবলী

(ক) জন্ম :

১৫ই ডিসেম্বর, ১৯০০। (বাংলা ২৯শে অগ্রহায়ণ, ১৩০৭)
পিতা ত্রৈলোক্যনাথ সামন্ত।
মাতা কিশোরী দেবী (বিমাতা ভবানী দেবী)
জন্মস্থান—গ্রাম ও ডাকঘর গোপালপুর, মহিষাদল থানা, তমলুক মহকুমা, মেদিনীপুর জেলা, পশ্চিমবঙ্গ।

(খ) শিক্ষাজীবন

: গ্রামের দ্বারিকানাথ প্রধানের পাঠশালা—২য় শ্রেণী পর্যন্ত।

: মহিষাদল রাজ হাই স্কুল। ভর্তি—২০শে মার্চ, ১৯০৯ – 8th Class (ClassIII)।

: ম্যাট্রিকুলেশন – প্রথম বিভাগ ১৯১৬। মহিষাদল রাজ হাই স্কুল থেকে।

: আই. এস.সি. প্রথম বিভাগ ১৯১৮, বঙ্গবাসী কলেজ, কলিকাতা থেকে।

: বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজে (শিবপুর) ভর্তি হন – ১৯১৮ ১৯২০ সালে দ্বিতীয় বার্ষিক শ্রেণী ছাত্র থাকাকালীন কলেজ ত্যাগ করেন অসহযোগ আন্দোলনে যোগদানের জন্য।

: ১৯৩৭-'৪০—হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের ছাত্র হিসাবে চিকিৎসা-শাস্ত্র অধ্যয়ন, ১৯৪০ সালে ব্যক্তিগত সত্যাগ্রহে যোগ দেওয়ার জন্য আবার নিয়মিত পড়াশোনা ত্যাগ করেন।

(গ রাজনৈতিক জীবন

: অসহযোগ আন্দোলনে যোগদান—১৯২০

: সম্পাদক, মহিষাদল থানা কংগ্রেস—১৯১২-২৪

: শিক্ষক, গুণধর জাতীয় বিদ্যালয়, কাঁকুড়দা—১৯২৩-২৪

: ভারপ্রাপ্ত কর্মী—দেশবন্ধু পল্লী সংস্কার সমিতি, নিমতৌড়ী ১৯২৫-৩০

: সম্পাদক, তমলুক ও পাঁশকুড়া থানা কংগ্রেস কমিটি ১৯৩১-৩৮

: সভাপতি, তমলুক মহকুমা কংগ্রেস কমিটি, ১৯৩৯-৬২

: সর্বাধিনায়ক, তাম্রলিপ্ত জাতীয় সরকার —ডিসেম্বর, ১৯৪২—মে, ১৯৪৩

(ঘ) কারাবরণ

: ১৯২১ জানুয়ারী থেকে জুন (৬ মাস)—আলিপুর স্পেশ্যাল জেল।

: ১৬-৪-১৯৩০ থেকে মার্চ, ১৯৩১ (১ বৎসর)— মেদিনীপুর সেন্ট্রাল জেল, রাজশাহী সেন্ট্রাল জেল ও দমদম স্পেশ্যাল জেল।

: ডিসেম্বর ১৯৩১ থেকে ফেব্রুয়ারী, ১৯৩৩ (১ বৎসর ৩ মাস) মেদিনীপুর সেন্ট্রাল জেল ও বহরমপুর সেন্ট্রাল জেল।

: ডিসেম্বর, ১৯৩৩ থেকে ফেব্রুয়ারী ১৯৩৪ (১ বৎসর ৩ মাস)—মেদিনীপুর সেন্ট্রাল জেল ও হিজলী স্পেশ্যাল জেল।

: ১৯৪০ মে থেকে নভেম্বর (৬ মাস)—মেদিনীপুর সেন্ট্রাল জেল।

: ২৬-৫-১৯৪৩ থেকে নভেম্বর, ১৯৪৫—মেদিনীপুর সেন্ট্রাল জেল —২ বৎসর ৬ মাস।

(ঙ) সংসদীয় জীবন

: সদস্য, গণপরিষদ—জুলাই ১৯৪৭-৫০

: সদস্য, অস্থায়ী পার্লামেন্ট—১৯৫০-৫২

: সদস্য, প্রথম লোকসভা—১৯৫২-৫৭

: সদস্য, দ্বিতীয় লোকসভা—১৯৫৭-৬২

: সদস্য, তৃতীয় লোকসভা—১৯৬২-৬৭

: সদস্য, চতুর্থ লোকসভা—১৯৬৭-৭০

: সদস্য, পঞ্চম লোকসভা—১৯৭১-'৭৬

: দীর্ঘ ত্রিশ বৎসরকালব্যাপী সংসদীয় জীবনে পার্লামেন্টের ও সরকার তরফে বহু কমিটির সদস্য ছিলেন। তার মধ্যে উল্লেখ্যযোগ্য :

সদস্য এফ. এ ও. লিয়াসঁ কমিটি (১৯৫১-৫২), রেলওয়ে কোরাপসান এনকোয়ারী কমিটি (১৯৫৩-৫৪),
ভিয়েনাতে অনুষ্ঠিত ইন্টার পার্লামেন্টারী ইউনিয়ন কনফারেন্সে (১৯৫৪) ভারতীয় প্রতিনিধিদলের নেতা, পার্লামেন্টের এষ্টিমেটস কমিটির সদস্য ১৯৫৫-৫৭ এবং ১৯৬০-৬২। এসেসর, কোর্ট অফ এনকোয়ারী বড়া ধেমো কোলিয়ারি দুর্ঘটনা (১৯৫৬) এবং চিনাকুড়ি কোলিয়ারী দুর্ঘটনা (১৯৫৮), সদস্য, পোস্ট এণ্ড টেলিগ্রাফস এডভাইসরি কমিটি পশ্চিমবঙ্গ (১৯৫৪-৫৭), সেন্ট্রাল বোর্ড অফ এ্যানথ্রপলজী এবং কয়ার বোর্ড (১৯৬০-৬২), ইণ্ডিয়ান এয়ারলাইনস এডভাইসরি কমিটি (১৯৬০-৬৫), পার্লিয়ামেন্টারী সায়েন্টিফিক কমিটি (১৯৬২-৬৭), ফারাক্কা ব্যারেজ সাব-কমিটি অফ ইনফরমাল কনসালটেটিভ কমিটি অফ ইরিগেশন এণ্ড পাওয়ার (১৯৬২-৭১), রোড এণ্ড ইনল্যাণ্ড ট্রানসপোর্ট কমিটি অফ মিনিস্ট্রি অফ ট্রানসপোর্ট (১৯৬২-৬৫)। সেন্ট্রাল এডভাইসরি বোর্ড ফর ওয়েলফেয়ার অফ হরিজনস (১৯৬২-৬৭), ইণ্ডিয়ান সেন্ট্রাল জুট কমিটি (১৯৬২-৬৬) ন্যাশনাল শিলিং বোর্ড, ১৯৬৫-৬৭, চেয়ারম্যান, হলদিয়া, ডেভেলপমেন্ট বোর্ড, (১৯৬৭-৭০) ইত্যাদি, ইত্যাদি—

(চ) **বিশেষ অবদান**

: হলদিয়া বন্দরের পত্তন

: স্বামী প্রজ্ঞানানন্দ স্মৃতি ভবন, মহিষাদল

(ছ) **বিদেশ ভ্রমণ**

: অস্ট্রিয়া জার্মানী, হল্যাণ্ড, বেলজিয়াম, বৃটিশ দ্বীপপুঞ্জ, ফ্রান্স,

সুইটজারল্যাণ্ড, ইতালী ও সিঙ্গাপুর।

(জ) **রচিত গ্রন্থাবলী**

ঃ টু ইয়ারস ন্যাশন্যাল গভর্নমেণ্ট ইন মিড্নাপুর।

ঃ মুক্তির গান।

ERRATA

Page No.	Line	Word	To be read as
1	14	July	August
15	12	Gunadhar	kankurda
21	34	6th April	12th March
22	13	two years	18 months
65	26	man the	man of the
67	13	patriat	patriot
97	2	Satisda	Satinda
103	13	four	five
103	17	24 years	thirty years
153	10	Samanta	Dhara
153	14	town	Tamluk Sub-Division
Picture Page	4	1824	1924

সর্বাধিনায়ক

(শুদ্ধিপত্র)

পৃষ্ঠা	পংক্তি	যা আছে	যা হবে
১	১০	জুলাই	আগষ্ট
২২	৮	গুণধর	কাঁকুড়দা
২৯	৯	৬ই এপ্রিল	১২ই মার্চ
২৯	১৩	ঐ	ঐ
২৯	শেষ দু'পংক্তি	দু' বছরের	দেড় বছর
৫৪	১৮	তিহাসই	ইতিহাসই
৬৮	৮-৯	এখন···হয়েছিল	এই অংশটি বাদ যাবে
১০১	৪	কৃতিত্ব	নেতৃত্ব
১১১	১৪	মেদিনীপুর	তমলুক
১১৬	২০	বলেও	হলেও
১১৯	৫	সালে	সাল পর্যন্ত
১২৫	৯	সতীশদার	সতীনদার
১২৯	২৯	বরাজুলা	বারমূলা
১৩২	২৩	জীবন করি	জীবন কামনা করি
১৩৩	১৪	চারটি	পাঁচটী
১৩৫	২৩	এক প্রকারের পার্লামের	এই অংশটী বাদ
১৩৯	২২	খেত	যেত
১৪০	৮	থী	থ্রী
১৪২	২০	মহকুমার	মহকুমায়
১৪৯	১০	উদ্বদ্ধ	উদ্‌বুদ্ধ
১৫১	২৪	কেমনে	কেমন করে
১৫৯	পরিচিতি অংশে	প্রাক্তন	প্রখ্যাত
১৬৫	১৬	চন্দ্র	চন্দ

পৃষ্ঠা	পংক্তি	যা আছে	যা হবে
১৭৭	৪	১৯২০ সালের মধ্যে	১৯২০ সাল থেকে
১৮০	২২	নিজে প্রাণে	নিজেকে মনে প্রাণে
১৮২	২২	প্রধানমন্ত্রী	অর্থমন্ত্রী
১৮২	২৬-২৭	ও তাঁর পররাষ্ট্র বিভাগীয় সচিব	এই অংশটি বাদ যাবে
১৮২	২৭	ধরা দেন	ধরা পড়েন
১৮২	২৮	প্রধানমন্ত্রী	অর্থমন্ত্রী
১৯৫	৭	অনেকেরই	অনেককেই
২০১	২২	শ্রীসামন্তের	শ্রীধাড়ার
২০১	২৬	শহরের	মহকুমার
২০৩	৭	কমিটির	কর্মীটির
২১০	২০	লোকসভায়	সংসদে
২১৯	১২	করতেন না	করতেন
২৩৭	৫	কড়া	ঝড়া